লুপ্তশাস্ত্রোদ্ধার গ্রন্থাবলী-পর্য্যায়।

বৃহৎ যবন-সংহিতা।

ফলিত জ্যোতিষ-গ্রন্থ

শ্রীঅনাথনাথ স্মৃতিভূষণ কর্ত্তৃক

সংগৃহীত ও প্রকাশিত।

প্রাপ্তিস্থান—

গ্রন্থকার—শ্রীঅনাথনাথ স্মৃতিভূষণ

৮৩।১ নং, গ্রেষ্ট্রীট্ হাতিবাগান্ চতুষ্পাঠী, কলিকাতা।

শকাব্দা ১৮৪৬ ইং ১৯২৪।

মূল্য ১৲ টাকা

বিজ্ঞাপন।

আমরা ভগবৎ কৃপায় অদ্য জনসাধারণের সমক্ষে আমাদের বহুদিন-পোষিত দুরাকাঙ্ক্ষার আংশিক সাফল্যের ফলস্বরূপ এই হিন্দুশাস্ত্রের লুপ্তপ্রায় রত্ন-মঞ্জুষা লইয়া উপস্থিত হইতেছি। আধুনিক জগতের এই সতত-বিবর্ত্তনশীল মানব-মনোভাবের বিকাশের দিনে আমাদিগের বহুদিন হইতে ভারতীয় লুপ্তপ্রায় শাস্ত্রগ্রন্থ প্রচারের আকাঙ্ক্ষা বলবতী ছিল। এ আকাঙ্ক্ষা দুরাকাঙ্ক্ষা, কারণ আমি দরিদ্র এবং কবি বলিয়াছেন, "উত্থায় হৃদিলীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ। বালবৈধব্যদগ্ধানাং কুলস্ত্রীণাং কুচাবিব"॥ কিন্তু জগদীশ্বরের কৃপায় সুযোগ উপস্থিত হইয়াছে এবং ইহার অনুকূল অবস্থাও উপনীত। জনৈক ভদ্রমহোদয়ের সদয় সাহায্যে ইতঃপূর্ব্বেই আমরা এই সংস্করণের, "বিহিত পূজানুষ্ঠান পদ্ধতি," নামক লুপ্তপ্রায় তান্ত্রিক্ ক্রিয়া-কলাপের সম্বন্ধে একখানি পুস্তক প্রকাশিত করিয়াছিলাম। সর্ব্বসাধারণ তাহা সাদরে গ্রহণ করায় আমরা আশান্বিত চিত্তে এই ব্যয় বহুল কার্য্যে পুনরায় অগ্রসর হইতেছি।

অনেকে সম্ভবতঃ এইস্থলে প্রশ্ন করিবেন যে, পূজানুষ্ঠানবিধ্যাদি অবশ্য সর্ব্বসাধারণের নিতান্ত প্রয়োজনীয় হইতে পারে, কিন্তু এই নব নব জ্যোতিষ-গ্রন্থ পরিপ্লাবিত যুগে এ বিষয়ে আবার একখানি নূতন পুস্তকের আবশ্যকতা কি? এতদুত্তরে আমাদের বক্তব্য এই যে, প্রথমতঃ এখানি নূতন গ্রন্থ নহে, অতি প্রাচীন। জ্যোতিষালোচক মাত্রেই প্রচলিত জ্যোতিষ-শাস্ত্রীয় গ্রন্থাদির স্থলে স্থলে যবনাচার্য্যের মত উদ্ধৃত দেখিয়া থাকিবেন। আবার যবনাচার্য্যের মত যে, সাদরে প্রামাণ্য বলিয়া গৃহীত, তাহারও ভূরি ভূরি প্রমাণ গ্রন্থসমূহে বিদ্যমান। সুতরাং সেই যবনাচার্য্য কৃত একখানি সংহিতা যে, অপূর্ব্ব উপাদেয়

সামগ্রী, অন্ততঃ ফলিত জ্যোতিষাধ্যায়ী ও অধ্যাপকদিগের পক্ষে, তাহা অবিসম্বাদিত সত্য।

দ্বিতীয়তঃ এই বিজ্ঞানালোকিত প্রতীচ্য সভ্যতার যুগেও আমাদিগের বহু প্রাচীন জ্যোতিষশাস্ত্র,—ফলিত ও গণিত—উভয়ই যে প্রতীচীর বিদ্বজ্জন সমাজের দৃষ্টি আকর্ষণে সমর্থ হইয়াছে তাহা যে কেহ প্রতীচ্য গণিত ও জ্যোতিষ অধ্যয়ন করিয়াছেন, তিনিই সবিশেষ জ্ঞাত আছেন। তাহারই গতানুগতিকতায় আমাদিগের শিক্ষিত সমাজেও যে গণিত ও ফলিত জ্যোতিষ অল্লাধিক পরিমাণে প্রবেশলাভ করিয়াছে ও করিতেছে, তাহা বৎসর বৎসর নব নব জ্যোতিষ গ্রন্থসমূহের মুদ্রণ ও প্রকাশ হইতেই সহজে বোধগম্য হইবে।

"যদ্যদাচরতি শ্রেষ্ঠস্তৎতদেবেতরে জনাঃ॥"

এই প্রাচীন ঋষিবাক্যই বোধ হয় ইহার মূল কারণ। কারণ যাহাই হউক একথা নিশ্চিতই স্বীকার্য্য যে, এ যুগকে প্রাচ্য জ্যোতিষ শাস্ত্রের নবাভ্যুদয়ের যুগ ভিন্ন অন্য আখ্যায় আখ্যাত করা যায় না। কৌতূহল নিবৃত্তিতে যদি শিক্ষার সার্থকতা হয়, তাহা হইলে বর্ত্তমান যুগের জাতি-বর্ণশ্রেণী নির্ব্বিশেষে এই যে শিক্ষাদান প্রণালী ইহারও যে এই নব জাগরণের বিষয়ে কোনরূপ কারকতা নাই, তাহা দৃঢ়তার সহিত বলা যায় না। শিক্ষা যখন কৌতূহলের উদ্রেক করে, জ্ঞানের পিপাসা বৃদ্ধি করিয়া দেয় এবং সেই শিক্ষাই যখন বর্ত্তমান যুগের শিক্ষা তখন, সুদূর অন্ধকার ভবিষ্যৎ সম্বন্ধে একটী অনির্দ্দিষ্ট অতৃপ্ত কৌতূহল যে, মানব মনের উপরে এইরূপ আকস্মিক অধিকার বিস্তারে সমর্থ হইবে, তাহাতে আর আশ্চর্য্যের বিষয় কি আছে।

তৃতীয়তঃ এ পুরাতন গ্রন্থটি বঙ্গদেশে আদৌ প্রচলিত না থাকায় বিদ্বজ্জন সমাজে আজ পর্য্যন্ত ইহা আলোচনা করিবার সম্ভাবনা হয় নাই। সুতরাং, এখানি সুগ্রন্থ বা কুগ্রন্থ সে সম্বন্ধে কোনরূপ মত

প্রকাশের ধৃষ্টতা না করিয়াও এইটুকু বলা যায় যে, আমরা প্রাত্যহিক জীবনে যে সমস্ত জ্যোতিষ গ্রন্থের শরণাপন্ন হই ও আলোচনা করি, বিবেচ্য গ্রন্থখানি তাহাদের ২।১ খানি ব্যতীত কোনখানি হইতে নিকৃষ্ট নহে। এইরূপই আমাদের ধারণা এবং এই ধারণার বশবর্ত্তী হইয়াই আমি এখানিকে বিদ্বজ্জন সমাজে উপস্থাপিত করিতে সাহসী হইয়াছি।

পরাশর-সংহিতাদি ২।১ খানি জ্যোতিষ-গ্রন্থ ভিন্ন সাধারণ শিক্ষার্থী ও শিক্ষক উভয় সম্প্রদায়ের সমভাবে প্রয়োজনীয়, অথচ সহজ সুগম ভাষায় লিখিত এইরূপ আর একখানি গ্রন্থ আমাদিগের দৃষ্টিপথে পতিত হয় নাই। গৃহীই বা সন্ন্যাসী হউন, শিক্ষার্থী বা শিক্ষক হৌন, যে কেহ ইহা দৃষ্টে আপনাআপনি কোষ্ঠী ফলজ্ঞানে সমর্থ হইবেন। ইহা নিশ্চিত বলা যায়। আমরা প্রত্যক্ষবাদী, সুতরাং সর্ব্বসাধারণ আমাদিগের কথায় বিশ্বাস স্থাপন করিবেন, এইরূপ আশা করা বোধ হয় বাতুলতা হইবে না। তাহার উপর যদিও কোন কোন অংশে এই সংহিতাটী অসম্পূর্ণ অবস্থায় আমাদিগের হস্তগত হইয়াছে তথাপি ইহাকে সর্ব্বাঙ্গ-সুন্দর করিবার জন্য আমরা পরিশিষ্টে ইহার অনুল্লিখিত অংশটি দিয়াছি। ভরসা করি অব্যবসায়ী ব্যক্তিও ইহা হইতে ফলিত জ্যোতিষ সম্বন্ধে কিঞ্চিৎ জ্ঞানলাভ করিবেন। এই গ্রন্থখানি অব্যবসায়ীরও বোধগম্য করিবার জন্য যতটুকু জানা আবশ্যক, পরিশিষ্টে তদতিরিক্ত কিছুই দেওয়া গেল না। আমরা ইহাতে বহু নূতন তথ্যের সমাবেশ দেখিয়াছি এবং প্রত্যক্ষ তাহার যথার্থতাও বহু সময়ে দর্শন করিয়াছি, সুতরাং, আশা করি বিদ্বজ্জন সমাজ ও অব্যবসায়ীদিগের মধ্যেও ইহা সাদরে এবং সযত্নে গৃহীত হইবে। এখন শ্রীশ্রীভবানীর ইচ্ছা। ইতি—

বিনীত—**গ্রন্থকার**।

সূচীপত্র।

বিষয়		পৃষ্ঠা
অথ মঙ্গলাচরণম্	...	১
অথ লগ্নাধ্যায়ঃ	...	৩
অথ স্থিত্যধ্যায়ঃ	...	৫৬
অথ দৃষ্ট্যধ্যায়ঃ	...	৮৯
অথ ভবনেশাধ্যায়ঃ	...	১১৪
অথ বিচারাধ্যায়ঃ	...	১৫৫
অথ বর্ষসংখ্যাধ্যায়ঃ	...	১৮৫
পরিশিষ্ট	...	১৯০

ভ্রম সংশোধন।

৩১, পৃষ্ঠার ৬ শ্লোকের অনুবাদ এইরূপ হইবে।

কন্যা রাশি শত্রু গৃহ হইলে জাতক আত্মবৈরীর কার্য্য বা আপন ধর্ম্মানুসারে সাধু কার্যকারী হয় এবং তাহার শত্রুগণ স্বগৃহস্থ হইয়া তাহার বন্ধুবর্গ অপেক্ষা অধিকতর প্রভাবশালী হয়।

৫০ পৃষ্ঠায় ৬ শ্লোকের অনুবাদের শেষে যোগ করিতে হইবে বা অভাবজনিত মস্তিষ্ক বিকারে অসৎ মার্গে লাভ হইয়া থাকে।

অশুদ্ধ	শুদ্ধ	পৃ	পং
অমষী	অমর্ষী	১০	১৪
দিপশু	গবাদি পশু	ঐ	২০
মিথ্ন	মিথুন	১৩	২
স্ত্রীলোকেব	স্ত্রীলোকের	১৪	১৯
নিজের্চ্ছয়া	নিজচ্ছয়া	১৫	১১
প্রভুত	প্রভূত	১৬	১৯
প্রসান্ন	প্রসন্নঃ	১৯	১১
ফলল্	ফলম	২০	১৪
নিযমেন	নিয়মেন	ঐ	১৭
চারবৈ	চারৈ	২১	১৩

রাাপ	রাশ	২৩	৯
মেযে	মেষে	২৫	৮
কূলে	কুলে	ঐ	১১
সমুহের	সমূহের	২৭	১৯
ডানযে	ডানয়ে	২৮	২
কম্বা	কিম্বা	৩১	৫
ব্রজোপি	ব্রজোপি	৩১	৯
চারাদি	চৌরাদি	৩১	২০
নিষ্ঠূর	নিষ্ঠু	৩৩	১৮
বজ্জিতা	বর্জ্জিতা	৩৪	১১
বমনা	বমন	৩৫	৬
সুত্বগা	সুভগা	৩৫	১৩
ভার্য্যা	ভার্য্যা	৩৬	৬
অযূ	আয়ু	৩৭	১৭
শাস্ত্রঘাতে	শস্ত্রঘাতে	৪১	৬
সাধূজন	সাধুজন	৪৫	১৯
কার্য্য	কার্য্য	৪৬	১৮
পাল্কি	পাল্কি	৪৯	৬
বরঙ্গনা	বরাঙ্গনা	৫০	৭
প্রভূতি	প্রভৃতি	৫১	৫
কার্ধ	কার্য্য	৫৭	৫
নিষ্ঠূর	নিষ্ঠুর	৬২	৫

সমুহের	সমূহের	৬৯	৫
দুঃখত	দুঃখিত	৮৩	৫
ভাবনে	ভবনে	৮৯	২
নাদৃষ্টি	নান্দৃষ্টি	...	...
প্রভূতি	প্রভৃতি	৯৬	৬
সম্পৎ	সম্পৎ	১০৭	১০
বদগ্ধা	বিদগ্ধা	১২৫	২০
সর্ব্ব	সর্ব্ব	১৪৩	১১

বৃহৎ যবনসংহিতা।

ওঁ নমঃ শিবায়

মঙ্গলাচরণম্।

১। ত্র্যম্বকং তমহংবন্দে নাথ নাথং ত্রিবীক্ষিতৈঃ
গণ্ডূষীকৃত-কালং যঃ কণ্ঠে ধারয়তী শ্বরঃ।

২। মহাকাল-পরিজ্ঞান-হেতবে কালরূপিণে
নমস্তস্মৈ জগদ্ব্যাপ্ত-সর্গসংহারকারিণে।

শ্রীশ্রীভবানী।

বিজয়তাম্।

বৃহৎ যবনসংহিতা।

অথ লগ্নাধ্যায়।

অথ তনুভাবঃ।

রূপস্তথা বর্ণ বিনির্ণয়শ্চ চিহ্নানি জাতির্ব্বয়সঃ প্রমাণম্।
সুখানি দুঃখান্যপি সাহসঞ্চলগ্নেবিলোক্যং খলুসর্ব্বমেতৎ॥

অথ লগ্নকালঃ।

ক। স্বস্থে নরে সুখাসীনেযাবৎ স্পন্দতি লোচনম্।
তস্যত্রিংশত্তমোভাগস্তৎপরঃ পরিকীর্ত্তিতঃ॥

খ। তৎপরচ্ছতগো ভাগস্ত্রুটিরিত্যভিধীয়তে।
ত্রুটেঃ সহস্রগো ভাগো লগ্নকালঃ স উচ্যতে॥
ইতি নারদঃ।

অ। জাতকের লগ্নগৃহে কোন কোন বিষয় চিন্তনীয় তাহা লিখিত হইতেছে—

যথা রূপ, বর্ণ জাতি, শরীরস্থ চিহ্ন, বয়স, সুখ, দুঃখ এবং সাহস॥

লগ্ন কাহাকে বলে তাহা নিম্নের শ্লোকে দ্রষ্টব্য।

ক। সুস্থাবস্থায় অবস্থিত সুখাসীন মানবের, যে চক্ষুস্পন্দন হয়, অর্থাৎ যতটুকু সময় মধ্যে তাহার চক্ষের পলক স্বাভাবিক ভাবে পড়ে তাহার ত্রিংশদ্ভাগের এক ভাগকে তৎপর কহে। এবং ঐ তৎপরের শত ভাগের এক ভাগকে ত্রুটি কহে। ঐ ত্রুটির সহস্র ভাগের এক ভাগের নাম লগ্ন। অতএব লগ্নকাল সময়ের এত সূক্ষ্মাংশ, যে গণিত সাহায্য ভিন্ন তাহা নিরূপণ করা অসম্ভব। সুতরাং আমরা প্রথম শিক্ষার্থিদিগের সুবিধার জন্য নিম্নে জাতকের লগ্ন নির্ণয় করিবার প্রণালী লিপিবদ্ধ করিয়া দিলাম। স্থূলতঃ এই প্রকারেই জন্ম-পত্রিকাদিতে লগ্ন নির্ণীত হইয়া থাকে। প্রত্যেক পঞ্জিকাতেই মেষ প্রভৃতি দ্বাদশ রাশির রবিভুক্তি কাল উল্লিখিত থাকে এবং প্রত্যেক বৎসরের প্রত্যেক দিন কোন রাশির কত দণ্ড পল বিপল পরিমিত কালের পর সূর্য্যোদয় বা সূর্য্যাস্ত হয়, তাহাও দিন পঞ্জিকায় লিখিত থাকে। জাতকের জন্মদিন কত দণ্ড সময়ে হইল তাহা রবির যে রাশিতে যত দণ্ড পল বিপল, ভুক্তির পর তাহা সহজেই পর রাশিগুলির ভুক্তির দণ্ড পলাদি যোগ করিয়া গেলে নির্ণীত হইতে

পারে। যে রাশিতে রবির উদয় অস্ত পঞ্জিকায় লিখিত থাকে সেই রাশিভুক্তির সম্পূর্ণ দণ্ড পলাদি হইতে রবিভুক্ত দণ্ড পলাদি অর্থাৎ যে রাশির দণ্ড পলাদির পর, রবির উদয় বা অস্ত লিখিত আছে সেই পরিমিত কাল, বিয়োগ করিলে, রবির তদ্রাশি ভোগ্যকাল কত বাকি থাকে তাহা বাহির হয়। তৎপরে তাহার ক্রমানুসারে পর পর রাশিগুলির দণ্ড পলাদির সহিত উক্ত বিয়োগফল যোগ করিতে করিতে যে রাশিতে ইষ্ট দণ্ড অর্থাৎ জাতকের জন্ম দণ্ড পলাদি পরিমিত সময় যোগফল স্বরূপ প্রাপ্ত হওয়া যায় সেই রাশিই জাতকের জন্মলগ্ন স্বরূপ গ্রহণীয়। লগ্ন নির্ণয়ের বিশেষ দৃষ্টান্ত পরিশিষ্টে দ্রষ্টব্য।

অথ মেষলগ্নফলং ॥

২। মেষোদয়েজন্ম যথা ভবেচ্চ স্বপিত্তরোগং স্বজনাপমানম্।
দুষ্টৈর্বিয়োগং কলহঞ্চ দুঃখং শস্ত্রাভিঘাতঞ্চ ধনক্ষয়ঞ্চ ॥

মেষ লগ্নোদয়ে জন্ম হইলে, জাতকের পিত্তরোগ আত্মীয়গণ কর্ত্তৃক অপমান ও আত্মীয়গণের অপমান বা বিয়োগ, দুষ্টলোকের সহিত কলহ নানা দুঃখ শস্ত্রক্ষত ও ধনক্ষয় হইয়া থাকে।

তত্র করণীয়ম্।

গ। পট্টবন্ধন-যানোগ্র-সন্ধিবিগ্রহ-ভূষণম্।
ধাত্বাকরাহবং কর্ম্মমেষলগ্নে প্রসিদ্ধতি।

মেষ লগ্নে উষ্ণীষধারণ, অশ্ব-সংগ্রহ, নবাভরণ, সন্ধিবিগ্রহ, ধাতু-সংগ্রহ, খনি সম্বন্ধীয় কার্য্য, যুদ্ধযাত্রা প্রভৃতি প্রশস্ত ॥

অথ বৃষলগ্নফলম্।

২। বৃষোদয়েশ্বেততনুর্মনুষ্যঃ শ্লেষ্মাধিকঃ ক্রোধপরঃকৃতঘ্নঃ।
স্থমন্দবুদ্ধিঃস্থিরতাসমেতঃ পরাজিতঃ স্ত্রীভৃতকঃ সদৈব ॥

বৃষ লগ্নে জাত মানব শ্বেত তনু, শ্লেষ্মাপ্রকৃতি, ক্রোধী, কৃতঘ্ন, মন্দবুদ্ধি, স্ত্রৈণ এবং পরাজয়েও স্থৈর্য্যসম্পন্ন হইয়া থাকে।

তত্র করণীয়ম্।

ঘ। মঙ্গলানি স্থিরাণ্যেব বেশ্মকর্ম্ম প্রবর্ত্তনম্।
কৃষিবাণিজ্য পশ্বাদি বৃষলগ্নে প্রসিধ্যতি ॥

বৃষ লগ্নে মঙ্গলজনক কর্ম্ম, স্থায়ীকার্য্য, গৃহপ্রবেশ, কৃষিবাণিজ্যক্রিয়া ও পশু সম্বন্ধীয় কার্য্য প্রশস্ত।

অথ মিথুনলগ্নফলম্ ॥

৩। তৃতীয়লগ্নে পুরুষোতি গৌরঃ স্ত্রীবিত্তচিন্তাপরিপীড়িতাঙ্গঃ।
দূতঃ প্রসন্নঃ প্রিয় বাগ্বিনীতঃ সমৃদ্ধিভোগীচ বিচক্ষণশ্চ ॥

মিথুন লগ্নে জাতক পুরুষ, গৌর তনু, সর্ব্বদা স্ত্রী ও ধনচিন্তাম্লান, দৌত্যকুশল, প্রসন্নবদন, প্রিয়বাদী নম্রস্বভাব ধনবান ও বিচক্ষণ হয়।

তত্র করণীয়ম্।

ঙ। কলা-বিজ্ঞান-সিদ্ধিশ্চ ভূষণাহবসংশ্রয়ম্।
গজোদ্বাহাভিষেকাদ্যং কর্ত্তব্যং মিথুনোদয়ে ॥

মিথুনলগ্নে কলাবিদ্যা, বিজ্ঞান. (মন্ত্র) সিদ্ধিদকার্য্য, অলঙ্কারধারণ যুদ্ধারম্ভ, হস্তিদান বা গ্রহণ, বিবাহ ও অভিষেকাদি কর্ত্তব্য।

অথ কর্কটলগ্নফলম্।

৪। কর্কোদয়ে গৌর বপুর্মনুষ্যঃ
পিত্তাধিকঃ পুষ্টতনুঃ প্রগল্ভঃ।
জলবগাহানুরতোতিবুদ্ধিঃ
শুচিঃ ক্ষমীধর্ম্ম রুচিঃ সুখীস্যাৎ॥

কর্কট লগ্নে জাত মনুষ্য গৌর-স্থূলবপুঃ, পিত্তপ্রকৃতি, বাক্‌পটু স্নানরত, বুদ্ধিমান্, শৌচপরায়ণ, ক্ষমাবান্, ধার্ম্মিক ও সুখী হয়।

তত্র কর্ত্তব্যম্।

চ। বাপী-কূপ-তড়াগাদি-বারিবন্ধনমোক্ষণে।
পৌষ্টিকং লিপিলেখাদি কর্ত্তব্যং কর্কটোদয়ে॥

কর্কট লগ্নে বাপী-কূপ-তড়াগাদি নির্ম্মাণ, সেতুবন্ধন, পয়ঃপ্রণালী নির্ম্মাণ, পথ্যাহার, ব্যায়ামাদি, লিপিপ্রেরণ, ও আয় ব্যয় নির্ণয় কর্ত্তব্য।

অথ সিংহলগ্নফলম্।

৫। সিংহোদয়ে পাণ্ডুতনুর্মনুষ্যঃ
পিত্তানিলাভ্যাং পরিপীড়িতাঙ্গঃ।
প্রিয়ামিষোরণ্যচরঃ সুতীক্ষ্ণঃ
শূরঃ প্রগল্ভঃসুতরাং নরোহি॥

সিংহ লগ্নে জাত মনুষ্য পিত্তানিলপ্রকৃতি, মাংসভোজনপ্রিয়, পাণ্ডুবর্ণ, অরণ্যচারী, তীক্ষ্ণস্বভাব, অর্থাৎ অমর্ষপরায়ণ, শূর এবং বাচাল হইয়া থাকে।

তত্র করণীয়ম্।

ছ। ইক্ষু-ধান্যবণিক্পণ্যকৃষিমেবাদি যৎস্থিরম্।
সাহসাবহতুপাঢ্যং সিংহলগ্নে প্রসিদ্ধ্যতি॥

সিংহ লগ্নে ইক্ষুও ধান্য সম্বন্ধীয় কার্য্য, বাণিজ্য, বিপণিস্থাপন, ক্ষেত্রকার্য্য, যাবদীয়সেবাদি স্থায়ীকার্য্য, সাহস ও যুদ্ধকর্ম্ম, এবং রাজকার্য্য প্রশস্ত।

অথ কন্যালগ্নফলম্।

ঙ। কন্যাবিলগ্নে কফপিত্তযুক্তো ভবেন্মনুষ্যঃ সুখকান্তিমাংশ্চ।
শ্লেষ্মার্দ্দিতস্ত্রী-বিজনঃ সুভীরুর্ময়াধিকঃ কামকদর্থিতাঙ্গঃ॥

কন্যালগ্নে জাত কফপিত্ত-প্রকৃতি. সুখী, কান্তিময়. বিপত্নীক, ভীরু-স্বভাব, মায়াবী ও কামুক হয়।

তত্র করণীয়ম্।

জ। বিদ্যাশিল্পৌষধীকর্ম্ম ভূষণঞ্চ চরং স্থিরম্।
কন্যালগ্ন বিধেয়ং তৎ পৌষ্টিকাখিল মঙ্গলম॥

কন্যালগ্নে বিদ্যারম্ভ, শিল্পকার্য্য, ঔষধীকর্ম্ম, অলঙ্কার নির্ম্মাণ বা ধারণ, যে কর্ম্মে চঞ্চলতার প্রয়োজন সেইরূপ কর্ম্ম, আহার বিহার ব্যায়ামাদি ও মঙ্গল কর্ম্ম কর্ত্তব্য।

অথ তুলালগ্নফলং।

৭। তুলাবিলগ্নে চ ভবেন্মনুষ্যঃ শ্লেষ্মান্বিতঃ সত্যপরঃসদৈব।
পুণ্যপ্রিয়ঃ:পার্থিব-মানযুক্তঃ সুরার্চ্চনে তৎপর এব কল্মঃ॥

তুলালগ্নে জাতক শ্লেষ্মাপ্রকৃতি, সত্যবাদী নিষ্ঠাবান্, রাজ-সম্মানিত, দেবার্চ্চনপ্রিয় ও তৎসমর্থক হয়।

তত্র করণীয়ম্।

ঋ। কৃষিবাণিজ্য-যানাশ্চ পশূদ্বাহব্রতাদিকম্।
তুলায়ামখিলং কর্ম্ম তুলাভাণ্ডাশ্রিতংচযৎ॥

তুলালগ্নে ক্ষেত্র, কার্য্য, বাণিজ্য, অশ্বাদি পশু সংগ্রহ, বিবাহ, ব্রতাদি কর্ম্ম ও শস্য ভাণ্ডার প্রভৃতি স্থাপন কর্ত্তব্য।

অথ বৃশ্চিকলগ্নফলম্।

৮। লগ্নেষ্টমেকোপ পরোন সত্যো ভবেন্মনুষ্যো নৃপপূজিতাঙ্গঃ।
গুণান্বিতঃ শাস্ত্রকথানুরক্তঃ প্রমর্দ্দকঃ শত্রুগণস্য নিত্যম্॥

বৃশ্চিকলগ্নে জাতক কোপন স্বভাব, অনৃতশীল, নৃপপূজিত, গুণান্বিত, শাস্ত্রকথানুরক্ত ও শত্রুনাশক হয়।

তত্র করণীয়ম্।

ঞ। স্থির-কর্ম্মাখিলং কার্য্যং রাজসেবাভিষেচনম্।
চৌর্য্যকর্ম্ম স্থিরারম্ভাঃ কর্ত্তব্যা বৃশ্চিকোদয়ে॥

বৃশ্চিকলগ্নে স্থিরকর্ম্ম, রাজসেবা, অভিষেক, চৌর্য্য ও স্থায়ী কর্ম্মের আরম্ভ প্রশস্ত।

অথ ধনুর্লগ্নফলং।

৯। চাপোদয়ে রাজ্যযুতোমনুষ্যঃ কার্য্য-প্রধৃষ্টোদ্বিজদেব ভক্তঃ।
তুরঙ্গ যুক্তঃ সুহৃদৈঃ প্রযুক্ত স্তুরঙ্গজঙ্ঘশ্চ ভবেৎ সদৈব॥

ধনুর্লগ্নে জাত ব্যক্তি স্বকার্য্য সাধনে চতুর, দ্বিজ-দেবভক্ত, অশ্ব-প্রিয়, বন্ধুবান্ ও অশ্বের ন্যায় জঘনবিশিষ্ট হয়॥

তত্র করণীয়ম্।

ট। ব্রতোদ্বাহপ্রয়াণশ্চ হ্যঙ্গ শিল্পকলাদিকম্।
চরস্থিরংসশস্ত্রাস্ত্রং কর্ত্তব্যং কার্ম্মুকোদয়ে॥

ধনুলগ্নে ব্রতাদি কার্য্য, তীর্থাদি গমন বা মৃত্যু, অঙ্গরাগ-বিধান, কলাবিদ্যা, অস্ত্র শস্ত্র নির্ম্মাণ বা গ্রহণ প্রশস্ত।

অথ মকরলগ্নফলম্।

১০। মৃগোদয়ে তোষরতঃসুতীব্রোভীরুঃ সদা পাপরতশ্চ ধূর্ত্তঃ।
শ্লেষ্মানিলাভ্যাং পরিপীড়িতাঙ্গঃসুদীর্ঘগাত্রঃ পরবঞ্চকশ্চ॥

মকরলগ্নে জাত মানব সন্তুষ্টচিত্ত, অমর্ষী, ভীরু, পাপী, বাত-শ্লেষ্মা-প্রকৃতি, দীর্ঘ শরীর, ধূর্ত্ত ও বঞ্চনাকুশল হয়।

তত্র করণীয়ম্।

ঠ। তোয়বন্ধন মোক্ষাস্ত্রকৃষ্যং চোষ্ট্রাদিকর্ম্মযৎ।
প্রস্থানং পশুদাসাদি কর্ত্তব্যং মকরোদয়ে॥

মকরলগ্নে সেতুনির্ম্মাণ, পয়ঃপ্রণালী-উদঘাটন, শস্ত্র ও ক্ষেত্রকার্য্য, উষ্ট্রাদি পশু সংগ্রহ, যাত্রা ও ভৃত্য সম্বন্ধীয় কার্য্য প্রশস্ত।

অথ কুম্ভলগ্নফলং।

১১। ঘটোদয়ে সুস্থিরতাসমেতো বাতাধিকঃ স্তেয়নিবেশ-দক্ষঃ।
সুস্নিগ্ধশত্রুপ্রমদাস্বভীষ্টঃ সিদ্ধানুরক্তোজনবল্লভশ্চ॥

কুম্ভলগ্নে জাত ব্যক্তি স্থৈর্য্যশীল, বায়ুপ্রকৃতি, চৌর্য্যপটু, শত্রুর প্রতি স্নেহশীল বা স্নেহশীলের ন্যায় ব্যবহারকারী, অবলাজনপ্রিয় ও সিদ্ধজনানুরক্ত হয়।

তত্র করণীয়ম্।

ড। কৃষিবাণিজ্য-পশ্বম্বু শিল্পকর্ম্ম-কলাদিকম্।
জলযাত্রাস্ত্র-শস্ত্রাদি কর্ত্তব্যং কলশোদয়ে॥

কুম্ভলগ্নে ক্ষেত্রকার্য্য, বাণিজ্য, পশুক্রয়, বিক্রয়, তড়াগাদি ও পয়ঃ-প্রণালী-নির্ম্মাণ, শিল্পকলা, অস্ত্রশস্ত্রাদি ধারণ বা নির্ম্মাণ প্রশস্ত।

অথ মীনলগ্নফলং।

১২। মীনোদয়ে পাপরতোধনাঢ্যো ভবেন্মনুষ্যঃ সুরতানুকূলঃ।
সুপণ্ডিতঃ স্থূলতনুঃ প্রচণ্ডঃ পিত্তাধিকঃ কীর্ত্তিসমন্বিতশ্চ॥

মীনলগ্নে জাতক পাপী, ধনী, কামকলাকুশল, সুপণ্ডিত, স্থূলদেহী, উগ্রস্বভাব, পিত্তপ্রকৃতি ও কীর্ত্তিমান হয়।

তত্র করণীয়ম্॥

ঢ। ব্রতোদ্বাহাভিষেকাম্বুস্থাপনং সন্নিবেশনম্।
ভূষণং জলপাত্রঞ্চ কর্ম্ম মীনোদয়েশুভম্॥

মীনলগ্নে ব্রতাদি গ্রহণ বা উদ্‌যাপন, বিবাহ, অভিষেক, জলদান ও তড়াগাদি উৎসর্জন, প্রবেশকর্ম্ম এবং নবালঙ্কার ধারণ প্রশস্ত।

ইতি লগ্নপ্রকরণম সমাপ্তম।

অথ ধনলগ্নপ্রকরণম।

অথ ধনভাবে কিং চিন্তনীয়ম্।

স্বর্ণাদি ধাতুক্রয়বিক্রয়ঞ্চ রত্নাদিকানামপি সংগ্রহঞ্চ।
এতৎ সমস্তং পরিচিন্তনীয়ং ধনাভিধানেভবনে সুধীভিঃ॥ ১॥

ধনভবনে স্বর্ণাদি ধাতু দ্রব্য ক্রয় বিক্রয় ও রত্নাদি কোষ সঞ্চয় চিন্তনীয়।

অথারাশিভেদাদ্ধনগৃহফলং।

মেষ

মেষে ধনস্থে কুরুতেমনুষ্যং ধনৈশ্চ পূর্ণংবিবিধৈঃ প্রসূতৈঃ।
ভাগ্যাধিকং ভূরিকুটুম্বযুক্তং চতুষ্পদাঢ্যং বহুপণ্ডিতজ্ঞম্॥ ১

যে জাতকের মেষ রাশি ধনগৃহ হইবে তাহার ধনাগার নানা ধন পরিপূর্ণ ও তাহার বহু-কুটুম্ব-ভাগ্যাধিক্য, নানা চতুষ্পদ জন্তু লাভ ও বহু পণ্ডিতের সহিত সমাগম হইবে।

বৃষ

বৃষেধনস্থেলভতে মনুষ্যঃ কৃষিপ্রয়াসেনধনং সদৈব।
অনাভিঘাতশ্চ চতুষ্পদাঢ্যং তথাহিরণ্যং মণিমুক্তকোর্থং॥২

বৃষরাশিস্থ ধনভাব হইলে জাতকের কৃষিকার্য্য হইতে ধনাগমও আঘাত-প্রাপ্তি, চতুষ্পদজন্তুলাভ, স্বর্ণ মণিমুক্তা ও অর্থ লাভ ঘটিয়া থাকে।

মিথুন

৩। তৃতীয় রাশৌধনগেমনুষ্যো
ধনং লভেৎ স্ত্রীজননশ্চ নিত্যম্।
রৌপ্যং তথাকাঞ্চনজং প্রভূতং
দয়াধিকং পুষ্টি ভিরেবসখ্যঃ ॥ ৩

মিথুন রাশি ধন গৃহ হইলে জাতকেব কন্যাসন্তান লাভ, প্রভূত রৌপ্য কাঞ্চনাদি ধন লাভ ,দয়াধিক্য ও নানারূপে পুষ্টি লাভ হইয়া থাকে।

কর্কট

৪। চতুর্থরাশির্ধনগোমনুষ্যো
ধনং লভে দ্বৃক্ষজমেব নিত্যম্।
জায়োদ্ভবং সৎসুখ মিষ্টভোজ্যং
নয়ার্জ্জিতং প্রীতিকরং সুতানাম্ ॥

কর্কট রাশি ধনগত হইলে জাতকের কাষ্ঠজাত ন্যায়ার্জ্জিত ধন লাভ, জায়া হইতে সুখোৎপত্তি, পুত্রদিগের প্রীতিকর ব্যবস্থা এবং ইষ্ট দ্রব্য ভোজন হইয়া থাকে।

সিংহ

৫। সিংহেধনস্থে লভতে মনুষ্যো
ধনাস্ত পারং নৃজনোত্তমাংশম্।
সর্ব্বোপকারপ্রবণং প্রভূতং
স্ববিক্রমো-পার্জ্জিতমেব নিত্যম্ ॥

সিংহ রাশি ধনভবনে গত হইলে, জাতকের বহুধনলাভ, পরোপকার-প্রবণতা ও স্ববিক্রমোপার্জ্জিত প্রভূত ধনলাভ হইয়া থাকে।

কন্যা

৬। কন্যোদয়ে বিত্তগতে মনুষ্যো
ধনংলভেদ্ ভূমিপতেঃ সকাশাৎ।
হিরণ্যরূপ্যৈম ণিমুক্তজাতং
গজাশ্বনানাবিধবিত্তজঞ্চ॥

কন্যারাশি ধনগৃহ গত হইলে জাতকের ভূমি পতির নিকটে স্বর্ণ, রৌপ্য, মণিমুক্তা, হস্তী, অশ্ব প্রভৃতি নানাবিধ ধনলাভ হইয়া থাকে।

তুলা

৭। তুলে ধনস্থে বহুপুণ্য জাতং
ধনং মনুষ্যো লভতে প্রভূতম্।
পাষাণজং মৃন্ময় ভূমিজাতং
সসোদ্ভবং কর্ম্মজমেব নিত্যম্॥

তুলারাশি ধনগৃহগত হইলে মানবের পুণ্যজাত প্রভূত ধন, পাষাণ, মৃত্তিকা, ভূমি, শস্য ও কর্ম্মদ্বারা ধনাগম হয়।

বৃশ্চিক

৮। ধনেলিলগ্নে প্রভবেচ জাতং
স্বধর্ম্ম শীলং প্রকরোতি নিত্যম্।
বিলাসিনী কামপরং সদৈব
বিচিত্র বাক্যং দ্বিজদেব ভক্তম্॥

বৃশ্চিকরাশি ধনগৃহগত হইলে জাতকের স্বধর্ম্মনিষ্ঠা, স্ত্রীলোকের প্রতি আসক্তি, দেবদ্বিজ ভক্তি ও বাকপটুতা হয়।

ধনু

৯। ধনুর্ধরে বিত্তগতে মনুষ্যো
ধনং লভেৎ স্থৈর্য্য-বিধান-জাতম্।
চতুষ্পদাঢ্যং বিবিধং যশশ্চ
রণোদ্ভবং ধর্ম্মবিধানলব্ধম্॥

ধনুরাশি যে জাতকের ধন গৃহগত হইবে তাহার ধৈর্য্যসহকৃত কর্ম্মদ্বারায় ধনাগম, নানা চতুষ্পদজন্তুলাভ ও ধর্ম্মযুদ্ধ জনিত ধন এবং কীর্ত্তিলাভ হইয়া থাকে।

মকর

১০। মৃগেধনস্থেলভতে মনুষ্যোধনং প্রপঞ্চৈর্বিবিধৈরুপায়ৈঃ।
নিজেচ্ছয়াথো বশকৃন্নৃপাণাং কৃষিক্রিয়াভিশ্চবিদেশসঙ্গাৎ॥

মকররাশি ধন গৃহগত হইলে জাতকের নানা চাতুরি দ্বারায়, বিবিধ উপায়ে ধন লাভ ও স্বেচ্ছানুসারে রাজাকে বশীভূত করিবার ক্ষমতা এবং কৃষি ক্রিয়ায় বিদেশ সংস্রবে ধনলাভ হইয়া থাকে।

১১। ঘটে ধনস্থেলভতে মনুষ্যো
ধনং প্রভূতংফলপুষ্পজাতম্।
জলোদভবং সাধু জনস্যভোজ্যং
মহাজনোর্থঞ্চ পরোপকারৈঃ॥

কুম্ভরাশি ধন ভবন গত হইলে জাতকের ফলপুষ্পাদি ও জলাশয় হইতে প্রভূত ধনাগম ও সাধু মহাজনদিগের ভোজনার্থে এবং পরোপকারে ধন ব্যয় হয়।

মীন

১২। মীনেধনস্থেলভতে মনুষ্যো ধনং প্রভূতৈর্নিয়মোপবাসৈঃ।
বিদ্যাপ্রভাবান্নিধিসঙ্গমাচ্চ মাতা পিতৃভ্যাং সমুপার্জিতঞ্চ ॥

মীনরাশি ধনস্থিত হইলে জাতকের প্রভূত নিয়ম ব্রতাদি দ্বারা স্বীয় বিদ্যাদ্বারা ও মাতাপিতার পরিত্যক্ত সম্পত্তি হইতে ধনলাভ হইয়া থাকে।

ইতি ধনলগ্নপ্রকরণং সমাপ্তম।

অথ সহজপ্রকরণম্।

অথ সহজ ভবনে কিম্ চিন্তনীয়ম

১। সহোদরাণামথ কিংকরাণাং পরাক্রমাণামুপজীবিনাঞ্চ।
বিচারণাজাতক শাস্ত্রবিদ্ভি স্তৃতীয় ভাবে নিয়মেনকার্য্যঃ ॥

তৃতীয় ভাবে শাস্ত্রজ্ঞ জ্যোতিষিরা জাতকের সহোদরদিগের কিঙ্কর-দিগের পরাক্রমের ও উপজীবিদিগের বিধিপূর্ব্বক বিচার করিবেন।

অথ মেষরাশিস্থিত সহজভাবফলম্।

১। তৃতীয়সংস্থে প্রথমেচ রাশৌমিত্রং দ্বিজাতেশ্চ ভবেন্মনুষ্যঃ।
পরোপকারপ্রবণঃ শুচিশ্চ প্রভূত বিদ্যোনৃপপূজিতাঙ্গঃ ॥

যে মানবের মেষরাশি তৃতীয় স্থানস্থিত হয় তাহার দ্বিজাতির সহিত মৈত্র, পরোপকারে মতি, শুচিতা, প্রভুত বিদ্যাবত্তা ও নৃপ-সম্মান লাভ হয়।

অথ বৃষরাশৌ তৃতীয় লগ্নফলম্।

২। বৃষে তৃতীয়ে লভতে মনুষ্যো
মিত্রং নরেন্দ্রং প্রচুরপ্রতাপং।
বিত্তালয়ং ভূরিযশোনিধানং
শূরং কবিং ব্রাহ্মণবিত্তরক্ষম্॥

বৃষরাশি তৃতীয় স্থান গত হইলে মানবের রাজবন্ধুত্ব প্রবল প্রতাপ, প্রচুর অর্থ, কীর্ত্তি, বীর্য্য, কবিত্ব ও ব্রাহ্মণধনরক্ষা প্রবৃত্তি হয়।

অথ মিথুনরাশিস্থিত সহজগ্রহফলম্।

৩। তৃতীয়সংস্থে মিথুনেচ রাশৌ
করোতি মর্ত্ত্যং বরযানযুক্তম্।
স্ত্রীবল্লভং সর্ব্বমুদারচেষ্টং
কুলাধিকং পূজ্যতমং নৃপাণাম্॥

মিথুনরাশি তৃতীয় স্থান গত হইলে মানবের উৎকৃষ্ট যান্ লাভ, স্ত্রীলোকদিগের প্রীতি আকর্ষণ ক্ষমতা, উন্নত প্রকৃতি, স্বকুল শ্রেষ্ঠত রাজপূজা লাভ হয়।

অথ চতুর্থ রাশিস্থিত তৃতীয় ভাবফলম্।

৪। কুলীররাশৌ সহজে প্রজাতে
মিত্রং লভেৎ সদ্‌গুণবল্লভত্বং।
কৃষীবলং ধর্ম্মকথানুরক্তং
সদা সুশীলং সুমহৎ প্রতিষ্ঠম্॥

কর্কটরাশি তৃতীয়স্থানগত হইলে জাতকের সন্মিত্র লাভ, গুণগ্রাহিতা, কৃষিকার্য্য-প্রবণতা ধর্ম্মকথানুরক্তি, বিনয় ও সমাজে প্রতিষ্ঠা লাভ হয়।

অথ সিংহরাশিস্থ তৃতীয় ভাবফলম্।

৫। সিংহেতৃতীয়ে লভতে মনুষ্যঃ
শূদ্রং কুমিত্রং পরবিত্তলুব্ধম্।
বধাত্মকং পাপকথানুরক্তং
সদার্থযুক্তং জনগর্হিতঞ্চ॥

সিংহরাশি তৃতীয় ভবনগত হইলে মানবের নীচ শূদ্রের সহিত মিত্রতা, পরবিত্তলোলুপতা, হননেচ্ছা, পাপকথাপ্রসক্তি, স্বার্থরতি ও জননিন্দা লাভ হয়।

অথ কন্যারাশিস্থ তৃতীয় লগ্নফলম।

৬। তৃতীয়ভাবেকিল কন্যকাখ্যে শাস্ত্রানুরক্তং মনুজং সুশীলং।
নানাসুহৃৎ সংস্থিতমল্পকোষং প্রিয়াতিথিং দেবগুরুষুভক্তম্॥

কন্যারাশি তৃতীয় স্থান গত হইলে মানব শাস্ত্রানুরাগী, সুশীল, বন্ধুত্ব-কুশল, স্বল্প কোষী, অতিথিপ্রিয় ও দেব গুরুভক্ত হয়।

অথ তুলারাশিস্থিত তৃতীয় লগ্নফলম।

৭। তৃতীয় সংস্থেহিতুলাভিধানে
মৈত্রী ভবেৎ পাপরতৈর্মনুষ্যৈঃ।
ত্যাজ্যাত্মকস্তোককথানুরক্তঃ
সার্দ্ধঞ্চ ভৃত্যৈঃস্বসুতার্থযুক্তঃ॥

তুলারাশি তৃতীয় ভবন গত হইলে মানব পাপাত্মদিগের সহিত মৈত্রীপরায়ণ, অশ্রাব্যকথাসক্ত, বৃহদেগাষ্ঠী ও ভৃত্যধনযুক্ত হয়।

অথ বৃশ্চিক রাশিস্থিত তৃতীয় ভাবফলম্ ।

৮। অসৌ তৃতীয়ে ভবনে নরস্য
মৈত্রীসদা পাপযুতৈর্ন্নরেন্দ্রৈঃ ।
ম্লেচ্ছৈঃ কৃতঘ্নৈঃ কলহানুরক্তৈ
র্লজ্জাবিহীনৈর্ম্মনুজৈর্হিরৌদ্রৈঃ ॥

বৃশ্চিক রাশি তৃতীয় স্থান গত হইলে মানবের পাপকর্ম্মী রাজাদিগের সহিত, তথা ম্লেচ্ছ, কৃতঘ্ন, কলহপ্রিয়, নির্লজ্জও রৌদ্র স্বভাব মানবদিগের সহিত মিত্রতা হয় ।

অথ ধনু রাশিস্থিত তৃতীয় লগ্নফলম্ ।

৯। চাপে তৃতীয়ে লভতে মনুষ্যো মৈত্রীং সুশূরৈর্ন্নৃপসেবকৈশ্চ ।
বিত্তেশ্বরৈর্ধর্ম্মপরৈঃ প্রসন্নৈঃ কৃপানুরক্তৈর্ব্বহুকোবিদৈশ্চ ।

তৃতীয় ভবন ধনুরাশি গত হইলে মানব নৃপসেবক, বীরদিগের সহিত মিত্রতা সম্পন্ন, ধনী, সদা প্রসন্ন, ধার্ম্মিক, কৃতজ্ঞ ও কোবিদ্‌দিগের সহিত মৈত্রী পরায়ণ হয় ।

অথ মকর রাশিস্থিত তৃতীয় ভাবফলম্ ।

১০। মৃগস্তৃতীয়ে চ নরস্য যস্য
করোতি সৌখ্যং সততং হিতস্য ।
নিত্যং সুহৃদ্দেবগুরুপ্রসক্তং
মহাধনং পণ্ডিতমপ্রমেয়ম্ ॥

মকর রাশি তৃতীয় স্থান গত হইলে জাতকের সতত সুখলাভ, সুহৃৎ, দেবতা ও গুরুভক্তি, বিপুল ধন ও অতুলন পাণ্ডিত্য লাভ হয় ।

অথ কুম্ভরাশিস্থ সহজ ভাবফলম্।

১১। কুম্ভে তৃতীয়ে লভতেমনুষ্যো
মৈত্রীংব্রতজ্ঞৈর্বহুকীর্ত্তিযুক্তৈঃ।
ক্ষমাধিকৈঃ সত্যপরৈঃ সুশীলৈ
র্গীতপ্রিয়ৈঃ সাধু পরৈঃ খলৈশ্চ॥

কুম্ভরাশি তৃতীয় ভবন গত হইলে জাতকের ব্রতজ্ঞ, কীর্ত্তিমান্, ক্ষমাশীল, সত্যপরায়ণ, সুশীল, সাধু ও খলস্বভাবদিগের সহিত বন্ধুত্ব হয়।

অথ মীনরাশৌ তৃতীয় ভাবফলম্।

১২। তৃতীয়ভাবেস্থিত মীনরাশৌ নরং প্রসূতে বহুবিত্তযুক্তম্।
পুত্রান্বিতং পুণ্যধনৈরুপেতং প্রিয়াতিথিংসর্ব্বজনাভিরামম্॥

মীনরাশি তৃতীয়ভবন গত হইলে জাতক সদুপার্জ্জিতবিপুলবিত্তশালী-পুত্রবান, অতিথিপ্রিয় ও সর্ব্বজনপ্রিয় হয়।

অথ চতুর্থ বা সুখালয়ফলম্।

তত্রৈব কিঞ্চিদ্বর্ণনীয়ম।

সুহৃদ্গৃহং গ্রামচতুষ্পদং বা ক্ষেত্রোদ্যমালোকনকঞ্চতুর্থে।
দৃষ্টৈশুভানাং শুভযোগতোবাভবেৎ প্রবৃদ্ধির্নিয়মেনতেষাম্॥

চতুর্থ ভবনে, সুহৃদ্, গ্রাম, চতুষ্পদ জন্তু, ক্ষেত্র ও উদ্যম বিচার্য্য। শুভ গ্রহদিগের যোগ বা দৃষ্টি যোগে উক্তফলবৃদ্ধি বক্তব্য।

অথ মেষরাশিস্থসুখস্থানফলম্।

১। মেষেসুখস্থে লভতে সুখঞ্চ
চতুষ্পদেভ্যোথবিলাসিনীভ্যঃ।
ভোগৈর্বিচিত্রৈঃ প্রচুরান্নপানৈঃ
পরাক্রমোপার্জ্জিত সর্ব্বভোগৈঃ॥

মেষ রাশি চতুর্থ গৃহস্থিত হইলে জাতকের চতুষ্পদোত্থ সুখ, স্ত্রীলোক হইতে বিশিষ্ট ভোগসুখ, প্রচুরান্ন-পান ও স্ববিক্রমোপার্জ্জিত সর্ব্বসুখলাভ হয়।

অথ বৃষরাশিস্থিত সুখস্থানফলম্।

২। বৃষেসুখস্থে লভতে সুখানি
নরোতি মান্যোবিবিধৈশ্চমান্যৈঃ।
শৌর্য্যেণ ভূপালনিষেবণেন
বিপ্রোপচার্য্যৈর্নিয়মৈর্ব্রতৈশ্চ॥

বৃষ রাশি সুখভবনস্থ হইলে মানব নানাসুখ, নানাবিধ রাজসম্মান, বিক্রমবৃদ্ধি এবং ব্রতনিয়মাদি দ্বারা ও বিপ্র রাজ সেবায় সুখী হয়।

অথ মিথুনরাশিস্থ সুখভাবফলম্।

৩। তৃতীয়রাশৌ সুখভে সুখানি
লভেন্মনুষ্যঃ প্রমদাকৃতানি।
জলাবগাহৈর্বনসেবয়াচ
প্রভূত পুষ্পাম্বরসেবকাংশ্চ॥

মিথুনরাশি সুখভবন গত হইলে জাতক প্রমদা-কুলোত্থসুখবান্, ...নপ্রিয়, বনভ্রমণরত ও বহুপুষ্পাম্বরপরিধায়ী ভৃত্য, সমন্বিত হয়।

অথ কর্কটরাশিস্থিতবন্ধুস্থানফলম্।

৪। কুলীররাশৌ হি সদা সুখস্থে
নরং সুরূপং সুভগং সুশীলম্।
স্ত্রীসংমতং সর্ব্বগুণৈঃ সমেতং
বিদ্যাবিনীতং জনবল্লভঞ্চ ॥

কর্কটরাশিস্থিত সুখভবন হইলে জাতক সৌভাগ্যশালী, সুশীল, স্ত্রীজন-সম্মত, সর্ব্বগুণসম্পন্ন, বিদ্বান্, বিনয়ী ও জনপ্রিয় হয়।

অথ সিংরাশিস্থিতসুখালয়ফলম্।

৫। সিংহে সুখস্থেন সুখং মনুষ্যঃ
প্রাপ্নোতি যোসৌ প্রচুরঃ প্রকোপাৎ।
কন্যাপ্রসূতিং কুটিল প্রসঙ্গং
নরো ভবেচ্ছীলবিবর্জ্জিতশ্চ ॥

সিংহরাশি সুখভবনগত হইলে মানব সুখবিহীন, কোমল, কন্যাজনক, খলস্বভাব-বন্ধুবিশিষ্ট ও দুঃশীল হয়।

অথ কন্যারাশিস্থিতসুখভবনফলম্।

৬। কুমিত্র সঙ্গং ধনসংশ্রয়ঞ্চ কন্যাগৃহে দুর্ম্মতিমান্মনুষ্যঃ।
পৈশুন্যসংগাল্লভতে সুখানি চৌর্য্যেণ যুদ্ধেন চ মোহনেন ॥

কন্যারাশি সুখভবনগত হইলে মানব কুমিত্রযুক্ত, কদুপায়ার্জ্জিত-ধনবিশিষ্ট, দুর্ম্মতি, পরনিন্দা-চর্চ্চাপরায়ণ-জন-সমূহের সহিত বন্ধুত্বে সুখী, চৌর্য্য, বিবাদ ও ছলনা কুশল হয়।

অথ তুলারাশিস্থিতালয় ভবন ফলম্।

৭। তুলে সুখস্থে চ নরস্য যস্য করোতিসৌখ্যং শুভকর্ম্মদক্ষম্।
বিদ্যাবিনীতং সততং সুখাঢ্যং প্রসন্নচিত্তং বিভবৈঃ সমেতম্॥

তুলারাশি সুখভবনগত হইলে মানব সুখী, সুকর্ম্মা, বিদ্বান, বিনয়ী, প্রসন্নচিত্ত ও ধনী হয়।

অথ বৃশ্চিকরাশিস্থিতচতুর্থগৃহফলম্।

৮। অলৌ চতুর্থে চ যদা ভবেত্তং সুতীক্ষ্ণভাবং পরভীতিযুক্তম্।
প্রভূতসেবং গতবীর্য্যদক্ষং পরৈঃ সুরক্ষঞ্চ গুণৈর্বিহীনম্॥

বৃশ্চিকরাশি সুখভবনগত হইলে মানুষ তীক্ষ্ণস্বভাব, শত্রুভীত, প্রভূত ভৃত্যযুক্ত, আহারনিপুণ, দুর্ব্বল, অপরের আশ্রিত ও নির্গুণ হয়।

অথ ধনুরাশিস্থিতচতুর্থসুখফলম্।

৯। চাপে সুখস্থে লভতে মনুষ্যঃ সুখং সদাসঙ্গরসেবনঞ্চ।
সংকীর্ত্তিরেবং হরিসেবনঞ্চ সদ্ভাব সম্পন্নতয়ান্বিতশ্চ॥

ধনুরাশি সুখভবনগত হইলে জাতক, সর্ব্বদা যুদ্ধাভিলাষী ও তাহাতেই সুখী, কীর্ত্তিমান্, পরম বৈষ্ণব ও সুমতিসম্পন্ন হয়।

অথ মকররাশিস্থিত সুখগৃহফলম্।

১০। মৃগে সুখস্থে সুখভাঙ্মনুষ্যঃ সদা ভবেত্তাপনিবেশনেন।
উদ্যানবাপীতটসংগমেন মিত্রোপচারৈঃ সুরতপ্রধানৈঃ ॥

মকররাশি সুখালয়স্থ হইলে মানব সর্ব্বদা সুখী অথচ চিন্তাশীল, উদ্যানচারী, জলবিহার-প্রিয়, মিত্রোপচারকুশল ও কামুক হয়।

অথ কুম্ভরাশিস্থিতসুখালয়ফলম্।

১১। ঘটে সুখস্থে প্রমদানিধানাৎ
প্রাপ্নোতি সৌখ্যং বিবিধং মনুষ্যঃ।
মিষ্টান্নপানৈঃ ফলশাকপত্রৈ
র্বিদগ্ধবাক্যৈঃ কটুসাহ্যকারী ॥

কুম্ভরাশি সুখালয়গত হইলে মানব স্ত্রীধন হইতে নানা সুখভোগী, মিষ্টান্নভোজা, মিষ্টরসপ্রিয়, ফলশাকপত্রভোজী, বাকচাতুর্য্য-বিশিষ্ট এবং অপরের সাহায্যস্থলে কটুভাষী হইয়া থাকে।

অথ মীনরাশিস্থিতচতুর্থভবনফলম্।

১২। মীনে সুখস্থেতু সুখং মনুষ্যঃ
প্রাপ্নোতি সৌখ্যং জল সংশ্রয়েণ।
শনৈশ্চরেদেব-সমুদ্ভবৈশ্চ
যানৈঃসুবস্ত্রৈঃ সুধনৈর্বিচিত্রৈঃ ॥

মীনরাশি সুখালয়গত হইলে মনুষ্য জলজ পদার্থ হইতে ধনীও সুখী, বিশেষত শনৈশ্চর থাকিলে দেবদত্ত যানবাহন ধনভোগী হয়

অথ পঞ্চমভবনম্।

তত্র কিম্বিলোকনীয়ম্।

১। বুদ্ধিপ্রবন্ধাত্মজ-মন্ত্রবিদ্যাবিনেয়গর্ভস্থিতিনীতিসংস্থা।
সুতাভিধানে ভবনেনরাণাং হোরাগমজ্ঞৈঃ পরিচিন্তনীয়ম্॥

পঞ্চম ভবনে বুদ্ধিমত্তা, পুত্র, মন্ত্র, বিদ্যা, গর্ভস্থিতি, নীতি, মার্গ, প্রভৃতি চিন্তনীয়।

অথ মেষরাশৌ পঞ্চমভবনফলম্।

১। মেষে সুতস্থেলভতে মনুষ্যঃ প্রায়েণ পুত্রান্বিধনাং স্তথা চ।
সুরাৎসুখং নিত্য কৃতামুদঃস্যুঃ পাপানুরক্তঃ কুলবিত্তযুক্তঃ॥

মেষরাশি পঞ্চম ভবন গত হইলে প্রায়শ মনুষ্যের ধনহীন পুত্রলাভ, দেবতারাধনে ও সুরাপানে প্রীতি, পাপানুরাগ ও ধনীকুলে জন্ম হয়।

অথ বৃষরাশিস্থিত পঞ্চম ভবনফলম্।

২। বৃষে সুতস্থে নিতরাং মনুষ্যঃ
প্রাপ্নোতি কন্যাঃসুভগাঃসুরূপাঃ।
অপত্যহীনা বহুকান্তিযুক্তাঃ
সদানুরক্তানিজভর্তৃধর্ম্মে॥

বৃষরাশি সুতভবনগত হইলে মানব বহু সুভগা, সুরূপা, অপত্যবিহীনা, স্বামী-ধর্ম্মানুরাগিনী কন্যালাভ করিয়া থাকে।

অথ মিথুনরাশিস্থিতপঞ্চমগৃহফলম্।

৩। তৃতীয়রাশৌ সুতগেমনুষ্যঃ
প্রাপ্নোতিপত্যানিজসৌখ্যধর্ম্মান্।
গীতানিসদ্‌গানি গুণাধিকানি
প্রভাসমেতানি বলাধিকানি॥

মিথুনরাশি পঞ্চমগৃহ হইলে মানব স্বীয় প্রভুর সেবায় সুখী ও লব্ধ ধর্ম্ম হয়। তাহার গীতজ্ঞান গুণাধিক্য ও বলাধিক্য থাকে।

অথ কর্কটরাশিস্থিতপঞ্চমগৃহফলম্।

৪। কর্কঃসুতস্থো জনয়েন্মনুষ্যং শীত স্বভাবং জলকেলিরক্তম্।
পুত্রান্বিতং প্রাপ্তিযশোধিকঞ্চ স্ত্রীবল্লভংকামরতেনযুক্তম্॥

কর্কটরাশি সুতভবনগত হইলে জাতক স্থিরপ্রকৃতি, স্নানাসক্ত পুত্রান্বিত, ধনী, যশস্বী, স্ত্রীবল্লভ ও কামপরায়ণ হয়।

অথ সিংহরাশিস্থিতপঞ্চমভবনফলম্।

৫। সিংহঃসুতস্থো জনয়েন্মনুষ্যান্
ক্রূরস্বভাবান্নয়নীতিহীনান্।
মাংসপ্রিয়ান্ স্ত্রীজনকান সুতীব্রান
বিদেশভাজঃ ক্ষুধয়াসমেতান্॥

সিংহরাশি সুতগৃহ হইলে মনুষ্য ক্রূরস্বভাব, দুর্ব্বিনীত, নীতিহীন, মাংসভোজী, বহুকন্যার জনক, কোপনস্বভাব, প্রবাসী ও ক্ষুধার্ত্ত হয়।

অথ কন্যারাশিস্থিতমন্ত্রণাগৃহফলম্ ।

৬। কন্যাযদাপঞ্চমগা তদাস্যাৎ কন্যা নরাণান্তনয়ৈর্বিহীনা
পতিপ্রিয়াপুণ্যপরা প্রগল্ভা প্রশান্তপাপাপ্রিয়ভূষণা চ ॥

কন্যারাশি পঞ্চমভাবস্থিত হইলে জাতকের পুত্রবিহীনা, পতিপ্রিয়া, পুণ্যপরায়ণ, বাকবৈদগ্ধশালিনী, নিষ্পাপা ও অলঙ্কারস্পৃহা বহু কন্যা সন্তান লাভ হয় ।

অথ তুলারাশৌধীস্থানফলম্ ।

৭। তুলাযদা পঞ্চমগানরাণান্তদা সুশীলানি মনোহরাণি ।
ভবন্ত্যপত্যানি সুরূপকাণি ক্রিয়া সমেতানি শুভেক্ষিতানি॥

তুলারাশি পঞ্চমগৃহ হইলে জাতকের বহু সুশীল, সুরূপ, কর্ম্মরত, সুন্দর নয়নবিশিষ্ট অপত্য লাভ হয় ।

অথ বৃশ্চিকরাশৌ বুদ্ধিস্থানফলম্ ।

৮। কীটে সুতস্থে জনয়েত্তু যোনৌ
পুত্রান্মনুষ্যঃ সুভগান্ সুশীলান্ ।
অজ্ঞাত দোষান্ প্রণয়েনযুক্তান্
সত্ত শ্চধর্ম্মে সততং সুধীরঃ ॥

বৃশ্চিকরাশি পঞ্চমভবনগত হইলে মানব সুভগ, সুশীল, গুণবান, প্রণয়বান পুত্র সমূহেরপিতা ও স্বয়ং নিজ ধর্ম্মে সতত অনুরক্ত এবং সুধীর হয় ।

অথ ধনুরাশিস্থিতপঞ্চমভবনফলম্।

৯। চাপে সুতস্থে জনযেন্মনুষ্যঃ
পুত্রাংশ্চ পাপান্‌কুমতীন্ কুরূপান্।
গম্ভীরচেষ্টান্মতিসত্যযুক্তান্ পুত্রান্
স নিত্যং জনয়েৎ প্রসিদ্ধান্॥

ধনুরাশি পঞ্চমগৃহ হইলে মানব পাপরত, কুমতি, কুরূপ, নানা কর্ম্মযুক্ত অধ্যবসায়ী, সত্যবাদী ও যশস্বী পুত্র সমূহের পিতা হয়।

অথ মকররাশিস্থিত পুত্রগৃহফলম্।

১০। মৃগেসুতস্থে জনয়েন্মনুষ্যঃ সুতান্ বিচিত্রান্ হয়লুব্ধলক্ষান্।
ধানুষ্কচর্য্যান্ হতশত্রুপক্ষান্ সেবাপ্রিয়ান্ পার্থিবমানযুক্তান্॥

মকররাশি পঞ্চমগৃহ হইলে জাতক অশ্বারোহণপ্রিয় ও তৎচালনপটু, ধনুর্ব্বিদ্যাবিশারদ, শত্রুনাশক, সেবাপ্রিয়, রাজমান্য পুত্র সমূহের জনক হয়।

অথ কুম্ভরাশিস্থিতাপত্যভবনফলম্।

১১। কুম্ভেসুতস্থে জনয়েন্মনুষ্যঃ প্রসন্নমূর্ত্তির্ধন ধান্যযুক্তান্।
নষ্টাত্মজান্ ভূরিগুনৈরুপেতাং কুপুত্রতঃ কষ্টমথ প্রযাতি॥

কুম্ভরাশি পঞ্চমগৃহগত হইলে জাতক প্রসন্নমূর্ত্তি, ধনধান্যযুক্ত, বহুগুণান্বিত, নষ্টপ্রজ বহু পুত্রের পিতা হইয়া কুপুত্র হইতে কষ্টপ্রাপ্ত হয়।

অথ মীনরাশিস্থিতপঞ্চমগৃহফলম্।

১২। মীনে সুতস্থে সতিহাস্যযুক্তান্
পুত্রান্ মনুষ্যো লভতেসুবর্য্যান্।
রোগৈর্বিযুক্তান সুতরাং সুরূপান্
সুহাস্যতাস্ত্রী সহতাসদৈব॥

মীনরাশি সুতভবনগত হইলে মনুষ্য বহু শ্রেষ্ঠ, সদানন্দ, নীরোগ সুতরাং রূপবান্ পুত্রলাভ করে ও আপনি স্ত্রীলোকের উপহাসাস্পদ হয়।

অথ শত্রুভবনফলম্।

তত্র কিঞ্চিদ্বিলোকনীয়ম্।

বৈরি ব্রাতক্রূরকর্ম্মাময়ানাঞ্চিন্তাশঙ্কা মাতুলানাং বিচারঃ।
হোরাপারাবারপারং প্রয়াতৈরেতৎ সর্ব্বং শত্রুভাবেবিচিন্ত্যং॥

শত্রুভাবে অর্থাৎ ষষ্ঠ স্থানে জাতকের অরি, নিষ্ঠুরকর্ম্ম, রোগ, চিন্তা, ভয় ও মাতুলাদি বিচার জ্যোতিষীদিগের কর্ত্তব্য।

মেষরাশিস্থ রিপুগৃহফলম্।

১। মেষেরিপুস্থে প্রভবন্তি পুংসাং
চতুষ্পদাৎ সৌখ্যযুতাপ্রসিদ্ধিঃ।
প্রসন্নচেতা রিপুঘাতকশ্চ কার্য্যস্য-
নাশশ্চ নরস্য লোকে॥

রিপুগৃহ মেষরাশিস্থ হইলে জাতকের চতুষ্পদ হইতে সুখ, জননিন্দা, চিত্তপ্রসাদ, রিপুহানি ও কার্য্যে নিষ্ফলতা হয়।

অথ বৃষরাশিস্থিত রিপুগৃহফলম্।

২। চতুষ্পদার্থে প্রভবেত্তু বৈরং সদানরাণাম্বৃষভেরিপুস্থে।
অপত্যবর্গেপিগতোঙ্গনানাং সঙ্গাভিমানং নিজবন্ধুবর্গে॥

রিপুগৃহ বৃষরাশিস্থিত হইলে মানবের চতুষ্পদ হইতে অপরের সহিত বৈর, অপত্যলাভ, অঙ্গনাসঙ্গ, বন্ধুলাভ ও অভিমান হয়।

অথ মিথুনরাশিস্থরিপুগৃহফলম্।

৩। তৃতীয়রাশৌ রিপুগেনরাণাম্বৈরম্ভবেৎ স্ত্রীজনিতং সদৈব।
তথানরাণা মহিতঞ্চ পাপৈর্বণিগ্জনৈর্নীচ জনৈশ্চ মৈত্রং॥

মিথুনরাশি রিপুগৃহ হইলে জাতকের স্ত্রীলোক জন্য শত্রুতা এবং দুষ্টবনিক ও নীচজনের সহিত বন্ধুতালাভ হয়। সে সকলের অহিতকারী হইয়া থাকে।

কর্কটরাশিস্থিত রিপুভবনফলম্।

৪। কর্কেরিপুস্থে সহজৈশ্চযুক্তোভবেন্মনুষ্যশ্চ সুতাদিযুক্তঃ।
সমোদ্বিজেন্দ্রৈশ্চ নরাধিপৈশ্চমহাজনে নৈববিরোধকর্ত্তা॥

কর্কটরাশি রিপুভবনগত হইলে জাতক ভ্রাতৃযুক্ত, অপত্যযুক্ত, রাজা ও ব্রাহ্মণদিগের সমানপ্রতিষ্ঠাশালী এবং সমাজের শ্রেষ্ঠ ব্যক্তিদিগের বিরোধী হয়।

অথ সিংহরাশিস্থিত শত্রুভবনফলম্।

৫। সিংহেরিপুস্থে প্রভবেচ্চ বৈরং পুত্রৈঃ সমস্বন্ধুজনেননিত্যম্।
ধনোত্থমার্ত্তস্য বিনির্জ্জিতস্য যদ্বামনুষ্যস্যবরাঙ্গনাভিঃ॥

সিংহরাশি রিপুগৃহগত হইলে জাতকের পুত্র ও বন্ধুগণের সহিত, কিম্বা বেশ্যাসক্তিহেতু দৈন্যদশা উপস্থিত হইলে ধন নিমিত্ত, অপরের সহিত শত্রুতালাভ হয়।

অথ কন্যারাশিস্থিতশত্রুভবনফলম্।

৬। কন্যাস্থিতে শত্রুগৃহেস্ববৈরং কার্য্যং স্বধর্ম্মস্যনরস্যসাধোঃ।
স্ববন্ধুবর্গাচ্চ নিজালয়স্থোরিপুব্রজোপি প্রভবেন্নরাণাম্॥

কন্যারাশি শত্রুগৃহ হইলে জাতকের ধর্ম্মক্রিয়া, সাধুসেবা, বন্ধুর আশ্রয়ে বাস ও প্রবল শত্রু পীড়া হয়।

অথ তুলারাশিস্থিত রিপুভবনফলম্।

৭। তুলালয়ে শত্রুগৃহে নরস্য নাথেস্থিতস্য প্রভবেচ্চবৈরম্।
দুশ্চারিণীভিশ্চ সুতাঙ্গনাভির্বেশ্যাভিরেবাশ্রমবর্জ্জিতাভিঃ॥

তুলারাশি শত্রুগৃহ হইলে জাতকের গৃহ বা ভূস্বামির সহিত শত্রুতা ও দুশ্চারিণী পুত্রবধূ এবং গৃহস্থাশ্রমবর্জ্জিতা বেশ্যাজনের সহিত সমাগম হয়।

অথ বৃশ্চিকরাশিস্থরিপুভাবফলম্।

৮। কৌর্প্যেরিপুস্থে প্রভবেত্তু বৈরং
সার্দ্ধং দ্বিজিহ্বৈশ্চ সরী সৃপৈশ্চ
ব্যালৈর্মৃগৈশ্চোরগণৈর্নরাণাং
ভবেদধন্যঃস্ববিলাসিনীভিঃ॥

বৃশ্চিকরাশি রিপুগৃহ হইলে জাতকের সর্পসরীসৃপাদির সহিত ও মৃগ চৌরাদির সহিত শত্রুতাভয় ও স্ত্রীসুখহানি হয়।

অথ ধনুরাশিস্থিত রিপুভবনফলম্।

৯। চাপেরিপুস্থে চ ভবেদ্ধিবৈরং শরৈঃ সমেতঞ্চ সরাবকৈশ্চ।
সদা মনুষ্যৈশ্চ হয়ৈশ্চ হস্তিভিঃ পুনস্তথান্যৈঃ পরবঞ্চকৈশ্চ॥

ধনুরাশি রিপুভবনগত হইলে মানব হস্ত্যশ্ব আরোহণ করিয়া শরের দ্বারা যুদ্ধ করিতে ইচ্ছুক ও প্রতারকদিগের বৈরী হয়।

অথ মকররাশিস্থিতরিপুগৃহফলম্।

১ মৃগেরিপুস্থে চ ভবেচ্চ বৈরং সদানরাণাং ধনসম্ভবঞ্চ।
মিত্রৈঃ সমং সাধু মহাজনেন প্রভূতকালং গৃহসম্ভবেন॥

মকররাশি রিপুভবন গত হইলে মানব ধনজন্য শত্রুতানিরত ও আত্মগৃহেস্থিত সাধু মহাজনের সহিত চিরদিন কলহ পরায়ণ হয়।

অথ কুম্ভরাশিস্থ রিপুভবনফলম্।

১১। কুম্ভেরিপুস্থে চ তথার্থ হেতোর্নরাধিপেনৈবজলাশ্রয়ৈশ্চ।
বাপী তড়াগাদিভিরেব নিত্যং ক্ষেত্রাদিতোবৈ
পুরুষৈঃ সুশীলৈঃ॥

কুম্ভরাশি রিপু গৃহস্থিত হইলে জাতক ধননিমিত্ত শত্রুতাপ্রযুক্ত রাজার অপ্রিয় হয় ও জলাশয়াধিকারী, ক্ষেত্রাধিকারী, সুশীলপুরুষদিগের সহিত শত্রুতা পরায়ণ হয়। তাহার জলাশয় হইতে ভীতি থাকে।

অথ মীনরাশিস্থিতরিপুগৃহফলম্।

মীনেরিপুস্থে চ ভবেন্নরাণাং বৈরঞ্চ নিত্যং সুতবস্তুজাতম্।
স্ত্রীহেতুকং স্বীয়জনেষু নূনং পিতুঃ পরৈঃ সাকমথাতিবৈরম্॥

মীনরাশি রিপুগৃহ গত হইলে জাতকের পুত্র বা অন্য বস্তুজাত বা স্ত্রীর নিমিত্ত সর্ব্বদা পিতা ভিন্ন অন্য প্রিয়জনের সহিত শক্রতাচরণ করিতে হয়। পিতৃবৈরীর সহিত তাহার সর্ব্বদা শক্রতা থাকে।

ইতি রিপুপ্রকরণম।

অথ সপ্তমভবনম্।

তত্র কিঞ্চিলোকনীয়ম্।

রণাঙ্গণশ্চাপি বণিকৃক্রিয়াচজায়াবিচারং গমনপ্রয়াণম্।
শাস্ত্রপ্রবীণৈর্হিবিচারনীয়ম্ কলত্রভাবে কিলসর্ব্বমেতত্॥

সপ্তম ভবনে স্ত্রী, বাণিজ্য, গমন, রণাঙ্গন প্রভৃতি বিচার্য্য।

অথ সপ্তমভবনস্থমেষলগ্নফলম্।

মেষেস্তসংস্থেহি ভবেৎকলত্রং ক্রূরং নরাণাং চপলস্বভাবম্।
পাপানুরক্তম্ কুজনপ্রশস্তং বিত্তপ্রিয়ং স্বার্থপরং সদৈব॥ ১

মেষরাশি সপ্তম গৃহ হইলে জাতকের স্ত্রী নিষ্ঠুর, চপলস্বভাবা, পাপানুরক্তা, দুর্জ্জনপ্রশংসিতা, ধনাভিলাষিণী ও স্বার্থান্বেষণরতা হয়।

অথ বৃষরাশৌসপ্তম স্থানফলম্।

বৃষেস্তসংস্থে চ ভবেৎ কলত্রং সুরূপদন্তং প্রণতংপ্রশান্তম্।
পতিব্রতঞ্চারুগুণেনযুক্তং লক্ষ্ম্যাধিকংব্রাহ্মণদেবভক্তম্॥ ২

বৃষরাশি সপ্তম গৃহগত হইলে জাতকের স্ত্রী সুরূপা, সুদতী, শান্ত-স্বভাবা, পতিব্রতা, সদ্গুণশালিনী, শ্রীমতী ও দেবদ্বিজ ভক্তিপরায়ণা হয়।

অথ মিথুনরাশিস্থিতসপ্তমভবনফলম্।

তৃতীয়রাশৌ সতিবৈকলত্রে কলত্ররত্নংসধনং সুবৃত্তম্।
রূপান্বিতং সর্ব্বগুণোপপন্নং বিনীতবেষং গুরুবর্জ্জিতঞ্চ॥ ৩

মিথুনরাশি সপ্তম ভবনগত হইলে মানবের স্ত্রী নারীরত্নস্বরূপা, ধনবতী, সুজাতা, সচ্চরিত্রা, সুরূপা, সদ্গুণসম্পন্না, বিনীতা ও গুরু বর্জিতা হয়।

অথ কর্কটরাশৌস্থিত সপ্তমভবনফলম্।

কর্কেস্তসংস্থেচ মনোহরাণি সৌভাগ্যযুক্তানিগুণান্বিতানি।
ভবন্তিসৌম্যানি কলত্রকানি কলঙ্কহীনানিচ সংমতানি॥ ৪

কর্কটরাশি সপ্তম গৃহগত হইলে জাতকের স্ত্রী মনোহারিণী, সুভগা, গুণবতী, শান্তশীলা, অকলঙ্কচরিত্রা ও সর্ব্বজনাভিনন্দিতা হইয়া থাকে।

সিংহরাশিস্থিতসপ্তমভবনফলম্।

সিংহেস্তসংস্থেচ ভবেৎ কলত্রং তীব্রস্বভাবং চপলংসুদুষ্টম্।
বিহীনবেষং পরসদ্মরক্তম্বক্রস্থনং স্বল্পসুতঙ্কৃশঞ্চ ॥ ৫

সিংহরাশি সপ্তম ভবন গত হইলে মানবের স্ত্রী অতিশয় ক্রোধিনী, চপলস্বভাবা, দুষ্টবুদ্ধিযুক্তা, পরগৃহবাসানুরক্তা, প্রগলভা, স্বল্পাপত্যবিশিষ্টা ও মলিনবসনাপিধানাক্ষীণাঙ্গী হয়।

অথ কন্যারাশিস্থিত সপ্তমগৃহফলম্।

কন্যাস্তসংস্থেচ ভবন্তিদারাঃ
সুরূপদেহাস্তনয়ৈর্বিহীনাঃ।
সৌভাগ্য ভোগার্থনয়েনযুক্তাঃ
প্রিয়ম্বদাঃ সত্যধনাঃপ্রগল্ভাঃ ॥৬

কন্যারাশি সপ্তমভবনগত হইলে জাতকের স্ত্রী, সুরূপা, সুদেহা, নিরপত্যা, সুভগা, সুখভাগিনী, নীতিচতুরা, সত্যবাদিনী মধুরভাষিণী, অথচ ধৃষ্টস্বভাবা হয়।

অথ তুলারাশিস্থিত সপ্তমভবনফলম্।

তুলেস্তসংস্থে গুণগর্বিতাঙ্গ্যোভবন্তিনার্য্যো বিবিধপ্রকারাঃ।
পুণ্যপ্রিয়াঃধর্ম্মপরাঃ সুদাতাঃ প্রভূতপুত্রাঃপৃথুলাঙ্গযুক্তা ॥ ৭

তুলারাশি সপ্তম ভবনগত হইলে মানবের স্ত্রী গুণগর্ব্বিতা, কচিৎ সুরূপা, কচিৎ কুরূপা, ধর্ম্মপরায়ণা, পুণ্যানুষ্ঠানরতা, সুন্দরদন্তযুক্তা, বহুপ্রজা ও পৃথু দেহা হইয়া থাকে।

অথ বৃশ্চিকরাশিস্থিত সপ্তমভবনফলম্।

কীটেস্তসংস্থেচ কলাসমেতা
ভবন্তি ভার্য্যাকৃপণা নরাণাম্।
সুকুৎসিতাঙ্গী প্রণয়েনহীনা
দৌর্ভাগ্যদোষৈর্বিবিধৈঃ সমেতা॥ ৮

বৃশ্চিকরাশি সপ্তম ভবনগত হইলে জাতকের ভার্য্যা কলাবিদ্যা-নিপুণা, কৃপণস্বভাবা, কুৎসিতাঙ্গী,প্রণয়হীনা ও নানারূপ দৌর্ভাগ্যশালিনী হইয়া থাকে।

অথ ধনুরাশিস্থিত সপ্তমভবনফলম্।

চাপেস্তসংস্থেচ ভবেৎ কলত্রং সদানরাণাং পুরুষাকৃতিঞ্চ।
সুনিষ্ঠুরং ভক্তিনয়েনহীনং প্রশান্তিসৌখ্যং মতিবর্জ্জিতঞ্চ॥ ৯

ধনুরাশি সপ্তম ভবনগত হইলে জাতকের স্ত্রী পুরুষাকৃতিবিশিষ্টা, নিষ্ঠুরস্বভাবা, ভক্তিনীতিহীনা, আত্মসুখে সুখী ও হীন বুদ্ধি হইয়া থাকে।

মকর রাশিস্থিত সপ্তমভাবফলম্।

মৃগেস্তসংস্থেচ ভবেৎ কলত্রং ধর্ম্মধ্বজং সৎসুতয়া সমেতম্।
পতিব্রতঞ্চারুগুণেনযুক্তং সৌভাগ্যযুক্তং সুগুণান্বিতঞ্চ॥ ১০

মকররাশি সপ্তম ভবনগত হইলে জাতকের স্ত্রী (রাজসিক) ধর্ম্মশীলা, সুপুত্রজননী, পতিব্রতা, গুণবতী ও সুভগা হইয়া থাকে।

কুম্ভরাশিস্থিত সপ্তমভবনফলম্।

কুম্ভেস্তসংস্থেচ ভবেৎ কলত্রং স্থিরস্বভাবং পতিকর্ম্মরক্তম্।
দেবদ্বিজ প্রীতিযুতং প্রকৃষ্টং ধর্ম্মধ্বজং সর্ব্বসুখৈঃসমেতম্॥ ১১

কুম্ভরাশি সপ্তমভবনগত হইলে মানবের স্ত্রী স্থিরস্বভাবা, পতিকর্ম্ম-সক্তা, দেবদ্বিজপ্রীতিনিপুণা,(রাজসিক) ধর্ম্মপরায়ণা ও সর্ব্বসুখবিশিষ্টা হয়।

অথ মীনরাশিস্থিত সপ্তমভাবফলম্।

মীনেস্তসংস্থেচ বিকারযুক্তম্ ভবেৎ কলত্রং কুসুতঙ্কুবুদ্ধিম্।
অধর্ম্মশীলম্প্রণয়েনহীনম্ সদানরাণা ঙ্কলহপ্রিয়ঞ্চ॥ ১২

মীনরাশি অস্তগৃহ হইলে জাতকের ভার্য্যা কুপুত্রজননী, কুবুদ্ধি-বিশিষ্টা, ধর্ম্মবিমুখা, প্রণয়হীনা ও কলহপ্রিয়া হইয়া থাকে।

ইতি সপ্তমলগ্নপ্রকরণম্।

অথাষ্টম লগ্নভবনম্।

তত্র কিঞ্চিলোকনীয়ম্।

নদ্যুত্তারাত্যন্ত বৈষম্যদুর্গং শস্ত্রঞ্চায়ুঃ সঙ্কটঞ্চেতি সর্ব্বম্।
রন্ধ্রস্থানে সর্ব্বথা কল্পনীয়ম্প্রাচীনানামাজ্ঞয়া জাতকজ্ঞৈঃ॥

অষ্টম গৃহে নদী উত্তরণ, বিষম দুর্গ, শস্ত্র, আয়ু ও সঙ্কট প্রাচীনদিগের আজ্ঞানুসারে বিচার্য্য।

অথ মেষরাশিস্থিতাষ্টম ভবনফলম্।

মেষেষ্টমস্থেনিধনং নরস্য ভবেদ্বিদেশে নিয়তম্ স্থিতস্য।
পদার্থবীক্ষানি কষায়িতত্বং মহাধনিত্বস্তুতিদুঃখিতত্বম্॥

মেষরাশি অষ্টম ভবনগত হইলে জাতকের বিদেশে মৃত্যু, বস্তু পরীক্ষা-চাতুর্য্য, ধনিত্ব ও সময় বিশেষে অত্যন্ত দুঃখ হইয়া থাকে।

অথ বৃষরাশিস্থিতাষ্টম গৃহফলম্।

বৃষেষ্টমস্থেচ ভবেন্নরাণাং মৃত্যুর্গৃহে শ্লেষ্মকৃতাদ্বিকারাৎ।
মহাশয়াদ্বাচ চতুষ্পদাদ্বা রাত্রৌ তথা দুষ্টজনৈর্ভয়ঞ্চ ॥

বৃষরাশি আয়ুভবনগত হইলে মানব শ্লেষ্মাজনিত রোগে গৃহমধ্যে মৃত, উন্নতমনা ব্যক্তি, দুষ্টব্যক্তি, বা চতুষ্পদ জন্তুপ্রভৃতি হইতে রাত্রিকালে বিশেষ মৃত্যুভয়ে ভীত হইয়া থাকে।

অথ মিথুনরাশিস্থিতাষ্টম ভবনফলম্।

তৃতীয়রাশৌহি ভবেন্নরাণাম মৃত্যুস্থিতেস্তশ্চ কনিষ্ঠসঙ্গাৎ।
প্লীহোদ্ভবাদ্বারসসম্ভবাদ্বৈ গুদস্থরোগাদথবাপ্রমাদাৎ ॥ ৩

মিথুনরাশি অষ্টমভবনগত হইলে জাতকের কনিষ্ঠ ভ্রাতা হইতে, প্লীহারোগ হইতে, পারদাদির ব্যবহার জন্য, গুহ্যরোগ বা উন্মাদরোগে মৃত্যু হইয়া থাকে।

অথ কর্কটরাশিস্থিতাষ্টমভবনফলম্।

কর্কেষ্টমস্থেচ জলোপসর্গাৎ কীটাত্তথাতীবহিভীষণাদ্বা।
ভবেদ্বিনাশঃ পরহস্ততোবা বিদেশসংস্থস্য নরস্যচৈব ॥ ৪

কর্কটরাশি নিধন ভবনগত হইলে মনুষ্যের জল হইতে, ভীষণ কীট হইতে বাপরহস্তে বিদেশে মৃত্যুলাভ হইয়া থাকে।

অথ সিংহরাশৌস্থিতাষ্টমগৃহফলম্।

সিংহেষ্টমস্থেচ সরীসৃপাদ্বৈ ভবেদ্বিনাশো মনুজস্যসম্যক্।
বালোদ্ভবোবাপি বনাশ্রিতোবা চৌরাদ্ভবোবাথ চতুষ্পদোত্থঃ ॥৫

সিংহরাশি মৃত্যুভবনগত হইলে জাতকের সরীসৃপ হইতে, বালক হইতে, চৌর হইতে বা চতুষ্পদ জন্তু হইতে বনাশ্রয়েমৃত্যু হইয়া থাকে।

অথ কন্যারাশিস্থিতাষ্টম ভবনফলম্ ।

কন্যাযদাচাষ্টমগাবিলাসাৎ সদাস্ববিত্তান্মনুজস্য যাতঃ ।
স্ত্রীণাংহিহন্তাবিষমাসনস্থঃ স্ত্রীভিঃকৃতোবা স্বগৃহাশ্রিতাভিঃ ॥ ৬

কন্যারাশি অষ্টম ভবনগত হইলে মানবের বিলাসজনিত, ধননিমিত্ত, আশ্রয়স্থিত স্ত্রীলোকদিগের দ্বারায় মৃত্যু সংঘটন হয়। সে প্রায়শ বিষমাসনে উপবেশনকারী ও স্ত্রীদ্বেষী হয়।

অথ তুলারাশিস্থিতাষ্টম ভবনফলম্ ।

তুলালয়েচাষ্টমগে চ মৃত্যুর্ভবেন্নরাণাস্বিষ মৌষধাদ্বৈ ।
নিশাগমে চাথ চতুষ্পদাদ্বা কৃতোপবাসাদথবা প্রলাপাৎ ॥ ৭

তুলারাশি নিধনভাবগত হইলে মানবের সন্ধ্যায় বিষজনিত ঔষধ সেবনে, চতুষ্পদাক্রমণে উপবাসকৃচ্ছ্রে, বিকারজনিত প্রলাপে মৃত্যু হয়।

অথ বৃশ্চিকরাশিস্থিতাষ্টম ভবনফলম্ ।

স্থানেষ্টমেচাষ্টমরাশিসঙ্গান্নৃণাস্বিনাশো বদনোদ্ভবেন ।
রোগেণবা কীটসমুদ্ভবেন স্বস্থান সংস্থেন কুলোদ্ভবেন ॥ ৮

বৃশ্চিকরাশি অষ্টম ভবনগত হইলে জাতক বদনোদ্ভব রোগ, কীটজনিত রোগ বা স্বকুলজাত কাহারো হস্তে নিজালয়ে মৃত্যুমুখে পতিত হয়।

অথ ধনুরাশিস্থিতাষ্টম ভাবফলম্।

চাপেষ্টমস্থে চ ভবেন্নরাণাম্ মৃত্যুর্নিজস্থাননিবাসিনাম্বা।
গুহ্যোদ্ভবেণোপগুদোদ্ভবেন রোগেণবা কীটচতুষ্পদৈশ্চ॥ ৯

ধনুরাশি অষ্টমভবনগত হইলে মানব নিজ নিবাসে কীটজনিত গুহ্যরোগ বা গুহ্যস্থানের নিকটে শরীরের কোন অংশগত রোগে, কীট দংশনে বা চতুষ্পদাক্রমণে মৃত্যুমুখে পতিত হয়।

অথ মকররাশিস্থিতাষ্টমভবনফলম্।

মৃগোষ্টমস্থশ্চ নরস্য যস্য বিদ্যান্বিতোমানগুণৈরুপেতঃ।
কামীচ শূরোথ বিশালবক্ষাঃ শাস্ত্রার্থবিৎসর্ব্বকলাসু দক্ষঃ॥ ১০

মকররাশি ছিদ্রভবন হইলে জাতক বিদ্বান্, মানী, গুণী, বিশাল-বক্ষা, শাস্ত্রার্থবিৎ ও সর্ব্বকলাকুশলী হইয়া থাকে।

অথ কুম্ভরাশিস্থিতাষ্টমভবনফলম্।

ঘটেষ্টমস্থেতু ভবেদ্বিনাশো বৈশ্বানরাৎ সঙ্গমজাচ্চরোগাৎ।
নানাব্রণৈর্বাজলজৈবিকারৈঃ শ্রমৈঃকৃতৈর্বাপরসংশ্রয়াদ্বা॥১১

কুম্ভরাশি অষ্টমগৃহগত হইলে মনুষ্য অগ্নিযোগে, পরসঙ্গমে, ব্রণরোগে বা দূষিত জল জনিত বিকারে, শ্রমবিকারে ও পরাশ্রয়ে মৃত্যুমুখে পতিত হয়।

অথ মীনরাশিস্থিতাষ্টম ভাবফলম্।

মীনেষ্টমস্থেতুজনস্যমৃত্যুর্ভবেদতীসারকৃতাচ্চকষ্টাৎ।
পিত্তজ্বরাদ্বাথ মরুজ্জ্বরাদ্বৈ পিত্তপ্রকোপাদথবাচ শস্ত্রাৎ॥

মীনরাশি মৃত্যুগৃহগত হইলে মানব অতীসার রোগে, পিত্তজ্বরে, বাতজ্বরে বা শাস্ত্রঘাতে মৃত্যুলাভ করে।

ইতি অষ্টমমলগ্নপ্রকরণম।

অথ নবমভাবেরাশ্যাদি ফলম।

তত্রৈব কিঞ্চিচারণীয়ম্।

ধর্ম্মক্রিয়ায়াং মনসঃ প্রবৃত্তিঃ ভাগ্যোপপত্তির্বিমলঞ্চ শীলম্।
তীর্থপ্রয়াণং প্রণয়ঃ পুরাণৈঃ পুণ্যালয়ে সর্ব্বমিদং প্রদিষ্টম্॥

নবম বা ধর্ম্মস্থানে মানবের ধর্ম্মপ্রবৃত্তি, ভাগ্যোদয়, স্বভাবের নির্ম্মলতা, তীর্থযাত্রানুরক্তি ও পুরাণালোচনা প্রসক্তি এবং তদ্বিষয়ক জ্ঞান বিচার্য্য।

মেষরাশিস্থিতধর্ম্মস্থানফলম্।

ধর্ম্মস্থিতশ্চেৎবহিমেষলগ্নং চতুষ্প্রদোত্থং প্রকরোতি ধর্ম্মম্।
তেষাং প্রদানেনতু পোষণেন দয়াবিবেকেন চ পালকেন॥ ১

মেষরাশি ধর্ম্মভবনস্থ হইলে মানবের চতুষ্পদ জন্তু প্রদান, পালন, পোষণ ও তাহাদিগের প্রতি দয়া প্রদর্শনাদি দ্বারায় ধর্ম্ম সঞ্চয় হইয়া থাকে।

অথ বৃষরাশিস্থিত নবমভবনফলম্।

বৃষেচ ধর্ম্মেতুগতে মনুষ্যো ধনীচ কুর্য্যাৎ বচনপ্রভূতম্।
বিচিত্রদানৈর্বহুল প্রদানৈর্বিভূষণাচ্ছাদনভোজনৈশ্চ ॥ ২

বৃষরাশি নবম ভবন হইলে মানব বাক্যবিশারদ্, দাতা, ভোক্তা ও গুণাধিক হয়।

অথ মিথুনরাশিস্থিত নবমভবনফলম্।

তৃতীয়রাশৌ প্রকরোতিধর্ম্মে ধর্ম্মেমতিস্তস্য নরস্যচৈব।
অভ্যাগতার্থে দ্বিজভোজনাচ্চ দীনানুকম্পাশ্রয়ণাচ্চ নিত্যম্ ॥ ৩

মিথুনরাশি ধর্ম্মভবনগত হইলে মানবের অতিথিসৎকার, দ্বিজ-ভোজন, আশ্রিতবাৎসল্য ও দরিদ্রের প্রতি দাক্ষিণ্যাদিজনিত ধর্ম্মে মতি হয়।

অথ কর্কটরাশিস্থিতধর্ম্মভবনফলম্।

ব্রতোপবাসৈর্বিষমৈর্বিচিত্রৈর্ধর্ম্মং নরঃ সঙ্কুরুতে সদৈব।
ধর্ম্মাশ্রিতেচৈব চতুর্থরাশৌ তীর্থাশ্রয়াদ্বাবনসেবয়াচ ॥ ৪

কর্কটরাশি ধর্ম্মস্থানগত হইলে মানব ব্রতোপবাসাদি বিষম কৃচ্ছ্র সাধনাদি দ্বারায় তীর্থাশ্রয়ে বা বনে নানারূপ ধর্ম্ম সঞ্চয় করে।

সিংহরাশিস্থিতনবমভবনফলম্।

আসংস্থিতেঙ্কে খলু সিংহরাশৌ ধর্ম্মং পরেষাং প্রকরোতি মর্ত্ত্যঃ।
স্বধর্ম্মহীনশ্চ ক্রিয়াভিরেব সুতীর্থ সম্পদ্‌বিনয়ৈর্বিহীনঃ॥ ৫

সিংহরাশি নবমভবনগত হইলে জাতক পরধর্ম্মসেবী, স্বধর্ম্মহীন, দুষ্কৃতকারী, তীর্থবিমুখ, নির্ধন্ ও দুর্বিনীত হয়।

অথ কন্যারাশিস্থিত ভাগ্যালয়ফলম্।

ধর্ম্মস্থিতস্যাদষদিষষ্ঠরাশিঃ স্ত্রীধর্ম্মসেবী মনুজোভবেদ্বৈ।
বিহীনভক্তির্বহুজিষ্ণুতাচ পাষণ্ডমাশ্রিত্য তথান্য পক্ষমঃ॥ ৬

কন্যারাশি নবমগৃহগত হইলে মানব স্ত্রীধর্ম্মসেবী, ভক্তিবিহীন, জয়শীল, বিধর্ম্মসেবক ও শত্রুপক্ষাশ্রয়কারী হয়।

অথ তুলারাশিস্থিতধর্ম্মভবনফলম্।

তুলাগৃহে ধর্ম্মগতে মনুষ্যোধর্ম্মং করোত্যেব সদাপ্রসিদ্ধঃ।
দেবদ্বিজানাং পরিতোষণাচ্চ জনানুরাগেণ তথাদ্ভুতঃ সঃ॥ ৭

তুলারাশি ধর্ম্মভবনগত হইলে জাতক ধার্ম্মিক, বিখ্যাত, যশস্বী, দেবদ্বিজপোষণরত, জনপ্রিয় ও সাধারণের বিস্ময়োৎপাদক হয়।

অথ বৃশ্চিকরাশিস্থিতনবমভবনফলম্।

ধর্ম্মাশ্রিতোলিশ্চ ভবেদ্যদাবৈ পাষণ্ডধর্ম্মং কুরুতে মনুষ্যঃ।
পীড়াকরশ্চৈব তথাজনানাং ভক্ত্যাবিনীতঃ পরিতোষণেন॥ ৮

বৃশ্চিকরাশি ধর্ম্মভবনগত হইলে জাতক বৌদ্ধধর্ম্মানুরাগী, জন-পীড়াদায়ক, ভক্তের বশীভূত এবং চাটুবাদপ্রিয় হয়।

অথ ধনুরাশিস্থিত নবম গৃহফলম্।

চাপেতথাধর্ম্মগতে মনুষ্যঃ
করোতি ধর্ম্মং দ্বিজপোষণঞ্চ।
স্বেচ্ছান্বিতোথো সবিনির্মিতাচ
প্রভূততোষঃ প্রথিতস্ত্রিলোকে॥৯

ধনুরাশি নবমভবনগত হইলে মানব ধর্ম্মরত, দ্বিজপালক, স্বাধীনচেতা, প্রসন্নচিত্ত, গঠনশীল ও ত্রিলোকপ্রথিত হয়।

অথ মকররাশিস্থিত নবম ভবনফলম্।

ধর্ম্মাশ্রিতেবৈ মকরেমনুষ্যো
ধর্ম্মাৎ প্রতাপী খলুজায়তেচ।
পশ্চাদ্বিরক্তিঃ খলুকামিনীষু
কৌল্যং সমাশ্রিত্যসদাচ পক্ষম্॥ ১০

মকররাশি ভাগ্যগৃহগত হইলে জাতক ধর্ম্মপরাক্রমী, স্বকুলপক্ষপাতযুক্ত এবং কৌলধর্ম্ম সেবক পশ্চাৎ কামিনীবিরাগযুক্ত হইয়া থাকে।

অথ কুম্ভরাশিস্থিতধর্ম্মভবনফলম্।

কুম্ভেচ ধর্ম্মস্থপ্রগতেহি ধর্ম্মম্ পুংসাং বিধত্তে সুরসংঘজাতম্।
বৃক্ষাশ্রয়োত্থঞ্চ তথাশিষঞ্চ আরামবাপী প্রিয়তাসদৈব॥ ১১

কুম্ভরাশি ধর্ম্মগৃহগত হইলে মানব নানা দেবস্থাপনাদি, বৃক্ষারোপণাদি ও ব্রাহ্মনাশিষ দ্বারা ধর্ম্ম সঞ্চয় করে এবং তাহার বাপী তড়াগোপবন প্রভৃতি নির্ম্মাণে প্রবৃত্তি থাকে।

অথ মীনরাশিস্থিতনবমভবনফলম্।

ধর্ম্মাশ্রিতেচৈবহি মীনরাশৌ করোতি ধর্ম্মাম্বিবিধান্নৃলোকে।
দেবালয়ারাম-তড়াগজাতম্ তীর্থাটনৈশ্চাথ মখৈর্বিচিত্রৈঃ॥ ১২

মীনরাশি ধর্ম্মগৃহগত হইলে জাতক সংসারে নানা ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান, দেবালয়, উদ্যান-তড়াগ প্রতিষ্ঠা, তীর্থভ্রমণ ও বিবিধ যজ্ঞানুষ্ঠান দ্বারায় ধর্ম্ম সঞ্চয় করিয়া থাকে।

ইতি নবমপ্রকরণম সমাপ্তম।

অথ দশমভবনম্।

তত্র কিঞ্চিলোকনীয়ম্।

ব্যাপারমুদ্রানৃপমানরাজ্যং প্রয়োজনঞ্চাপি পিতুস্তথৈব।
মহৎপদাপ্তিং খলুসর্ব্বমেতদ্রাজ্যাভিধানে ভবনেবিচার্য্যম্॥

দশম ভবনে জাতকের কার্য্য, মুদ্রা, শাসনক্ষমতা, রাজসম্মান, প্রয়োজন, পিতার অবস্থা, উচ্চপদ প্রাপ্তি এই সমস্তই বিচার্য্য।

অথ মেষরাশিস্থিতদশমভবনফলম্।

মেষাভিধঃ কর্ম্মগৃহে যদিস্যাৎ করোতি কর্ম্মপ্রবরং সুদৃষ্টম্।
পৈশুন্যরূপঞ্চ নৃপানুরক্তম্ সুনিন্দিতং সাধুজনস্যলোকে॥ ১

মেষরাশি দশম ভবনস্থিত হইলে জাতকের সৎকর্ম্মনিষ্ঠা, আনন্দ, পরকুৎসা প্রবৃত্তি, রাজানুরাগ, নিন্দিতচরিত্র ও সাধুজন-সম্মানপরায়ণতা হয়।

অথ বৃষরাশিস্থিতদশমভবনফলম্।

বৃষেশ্বরস্থে প্রকরোতি কর্ম্ম ব্যয়াত্মকং সাধুজনানুকম্পম্।
দ্বিজেন্দ্রদেবাতিথি পূজকঞ্চ জ্ঞানাত্মকম্প্রীতিকরং সতাঞ্চ॥ ২

বৃষরাশি দশমভবন গত হইলে মানবের ব্যয়বাহুল্য, সাধুজনভক্তি, দ্বিজদেবাতিথি-পূজাপরায়ণতা, জ্ঞানলাভ ও সজ্জনপ্রীতি লাভ হইয়া থাকে।

মিথুনরাশিস্থিত দশমভবনফলম্।

যুগ্মেশ্বরস্থে প্রকরোতি মর্ত্ত্যং কর্ম্মপ্রধানং গুরুভিঃপ্রদিষ্টম্।
কীর্ত্ত্যান্বিতং প্রীতিকরঞ্জনানাম্প্রভাসমেতঙ্কৃষিজং সদৈব॥ ৩

মিথুনরাশি দশমভবন হইলে জাতকের কর্ম্ম প্রাধান্য, গুর্ব্বাজ্ঞাপালন-শীলতা, যশ, জনপ্রীতি, কান্তিমত্তা ও কৃষিকার্য্যরতি হয়।

অথ কর্কটরাশিস্থিত দশমভবনফলম্।

কর্কেশ্বরস্থে প্রকরোতিমর্ত্ত্যঃ কর্ম্মপ্রপারামতড়াগজাতং।
বিচিত্রবাপী-তরুবৃন্দজঞ্চ কূপাদিধর্ম্মৈকপরঃসদৈব॥ ৪

কর্কটরাশি দশমভবন হইলে মানবের বাপীকূপ-তড়াগাদি সম্বন্ধীয় কার্য্য ও ধর্ম্মৈকপ্রবৃত্তি হয়।

অথ সিংহরাশিস্থিতদশমভবনফলম্।

সিংহেশ্বরস্থে কুরুতে মনুষ্যোরৌদ্রং সপাপং বিকৃতঞ্চকর্ম্ম।
সপৌরুষং প্রাপণমেবনিত্যং বধাত্মকং নিন্দিতমেব পুংসাম্॥৫

সিংহরাশি দশমভবন গত হইলে জাতকের কার্য্য, রৌদ্র, পাপান্বিত, বিকৃত, সাহসিকসুলভ, বধাত্মক ও নিন্দিত হইয়া থাকে।

অথ কন্যারাশিস্থিতদশমভবনফলম্।

নভস্থলস্থোত্বথষষ্ঠরাশিঃ করোতিকর্ম্মজ্ঞমিতোমনুষ্যম্।
তদামনুষ্যস্তু সুকর্ম্মঠস্যাৎ সুরূপযোষিন্নিতরাঙ্গনী চ॥ ৬

কন্যারাশি দশমভবন হইলে মনুষ্যের কর্ম্মক্ষমতা, ধনবত্তা, বেগবত্তা ও সুরূপা স্ত্রীলাভ হয়।

অথ তুলারাশিস্থিতদশমভবনফলম্।

তুলাগৃহে ব্যোমগতেমনুষ্যো বাণিজ্যকর্মপ্রচুরং করোতি।
ধর্ম্মাত্মকঞ্চাপি নয়েনযুক্তম্ সতামভীষ্টং পরমস্পদঞ্চ॥ ৭

তুলারাশি দশম ভবন গত হইলে মনুষ্য প্রচুর বাণিজ্যকর্ম্মশালী, ধার্ম্মিক, নীতিপরায়ণ, সজ্জনসমূহ হইতে প্রাপ্তাভীষ্ট ও পরমদপপ্রাপ্ত হয়।

বৃশ্চিকরাশিস্থিত দশমভবনফলম্।

কীটেম্বরস্থে প্রকরোতি কর্ম্ম পুমান্ সুদুষ্টৈঃ পুরুষৈঃ সমানম্।
পীড়াকরন্দেবগুরুদ্বিজানাম্ সুনির্দয়ং নীতিবিবর্জিতঞ্চ॥ ৮

বৃশ্চিকরাশি দশম ভবন গত হইলে মানব দুষ্ট পুরুষদিগের সহকারী, দেবদ্বিজগুরুর পীড়াকর, নির্দ্দয় ও নীতিবিবর্জ্জিত হয়।

অথ ধনুরাশিস্থিতদশমভবনফলম্।

চাপেম্বরস্থে প্রকরোতিকর্ম্ম সেবাত্মকঞ্চৌর্য্যযুতংমনুষ্যঃ।
পরোপকারাত্মকমাজসাঢ্যং নৃপাত্মকন্তু রিযশঃসমেতম্॥ ৯

ধনুরাশি কর্ম্মভবন হইলে মনুষ্য সেবক, চৌর্য্যাবসরবিশিষ্ট, কর্ম্মনিরত, পরোপকারী, বিক্রান্ত, রাজকার্য্য বা অন্য যশস্কর কার্য্যে নিরত হয়।

অথ মকররাশিস্থিত কর্ম্মভবনফলম্।

মৃগেশ্বরস্থে প্রচুরপ্রতাপং কর্ম্মপ্রধানঙ্কুরুতে মনুষ্যম্।
সুনির্দ্দয়ম্বন্ধুবধৈঃ সমেতম্ ধর্ম্মেণহীনং খলসম্মতঞ্চ॥ ১০

মকররাশি কর্ম্মগৃহ হইলে মানবপ্রতাপী, কর্ম্মপ্রধান, নিষ্ঠুরস্বভাব, মিত্রবধে অগ্রসর, অধার্ম্মিক ও দুষ্টমিত্রসম্পন্ন হইয়া থাকে।

অথ কুম্ভরাশিস্থিতদশমভবনফলম্।

ঘটেশ্বরস্থেচ করোতি কর্ম্ম প্রয়াণসক্তং পরবঞ্চনার্থং।
পাষণ্ডধর্ম্মান্বিতমিষ্টলোভাৎ বিশ্বাসহীনঞ্জনতাবিরুদ্ধম্॥ ১১

কুম্ভরাশিস্থিত দশমভবন হইলে মানব গমনাসক্ত, পরবঞ্চক, পাষণ্ড-ধর্ম্মি, স্বার্থপর, অবিশ্বস্ত ও জনমতবিরোধি হয়।

অথ মীনরাশিস্থিতদশমভবনফলম্।

মীনেশ্বরস্থেচ করোতিমর্ত্ত্যঃ কুলোচিতং কর্ম্মগুরুপ্রদিষ্টম্।
কীর্ত্ত্যান্বিতং সুস্থিরমাদরেণ নানাদ্বিজারাধনসংস্থিতঞ্চ॥১২

মীনরাশি দশম ভবন হইলে মানব গুরুপ্রদিষ্ট কুলোচিত কর্ম্মকারী, যশস্বী, স্থিরমতি ও দ্বিজারাধনপরায়ন হয়।

ইতি দশমলগ্নপ্রকরণম সমাপ্তম।

অথৈকাদশভবনফলম্।

গজাশ্বহেমাম্বর রত্নজাতমান্দোলিকামঙ্গলমণ্ডলানি।
লাভঃ কিলাস্মিন্নখিলৈর্বিচার্য্য মেতত্তু লাভস্য গৃহেগ্রহজ্ঞৈঃ॥

তত্র কিম্বিলোকনীয়ম্।

একাদশগৃহে বিবেচ্য বিষয় গজ, অশ্ব, সুবর্ণ, রত্নরাজি, আন্দোলিকা বা পাল্কি, মঙ্গলদ্রব্য ও সাধারণ লাভ।

অথ মেষরাশিস্থিতৈকাদশভবনফলম্।

লাভস্থিতে সত্যথমেষরাশৌ চতুষ্পদোত্থং প্রকরোতিলাভং।
তথানরাণাং নৃপসেবয়াচ দেশান্তরারাধিত সৎপ্রভুত্বম্॥ ১

মেষরাশিস্থিত লাভগৃহ হইলে মানব চতুষ্পদ জন্তু হইতে লাভবান্, নৃপসেবী, প্রবাসে প্রভু ও লব্ধধন হইয়া থাকে।

অথ বৃষরাশিস্থিতায়ভবনফলম্।

আয়স্থিতেবৈ বৃষভেপ্রলাভো ভবেন্মনুষ্যস্য বিশিষ্টজাতঃ।
স্ত্রীণাং সকাশাদথ সজ্জনানাং কুসীদতোগ্র্যাৎক্ষিতিতস্তথৈব॥ ২

বৃষরাশি আয় গৃহ হইলে জাতক লাভবান্, অভিজাত, স্ত্রীধনে ধনী, সাধুজনবিত্তশালী, কুসীদজীবী, জ্যেষ্ঠ ভ্রাতার ধনভোগী, কৃষিতৎপর ও ধার্ম্মিক হইয়া থাকে।

অথ মিথুনরাশিস্থিতৈকাদশভবনফলম্।

তৃতীয়রাশৌ কুরুতেতিলাভং লাভাশ্রিতে স্ত্রীদয়িতং সদৈব।
বস্ত্রার্থ মুখ্যাসনযানজাতং সদানরাণাম্বিবিধঃ প্রসিদ্ধিঃ॥ ৩

মিথুনরাশি লাভ গৃহ হইলে মানব স্ত্রীদয়িত, উত্তম বসনধারী, ধনী, উৎকৃষ্ট যানাসনভোগী ও নানাপ্রকারে যশস্বী হইয়া থাকে।

অথ কর্কটরাশ্যবস্থিতায়ভবনফলম্।

লাভোভবেল্লাভগতেচ রাশৌ নৃণাঞ্চতুর্থেচ বরাঙ্গনানাম্।
সেবাকৃষিভ্যাঞ্জনিতপ্রভূতং শাস্ত্রেণবাসাধুজনোপকারাৎ॥ ৪

কর্কটরাশি আয়গৃহ হইলে মনুষ্যের বরাঙ্গনালাভ, পরসেবা ও কৃষি হইতে ধনাগম, শাস্ত্রজ্ঞান ও সজ্জনোপকার হইতে অর্থলাভ হয়।

অথ সিংহরাশিস্থিতব্যয়ভবনফলম্।

লাভাশ্রিতে পঞ্চমকেচরাশৌ ভবেন্মনুষ্যস্যচ গর্হণাভিঃ।
নানাজনানাম্বধবন্ধনৈশ্চ ব্যায়ামদেশান্তরসংশ্রয়াচ্চ॥ ৫

সিংহরাশি লাভভবন হইলে জাতকের গর্হিত কর্ম্ম, নানালোকের বধবন্ধনাদি কার্য্য অথবা দেশান্তর গমন ও ব্যায়ামাদি কার্য্য দ্বারায় ধনাগম হয়।

অথ কন্যারাশিস্থিতায়ভবনফলম্।

কন্যাত্মকে লাভগতে মনুষ্যঃ প্রাপ্নোতিলাভং বিবিধৈরুপায়ৈঃ।
ছলেন পাপেন সুভাষণেন পরস্পরৈঃ শূন্যকৃতৈর্বিকারৈঃ॥ ৬

কন্যারাশি আয়স্থান গত হইলে মানবের নানা উপায়ে ধনাগম, ছলনা, পাপকার্য্য বা মাধুর্য্য ও পরস্পরের শূন্যবিকারদ্বারা অর্থাৎ পরস্পরের সহিত দ্যূতক্রীড়ায় লাভ হয়।

অথ তুলারাশিস্থিতায়ভবনফলম্ ।

তূলাগৃহেলাভগতে মনুষ্যঃ প্রাপ্নোতিলাভং বনজৈর্বিচিত্রৈঃ ।
সুসাধুসেবাবিনয়েননিত্যম্ সুসংস্তুতম্মুখ্যতয়া প্রভুত্বম্ ॥ ৭

তুলারাশি লাভভবন হইলে মনুষ্য বনজপদার্থ দ্বারায় ও সাধুসেবা, বিনীত ব্যবহারে ও প্রভুত্ব প্রভৃতিদ্বারায় লাভবান হয় ।

অথ বৃশ্চিকরাশিস্থিতায়ভবনফলম্ ।

লাভাশ্রিতেচাষ্টমকেহিরাশৌ প্রাপ্নোতিলাভং মনুজ্যোতিমুখ্যম্।
শাস্ত্রাগমাভ্যাম্বিনয়েন পুংসাং নিত্যং বিবেকেনতথাদ্ভুতেন ॥ ৮

বৃশ্চিকরাশি আয়ভবনগত হইলে মানব শাস্ত্রাগমাদি জ্ঞানদ্বারায়, বিনয়েরদ্বারায় এবং অদ্ভুত বিবেকিতাদ্বারায় লব্ধার্থ হইয়া থাকে ।

অথ ধনুরাশিস্থিতলাভভবনফলম্ ।

লাভাশ্রিতেচৈব ধনুর্দ্ধরেচ নৃপাদ্ধিমানং ভজতেমনুষ্যঃ ।
সুসেবয়াবানিজপৌরুষেণ মনুষ্যকারাধনতোশ্বতোপি ॥ ৯

ধনুরাশি লাভভবনগত হইলে মানব রাজসম্মান্য, নিজপৌরুষ বা সেবাদ্বারায় প্রাপ্তকাম অথবা অপরের আরাধনা ও অশ্ব হইতে লব্ধবিত্ত হইয়া থাকে ।

মকররাশৌলাভালয়ফলম্ ।

লাভাশ্রিতেবৈ মকরেথলাভো ভবেন্নরানাঞ্জলযানযোগাৎ ।
বিদেশবাসান্নৃপসেবয়াচ ব্যয়াত্মকো ভূরিতরঃ সদৈব ॥ ১০

মকররাশি লাভালয় হইলে মানব জলযানযোগে বা বিদেশবাসে, নৃপসেবায় ধনী ও ভূরিব্যয়শীল হইয়া থাকে ।

অথ কুম্ভরাশিস্থিতায়ভবনফলম্।

লাভস্থিতে কুম্ভগৃহেচ লাভো ভবেন্নরাণাং জলযানযোগাৎ।
ত্যাগেনধর্ম্মেন পরাক্রমেণ বিদ্যাপ্রভাবাৎ সুসমাগমেন ॥ ১১

কুম্ভরাশি লাভগৃহগত হইলে জাতক জলযানযোগে বা ত্যাগের দ্বারায়, ধর্ম্মপথে, স্ববীর্য্যে বিদ্যাপ্রভাবে ও সাধুসঙ্গমে প্রাপ্তবিত্ত হইয়া থাকে।

অথ মীনরাশৌস্থিতায়ভবনফলম্।

আয়াশ্রিতেচান্তিমগেচরাশৌ প্রাপ্নোতিলাভস্থিবিধং মনুষ্যঃ।
মিত্রোদ্ভবং পার্থিব মানজাতং বিচিত্রবাক্যৈঃ প্রণয়েন নিত্যম্ ॥১২

মীনরাশি লাভ ভবন গত হইলে মানবের বিবিধ লাভ, মিত্রপক্ষ, নিজ বাকচাতুর্য্য বা পার্থিব পক্ষ হইতে ধনাগম হইয়া থাকে।

ইতি একাদশপ্রকরণম্ সমাপ্তম্।

অথ দ্বাদশভাবফলম

তত্রকিম্বিলোকনীয়ম্।

হানির্দানং ব্যয়শ্চাপিদণ্ডোবন্ধনমেবচ ;
সর্ব্বমেতদ্ব্যয়স্থানে চিন্তনীয়ম্প্রযত্নতঃ ॥

দ্বাদশভবনে বিচার্য্য বিষয়, ব্যয়, রাজদণ্ড, বন্ধন, হানি ও দান।

অথ মেষরাশিস্থিতদ্বাদশভবনফলম্।

মেষেব্যয়স্থেস্যাৎ পুংসাং ব্যয়শ্চতনুপীড়নম্।
স্বপ্নশীলোনরোনিত্যং লাভযুক্ শুভসংযুতে। ১

দ্বাদশভবন মেষরাশি হইলে মানব ব্যয়শীল, রোগী, সুপ্তিনিরত, এবং উক্ত ভবন শুভগ্রহযুক্ত হইলে নিত্য লাভবান হইয়া থাকে।

অথ বৃষরাশিস্থদ্বাদশভবনফলম্।

বৃষেব্যয়স্থে ব্যয় এবপুংসাং ভবেদ্বিচিত্রোবরযোষিতাগমঃ।
লাভোভবেত্তস্য সদৈব পুংসাং সুধাতুবাদে বিবুধৈশ্চ সংগঃ॥২

দ্বাদশগৃহ বৃষরাশি হইলে জাতক ব্যয়শীল, সুন্দরী-স্ত্রীসঙ্গনিরত, সাধু প্রভৃতির বিচারনিপুণ, পণ্ডিতগণের সংগাসক্ত ও ধাতুজ্ঞান হইতে লাভবান্ হইয়া থাকে।

অথ মিথুনরাশিস্থিতদ্বাদশভবনফলম্।

তৃতীয়রাশৌ ব্যয়গেনরাণাম্ ব্যয়োভবেৎ স্ত্রীব্যসনাত্মকৈশ্চ।
ভূতোদ্ভবোবাসততং প্রভূতঃ কুশীলতঃ পাপজনশ্রয়াচ্চ॥ ৩

মিথুনরাশিরিপফ গৃহ হইলে মানবের স্ত্রীব্যসনজনিত, আধিভৌতিক উপদ্রবজনিত ও নিজস্বভাবসিদ্ধ কুসঙ্গশীলতা হইতে প্রভূত ব্যয় হইয়া থাকে।

অথ কর্কটরাশিস্থিতব্যয়ভবনফলম্।

কর্কেব্যয়স্থে দ্বিজদেবতানাং ব্যয়োভবেদ্ যজ্ঞসমুদ্ভবশ্চ।
ধর্ম্মক্রিয়াভির্বিবিধাভিরেব প্রশস্যতে সাধুজনেনলোকে॥ ৪

দ্বাদশভবন কর্কটরাশি হইলে জাতক দ্বিজদেবারাধনায় ও যজ্ঞকর্ম্মে এবং বিবিধধর্ম্মক্রিয়ায়, সাধুজন প্রশংসিতোপায়ে ব্যয়শীল হয়।

অথ সিংহরাশিস্থিতায়ভবনফলম্।

সিংহেব্যয়স্থেতুভবেন্নরাণাম সদ্বব্যয়োভূরিতরঃ সদৈব।
রুগাদিপীড়াচ কুকর্ম্মসঙ্গো বিদ্যাব্যয়ঃ পার্থিবচৌরতাচ॥ ৫

দ্বাদশভবন সিংহরাশিস্থিত হইলে মানবের, ভূরি অসদ্ব্যয়, পীড়া, কুসঙ্গ, বিদ্যার্থক ব্যয় ও রাজধনচৌর্য্য হইয়া থাকে।

অথ কন্যারাশিস্থিতব্যয়ভবনফলম্।

কন্যাভিধে চান্ত্যগতেব্যয়শ্চ ভবেন্মনুষ্যস্যহিচাঙ্গনোৎসবৈঃ।
বিবাহমাঙ্গল্যমখৈর্বিচিত্রৈঃ সত্রৈঃসমাভি র্বহুসাধুসঙ্গাৎ॥ ৬

কন্যারাশি দ্বাদশগৃহ হইলে মানবের অঙ্গনোৎসবে· মঙ্গলকার্য্যে, যজ্ঞে, অন্নদানাদি ব্যাপারে ও সাধুসভায় ধনব্যয় হইয়া থাকে।

অথ তুলারাশিস্থিতব্যয়ভবনফলম্।

তুলেব্যয়স্থে সুরবিপ্রবন্ধুঃ শ্রুতিস্মৃতিভ্যশ্চ করোব্যয়স্য।
ভবেন্নরোসৌনিয়মৈর্যমৈশ্চ সুতীর্থসেবাভিরিতি প্রসিদ্ধঃ॥ ৭

তুলারাশি দ্বাদশালয় হইলে মনুষ্য দ্বিজদেবতাভক্ত, শ্রুতিস্মৃতিপ্রসিদ্ধ কর্ম্মে, যমনিয়মাদিতে ও তীর্থসেবায় ব্যয়শীল হয়।

অথ বৃশ্চিকরাশিস্থিতব্যয়ভবনফলম্।

অলৌব্যয়স্থেচ ভবেদ্ব্যয়স্তু পুংসাম্প্রমাদেন বিড়ম্বনাভিঃ।
কুমিত্রসেবাজনিতাসুনিন্দা ধনব্যয়শ্চৌর কৃতাধিকারাৎ॥ ৮

বৃশ্চিকরাশি দ্বাদশালয় হইলে মানব প্রমাদী, কুসঙ্গীজনিত নিন্দাভাজন ও চৌরকর্ম্মে ধনব্যয়শীল হয়।

অথ ধনুরাশিস্থিতব্যয়ভবনফলম্।

চাপেব্যয়স্থে বহুবঞ্চনাভি র্ব্যয়োভবেৎ পাপজনপ্রসঙ্গাৎ।
সেবাকৃতাদ্বিত্তধিয়াচ পুংসাং কৃষিপ্রসঙ্গাৎ পরবঞ্চনাদ্বা॥ ৯

ধনুরাশিগত দ্বাদশভবন হইলে জাতকের বঞ্চনা, পাপাত্মসঙ্গ, ধনলাভার্থে সেবা বা কৃষিকর্ম্মে পরনিয়োগে ধনব্যয়হয়।

অথ মকররাশিস্থিতব্যয়ভবনফলম্।

মৃগেব্যয়স্থেচ ভবেন্নরস্য ব্যয়স্তুপানাসবসস্যজাতঃ।
স্ববর্গপূজাজ্জনিতোন্যতোবা কৃষিক্রিয়াভিশ্চ ধনব্যয়োহস্য॥ ১০

মকররাশি দ্বাদশভবনগত হইলে মনুষ্য অন্নপানাসব প্রভৃতিতে, স্ববর্গপোষণে বা কৃষিক্রিয়ায় ধনব্যয়শীল হয়।

অথ কুম্ভরাশিস্থিতব্যয়ভবনফলম্।

ঘটেব্যয়স্থে সুরসিদ্ধবিপ্র-তপস্বিবন্দিব্রজতোব্যয়স্তু।
পুংসাম্ভবেৎ সাধুজনানুরোধাচ্ছাস্ত্রপ্রদিষ্টাগণিতশ্চভূরি॥ ১১

কুম্ভরাশি দ্বাদশভবনগত হইলে মানবের দেবকার্য্যে ব্রাহ্মনাদিসেবায়, স্তাবক পোষণে অথবা সাধুজনানুরোধে, শাস্ত্রদর্শিত ভূরিব্যয় হইয়া থাকে।

অথ মীনরাশিস্থিতব্যয়ভবনফলম্।

মীনেব্যয়স্থেজলযানতোবা কুসঙ্গমাদ্বা প্রভবেদ্ব্যয়শ্চ।
সাঙ্ক্ষ্যমত্রাসনতোপিজাত স্তথাবিবাদেন নিরন্তরেণ॥ ১২

মীনরাশি দ্বাদশভবনগত হইলে মানব জলযান, কুমিত্রসঙ্গ, আসন নিত্য বিবাদে ধনব্যয় করিয়া থাকে।

ইতি দ্বাদাদশলগ্ন সমাপ্তম।

অথ স্থিত্যধ্যায়ঃ।

অথ তনুভাবস্থিতরবিফলম্।

লগ্নেঽর্কেঽল্পকচঃ ক্রিয়ালসতনুঃ ক্রোধীপ্রচণ্ডোন্নতো।
মানীলোচনরুক্ সুকর্কশতনুঃ শূরোঽক্ষমীনির্ঘৃণঃ॥
ফুল্লাক্ষঃ শশিভেক্রিয়েস্থিতিহরঃসিংহে নিশান্ধঃ পুমান্।
দারিদ্র্যোপহতোবিনষ্টতনয়ো জাতস্তুলায়াং ভবেৎ॥

লগ্নে রবিগ্রহ অবস্থান করিলে, জাতক অল্পকেশবিশিষ্ট, আলস্য-পরায়ণ, ক্রোধী, উগ্রস্বভাব, উন্নত, অভিমানযুক্ত, মানী, নেত্ররোগী, কর্কশ-শরীর, শূর, ক্ষমাগুণবিহীন ও নির্দ্দয়; বা যদি উক্ত রবি কর্কট লগ্নে অবস্থান করে তবে (ভাষা) প্রফুল্ল, চক্ষু, দীর্ঘায়ত নয়ন; মেষে রবিগ্রহযুক্ত লগ্ন হইলে বিশ্বস্তসূত্রে স্থাপিত ধনাপহারী; সিংহরাশিতে রবিযুক্ত লগ্ন হইলে রাত্র্যান্ধ ও তুলারাশিতে রবিযুক্ত লগ্ন হইলে অপুত্রক ও দরিদ্র হয়।

অথ তনুভাবস্থিত চন্দ্রগ্রহফলম্।

দাক্ষিণ্যরূপ ধনভোগগুণৈর্বরেণ্য
শ্চন্দ্রেকুলীর বৃষভাজগতেবিলগ্নে।
উন্মত্তনীচবধিরো বিকলশ্চমূকঃ
শেষেপুমান্ ভবতিহীনতনুর্বিশেষাৎ॥

যে জাতক কর্কট, মেষ, বৃষরাশিতে চন্দ্রযুক্ত লগ্নে জন্মগ্রহণ করে সেই জাতক সুশ্রী, চতুর, বহুধনভোগী, সমস্ত সদগুণের আকর এবং অন্য রাশিস্থিত চন্দ্রযুক্ত লগ্ন হইলে ক্ষীণ শরীর বিকলেন্দ্রিয়, মূক, বধির ও উন্মাদরোগযুক্ত হয়।

অথ লগ্নভাবস্থভৌমফলম্।

অতিমতিভ্রমতাং চ কলেবরং ক্ষতযুতং বহুসাহসসংগতম্।
তনুভৃতাং কুরুতেতনুসংস্থিতোঽবনিসুতো গমনাগমনানি চ॥

মঙ্গল জন্ম লগ্নগত হইলে জাতকের চঞ্চলমতি, ক্ষতযুক্তশরীর ও সাহস বৃদ্ধি করে। তাহার সর্ব্বদাই গমনাগমন কার্য্য করিতে হয়।

অথ লগ্নস্থিতবুধফলং।

শান্তোবিনীতঃ সুতরামুদারোনরঃ সদাচাররতোতিধীরঃ।
বিদ্বান্ কলাবান্‌বিপুলাত্মজশ্চ শীতাংশুসূনৌজননেতনুস্থে॥

বুধ জন্মলগ্নগত হইলে মানব শান্ত, বিনীত, উদারপ্রকৃতি, সদাচারী ধীর, বিদ্বান্, কলাকুশল ও বহুপ্রজ হইয়া থাকে।

অথ লগ্নস্থিতগুরুফলম্।

বিদ্যাসমেতোতি মতোঽহিরাজ্ঞাং প্রাজ্ঞঃ কৃতজ্ঞোনিতরামুদারঃ।
নরোভবেচ্চারুকলেবরশ্চ তনুস্থিতে দেবগুরৌবলাঢ্যে॥

বলবান বৃহস্পতি লগ্নস্থ হইলে মানব বিদ্বান্, রাজপ্রিয়, কৃতজ্ঞ, অত্যন্ত উদারপ্রকৃতি, ধীমান্ ও সুন্দর মূর্ত্তি হয়।

অথ লগ্নস্থিতভৃগুফলম্।

বহুকলাকুশলো বিমলোক্তিকৃৎ সুবদনামদনানুভবঃপুমান্।
অবনিনায়কমানধনান্বিতো ভৃগুসুতে তনুভাবমুপাগতে॥

শুক্র লগ্নগত হইলে জাতক নানা কলাকুশল, সুন্দর বাক্, সুন্দরী-স্ত্রীলাভ-সুখী, ও রাজদত্তমানধনান্বিত হয়।

অথ তনুগৃহস্থশনিফলম্।

প্রসূতিকালে নলিনীশসূনৌস্বোচ্চ ত্রিকোণর্ক্ষগতেবিলগ্নে।
কুর্য্যান্নরং দেশপুরাধিনাথং শেষর্ক্ষসংস্থে সরুজং দরিদ্রং॥

জন্মকালে শনিস্বোচ্চত্রিকোণস্থ* হইয়া লগ্নগত হইলে মানব রাজা বা নগরাধিপতি হয়। অন্য গৃহস্থিত হইয়া লগ্নস্থ হইলে মানব, চিররোগী ও দরিদ্র হয়।

অথ লগ্নস্থরাহুফলম্।

লগ্নেতমোতুষ্টমতিস্বভাবং নরঞ্চকুর্য্যাৎ স্বজনৈঃশঠত্বম্।
শীর্ষব্যথাং কামরসেনযুক্তং করোতিবাদেজয়িনং সরোগম্॥

রাহু লগ্নগৃহে অবস্থান করিলে মানব দুষ্টবুদ্ধি, পাপপ্রকৃতি, জ্ঞাতি-বঞ্চক, শিরঃপীড়াযুক্ত, কামুক, বিবাদেজয়শীল ও চিররোগী হইয়া থাকে।

অথ লগ্নস্থিতকেতুফলম্।

কেতুর্যদালগ্নগঃ ক্লেশকর্ত্তা সরোগাদ্বিভোগোস্তযংব্যগ্রতাচ।
কলত্রাদি চিন্তামহোদ্বেগতাচ শরীরেপি বাধাব্যথামাতুলস্থ॥

কেতুগ্রহ লগ্নগত হইলে মানব ক্লিষ্ট, রোগী, ভোগ মধ্যেও ভীত, সদা দুশ্চিন্তাযুক্ত, কলত্রাদি সম্বন্ধে সর্ব্বদা চিন্তাশীল, উদ্বিগ্নচিত্ত এবং মাতুল হইতে ব্যথাপ্রাপ্ত হয়।

ইতি লগ্নস্থগ্রহপ্রকরণম সমাপ্তম।

অথ ধনগৃহস্থিতগ্রহফলম্॥

ধনগৃহে রবিস্থিতিফলম্।

ধনসুতোত্তমবাহনবর্জিতোহতমতিঃ স্বজনোজ্ঝিতসৌহৃদঃ।
পরগৃহোপগতোহিনরো ভবেদ্দিনমণির্দ্রবিণেষদিসংস্থিতঃ॥ ১

রবিগ্রহ ধনগৃহস্থিত হইলে জাতক ধনবিহীন, অনপত্য, বাহনবর্জ্জিত, হতবুদ্ধি, স্বজনপ্রীতিবিযুক্ত ও পরগৃহবাসী হয়।

ধনগৃহে চন্দ্রস্থিতিফলম্।

সুখাত্মজোদ্রব্যযুতোবিনীতোভবেন্নরঃ পূর্ণবিধৌদ্বিতীয়ে।
ক্ষীণেস্খলদ্বাগ্বিধনোল্পবুদ্ধির্ন্যূনাধিকত্বে ফলতারতম্যম্॥ ২

ধনস্থানে পূর্ণচন্দ্র থাকিলে জাতক সুখী, পুত্রবান্, নানাদ্রব্যযুক্ত, সুশীল ও নম্রস্বভাব হইয়া থাকে।

ক্ষীণচন্দ্র থাকিলে স্খলিত বাক্ (তোৎলা), নির্ধন ও অল্পবুদ্ধি হইয়া থাকে। চন্দ্রের বলাবল অনুসারে ফলের তারতম্য বিচার্য্য।

অথ ধনস্থানস্থিতভৌমফলম্।

অধনতাং কুজনাশ্রয়তাং তথাবিমতিতাং কৃপয়াতিবিহীনতাম্।
তনুভৃতাম্বিদধাতি বিরোধিতাং ধননিকেতনগোহবনিনন্দনঃ॥ ৩

ধন ভাবগত মঙ্গল হইলে জাতক নির্ধন, কুসঙ্গশীল, দুর্ম্মতিপরায়ণ, নিষ্ঠুর প্রকৃতি ও কলহপরায়ণ হয়।

ধনগৃহে সৌম্যস্থিতিফলম্।

বিমলশীলযুতো গুরুবৎসলঃ কুশলতাকলিতার্থ-মহাসুখঃ।
বিপুলকান্তি সমুন্নতিসংযুতো ধননিকেতনগে শশিনন্দনে॥ ৪

ধনগৃহে বুধ থাকিলে জাতক বিমলস্বভাব, গুরুভক্ত, মহাসুখী, স্বীয় নৈপুণ্যের দ্বারায় অর্জিতার্থ, শ্রীমান্ ও উন্নতশীল হয়।

অথ ধনগৃহস্থিতগুরুফলম।

সদ্রূপবিদ্যাগুণকীর্ত্তিযুক্তঃ সংত্যক্তবৈরোনিতরাং গরীয়ান্।
ত্যাগীসুশীলোদ্রবিণে পূর্ণোগীর্ব্বাণবন্দ্যোদ্রবিণোপযাতে॥ ৫

বৃহস্পতি ধনস্থিত হইলে, জাতক রূপবান্, বিদ্বান্, যশস্বী, অজাতশত্রু, সর্ব্বশ্রেষ্ঠ, নানাদ্রব্য সমাযুক্ত, ত্যাগী ও সুশীল হয়।

অথ ধনস্থিতভৃগুফলম্।

সদন্নপানাভিরতং নিতান্তং সদ্বস্ত্রভূষাধনবাহনাঢ্যম্।
বিচিত্রবিদ্যং মনুজং বিদধ্যাদ্ধনোপপন্নোভৃগুনন্দনোয়ম্॥ ৬

শুক্র ধনগৃহস্থিত হইলে জাতক সদ্দ্রব্যভোজনপানাভিলাষী, সদ্বস্ত্রভূষা-পরিধায়ী, ধনী, বাহনযুক্ত ও নানা বিদ্যাকুশল হয়।

অথ ধনগৃহাস্থতশনিফলম্।

অন্যালয়স্থোব্যসনাভিভূতো জনোহিতঃস্যান্মনুজশ্চ পশ্চাৎ।
দেশান্তরেবাহন রাজমান্যো ধনাভিধানে ভবনের্কসূনৌ॥ ৭

শনিগ্রহ ধনগৃহস্থিত হইলে জাতক পরগৃহবাসী, ব্যসনী, স্বজন-পরিত্যক্ত হইয়া পরে দেশান্তরে বাহনযুক্ত ও রাজমান্য হইয়া থাকে।

অথ ধনভাবস্থরাহুফলম্।

ধনগতেরবিচন্দ্রবিমর্দ্দনেমুখরতাংকিতভাবযুতোভবেৎ।
ধনবিনাশকয়োহি দরিদ্রতাং স্বসুহৃদাংনকরোতিবচোগ্রহম্॥ ৮

কুটুম্বগৃহে রাহু অবস্থান করিলে জাতক বাচাল, পূর্ব্বধন-বিনাশকর, দরিদ্র ও সুহৃদ্দিগের সদুপদেশ লঙ্ঘনকারী হয়।

অথ ধনগৃহেকেতুফলম্।

ধনেকেতুগেধান্যনাশং ধনঞ্চ কুটুম্বাদ্বিরোধোনৃপাদ্দ্র্ব্যচিন্তা।
মুখেরোগতাসন্ততংস্যাত্তথাচ যদাস্বেগৃহেসৌম্যগেহেচসৌখ্যম্॥৯

ধনস্থানে কেতু থাকিলে জাতক ধান্যধননাশক কুটুম্ববিরোধী, রাজদণ্ডে হৃতসর্ব্বস্ব ও মুখ রোগী হইয়া থাকে। স্বগৃহে বা বুধগৃহে থাকিলে সুখী হয়।

ইতি ধনলগ্নস্থগ্রহপ্রকরণম সমাপ্তম।

অথ সহজভাবস্থ গ্রহফলম।

অথ তৃতীয়ভবনে সূর্য্যফলম্।

প্রিয়ম্বদঃস্যাদ্ধনবাহনাঢ্যঃ সুকর্ম্মযুক্তোনুচরান্বিতশ্চ।
মিতানুজঃস্যান্মনুজোবলীয়ান্দিনাধিনাথে সহজেধিসংস্থে॥ ১

তৃতীয়স্থানে রবিগ্রহ অবস্থান করিলে মানব প্রিয়ম্বদ, ধনবাহনযুক্ত, সুকর্ম্মা, সানুচর, স্বল্পসোদরসমন্বিত ও বলীয়ান্ হয়।

অথ তৃতীয়ভবনস্থচন্দ্রফলম্।

হিংস্রঃ সগর্ব্বঃ কৃপণোল্পবুদ্ধির্ভবেন্নরো বন্ধুজনাশ্রয়শ্চ।
দয়াময়াভ্যাং পরিবর্জ্জিতশ্চ দ্বিজাধিরাজে সহজপ্রসূতৌ॥ ২

তৃতীয়ভবনে চন্দ্রাবস্থান করিলে জাতক হিংস্রপ্রকৃতি, দাম্ভিক, ব্যয়কুণ্ঠ, নির্ব্বোধ, বন্ধুজনের আশ্রয়স্থল, নীরোগ ও নিষ্ঠুর-স্বভাব হয়।

অথ তৃতীয়রাশিস্থিতভৌমফলম্।

ভূপপ্রসাদোত্তমসৌখ্যমুচ্চৈঃ কথারতশ্চারুপরাক্রমশ্চ।
ধনানিচভ্রাতৃসুখাতিহানির্ভবেন্নরাণাং সহজেমহীজে॥ ৩

তৃতীয় ভবনে মঙ্গল থাকিলে জাতক রাজানুগ্রহলব্ধসুখ, মহৎ-বিষয়িণীকথারত, পরাক্রান্ত, ধনী ও ভ্রাতৃসুখহীন হয়।

অথ সহজভাবে সৌম্যগ্রহাবস্থানফলম্।

সাহসীচ পরিবারজনাঢ্যশ্চিত্তশুদ্ধিরহিতো হতসৌখ্যঃ।
মানবঃ কুশলবান্ হিতকর্ত্তাশীতভানুতনুজেনুজসংস্থে॥ ৪

সহজভবনে বুধ থাকিলে মানব সাহসী, বৃহদগোত্র, মলিনচিত্ত, সুখরহিত, পরোপকারী, ও কৌশলী হয়।

অথ সহজস্থগুরুফলম্।

সৌজন্যহন্তাকৃপণঃ কৃতঘ্নোকান্তাসুতপ্রীতিবিপাচিতশ্চ।
নরোগ্নিমান্দ্যাবলতাসমেতঃ পরাক্রমেশক্রপুরোহিতেস্মিন্॥ ৫

তৃতীয়গৃহে বৃহস্পতি থাকিলে জাতক দুর্জ্জন, কৃপণ, কৃতঘ্ন, স্ত্রীপুত্র-সুখরহিত, ও অগ্নিমান্দ্যজনিত দৌর্ব্বল্যসমন্বিত হয়।

অথ সহজস্থভৃগুফলম্।

সহজগেসহজৈঃ পরিবারিতোভৃগুসুতে পুরুষাপুরুষৈর্ণতঃ।
স্বজনবন্ধুবিবন্ধনতাং গতঃ সততমাশুগতির্গতিবিক্রমঃ॥ ৬

সহজভবনে শুক্র থাকিলে জাতক বহুভ্রাতৃযুক্ত, পুরুষ পুরুষান্তরাগত, বিনয়ের জন্য প্রথিত, স্বজন ও বন্ধুদিগের নিকট ঋণী, ক্ষিপ্রগামী, ও পরাক্রান্ত হয়।

অথ তৃতীয়স্থানস্থিতশনিফলম্।

রাজমান্য শুভবাহনযুক্তো গ্রামপোবহুপরাক্রমশালী।
পালকঃসতুনৃণাং বহুশঃস্যান্মানবোরবিসুতেনুজসংস্থে॥ ৭

তৃতীয়স্থানে শনি থাকিলে মানব রাজসম্মানিত, শুভবাহনযুক্ত, গ্রামপতি, পরাক্রমশালী, ও বহুভর্ত্তা হইয়া থাকে।

অথ সহজস্থানস্থিতরাহুফলম্।

নসিংহোননাগশ্চদোর্বিক্রমেণ
প্রতাপীহসিংহীসুতে তৎসমত্বম্।
তৃতীয়েজগৎসোদরত্বং সমেতি
প্রভাবেপিভাগ্যং কুতোযত্রকেতুঃ॥ ৮

তৃতীয় ভবনে রাহু থাকিলে জাতক সিংহ বা হস্তী অপেক্ষা অধিক বাহুবলশালী, অতুলনীয় প্রতাপী, জগতের প্রতি সোদর ও জ্ঞানসম্পন্ন আত্মবীর্য্যলব্ধ ভাগ্য হইয়া থাকে।

অথ তৃতীয়ভবনে কেতোরবস্থানফলম্।

শিখীবিক্রমেশত্রুনাশঞ্চবাদং ধনস্যাপিলাভস্তুয়ং মিত্রতোপি।
করোতীহনাশং সদাবাহুপীড়াং ভযোদ্বেগতাং মানসোদ্বেগতাঞ্চ ॥৯

তৃতীয়ভবনে কেতু থাকিলে শত্রুনাশ, বিবাদ, ধনলাভ, বন্ধুজন হইতে ভয় ও হানি, বাহুপীড়া এবং ভয়জনিত উদ্বেগ হয়।

ইতি সহজলগ্নগ্রহপ্রকরণম সমাপ্তম।

অথ সুখভাবস্থগ্রহফলম্

অথ সুখভবনে রবিগ্রহাবস্থানফলম্।

সৌখ্যেনযানেন হিতেরতস্যনিতান্তসংপ্রেমযুতপ্রবৃত্তিঃ।
চলন্নিবাসং কুরুতেমনুষ্যং পাতালশালীনলিনীবিলাসী ॥ ১

সুখভবনে রবিগ্রহ থাকিলে মানব সর্ব্বজন-হিতকারী সর্ব্বমানবের হিতবিশিষ্ট, অস্থিরনিবাস এবং সুখী হয়।

অথ সুখালয়স্থিতচন্দ্রফলম্।

জলাশ্রয়োৎপন্নধনোপলব্ধিং কৃষ্যঙ্গনাবাহনসূনুসৌখ্যম্।
প্রসূতিকালেকুরুতে কলাবান্ পাতালসংস্থোদ্বিজদেবভক্তঃ ॥ ২

চন্দ্র সুখভবনগত হইলে জাতক জলজদ্রব্য হইতে লব্ধ ধনশালী, কৃষিকার্য্যরত, স্ত্রীসুখী, যানবাহন-ভোগী, সুপুত্রবিশিষ্ট ও দেব দ্বিজে ভক্তিমান হয়।

অথ সুখগৃহস্থিতভৌমফলম্।

দুঃখংসুহৃদ্‌বাহনতঃ প্রবাসাৎকলেবরে রুগ্নতাবলিত্বম্।
প্রসূতিকালে কিলমঙ্গলেস্মিন্‌সাতলস্থেফলমুক্তমাদ্যৈঃ ॥ ৩

মঙ্গলগ্রহ সুখভবনে অবস্থান করিলে মানব কুমিত্রসম্পন্ন, বাহন-দুঃখভোগী, প্রবাসী, বিষন্নচিত্ত ও প্রবল রোগপীড়িত হয়।

অথ সুখগৃহস্থিতবুধগ্রহফলম্।

পুত্রসৌখ্যসহিতংবহুমিত্রং মন্দবাদকুশলংসুখশীলং।
মানবং কিলকরোতি সুশীলংশীতদীধিতিসুতঃসুখসংস্থঃ ॥ ৪

বুধগ্রহ সুখভবনগত হইলে মনুষ্য সুপুত্রযুক্ত, সুখী, বন্ধুবৎসল, দুর্মুখ, সুশীল ও শোভনগতিবিশিষ্ট হয়।

অথ সুখস্থানাধিষ্টিতগুরুফলম্।

সম্মাননানাধনবাহনাদ্যৈঃ সংজাতহর্ষঃ পুরুষঃসদৈব।
নৃপানুকম্পাসমুপাত্তবিত্তম্ স্বর্গাধিপামন্ত্রিণিভূতলস্থে ॥ ৫

বৃহস্পতি সুখভবনে অবস্থান করিলে জাতক নানা সম্মান-ভোগী, ধনী, যানবাহনোপভোগী, হৃষ্টচিত্ত ও রাজানুকুল্যে লব্ধৈশ্বর্য্য হয়।

অথ চতুর্থভবনস্থিতভৃগুফলম্।

মিত্রক্ষেত্রেগ্রামসদ্বাহনানাং নানাসৌখ্যং বন্দনং দেবতানাম্।
নিত্যানন্দং মানবানাং প্রকুর্য্যাদ্দৈত্যাচার্য্যস্তুর্য্যভাবস্থিতশ্চেৎ॥৬

চতুর্থভাবস্থিত শুক্র জাতককে গ্রামাধিপতি, সুখী, দেবতারাধন-তৎপর, ও নিত্যানন্দিতচিত্ত করিয়া থাকেন।

অথ চতুর্থভবনস্থিতশনিগ্রহফলম্।

পিত্তেনবিক্ষীণবলং কুশীলং শীলেনযুক্তং কুরুতেমনুষ্যম্।
মালিন্যভাজমমনসস্তনোতি রসাতলস্থোনলিনীশজন্মা॥ ৭

শনিগ্রহ সুখালয়গত হইলে জাতকের পিত্তাধিক্যজনিত দৌর্ব্বল্য, লজ্জা, দুঃশীলতা, ও সদামলিন ভাব হয়।

অথ চতুর্থভবনস্থিতরাহুফলম্।

চতুর্থেভবনেচৈব মিত্রভ্রাতৃবিনাশকৃৎ।
পিতুর্ম্মাতুঃক্লেশকারীরাহৌ সতিসুনিশ্চিতম্॥ ৮

রাহু সুখভবনগত হইলে মানবের মিত্র ও ভ্রাতৃবিনাশ, এবং পিতৃমাতৃ ক্লেশনিশ্চিত হয়।

অথ সুখভবনস্থিতকেতুফলম্।

চতুর্থেচমাতুঃ সুখংনো কদাচিৎসুহৃদ্বর্গ্মতঃ পিতৃতোনাশনোপি।
শিখীবন্ধুহীনঃসুখং স্বোচ্চগেহেস্থিরত্বং ন কুর্য্যাৎসদাব্যগ্রতাঞ্চ॥৯

চতুর্থ ভবনে কেতু অবস্থান করিলে জাতকের পিতৃমাতৃ-সুখহানি ধর্ম্ম-সুখহানি, (বন্ধুও) বন্ধু-সুখহানি বক্তব্য। উচ্চস্থ হইলে সুখ ও চিত্তস্থৈর্য্য, অন্যথা অশান্তি ও উদ্বেগ চিন্তনীয়।

ইতি সুখভাবস্থগ্রহপ্রকরণং সমাপ্তম্

অথ সুতস্থানে গ্রহস্থিতিফলম্।

অথ পুত্রস্থানেরবিগ্রহস্থিতিফলম্।

স্বল্পাপত্যং শৈলদুর্গেশভক্তিম্ সৌখ্যেনযুক্তস্থিবিধার্থ যুক্তম্।
ভ্রান্তংস্বান্তং মানবংহিপ্রকুর্য্যাৎ সূনুস্থানেভানুমান্বর্ত্তমানঃ॥ ১

পুত্রগৃহে রবি থাকিলে জাতকের স্বল্পাপত্য-দোষ, রাজভক্তি, সুখ, ও বিবিধার্থ লাভ হয়। ভ্রান্তিবশে সে কদাচিৎ আত্মহত্যা করিয়াও থাকে।

অথ চন্দ্রস্থিতসুতস্থানফলম্।

জিতেন্দ্রিয়ঃসত্যবচাঃ প্রপন্নোধনাত্মজাবাপ্তসমস্তসৌখ্যঃ।
সুসংগ্রহীস্যান্মনুজঃ সুশীলঃ প্রসূতিকালে তনয়ালয়েজে॥

চন্দ্র সুতগৃহে অবস্থান করিলে জাতক সত্যবাদী, জিতেন্দ্রিয়, ধনী, পুত্রসৌখ্য-সম্পন্ন, সঞ্চয়ী ও সুশীল হয়।

অথ তনয়স্থকুজফলম্।

কফানিলব্যাকুলতাকলত্রান্ মিত্রাচ্চপুত্রাদপিসৌখ্যহানিঃ।
মতির্বিলোমাবিপুলোজয়শ্চ কুজেপ্রসূতৌ তনয়ালয়স্থে॥ ৩

মঙ্গলগ্রহ সুতভবনস্থিত হইলে জাতকের কফবায়ুজনিতপীড়া, স্ত্রী বন্ধু ও পুত্র হইতে সুখহানি, মতিভ্রান্তি ও জয়শ্রী লাভ হয়।

অথ পঞ্চমস্থিতসৌম্যফলম্॥

পুত্রসৌখ্যসহিতং বহুমিত্রম্ মিত্রবাদকুশলঞ্চ সুশীলম্।
মানবং কিলকরোতিসুরূপম্ শীতদীধিতিসুতঃসুতসংস্থঃ॥ ৪

বুধ পঞ্চমভবনগত হইলে মানব পুত্রবান, বহুমিত্রযুক্ত, সুশীল ও সুরূপ হয়।

অথাপত্যস্থানস্থিতগুরুফলম্।

সন্মন্ত্র-পুত্রোত্তমমন্ত্রশস্ত্রং সুখানিনানাধনবাহনানি।
বৃহস্পতিঃকোমলবাগ্বিলাসং নরং করোত্যাত্মজভাবসংস্থঃ॥ ৫

বৃহস্পতি সুতগৃহস্থিত হইলে, জাতক সৎমন্ত্রযুক্ত পুত্রেরপিতা, স্বয়ং উত্তমমন্ত্রশস্ত্রসুখধনবাহনযুক্ত ও মধুরভাষী হয়।

অথ সন্তানগৃহস্থিতভৃগুফলম্।

সকলকাব্যকলাভিরলঙ্কৃতস্তনয়বাহনধান্যসমন্বিতঃ।
সুরপতির্গুরুগৌরবভাঙ্‌নরো ভৃগুসুতেসুতসদ্মনিসংস্থিতে॥ ৬

ভৃগু সুতগৃহে অবস্থান করিলে জাতক সকল কাব্য কলাভিজ্ঞ, সৎ-পুত্রবান্, সদ্বাহনাঢ্য, ধান্যসমন্বিত এবং সর্ব্বজনবরেণ্য হয়।

সুতভবনস্থিতশনিফলম্।

সুজর্জ্জরক্ষীণতরং বপুশ্চ ধনেনহীনত্বমনঙ্গহীনম্।
প্রসূতিকালে নলিনীশপুত্রঃ পুত্রেস্থিতঃ পুত্রভয়ংকরোতি॥ ৭

শনি সুতস্থানগত হইলে মানবের ব্যাধিজর্জ্জরিত দুর্ব্বল শরীর, নির্ধনতা, ও পুত্রার্থে সতত ভীতি হয়।

অথ সুতভবনস্থিতরাহুফলম্।

সুতেসদ্মনিস্যাদ্‌যদা সৈংহিকেয়ঃ সুতেচ্ছাচিরং চিত্তসন্তাপনীয়া।
ভবেৎ কুক্ষিপীড়ামৃতিঃ ক্ষুৎপ্রবোধাদ্যদিস্যাদয়ং স্বীয়বর্গেণ দৃষ্টঃ॥৮

পঞ্চম ভবনে রাহু অবস্থান করিলে, জাতক বহুকাল পুত্রচিন্তাক্লিষ্ট, কুক্ষিপীড়াগ্রস্ত, এমন কি উক্ত রাহু অন্য পাপসমূহের দ্বারা দৃষ্ট হইলে স্বয়ং মৃত্যুমুখে পতিত ও হয়।

অথ তনয়ভেকেতোরবস্থানফলম্।

যদাপঞ্চমেজন্মতোযস্যকেতোঃ স্বকীয়োদরে বাতঘাতাদিকষ্টম্।
স্ববুদ্ধিব্যথাসন্ততি স্বল্পপুত্রঃ সদাধেনুলাভাদিযুক্তোভবেচ্চ॥ ৯

পঞ্চমভবনে কেতু অবস্থান করিলে, মানবের উদরে বায়ুজনিত পীড়া, বুদ্ধিভ্রংশ, অল্পাপত্যতা ও ধেনু লাভাদি হইয়া থাকে।

ইতি সুতস্থগ্রহপ্রকরণম্ সমাপ্তম্।

অথ রিপুগৃহে গ্রহাবস্থানফলম্।

অথ রিপুগৃহস্থিতরবিফলম্।

শশ্বৎসৌখ্যেনান্বিতঃ শত্রুহন্তা সত্ত্বোপেতশ্চারুযানো মহৌজাঃ।
পৃথ্বীভর্ত্তুঃস্যাদমাত্যোহিমর্ত্ত্যঃ শত্রুক্ষেত্রেমিত্রসঙ্গোযদিস্যাৎ॥১

রবি রিপুভবনস্থিত হইলে মানব, চিরসুখী, নিঃশত্রু, সত্বগুণী, সুবাহনযুক্ত, মহাতেজস্বী ও রাজামাত্য হইয়া থাকে।

অথ রিপুগৃহস্থিতচন্দ্রফলম্।

মন্দাগ্নিস্যান্নির্দ্দয়ঃকোপযুক্তো লৌল্যোপেতোনিষ্ঠুরোদুষ্টচিত্তঃ।
রোষাবেশোত্যন্তসঞ্জাতশত্রুঃ শত্রুক্ষেত্রেরাত্রিনাথেনরঃস্যাৎ ॥২

অরিভবনস্থিত চন্দ্র হইলে জাতক মন্দাগ্নিযুক্ত, নিষ্ঠুর, নির্দ্দয়, কোপনস্বভাব, চঞ্চলচিত্ত, দুষ্ট প্রকৃতি এবং রোষাধিক্য বশতঃ জাতশত্রু হইয়া থাকে।

অথ রিপুভবনগতভৌমফলম্।

প্রাবল্যং স্যাজ্জাঠরাগ্নের্বিশেষাদ্রোষাবেশঃ শত্রুবর্গেপিশান্তিঃ।
সদ্ভিঃসংগোধর্ম্মিভিঃস্যান্নরাণাং গোত্রৈঃপুণ্যস্যোদয়োভূমিসূনৌ॥৩

শত্রুভবনে মঙ্গল অবস্থান করিলে, জাতকের প্রবল জঠরজ্বালা, রোষাবেশ, নিঃশত্রুতা, সৎসঙ্গ ও আত্মকুল হইতে পুণ্য সঞ্চয় হয়।

অথ শত্রুভাবস্থিতসৌম্যফলম্।

বাদপ্রীতঃসাময়োনিষ্ঠুরাত্মানানারাতি-ব্রাতসন্তপ্তচিত্তঃ।
নিত্যালস্যব্যাকুলঃস্যান্মনুষ্যঃ শত্রুক্ষেত্রেরাত্রিনাথাত্মজস্থে ॥ ৪

শত্রুগৃহে বুধ অবস্থিত হইলে জাতক বাদবিতণ্ডানিপুণ, রোগপীড়িত, নানাশত্রুসন্তপ্তচিত্ত ও অলসপ্রকৃতি হয়।

অথ রিপুভবনস্থিতগুরুফলম্।

সঙ্গীতনৃত্যাদৃতচিত্তবৃত্তিঃ কীর্ত্তিপ্রিয়োবা নিজশত্রুহন্তা।
আরম্ভকালোদ্যমকৃন্নরঃস্যাৎ সুরেন্দ্রমন্ত্রীযদিশত্রুসংস্থঃ ॥ ৫

বৃহস্পতি শত্রুভবনগত হইলে, জাতক নৃত্যগীতে আসক্তচিত্ত, যশোলুব্ধ, শত্রুহন্তা, নানা কার্য্যোৎসাহী ও অধ্যবসায়শীল হয়।

অথ রিপুগৃহস্থিতশুক্রফলম্।

অভিমতোনভবেৎ প্রমদাজনে নতুমনোভবহীনতরোনরঃ।
বিবলতাকলিতঃকিলসম্ভবে ভৃগুসুতেরিগতেরিভয়ান্বিতঃ॥ ৬

অরিভবনে শুক্র থাকিলে, জাতক বামাজনাপ্রিয়, কামুকতাহীন, দুর্ব্বল শরীর, ও শত্রু পীড়িত হয়।

অথ রিপুভবনস্থিতশনিফলম্।

বিনির্জ্জিতারাতিগণোগুণজ্ঞঃ স্বজ্ঞাতিজানাং পরিপালকশ্চ।
পুষ্টাঙ্গযষ্টিঃ প্রবলোদরাগ্নির্নরোর্কপুত্রে সতিশত্রুসংস্থে॥

রিপুভবনে শনি থাকিলে, মানব শত্রুহন্তা, গুণজ্ঞ, আত্মীয়জন-প্রতিপালক, হৃষ্টপুষ্টদেহ ও জঠরাগ্নিপ্রবল হইয়া থাকে।

অথ রিপুগৃহস্থিতরাহুফলম্।

বলোদ্বুদ্ধিহানির্ধনস্তদ্বশেচস্থিতো বৈরভাবেপিযেষান্তনূণাম্।
রিপূণামরণ্যন্দহেদেকরাহুঃ স্থিরং মাতুলং মানসংনোপিতৃভ্যঃ॥

রাহু শত্রুগৃহে অবস্থান করিলে, জাতকের বলবুদ্ধিহানি, ধনাগম, রিপুনাশ এবং পিতা ও মাতুলের চিন্তাধৈর্য্য হয়।

অথ রিপুগৃহস্থিতকেতুগ্রহফলম্।

শিখীযস্যষষ্ঠেস্থিতোবৈরনাশো ভবেন্মাতৃপক্ষাচ্চ তন্মানভঙ্গঃ।
চতুষ্পাৎসুখং সর্ব্বদাতুচ্ছমেব নিরোগোগুদেলোচনেরোগযুক্তঃ॥

কেতু রিপুগৃহস্থিত হইলে, জাতকের বৈরীনাশ, মাতুলের নিকট অপমান, পশুপালনরতি, নিরোগতা ও গুহ্যলোচন-রোগ হয়।

অথ সপ্তমভবনস্থ গ্রহফলম্।

অথ সপ্তমভবনস্থিতরবিফলম্।

স্ত্রীয়াবিযুক্তো হৃতকার্য্যকীর্ত্তির্ভয়ামযাভ্যাং সহিতঃকুশীলঃ।
নৃপপ্রকোপার্ত্তিকৃশোমনুষ্যঃ সীমন্তিনীসদ্মনিপদ্মিনীশে॥ ১

রবি সপ্তমভবনগত হইলে জাতক স্ত্রীযুক্ত, কর্ম্মেনিন্দাভাজন, ভীতচিত্ত, রোগী, কুবৃত্তিসম্পন্ন, রাজ-ক্রোধপতিত ও দুঃখার্দ্দিত দেহ হইয়া থাকে।

অথ সপ্তমস্থানস্থিতচন্দ্রফলম্।

মহাভিমানী মদনাতুরঃস্যাৎ নরোভবেৎক্ষীণকলেবরশ্চ।
ধনেনহীনো বিনয়েনচন্দ্রে চন্দ্রাননাস্থানবিরাজমানে॥ ২

চন্দ্র জায়াভবনগত হইলে পুরুষ অভিমানী, কামাতুর, ক্ষীণশরীর ও ধনবিহীন হইয়া থাকে।

অথ সপ্তমভবনস্থিতভৌমফলম্।

নানানর্থব্যর্থচিত্তোপসর্গৈ র্বৈরীব্রাতৈর্ম্মানবং হীনদেহম্।
দারাপত্যানন্তদুঃখপ্রতপ্তম্ দারাগারেঙ্গারকোয়ং করোতি॥ ৩

মঙ্গল সপ্তমভবনগত হইলে মানব নানা অনর্থজনিত চিন্তায় সদা উদ্বিগ্নচিত্ত, শত্রুবেষ্টিত, দুর্ব্বল ও স্ত্রীপুত্রের ক্লেশক্লিষ্ট হইয়া থাকে।

অথ সপ্তমস্থানস্থিতবুধফলম্।

চারুশীলবিভবৈরলঙ্কৃতঃ সত্যবাক্ সুনিরতোনরোভবেৎ।
কামিনীকনকসূনুসংযুতঃ কামিনীভবনগামিনীন্দুজে॥ ৪

বুধ জায়াগৃহগত হইলে পুরুষ, সদ্গুণ-বিভূষিত, সত্যবাদী, ঐশ্বর্য্যবান্, সুপুত্র ও সুদারভোগী হইয়া থাকে।

অথ মদনালয়স্থগুরুফলম্।

শাস্ত্রাভ্যাসেসক্তচিত্তোবিনীতঃ কান্তাপিত্রাত্যন্তসংজাতসৌখ্যঃ।
মন্ত্রীমর্ত্ত্যঃকার্য্যকর্ত্তাপ্রসূতৌ জায়াভাবেদেবপূজ্যোযদিস্যাৎ॥ ৫

মদনালয়ে দেবগুরু অবস্থিতি করিলে জাতক শাস্ত্রালোচনাতৎপর, বিনয়ী, শ্বশুর-সংজাত-সৌখ্য, মন্ত্রী ও সর্ব্ব কর্ম্মে অগ্রণী হইয়া থাকে।

অথাস্তভবনস্থভৃগুফলম্।

বহুকলাকুশলোজলকেলিকৃৎ রতিবিলাসবিধানবিচক্ষণঃ।
অধিকৃতাস্তনটীং বহুমন্যতে সুনয়নাভবনেভৃগুনন্দনে॥ ৬

জায়াভবনে শুক্র অবস্থান করিলে মানব কলাবিদ্যানিপুণ, কামকলা-কুশলী, জলকেলি-তৎপর ও বেশ্যাগণের প্রিয় হইয়া থাকে।

অথ মদনগৃহস্থিতশনিফলম্।

আময়েনবলহীনতাঙ্গতো হীনবৃত্তিজনচিত্তসংস্থিতঃ।
কামিনীভবনধান্যদুঃখিতঃ কামিনীভবনগেশনৈশ্চরে॥ ৭

জায়াভবনে শনি থাকিলে পুরুষ রোগখিন্নশরীর, কুকীর্ত্তিমান্, স্ত্রী, ভবন ও ধান্যাভাব জনিত দুঃখে সর্ব্বদা ম্রিয়মান হইয়া থাকে।

অথ মদনালয়স্থরাহুফলম্।

বিনাশঙ্করেৎসপ্তমে সৈংহিকেয়ঃ কলত্রাদিনাশংকরোত্যেবনিত্যম্।
কটাহোযথালোহজোবহ্নিতপ্তস্তথাসোতিবাদান্নশান্তিং প্রয়াতি॥৮

সপ্তমগৃহে রাহু অবস্থান করিলে জাতকের প্রায়শঃ মৃত্যু হইয়া থাকে। জীবিত থাকিলে তাহার কলত্রাদি নাশ হইয়া থাকে, এবং নানা কলহবিবাদে তাহার মস্তিষ্ক অগ্নিতপ্ত কটাহের ন্যায় সর্ব্বদা উত্তপ্ত হইয়া থাকে।

অথ সপ্তমভবনস্থিতকেতুফলম্।

শিখীসপ্তমেচাধ্বনিক্লেশকারী কলত্রাদিবর্গেসদাব্যগ্রতা চ।
নিবৃত্তিশ্চসৌখ্যস্যবৈ চৌরভীতির্যদাকীটগঃ সর্ব্বদালাভকারী॥৯

জায়াভবনে কেতু অবস্থান করিলে মানবের সর্ব্বদাই পথে ক্লেশ জায়ানিমিত্তোদ্বিগ্নস্বভাব, সুখে নিবৃত্তি ও চৌর-ভয় হইয়া থাকে। বৃশ্চিক রাশিস্থিত সপ্তম ভাবগত কেতু হইলে মানবের সর্ব্বদাই অর্থাদি লাভ হয়, (কারণ, পরাশর মতে বৃশ্চিক রাশি কেতুর উচ্চ গৃহ)।

ইতি সপ্তমভবনস্থগ্রহপ্রকরণম্ সমাপ্তম্।

অথাষ্টমগ্রহফলম্ ।

অথাষ্টমভবনস্থরবিফলম্ ।

নেত্রাল্পত্বং শত্রুবর্গাভিবৃদ্ধির্বুদ্ধিভ্রংশো মানবস্যাতিরোষঃ ।
অথাল্পত্বং কার্শ্যমঙ্গে বিশেষাদায়ুঃস্থানে পদ্মিনীপ্রাণনাথে ॥ ১

নিধনভবনে রবি অবস্থান করিলে মানবের ক্ষুদ্রচক্ষু, শত্রুবৃদ্ধি, বুদ্ধিনাশ, কোপবৃদ্ধি, অর্থাল্পতা ও তনুক্ষীণতা হয় ।

অথাষ্টমভবনস্থচন্দ্রফলম্ ।

নানারোগৈঃ ক্ষীণদেহোতিনিস্ব
শ্চৌরারাতি-ক্ষৌণিপালাভিতপ্তঃ ।
চিত্তোদ্বেগৈর্ব্যাকুলোমানবঃ স্যা
দায়ুঃস্থানে বর্ত্তমানেহিমাংশৌ ॥ ২

অষ্টমভবনে চন্দ্র অবস্থান করিলে জাতক দুর্ব্বল শরীর, নির্ধন, শত্রু ও চৌর দ্বারা হৃতসর্ব্বস্ব, রাজদণ্ডিত ও উদ্বিগ্নচিত্ত হইয়া থাকে ।

অথায়ুর্ভবনস্থভৌমফলম্ ।

বৈকল্যংস্যান্নেত্রয়োর্দুর্ভগত্বং রক্তাৎপীড়ানীচকর্ম্মপ্রবৃত্তিঃ ।
বুদ্ধেরান্ধ্যং সজ্জনানাঞ্চনিন্দা রন্ধ্রস্থানে মেদিনীনন্দনশ্চেৎ ॥ ৩

আয়ুগৃহে মঙ্গল অবস্থিতি করিলে জাতকের নেত্ররোগ, রক্তবিকৃতি-জনিত রোগ, নীচপ্রবৃত্তি, বুদ্ধিহানি ও সাধুনিন্দাপ্রবণতা হইয়া থাকে ।

অথাষ্টমভবনস্থিতসৌম্যফলম্।

ভূপপ্রসাদাপ্তসমস্তসিদ্ধিঃ নরোবিরোধী স্বস্তরাং স্ববর্গে।
সর্ব্বপ্রযত্নৈঃ পরতাপহন্তা রন্ধ্রে ভবেচ্চন্দ্রসুতঃ প্রসূতৌ॥ ৪

নিধনভবনে বুধ থাকিলে মানব রাজপ্রসাদে লব্ধসিদ্ধি, স্বকুলের ব্যক্তিবর্গের সহিত বিবাদ কর্ত্তা, পরবিক্রমাসহিষ্ণু ও পরপ্রতাপনাশক হইয়া থাকে।

অথাষ্টমভবনস্থিতগুরুফলম্।

প্রেষ্যোমনুষ্যো মলিনোতিদীনো বিবেকহীনোবিনয়োজ্ঝিতশ্চ।
নিত্যালসঃক্ষীণকলেবরশ্চেৎ আয়ুর্নিবেশে বচসামধীশঃ॥ ৫

আয়ুগৃহে বৃহস্পতি অবস্থান করিলে জাতক দূত, মলিন, দীন, অবিবেকী, দুর্বিনীত, অলস ও দুর্ব্বল শরীর হইয়া থাকে।

অথাষ্টমভবনস্থভৃগুফলম্।

প্রসন্নমূর্ত্তি র্নৃপলব্ধমানঃ সদাহিশঙ্কারহিতঃ সগর্ব্বঃ।
স্ত্রীপুত্রচিন্তাসহিতঃ কদাচিৎ নরোষ্টমস্থানগতেসিতাখ্যে॥ ৬

আয়ুভবনে শুক্র অবস্থান করিলে জাতক প্রসন্নমূর্ত্তি, রাজসম্মানপ্রাপ্ত, নিঃশঙ্ক, গর্ব্বিত এবং কদাচিৎ স্ত্রীপুত্রচিন্তাযুক্ত হয়।

অথাষ্টমভবনস্থিতশনিফলম্।

কৃশতনুর্নন্নুদক্রবিচর্চ্চিকো বিভবতোদ্ভবদোষবিবর্জ্জিতঃ।
অলসতাসহিতোহিনরোভবেৎ নিধনবেশ্মনি ভানুসুতেস্থিতে॥৭

নিধনভবনে শনি অবস্থান করিলে মানব কৃশ-শরীর, দক্র ও বিচর্চ্চিকারোগযুক্ত, ঐশ্বর্য্যমদরহিত ও অলসপ্রকৃতি হইয়া থাকে।

অথ নিধনভবনস্থিতরাহুফলম্।

নৃপৈঃপণ্ডিতৈর্বন্দিতোনিন্দিতশ্চ সকৃদ্ভাগ্যলাভঃ সকৃদ্ভ্রংশএব।
ধনংজাতুকং তজ্জনাশ্চত্যজন্তি শ্রমগ্রন্থিরুগ্রন্ধ্রগশ্চেদ্বিরাহুঃ॥ ৮

অষ্টমভবনে রাহু অবস্থিতি করিলে মনুষ্য রাজা ও পণ্ডিতদিগের সম্মানার্হ, সহসা সৌভাগ্যযুক্ত এবং সহসা দুর্ভাগ্যলাঞ্ছিত, পরিশ্রমী, স্বজনত্যক্ত ও সময়ে নিধন-গতহইয়া থাকে; তাহার গ্রন্থিরোগ ও হয়।

অথাষ্টমস্থিতকেতুফলম্।

গুদং পীড্যতেবাজনৈর্দ্রব্যরোধো যদাকীটকে কন্যকেযুগ্মকেবা।
ভবেচ্চাষ্টমেরাহুছায়াত্মজেপি বৃষেচাভিযাতেস্তুতার্থস্যলাভঃ॥৯

নিধন ভবনে কেতুগ্রহ অবস্থিতি করিলে জাতক গুহ্যপীড়াগ্রস্ত হয় মিথুন, কন্যা, বা বৃশ্চিকে উক্ত ভাবস্থ কেতু দ্রব্য রোধকর্ত্তা এবং নীচ বা বৃষরাশিস্থ অষ্টম ভবনগত কেতু ধনপুত্রলাভদাতা।

ইত্যষ্টমস্থগ্রহপ্রকরণম সমাপ্তম।

অথ নবমগ্রহফলম্।

অথ নবমভাবনস্থিতরবিফলম্।

ধর্ম্মকর্ম্মনিরতশ্চ সন্মতিঃ পুত্রমিত্রজসুখান্বিতং সদা।
দাতৃবর্গবিষমঃসভবেত্তু ধর্ম্মগেসতিদিবাকরেখলু॥ ১

নবম গৃহে রবি অবস্থান করিলে মানব ধর্ম্ম-কার্য্যরত, উন্নতচেতা, পুত্রমিত্র-সুখযুক্ত ও মাতৃপক্ষের সহিত বৈরকর হয়।

অথ ধর্ম্মভাবস্থিতচন্দ্রফলম্।

কলত্রপুত্র-দ্রবিণোপপন্নঃ পুরাণবার্ত্তা-শ্রবণানুরক্তঃ।
সুকর্ম্মসত্তীর্থপরো নরঃস্যাৎ যদাকলাবান্নবমালয়স্থঃ॥ ২

ধর্ম্মভবনে চন্দ্র অবস্থান করিলে জাতক স্ত্রীপুত্রযুক্ত, ধনী, পুরাণাদি ধর্ম্মকথা-শ্রবণাসক্ত, সৎক্রিয়ান্বিত ও তীর্থপরায়ণ হয়।

অথ নবমভবনস্থিতভৌমফলম্।

হিংসাবিধানে মনসঃ প্রবৃত্তিং ধরাপতের্গৌরবতোপলব্ধিম্।
ক্ষীণঞ্চপুণ্যং দ্রবিণং নরাণাম্ পুণ্যস্থিতঃ ক্ষৌণিসুতঃকরোতি॥

নবমভবনস্থিত মঙ্গল জাতকের হিংস্রকার্য্যপ্রবৃত্তি, রাজানুগ্রহেলব্ধ ধন, ক্ষীণপুণ্য ও ধনহানিকারক হয়।

অথ পুণ্যালয়স্থসৌম্যফলম্।

বুধউপকৃতিধাতাচারুজাতাদরোযো
নুচরধনসুপুত্রৈর্হর্ষযুক্তো বিশেষাৎ।
বিকৃতিযুতমনস্কো ধর্ম্মপুণ্যৈকনিষ্ঠো
হ্যমৃতকিরণজন্মা পুণ্যভাবে যদাস্যাৎ॥

ধর্ম্মগৃহে বুধ অবস্থান করিলে মানব জ্ঞানী, পরোপকারী, জনাদৃত, সুপুত্রবান্ ধনবান্, প্রসন্নচিত্ত অথচ চিত্তবিকৃত ও ধর্ম্ম-কর্ম্মনিষ্ঠ হইয়া থাকে।

অথ নবমভবনেগুরুস্থিতফলম্।

নরপতেঃ সচিবঃ সুকৃতীপুমান্ সকলশাস্ত্রকলা কলনাদরঃ।
ব্রতকরোহিনরোদ্বিজতৎপরঃ সুরপুরোধসি বৈনবমস্থিতে॥

ধর্ম্ম ভবনে বৃহস্পতি থাকিলে মানব রাজসচিব, সুকর্ম্মা, সকল-শাস্ত্রকলাসক্ত, ব্রতপরায়ণ, ও দ্বিজসেবী হয়।

অথ নবমভবনস্থিতভৃগুফলম্।

অতিথিগুরুসুরার্চ্চাতীর্থ যাত্রোৎসবেষু
পিতৃকৃতধনসংঘাত্মান্ত সংজাততোষঃ।
মুনিজনসমবেষো জাতিমান্যঃ কৃশশ্চ
ভবতি নবমভাবে সংস্থিতে ভার্গবেস্মিন্॥

নবমালয়ে শুক্র অবস্থান করিলে জাতক অতিথিবৎসল গুরুসেবারত, দেবপূজক, তীর্থপরায়ণ, পিতৃধনে ধনী, সর্ব্বদা হৃষ্টচিত্ত, মুনিবেশধারী, স্বজাতি সম্মানিত ও কৃশতনু হয়।

অথ পুণ্যালয়স্থশনিফলম্।

ধর্ম্মকর্ম্মরহিতো বিকলাঙ্গো দুর্ম্মতির্হিমনুজোবিমনাঃ সঃ।
সম্ভবস্থসময়েহি নরস্য ভাগ্যসদ্মনিশনৌ স্থিরচিত্তঃ॥

পুণ্যগৃহে শনি অবস্থিত থাকিলে মানব ধর্ম্মকর্ম্মহীন, বিকলাঙ্গ, দুর্ম্মতি, মলিনচিত্ত ও চিন্তাধৈর্য্যবিশিষ্ট হইয়া থাকে।

অথ নবমভবনস্থিতরাহুফলম্ ।

তমোঙ্গীকৃতস্তত্যজেদ্বাব্রতানি ত্যজেৎসোদরান্নৈবচাতিপ্রিয়ত্বাৎ ।
রতিঃকৌতুকেযস্যতস্যাস্তিভাগ্যে শয়ানংসুখং বন্দিনোবোধয়ন্তি॥

ধর্ম্মভবনে রাহু অবস্থান করিলে মানব স্বীকৃতপালনপরায়ণ, ব্রতনিষ্ঠ, অতি স্নেহহেতু সোদরানুরক্ত, কৌতুকপ্রিয় ও প্রভাতে বন্দিদিগের স্তুতিগানে জাগরিত হইয়া থাকে ।

অথ ভাগ্যালয়স্থকেতুফলম্ ।

যদাধর্ম্মগাঃ কেতবোধর্ম্মনাশংস্তুতীর্থেমতিং ম্লেচ্ছতোলাভবৃদ্ধিম্ ।
শরীরেব্যথাবাহুরোগংবিধত্তে তপোদানতোহাস্যবৃদ্ধিংকরোতি ॥

ধর্ম্মভবনে কেতু অবস্থান করিলে জাতক নষ্টধর্ম্ম, তীর্থযাত্রায় মতিযুক্ত, ম্লেচ্ছ সমীপে লব্ধধন, ব্যথিত শরীর, বাহুরোগী এবং তপস্যা ও দানদ্বারা প্রবৃদ্ধহাস্য হইয়া থাকে ।

ইতি ধর্ম্মস্থগ্রহপ্রকরণম সমাপ্তম ।

অথ দশমভাবগ্রহফলম্ ।

অথ দশমভবনস্থিতসূর্য্যফলম্ ॥

সদ্বুদ্ধিবাহনধনাগমনানিনূনং ভূপপ্রসাদসুতসৌখ্যসমন্বিতানি ।
সাধূপকারকরণংমণিভূষণানি মেষূরণে দিনমণিঃ কুরুতেনরাণাম্॥১

দশমভবনে রবি অবস্থান করিলে জাতক সদ্বুদ্ধিসম্পন্ন, যানবাহনভোগী, ধনী, রাজানুগৃহীত, পুত্রসুখেসুখী, সজ্জনোপকার-পরায়ণ, ও মণিভূষণ-সমন্বিত হয় ।

অথ দশমভবনস্থিতচন্দ্রফলম্।

ক্ষৌণীপালাদর্থলব্ধির্বিশালা কীর্ত্তির্মূর্ত্তিঃসত্ত্বসন্তোষযুক্তা।
চঞ্চল্লক্ষ্মীঃ শীলসংশালিনীস্যাৎ মানস্থানেযামিনীনায়কশ্চেৎ॥ ২

দশমভবনে চন্দ্র অবস্থান করিলে মানবের রাজসেবা হইতে প্রভূত অর্থাগম, বিশালাকীর্ত্তি, সত্ত্ব-প্রকৃতি, সন্তোষ ও চিরস্থায়িনী লক্ষ্মী লাভ হয়।

অথ দশমভবনস্থিতভৌমফলম্

বিশ্বম্ভরাপ্তিমথনিত্যমুদাধনিত্বম্
সৎসাহসম্পরজনোপকৃতৌ প্রযত্নম্।
চঞ্চদ্বিভূষণ-মণিদ্রবিণাগমাংশ্চ
মেষূরণেধরণিজঃ কুরুতে নরাণাম্॥ ৩

দশমভবনে মঙ্গল অবস্থান করিলে জাতকের ভূমিলাভ, নিত্য-সন্তোষ, ধনাগম, সৎসাহস, পরোপকার-প্রবণতা ও নানামূল্যবান্ মনিভূষণ দ্রব্যাদি লাভ হয়।

অথ দশমভবনস্থিতসৌম্যফলম্।

জ্ঞাতাত্যন্তশ্রেষ্ঠকর্ম্মামনুষ্যো নানাসম্পৎসংযুতোরাজমান্যঃ।
চঞ্চল্লীলাবাগ্বিলাসাধিশালী মানস্থানেবোধনেবর্ত্তমানে॥ ৪

দশমভবনে বুধ থাকিলে মানব জ্ঞানী, শ্রেষ্ঠকর্ম্মা, সমৃদ্ধিসম্পন্ন, রাজমান্য এবং মধুর বাগ্বিলাসী হয়।

অথ দশমভবনস্থিতগুরুফলম্।

সদ্রাজচিহ্নোত্তমবাহনানি মিত্রাত্মজস্ত্রীরমণী-সুখানি।
যশোবিবৃদ্ধির্বহুধাজগত্যাং রাজ্যেসুরেজ্যেবিজয়ংনরাণাম্॥ ৫

দশমভবনে বৃহস্পতি অবস্থান করিলে মানব রাজলক্ষণ-বিশিষ্ট, উত্তমবাহন-বাহিত, সন্মিত্রত্মাজ, স্ত্রীসুখী ও পৃথিবীব্যাপ্ত-কীর্ত্তি হইয়া থাকে।

অথ দশমভবনস্থভৃগুফলম্।

সৌভাগ্যসম্মানবিরাজমানঃ কান্তাসুতপ্রীতিরতীবনিত্যম্।
ভৃগোঃসুতেরাজ্যগতেনরঃস্যাৎ স্নানার্চ্চনাধ্যানবিরাজমানঃ॥ ৬

দশমভবনে শুক্র থাকিলে জাতক সৌভাগ্যশালী, জনসম্মানিত, স্ত্রীপুত্রসুখী এবং সর্ব্বদা স্নানার্চ্চনা-ধ্যাননিরত হয়।

অথ দশমভবনস্থিতশনিফলম্

রাজ্ঞঃপ্রধানমতিনীতিযুতং বিনীতং
সঙ্গ্রাম-চন্দন-পুরাদ্যধিকারযুক্তম্।
কুর্য্যান্নরং সুখবরং দ্রবিণেন পূর্ণং
মেষূরণেহিতরণেস্তনুজঃ করোতি॥ ৭

দশমভবনে শনি অবস্থান করিলে মানব রাজপ্রধান, নীতিমান, বিনয়ী, চন্দন-গন্ধাদ্যর্চ্চিত-শরীর, যুদ্ধকুশল, পুরাধিকারী, সুখী ও বিনয়াদিগুণযুক্ত হয়।

অথ দশমভবনস্থিতরাহুফলম্।

ধনাদ্যূনতান্যূনতাচপ্রতাপে জনৈর্ব্যাকুলোসৌসুখং নাতিশেতে।
সুহৃদ্দুঃখদগ্ধো জলাচ্ছীতলত্বং পুনঃখেতমো যস্যসক্রূরকর্ম্মা॥ ৮

রাহু দশমভবনগত হইলে জাতকের, ধনাল্পতা, প্রতাপহানি, জনসাধারণের দ্বারায় উদ্বেজিত চিত্ততা,শয্যাসুখহানি বন্ধুজনদুঃখে দুঃখত ও জলশৈত্যভীতি হয়।

অথ দশমভবনস্থিতকেতুফলম্।

পিতুর্ণোসুখংকর্ম্মগোযস্যকেতুঃ
স্বয়ংদুর্ভগোমাতৃনাশংকরোতি।
তথাবাহনৈঃ পীড়িতোরুর্ভবেৎ স
যদাবৈণিকঃ কন্যকাস্থোসিতেষ্টঃ॥ ৯

দশমভবনস্থিত কেতু হইলে জাতকের পিতৃসুখহানি, দৌর্ভাগ্য, মাতৃনাশ, বাহনজনিত উরুপীড়া, এবং কন্যারাশিদশম ভবন হইলে বীণা-বাদনাসক্তি হয়।

অথায়ভাবস্থগ্রহফলম।

অথায়ভবনস্থিতসূর্য্যফলম্।

গীতপ্রীতিঞ্চারুকর্ম্মপ্রবৃত্তিং
শশ্বৎকীর্ত্তীস্বিত্ত-পূর্ত্তিন্নিতান্তম্।
ভূপাৎপ্রাপ্তিংনিত্যমেবপ্রকুর্য্যাৎ
প্রাপ্তিস্থানেভানুমান্ মানবানাম্॥ ১

রবি একাদশ গৃহস্থিত হইলে জাতকের গীতিপ্রীতি, মহৎ কর্ম্মে প্রবৃত্তি, স্থায়ীযশঃ, বিপুলধনাগম ও রাজমান্য হইয়াথাকে।

অথায়ভবনস্থিতচন্দ্রফলম্।

সম্মাননানাধনবাহনাপ্তিঃ কীর্ত্তিশ্চ সদ্ভোগগুণোপলব্ধিঃ।
প্রসন্নতালাভবিরাজমানে তারাধিরাজে মনুজস্যনূনম্॥ ২

আয়ভবনে চন্দ্র অবস্থান করিলে জাতকের নানাসম্মান, ধন, বাহন, কীর্ত্তি, ভোগসুখ গুণগ্রাহিতা ও মানসিক প্রসন্নতা লাভ হয়।

অথায়ভবনস্থিতভৌমফলম্।

তাম্রপ্রবালবিলসৎকলধৌতরক্ত-
বস্ত্রাগমং সুললিতানিচবাহনানি।
ভূপপ্রসাদ-সুকুতূহল-মঙ্গলানি
দদ্যাদবাপ্তিভবনেহি সদাবনেয়ঃ॥ ৩

মঙ্গলগ্রহ আয়ভবনস্থিত হইলে জাতকের তাম্র, প্রবাল; স্বর্ণ, রক্তবস্ত্র, বাহন ও রাজ-প্রসাদ হইতে আনন্দ প্রভৃতিলাভ হইয়া থাকে।

অথায়ভবনগতবুধফলম্।

ভোগাসক্তোত্যন্তবিত্তোবিনীতো
নিত্যানন্দশ্চারুশীলোবলিষ্ঠঃ।
নানাবিদ্যাভ্যাসকৃন্মানবঃস্যাৎ
লাভস্থানে নন্দনে শীতভানোঃ॥ ৪

বুধগ্রহ আয়ভবনগত হইলে মানব ভোগাসক্তচিত্ত, ধনবান, বিনীত, সদা প্রফুল্লচিত্ত, সুন্দর স্বভাব, বলী ও নানাবিদ্যাভ্যাসী হইয়া থাকে।

অথায়ভাবস্থিতবৃহস্পতিফলম্ ।

সামর্থমর্থাগমনঞ্চনূনং সদ্রত্নবস্ত্রোত্তমবাহনানি ।
ভূপপ্রসাদং কুরুতে নরাণাঙ্গীর্ব্বাণবন্দ্যো যদিলাভসংস্থঃ ॥ ৫

বৃহস্পতি আয়ভবনগত হইলে মানবের দেহ বলিষ্ঠ, নানারত্ন-বস্ত্র-বাহন-লাভ, ভূপানুগ্রহ ও অর্থপ্রাপ্তি ঘটিয়া থাকে ।

অথায়ভবনস্থিতশুক্রফলম ।

সদ্‌গীতনৃত্যাদিরতোনিতান্তং নিত্যঞ্চবিত্তাগমনানিনূনম্ ।
সৎকর্ম্মধর্ম্মাগমচিত্তবৃত্তিভৃগোঃ সুতোলাভগতোযদিস্যাৎ ॥ ৫

শুক্র লাভভবনগত হইলে মানব নৃত্যগীতাসক্ত, নানাবিভবযুক্ত, সৎক্রিয়াশীল ও ধর্ম্মাচরণরতিশীল হইয়া থাকে ।

অথায়ভাবস্থিতশনিফলম্ ।

কৃষ্ণাভানামিন্দ্রনীলাদিকানাং নানাচঞ্চদ্বস্তুদন্তাবলানাম্ ।
প্রাপ্তিংকুর্য্যান্মানবানাং প্রকৃষ্টাম্প্রাপ্তিস্থানে বর্ত্তমানোর্কসূনুঃ ॥ ৭

আয়ভবনগত শনি হইলে কৃষ্ণাভইন্দ্রনীলাদিমণি ও হস্তিদন্তনির্ম্মিত-দ্রব্যাদি প্রাপ্তি হইয়া থাকে ।

অথায়ভবনস্থিতরাহুফলম্ ।

লভেদ্বাক্যতোর্থঞ্চরেৎ কিঙ্করেণ
ব্রজেৎকিঞ্চদ্দেশংলভেত প্রতিষ্ঠাম্ ।
দ্বয়োপক্ষয়োর্বিশ্রুতঃ সৎপ্রজাবান
নতাঃ শত্রবঃস্যুস্তমোলাভগশ্চেৎ ॥ ৮

লাভভবনে রাহু অবস্থান করিলে জাতক বাক্যদ্বারা লব্ধার্থ, ভৃত্যের সহিত বিচরণশীল, প্রবাসে প্রতিষ্ঠাবান্, মাতৃপিতৃ পক্ষ উভয়ত্ত অভিজাত, সৎপুত্রবান্ ও শত্রুজয়ী হয় ।

অথায়ভবনস্থিতকেতুফলম্।

সুভাষীসুবিদ্যাধিকোদর্শনীয়ঃ সুভোগঃ সুতেজাঃ সুবস্ত্রোপিযস্য
ভবেদোদরার্ত্তিঃ সুতাদুর্ভগাশ্চ শিখীলাভগঃসর্ব্বলাভঙ্করোতি॥৯

কেতু আয়ভবনগত হইলে মানব মিষ্টভাষী, বিদ্বান, সুরূপ, ভোগী, তেজস্বী, সুবসনপরিধায়ী, উদররোগ-বিশিষ্ট দুর্ভাগ্য সন্তানের জনক ও সর্ব্ববিষয়ে লাভবান হইয়া থাকে।

অথ ব্যয়ভাবস্থগ্রহফলম।

দ্বাদশভবনস্থিতরবিফলম্।

তেজোবিহীনেনয়নেভবেতাস্তাতেন সাকঙ্গতচিত্তবৃত্তিঃ।
বিরুদ্ধবুদ্ধির্ব্যয়ভাবযাতে কাস্তেনলিপ্তাঃ ফলমুক্তমার্য্যৈঃ॥ ১

রবি দ্বাদশভবনগত হইলে জাতক নিস্তেজ-নয়ন-বিশিষ্ট, পিতৃভক্ত, ও বিরুদ্ধ বুদ্ধি হইয়া থাকে।

দ্বাদশভবনস্থিতচন্দ্রফলম্।

হীনত্বম্বৈচারুশীলেনমিত্রৈর্বৈকল্যং স্যান্নেত্রয়োঃশক্রবৃদ্ধিঃ।
রোষাবেশঃস্যান্নরাণাস্বিশেষাৎ শীতাংশুশ্চেদ্দ্বাদশেভাবগেহে॥২

চন্দ্র দ্বাদশভবনে অবস্থান করিলে, জাতক দুষ্ট-প্রকৃতি, কুসঙ্গসেবী, বিকল-নেত্র-বিশিষ্ট, বুদ্ধিমান, শত্রুযুক্ত ও কোপন স্বভাব হইয়া থাকে।

দ্বাদশভবনস্থিতভৌমফলম্‌।

স্বমিত্রবৈরংনয়নাতিবাধাঙ্ক্রোধাভিভূতং বিকলত্বমঙ্গে।
ধনব্যয়ংবন্ধনমল্পতেজো ব্যয়স্থভৌমোবিদধাতিনূনম্‌॥ ৩

মঙ্গল দ্বাদশভবনগত হইলে, মানবের বন্ধুর সহিত শত্রুতা, নয়ন বাধা বা পীড়া, কোপনত্ব, অঙ্গ-বিকলতা, ধনব্যয়, বন্ধন ও তেজোহানি হইয়া থাকে।

অথ দ্বাদশভবনস্থিতসৌম্যফলম্‌।

দয়াবিহীনঃস্বজনৈর্বিভক্তঃ সৎকার্য্যদক্ষোবিজিতারিপক্ষঃ।
ধূর্ত্তোনিতান্তংমলিনোনরঃস্যাৎ ব্যয়োপপন্নেদ্বিজরাজসূনৌ॥ ৪

বুধ দ্বাদশভবনে অবস্থান করিলে, মানব আত্মীয়গণস্বতন্ত্র, সৎকার্য্য নিপুণ, দমিত শত্রু, ধূর্ত্তস্বভাব ও মলিনমূর্ত্তি হইয়া থাকে।

অথ দ্বাদশালয়স্থগুরুফলম্‌।

নানাচিন্তোদ্বেগসঞ্জাতকোপং পাপাত্মানংসালসন্ত্যক্তলজ্জম্‌।
বুদ্ধ্যাহীনম্মানবং মানহীনম্বাগীশোয়ন্দ্বাদশস্থঃকরোতি॥ ৫

দ্বাদশালয়ে গুরু অবস্থান করিলে জাতক উদ্বিগ্নচিত্ত, ক্রোধী, পাপাত্মা, অলস স্বভাব, নির্লজ্জ, নির্বুদ্ধি ও মানহীন হইয়া থাকে।

অথ দ্বাদশভবনস্থভৃগুফলম্‌।

সন্তক্তসৎকর্ম্মবিধির্বিরোধী মনোভবারাধন মানসশ্চ।
দয়ালুতাসত্যবিবর্জ্জিতঃস্যাৎ কাব্যেপ্রসূতৌব্যয়ভাবযাতে॥ ৬

শুক্র দ্বাদশভবনগত হইলে মানব অসৎকর্ম্মপরায়ণ, বিবাদশীল, কামুক, নির্দ্দয় ও মিথ্যা কথনশীল হয়।

অথ দ্বাদশভবনস্থিতশনিফলম্।

দয়াবিহীনোবিধনোব্যয়ার্ত্তঃ সদালসো নীচ-জনানুরক্তঃ।
নরোঙ্গভঙ্গোজ্ঝিতসর্ব্বসৌখ্যো ব্যয়স্থিতেভানুসুতেপ্রসূতৌ ॥

দ্বাদশভবনে শনি অবস্থান করিলে, মানব নির্দ্দয়, ব্যয়কুণ্ঠ, অলস-প্রকৃতি, নীচবন্ধুযুক্ত ভগ্নাঙ্গ ও সর্ব্বসুখ-রহিত হইয়া থাকে।

অথ ব্যয়ালয়স্থরাহুফলম্।

তমোদ্বাদশেবিগ্রহঃসংগ্রহেপি প্রপাতাৎপ্রপাতোথসঞ্জায়তেহি।
নরোভ্রাম্যতীতস্ততোনার্থসিদ্ধিঃ বিরামেমনোবাঞ্ছিতস্য প্রবৃদ্ধিঃ॥৮

রাহু ব্যয়ভবনগত হইলে মানব ধনসংগ্রহে বিবাদশীল, উচ্চ স্থান হইতে পতিত, নানাস্থান পরিভ্রমণরত হইলে ও অনাপ্তসিদ্ধি ও মৃত্যুকাল পর্য্যন্ত প্রবৃদ্ধবাসনা হইয়া থাকে।

অথ হানিগৃহস্থিতকেতুফলম্।

শিখীরিপুক্ষগশ্চারুনেত্রঃসুশিক্ষঃ স্বয়ংরাজতুল্যোব্যয়ংসৎকরো
রিপোর্নাশনংমাতুলান্নৈবশর্ম্ম রুজাপীড্যতেবস্তিগুহ্যংসদৈব ॥ ৯

কেতু দ্বাদশালয়ে অবস্থান করিলে, জাতক সুশিক্ষিত, রাজতুল্য সদ্ব্যয়শীল, রিপুহন্তা, মাতুল হইতে প্রাপ্তার্থ ও বস্তিগুহ্য-রোগ-পীড়িত হইয়া থাকে।

ইতি দ্বিত্যধ্যায়প্রকরণমসমাপ্তম।

দৃষ্ট্যধ্যায়ঃ।

অথ তনুভাবনেগ্রহানাদৃষ্টিফলম।

অথ রবিদৃষ্টলগ্নভাবফলম্

তনুগৃহেসতিসূর্য্যবিলোকনেভ্রমতিদেশবিদেশমসৌসদা।
সুকৃতভাগ্যফলংসুকৃতক্ষয়ংগৃহসুখঞ্চকরোতিনিপীড়িতম্॥ ১

যদি লগ্নগৃহে রবিগ্রহের দৃষ্টি থাকে তবে জাতক দেশবিদেশ-ভ্রমণ-রত হয় এবং তাহার পুণ্যফলে গৃহ সুখাদি হইলেও সুকৃতি ক্ষয়জনিত-পীড়াদি ভোগ হয়। ১।

অথ তনুভাবেচন্দ্রদৃষ্টফলং।

তনুগৃহেসতিচন্দ্রনিরীক্ষিতেবিকলতাং প্রকরোতিনরস্যবৈ।
তদনুমার্গগতেচজলংসদাসরলতাসুকলাক্রয়শোভিতঃ॥ ২

লগ্নভাবে চন্দ্রের দৃষ্টি থাকিলে জাতকের শরীর ও মনের বিকলতা উপস্থিত হয়, তাহার পরে জলবিহারাসক্তি, সরলতা ও কলানুরাগ বৃদ্ধি পায় এবং পণ্যক্রয় দ্বারা জীবিকা হয়।

অথ তনুভাবেভৌমদৃষ্টিফলম্।

আদ্যভাবগেহেকুজেক্ষিতে পিত্তকোপগ্রহণীরুজঃ সদা।
অঙ্ঘ্রিনেত্রবিকলঙ্করংনরংজীবিতোপি তনয়াদিনাশনম্॥

তনুস্থানে ভৌমগ্রহের দৃষ্টি থাকিলে, জাতকের জীবনসংশয়, কারণ তাহার পিত্তকুপিত হইয়া প্রবল গ্রহণী রোগ উপস্থিত করে। জীবিত থাকিলেও তাহার নেত্র ও চরণের রোগ উপস্থিত হয়। তনয়াদি জীবিত থাকে না।

অথ লগ্নভাবেসৌম্যদৃষ্টিফলম্।

তনুগৃহেসতিচন্দ্রসুতেক্ষণে বণিজরাজকুলেপুরুষোন্নতিঃ।
স্বজনসৌখ্যযুতঃপ্রসবঃস্ত্রিয়স্তদনুজস্যচিরংস্থিতিমায়ুষঃ।

লগ্নগৃহে বুধের দৃষ্টি থাকিলে, বাণিজ্যে বা রাজকুল হইতে জাতকের উন্নতি হয়। তাহার স্বজনাদি সৌখ্যযুক্ত হয় এবং তাহার প্রথম সন্তান কন্যা হইলেও পরে দীর্ঘায়ু পুত্র লাভ হয়।

অথ গুরুদৃষ্টলগ্নফলম্।

তনুগৃহেসতিদেবপুরোহিতে গৃহসুখংপ্রচুরং খলুভাগ্যবান্।
সকলবিত্তগৃহেগ্রহসম্বলে ব্যয়করশ্চিরজীবিনরঃসদা॥

তনুগৃহে যদি দেবগুরুর পূর্ণদৃষ্টি থাকে, তাহা হইলে জাতক বহু ভাগ্যবান ও গৃহসুখী হয় এবং বলবান গ্রহ বিত্তস্থ থাকিলে দীর্ঘজীবী ও ব্যয়শীল হয়।

অথ ভৃগুদৃষ্টলগ্নফলং।

সম্পূর্ণদৃষ্টির্যদিজন্মলগ্নে শুক্রঃসদাস্যাত্তনুরুত্তমাচ।
নানার্থসম্ভোগকলত্রসৌখ্যং সৌন্দর্য্যরূপংখলুভাগ্যযুক্তঃ॥

লগ্নে শুক্রগ্রহের পূর্ণদৃষ্টি থাকিলে জাতক সুন্দরদেহী, নানার্থভোগী, কলত্র সুখেসুখী, শ্রীমান ও ভাগ্যবান হয়।

অথ তনুভাবেশনিদৃষ্টিফলম্।

তনুগৃহেসতিমন্দনিরীক্ষিতে তনুসুখংপ্রকরোতিনরস্যন।
অনিলপীড়িতবাতরুজা ভবেন্নচগুণাধিক আলয়কৃদ্ভবেৎ॥

রবিসুত যদি লগ্নস্থানে পূর্ণদৃষ্টিতে অবলোকন করেন, তাহা হইলে জাতকের দেহসুখ থাকেনা, কারণ সে বাতব্যাধি পীড়িত হয়। ঐ জাতক গুণহীন হইলেও আপনার গৃহনির্ম্মাণে সক্ষম হয়।

ইতি তনুভবনস্থগ্রহদৃষ্টিফলম্

দৃষ্ট্যধ্যায়ঃ।

অথ ধনভবনেগ্রহানাংদৃষ্টিফলম্।

অথ সূর্য্যদৃষ্টধনগৃহফলম্।

ধনগৃহেসতিভাস্করবীক্ষিতেপিতৃধনঃপিতৃনাশকরশ্চহি।
স্বপরাক্রমজীবিচতুষ্পদাৎ সুখকরোপিচগুহ্যনিপীড়নম্॥ ১

ধনগৃহে সূর্য্যের দৃষ্টি থাকিলে জাতকের পিতৃধনপ্রাপ্তি, পিতৃনাশ, স্ববীর্য্যার্জ্জিতজীবিকা, চতুষ্পদজন্তু হইতে সুখলাভ ও গুহ্যস্থানেপীড়া হইয়া থাকে।

অথ চন্দ্রদৃষ্টধনগৃহফলম্।

কুটুম্বভাবেযদিচন্দ্রদৃষ্টিঃ কুটুম্বসৌখ্যংহ্যতুলংকরোতি।
স্ববংশবৃদ্ধিংস্বশরীরপীড়াং জলাদ্ভয়ংলোহভয়ংসমাষ্টকে॥ ২

দ্বিতীয়গৃহে চন্দ্রের দৃষ্টি থাকিলে, জাতকের অতুল কুটুম্বসুখ, বংশবৃদ্ধি, শারীরিক পীড়া এবং অষ্টম বর্ষে লৌহ ও জল হইতে ভয় হয়।

অথ ভৌমদৃষ্টধনস্থানফলম্ ।

কুটুম্বগেহেসতিভৌমদৃষ্টে কুটুম্বসৌখ্যং নভবেন্নরস্যহি ।
প্রাপ্তেশ্চলোকোন্নুদিনংসদৈবগুদোদরেব্যাধিরুগর্দ্দিতস্যাৎ ॥ ৩

কুটুম্বভবনে মঙ্গলের পূর্ণদৃষ্টি থাকিলে মানবের কুটুম্বসুখহানি, আয়নাশ, গুহ্যস্থানেও উদরে পীড়া হইয়া থাকে।

সৌম্যদৃষ্টধনগৃহফলম্ ।

ধনগৃহেসতিচন্দ্রসুতেক্ষিতে ধনসুখংহ্যতুলঞ্চভবেৎসদা ।
তদনুভাগ্যযুতোবহুজীবিতঃ সকলভোগবিলাসযুতোনরঃ ॥ ৪

ধনগৃহ নিষ্পাপবুধদৃষ্ট হইলে মানবের অতুল ধনসম্পদ, সৌভাগ্য, লাভ, দীর্ঘায়ু ও ভোগবিলাস হইয়া থাকে।

অথ ধনগৃহেগুরুদৃষ্টিফলম্ ।

ধনগৃহেসুরপূজিতবীক্ষিতেধনচয়ং প্রকরোতিনরঃসদা ।
বহুলভাগ্যযুতঃ শুভবুদ্ধিমান্ স্বজনপূর্ণসুখংপ্রকরোতিহি ॥ ৫

দ্বিতীয়লগ্নে গুরু দৃষ্টি করিলে, মানব সর্ব্বদা ধনসঞ্চয়তৎপর, ভাগ্যবান ধীমান ও আত্মীয়কুটুম্ব সুখে মহা সুখী হয়।

অথ ভৃগুদৃষ্টধনস্থানফলম্ ।

ধনগৃহেসতিশুক্রনিরীক্ষিতে ধনসুখঞ্চকরোতিদিনেদিনে ।
স্বজনসৌখ্যকরোনিতরাং সদাশ্রমকরঃস্বজনারিবিনাশকঃ ॥ ৬

ধনস্থানে দানবগুরুর দৃষ্টি থাকিলে মানবের প্রতিদিন ধনলাভ, স্বজন-সৌখ্য-লাভ, পরিশ্রম এবং স্বজনদিগের ও তাহাদিগের শত্রুর নিধন হয়।

অথ শনিদৃষ্টধনগৃহফলম্ ।

ধনগৃহেসতিমন্দনিরীক্ষিতে ধনবিনাশকরস্বজনোরিপুঃ ।
তদনুবীর্য্যতনুপ্রমিতেঽশুভং সলিলতোভয়মপ্যথবারুজম্ ॥ ৭

ধনস্থানে শনিগ্রহের পূর্ণদৃষ্টি থাকিলে মানবের ধনবিনাশ, স্বজন-বৈরিতা এবং ত্রয়োদশবর্ষে সলিল্ বা বায়ু হইতে অশুভোদয় হয় ।

অথ রাহুদৃষ্টধনগৃহফলম্ ।

কুটুম্বভাবেযদিরাহুদৃষ্টিঃ কুটুম্বসৌখ্যংনকরোতিপুংসাম্ ।
জলাদ্ভয়ঞ্চৈব চতুর্দ্দশেব্দেতথাষ্টমেবর্ষউপৈতিমৃত্যুম্ ॥ ৮

কুটুম্বভাবে রাহুরদৃষ্টি থাকিলে মানবের কুটুম্বসুখহানি, অষ্টমবর্ষে মৃত্যুভয় ও চতুর্দ্দশবর্ষে জলভয় উপস্থিত হয় ।

ইতি গ্রহদৃষ্টধনগৃহফলম্ সমাপ্তম্ ।

অথ সহজভাবেগ্রহাণাং দৃষ্টিফলম্ ।

অথ রবিদৃষ্টতৃতীয়গৃহফলম্ ।

তৃতীয়গেহেরবিবীক্ষিতেচ সহোদরংপূর্ব্বসুখংবিনশ্যেৎ ।
পরাক্রমেবাধিভবঃ স্বভাগ্যেনৃপাদ্ভয়ংচৈবনসংশয়োত্র ॥ ১

তৃতীয়গৃহে রবিগ্রহের দৃষ্টি থাকিলে, জাতকের পূর্ব্বসুখ ও সহোদর-সুখনাশ, পীড়া, ভাগ্যজনিত রাজপীড়া ও পরাক্রমহানি হয় ।

অথ সহজভবনেচন্দ্রদৃষ্টিফলম্।

সহজভেসতিচন্দ্রবিলোকিতে ভগিনিজন্মকরোনপরাক্রমী।
প্রথমপূর্ব্বধনেনসুখং ধনস্তদনুচোত্তরগেসকলার্থদঃ ॥ ২

তৃতীয়ভবনে চন্দ্রের দৃষ্টি থাকিলে মানব বহুভগিনীবিশিষ্ট, হীনবীর্য্য, প্রথম জীবনে পূর্ব্বধনব্যয় দ্বারা ক্লিষ্ট এবং পরজীবনে বিশিষ্ট অর্থশালা ও সুখী হয়।

সহজলগ্নেভৌমদৃষ্টিফলম্।

তৃতীয়ভাবেযদিভৌমদৃষ্টিঃ পরাক্রমে সিদ্ধিমুপৈতিনূনম্।
দেশান্তরেরাজগৃহেচমান্যং সহোদরাণাঞ্চবিনাশনংস্যাৎ ॥ ৩

তৃতীয়ভাবে মঙ্গলের দৃষ্টি থাকিলে জাতক স্বপরাক্রমে সিদ্ধিলাভ দেশান্তরে ও রাজ গৃহে সম্মান লাভ করে কিন্তু তাহার ভ্রাতা থাকেনা।

অথ তৃতীয়গৃহোপরিসৌম্যদৃষ্টিফলম্।

সহজভেদ্বিজরাজসুতেক্ষিতে সহজসৌখ্যযুতশ্চনরঃসদা।
বণিজকর্ম্মরতোত্রবিচক্ষণোনরবরঃখলুতীর্থকরোদ্যমী ॥ ৪

সহজভবনে বুধেরদৃষ্টি থাকিলে মানব ভ্রাতৃসুখী, বাণিজ্যরত, বিচক্ষণ, তীর্থসেবী ও অধ্যবসায়ী হয়।

অথ ভ্রাতৃভবনেসুরগুরুদৃষ্টিফলম্।

সুরগুরুর্যদিবিক্রমমীক্ষতেসহজসৌখ্যযুতঃপুরুষোভবেৎ।
পিতৃধনংপিতৃবর্জ্জিতগর্ব্বিতঃ স্বজনবন্ধুরতোথচ কীর্ত্তিমান্ ॥ ৫

তৃতীয়ভবনে বৃহস্পতির দৃষ্টি থাকিলে জাতক ভ্রাতৃসুখেসুখী, পিতৃধনাধিকারী, পিতৃবর্জ্জিত গর্ব্বিত-স্বজনবন্ধুরত ও যশস্বী হয়।

অথ ভৃগুদৃষ্টসহজস্থানফলম্ ।

সহজভেসতিভার্গববীক্ষিতে সহজসৌখ্যযুতশ্চনরঃসদা ।
তদনুপুষ্টিযুতঃকিলকন্যকাজনিবিদেশগতোনৃপপূজিতঃ ॥ ৬

সহজভবনে শুক্রের দৃষ্টি থাকিলে জাতক সুভ্রাতৃক, পুষ্টশরীর, বহুকন্যাযুক্ত, প্রবাসী ও রাজমান্য হয় ।

অথ সহজভবনেশনিদৃষ্টিফলম্ ।

সতিপরাক্রমভেশনিবীক্ষিতে বহুপরাক্রমবান্বলবান্ভবেৎ ।
সহজপক্ষসুসৌখ্যবিনাশকঃ ফলবিপাকদশাসুফলংনহি ॥ ৭

তৃতীয়গৃহে শনিরদৃষ্টি থাকিলে মানব বলবান্, পরাক্রান্ত ও সহোদর দিগের দুঃখদায়ক হয় । তাহার শনি দশায় কোন শুভ ফল নাই ।

রাহুদৃষ্টসহজভবনফলম্ ।

তৃতীয়গেরাহুনিরীক্ষিতেচ পরাক্রমাৎসিদ্ধিমুপৈতিনূনম্ ।
নানার্থসৌখ্যংবহুপুত্রদুঃখং চৌরাগ্নিসর্পান্নচরাজভীতিম্ ॥ ৮

তৃতীয়স্থানে রাহুর দৃষ্টি থাকিলে জাতক নিশ্চিত পরাক্রমের দ্বারায় সিদ্ধি ও নানা অর্থসুখ-লাভ করে, তাহার বহুল পুত্রদুঃখ হয় এবং চৌরাগ্নি সর্প ও রাজা হইতে তাহার কোন ভয় থাকে না ।

ইতি গ্রহদৃষ্টভ্রাতৃস্থানফলম্ ।

অথ চতুর্থভাবেগ্রহাণাংদৃষ্টিফলম্।

তত্রাদৌরবের্দৃষ্টিফলম্।

বিলোকিতেচাপিচতুর্থগেহেসূর্য্যঃকরোত্যেবহিমাতৃপীড়াম্।
বন্ধুক্ষয়ঞ্চৈবযশঃসুখঞ্চলাভার্থদং পুণ্যযশঃসদৈব॥ ১

বন্ধুগৃহে রবিগ্রহের দৃষ্টি থাকিলে জাতকের মাতৃপীড়া, বন্ধুক্ষয়, যশোলাভ, ধনলাভ প্রভৃতি হইয়া থাকে।

অথ সুখগৃহেচন্দ্রদৃষ্টিফলম্।

তুরীয়গেশীতকরেচদৃষ্টেবন্ধুক্ষয়ঞ্চৈবযশঃসুখঞ্চ।
লাভার্থদংপুণ্যযশঃসবায়ূঃ পিত্রাদিলোকান্নকরোতিসৌখ্যম্॥ ২

চতুর্থভবনে চন্দ্রের দৃষ্টি থাকিলে জাতকের বন্ধুক্ষয়, যশোলাভ, অর্থলাভ, সুখ, পুণ্য, কর্ম্মজনিত-কীর্ত্তি, বায়ূপীড়া ও পিতৃলোকাদির সুখহানি হয়।

অথ সুখভাবেভৌমদৃষ্টিফলম্।

তূর্য্যভাবগৃহ আরবীক্ষিতে মাতৃকষ্টমথতূর্য্যবর্ষকে।
ভূপতের্ভবতি ভূমিতঃসুখং দর্শনেনচ রিপুর্বিনশ্যতি॥ ৩

সুখভবন মঙ্গলদৃষ্ট হইলে জাতকের চতুর্থ বর্ষে মাতৃক্লেশ, ভূপতি ও ভূমি হইতে সুখলাভ এবং দৃষ্টি মাত্রে রিপু নাশ হয়।

অথ সুখভবনেসৌম্যদৃষ্টিফলম্।

বুধেক্ষিতেসত্যথতূর্য্যভাবে মাতুশ্চসৌখ্যং প্রচুরংকরোতি।
রাজ্যাদিসৌখ্যং ধনবর্দ্ধনঞ্চপিতুর্ধনঞ্চৈবহিকামলুব্ধং॥ ৪

সুখভবন বুধদৃষ্ট হইলে জাতকের মাতার প্রচুর সুখ, রাজ্যলাভ, পিতৃধনলাভ, ধনবৃদ্ধিজনিত সুখ ও কামুকতা হয়।

অথ গুরুদৃষ্টচতুর্থভবনফলম্।

হিবুকসদ্মনিচার্য্যনিরীক্ষিতে জনকমাতৃসুখংত্বতুলম্ভবেৎ।
গজরথাশ্চযুতোথচ পণ্ডিতঃ স্বজনবর্গভবমত্বতুলংযশঃ॥ ৫

সুখভবন গুরুদৃষ্ট হইলে জাতকের অতুলনীয় পিতৃমাতৃ সুখ, গজরথাশ্ববাহনসুখ, পাণ্ডিত্য ও আত্মীয়স্বজন হইতে প্রভূত যশোলাভ হয়।

অথ চতুর্থভাবেভৃগোর্দৃষ্টিফলম্।

সম্পূর্ণদৃষ্টির্যদিতূর্য্যভাবে শুক্রস্তদামাতৃসুখং করোতি।
কর্ম্মাধিকোদ্রব্যযুতোনরঃস্যাদ্‌যশশ্চসৌখ্যং বহুবাহনোত্থম্॥ ৬

সুখভাব শুক্রদৃষ্ট হইলে মানবের মাতৃসুখ, কর্ম্মাধিক্য, বৈভব, যশঃ, সুখ ও বাহনাদি লাভ হইয়া থাকে।

অথ তূর্য্যভাবেশনিদৃষ্টিফলম্।

তূর্য্যভাবভবনেশনীক্ষিতে তাতমাতৃমরণম্ভবেন্নৃণাম্।
জন্মতোহিখলুতূর্য্যবর্ষকেষোড়শেথগদতোমহদ্ভয়ং॥ ৭

চতুর্থভবন শনিদৃষ্ট হইলে মানবের পিতৃমাতৃমৃত্যু অকালেহয় এবং চতুর্থ, ও ষোড়ষবর্ষে বিশেষ পীড়া হয়।

রাহুদৃষ্টচতুর্থভবনফলম্।

চতুর্থগেহেতমসানিরীক্ষিতে মাতুঃসুখং নৈবকরোতিতস্য।
কর্ম্মোদয়ং ম্লেচ্ছকুলাজ্জয়ঞ্চ ব্যথোদরেস্যাচ্চনরস্যদারুণা॥ ৮

চতুর্থভবন রাহুদৃষ্ট হইলে জাতকের মাতৃসুখহানি, ম্লেচ্ছকুল হইতে কর্ম্মোন্নতি ও বিজয়লাভ এবং উদরে দারুণ ব্যথা সঞ্চার হয়।

ইতি চতুর্থভবনগ্রহদৃষ্টিফলম্

অথ সুতভবনোপরিগ্রহানাং দৃষ্টিফলম্।

আদৌরবেদৃষ্টিফলম্।

সুতগৃহেসতিসূর্য্যনিরীক্ষিতে প্রথমসন্ততিনাশকরশ্চহি।
তদনুপীড়িতবাতযুতঃসদা গৃহভবাল্পসুখঃ কথিতঃসদা॥ ১

সুতগৃহে রবির দৃষ্টি থাকিলে জাতকের প্রথমসন্ততিনাশ, বায়ু-পীড়া ও স্ত্রীসুখাল্পতা হইয়া থাকে।

অথ চন্দ্রদৃষ্টসুতভবনফলম্।

সুতস্থানগাচন্দ্রদৃষ্টির্যদাস্যাৎ প্রসূতেসুখং মিত্রজাতংসদৈব।
নরেন্দ্রাদিতুল্যঃস্ববংশপ্রধানোপ্যথৈবান্যদেশেক্রয়েজীবিতঞ্চ॥২

সুতগৃহ চন্দ্রদৃষ্ট হইলে মানব সুখী, সদ্‌বন্ধুবিশিষ্ট, রাজতুল্য,স্বকুলপ্রধান অথবা পরদেশে পণ্যজীবী হয়।

অথ পঞ্চমভবনভৌমদৃষ্টিফলম্।

সুতগৃহেসতিভৌমনিরীক্ষিতে প্রথসন্ততিনাশকরশ্চহি।
জঠরগঃ খলুবহ্নিরথাধিকো ক্ষুধিতোঽটতি নরো গৃহে গৃহে॥ ৩

পঞ্চমগৃহ মঙ্গলকর্তৃক দৃষ্ট হইলে জাতকের প্রথমসন্ততিনাশ, জঠরাগ্নির আধিক্য ও ক্ষুত্তাড়নায় গৃহে গৃহে ভ্রমণ হয়।

অথপঞ্চমভাবেসৌম্যদৃষ্টিফলম্।

সম্পূর্ণদৃষ্টির্যদিপঞ্চমেচ বুধস্তদাস্যাত্তনয়প্রসূতিঃ।
চতুষ্টয়াস্তেখলুপুত্রজন্ম সুকীর্ত্তিরৈশ্বর্য্যযুতোনরোহি॥ ৪

পঞ্চমভবন বুধকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতকের প্রথম সন্ততি কন্যা ও চারিটি কন্যার পর পুত্রলাভ, যশোলাভ ও ঐশ্বর্য্য লাভ হইয়া থাকে।

অথ সুতভবনেগুরুদৃষ্টিফলম্।

সন্তানভাবেগুরুপূর্ণদৃষ্টিঃ সন্তানসৌখ্যং প্রচুরংকরোতি।
শাস্ত্রেষুনৈপুণ্যমথোচলক্ষ্মীম্ বিদ্যাংধনংবৈ চিরজীবিতঞ্চ॥ ৫

সুতস্থান গুরুদৃষ্ট হইলে জাতকের প্রচুর সন্তানসুখ, শাস্ত্রনৈপুণ্য, লক্ষ্মীমত্তা, বিদ্যাবত্তা, ধন ও দীর্ঘায়ুষ্মতা হয়।

অথ পঞ্চমভবনেভৃগুদৃষ্টিফলম্।

সুতগৃহংযদিকাব্যনিরীক্ষিতং তনয়জন্ম পুনশ্চসুতাভবেৎ।
দ্রবিণবান্ খলুধান্যসুসঞ্চয়ী পঠতিশাস্ত্রমথাপিচ সৌখ্যভাক্॥৬

পঞ্চমভবনে শুক্রগ্রহের দৃষ্টি থাকিলে. জাতকের প্রথমে পুত্র তৎপরে কন্যা ও নানাদ্রব্যলাভ, ধান্যাগম, সঞ্চয়, শাস্ত্রালোচনা ও সুখলাভ হয়।

অথ শনিদৃষ্টপঞ্চমভবনফলম্।

সুতগৃহংযদি মন্দনিরীক্ষিতং সুতসুখংনকরোতি নরস্যহি॥
স্থিরমনাযশআময়বৃদ্ধিভাক্ স্বকুলধর্ম্মরতশ্চ চিরম্ভবেৎ॥ ৭

পুত্রস্থানে শনির দৃষ্টি থাকিলে, জাতকের পুত্রসুখ থাকে না এবং সে স্থিরমনা, যশস্বী, রোগী ও কুলধর্ম্মরত হয়।

অথ রাহুদৃষ্টপঞ্চমভাবফলম্।

সুতগৃহং যদিরাহুনিরীক্ষিতং সুতসুখংনকরোতি নরস্যহি।
তদনুভাগ্যযুতো নৃপতের্জয়ঃ শ্রমকৃতাবিফলাপিহিভারতী॥ ৮

পুত্রস্থান রাহুদৃষ্ট হইলে মানবেরপুত্রসুখহানি, রাজানুগ্রহে ভাগ্যোদয়, বিবাদে জয় এবং বহু চেষ্টা সত্ত্বেও বিদ্যার নিষ্ফলতা হয়।

ইতি পঞ্চমভবনেগ্রহদৃষ্টিফলম্।

অথ রিপুভাবেগ্রহানাংদৃষ্টিফলম্।

অথ রবিদৃষ্টরিপুগৃহফলম্।

রিপুগৃহেঽথচ সূর্য্যনিরীক্ষিতে রিপুবিনাশকরশ্চনরঃসদা।
ভবতিদক্ষিণনেত্ররুজার্দ্দিতঃ খলুসুখং নভবেজ্জননীজনম্॥ ১

শত্রুগৃহে রবির দৃষ্টি থাকিলে, জাতক রিপুনিহন্তা, দক্ষিণ-নেত্ররোগী, ও মাতা প্রভৃতির অশুভকারী হয়।

অথ চন্দ্রদৃষ্টরিপুগৃহফলম্।

অরিগৃহেসতিচন্দ্রনিরীক্ষিতে রিপুবিবৃদ্ধিকরঃ সততং নৃণাম্।
ক্ষয়কফার্ত্তিরুজোমদনক্ষয়ং গুরুযুতোবহুরোগযুতোভবেৎ॥ ২

শত্রুগৃহে চন্দ্রদৃষ্ট হইলে, জাতকের রিপুবৃদ্ধি, ক্ষয়কাশ ও শিথিলেন্দ্রিয়তা হয়।

অথ ভৌমদৃষ্টরিপুগৃহফলম্।

ভৌমদৃষ্টিসমবেক্ষিতেরিপৌ বৈরিনাশনকরোনরস্যহি।
মাতুলীয়সুখনাশনঃসদা লৌহশস্ত্ররুধিরাগ্নি-পীড়নম্॥ ৩

রিপুগৃহে মঙ্গল দৃষ্টি করিলে, জাতক শত্রুহন্তা, মাতুল পক্ষের সুখনাশক ও দূষিতশোণিত-জনিত পীড়া এবং অস্ত্র ও অগ্নিভয়যুক্ত হয়।

অথ সৌমদৃষ্টরিপুগৃহফলম্।

ষষ্ঠেগৃহেচন্দ্রসুতেনবীক্ষিতে বিশেষতোমাতুলজঞ্চসৌখ্যম্।
পরাপবাদী পরকর্ম্মকারী নানারিপুদ্বেষকরশ্চসস্যাৎ ॥ ৪

শত্রুভবনে বুধের দৃষ্টি থাকিলে জাতকের বিশিষ্ট মাতুলসুখ, পরনিন্দাপরায়ণতা, পরাজ্ঞাবহত্ব ও বহু শত্রু হয়।

গুরুদৃষ্টরিপুগৃহফলম্।

রিপুগৃহেসুরমন্ত্রীনিরীক্ষিতে রিপুবিবৃদ্ধিমহাক্ষয়কারকঃ।
স্থিতিবিনাশকরঃসভবেন্নরঃ পরিকরোতিচ মাতুলজংসুখম্ ॥ ৫

রিপুভবন গুরুদৃষ্ট হইলে জাতক শত্রুযুক্ত, ক্ষয়ধর্ম্মী, সম্পত্তি-বিলোপকারী, বংশগৌরবনাশক ও মাতুলসুখে সুখী হয়।

শুক্রদৃষ্টরিপুগৃহফলম্।

অরিগৃহেসতিশুক্রনিরীক্ষিতে ভবতিমাতুলজং সুখমদ্ভুতং।
স্বয়মপীহভবেজ্জনপূজিতো রিপুবিবৃদ্ধিবিনাশকরোপিহি ॥ ৬

অরিগৃহ শুক্রবীক্ষিত হইলে জাতকের মাতুলপক্ষ হইতে অতুল সুখ, জনসম্মান ও রিপুকুলের উন্নতিনাশ হয়।

শনিদৃষ্টশত্রুগৃহফলম্।

অরিগৃহেসতিমন্দনিরীক্ষিতে রিপুবিনাশকরঃ সচমাতুলৈঃ।
চরণনেত্রমুখেব্রণপীড়িতঃ পরুষবাগ্জ্বরমেহনিপীড়িতঃ ॥ ৭

শনি শত্রুভবনে দৃষ্টি করিলে জাতকের রিপু ও মাতুলকুলনাশ, নেত্রচরণমুখব্রণপীড়া, বাক্‌পারুষ্য ও জ্বরমেহ রোগ হয়।

রাহুদৃষ্টশত্রুভবনফলম্।

অরিগৃহেসতিরাহুনিরীক্ষিতে রিপুবিনাশকরোমনুজোভবেৎ।
খলবশাদ্ধনহানিকরোনরঃ সকলসদ্গুণবান্‌বিনয়ান্বিতঃ। ৮

শত্রুভবনে রাহুর দৃষ্টি থাকিলে মানব রিপুহন্তা, খলসংসর্গে ধন-নাশক, গুণী ও বিনয়ী হয়। মতান্তরে, রাহু অন্য খলগ্রহযুক্ত হইলে ধনহানি-কারক হয়।

ইতি রিপুভাবস্থগ্রহদৃষ্টিফলম্।

সপ্তমভাবে গ্রহানাম্ দৃষ্টিফলম্।

অথ রবিদৃষ্টসপ্তমভবনফলম্।

সম্পূর্ণদৃষ্টির্যদিকামভাবে সূর্য্যশ্চকুর্য্যাৎ মদনক্ষয়ঞ্চ।
জায়াবিনাশং খলুশত্রুপীড়াং নরোভবেৎপাণ্ডুরদেহবর্ণঃ॥ ১

সপ্তমভবনে রবি দৃষ্টি করিলে জাতক কামকলায় আসক্ত, বিপত্নীক, শত্রুগ্রস্ত ও পাণ্ডুবর্ণ দেহ হয়।

অথ চন্দ্রদৃষ্টসপ্তমভবনফলম্।

জায়াগৃহেশীতকরেণদৃষ্টে মন্দাস্যভার্য্যাগুণশালিনীচ।
চাপল্যযুক্তাগজগামিনীচ পরাপবাদেনিপুণাকুশীলা॥ ২

সপ্তমভবন চন্দ্রদৃষ্ট হইলে জাতকের স্ত্রী গুণশালিনী, চপলা, মন্দমধুরগামিনী, পরকুৎসানিপুণা ও দুঃশীলা হয়।

অথ ভৌমদৃষ্টসপ্তমভবনফলম্।

জায়াগৃহেভৌমনিরীক্ষিতেচ জায়াবিনাশং কুরুতেচ পুংসাম্।
বস্তৌতথাব্যাধিনিপীড়িতশ্চ স্ত্রীতোবিবাদোগমনেভয়ঞ্চ॥ ৩

সপ্তমগৃহ কুজনিরীক্ষিত হইলে জাতক বিপত্নীক, বস্তি-পীড়াগ্রস্ত, স্ত্রীবিবাদপরায়ণ ও পথে ভয়প্রাপ্ত হয়।

অথ জায়াভবনেসৌম্যদৃষ্টফলম্ ।

জায়াগৃহেচন্দ্রসুতেনদৃষ্টে জায়াসুখঞ্চৈব করোতিপুংসাম্ ।
জীবেচ্চিরং সোদ্ভুতগাত্রধারী কলাধিশালীধনধান্যভোগী ॥ ৪

জায়াগৃহে বুধের দৃষ্টি থাকিলে, জাতক স্ত্রীসুখে সুখী, দীর্ঘায়ু, অদ্ভুতাকৃতি, কলানিপুণ ও ধনধান্তভোগী হয় ।

অথ গুরুদৃষ্টসপ্তমভবনফলম্ ।

কলত্রভাবে মরপূজ্যদৃষ্টে জায়াসুখং পুত্রসুখং নরস্য ।
ব্যাপারলাভোমহতীপ্রতিষ্ঠা ধনেনধর্ম্মেণচ সংযুতোয়ং ॥ ৫

ধনগৃহ গুরুদৃষ্ট হইলে,জাতক স্ত্রীপুত্রসুখভোগী, ব্যবসায়ে লব্ধোন্নতি, প্রতিষ্ঠাযুক্ত, ধনী ও ধার্ম্মিক হয় ।

অথ ভৃগুদৃষ্টসপ্তমভবনফলম্ ।

কলত্রভাবে সুরপূজ্যদৃষ্টে জায়াসুখং পুত্রসুখং করোতি ।
প্রভূতপুত্রংযদিসৌম্যযুক্তো ব্যাপারসৌখ্যংবিমলাঞ্চবুদ্ধিম্ ॥ ৬

কামগেহে শুক্রের দৃষ্টি থাকিলে জাতক জায়াপুত্রসুখভোগী (শুভগ্রহ বা মিত্রযুক্ত শুক্র হইলে, বহুবিত্তশালী, ব্যবসায়ে লাভবিশিষ্ট ও নির্ম্মল বুদ্ধি) হইয়া থাকে ।

অথ শনিদৃষ্টসপ্তমভবনফলম্ ।

জায়াগৃহেমন্দনিরীক্ষিতেচ জায়াবিনাশঃ খলুমৃত্যুতুল্যঃ ।
পাণ্ডুব্যথাচাথতনৌচপুংসাং জ্বরাতিসারগ্রহণীবিকারঃ ॥ ৭

কামগৃহ শনিদৃষ্ট হইলে জাতক বিপত্নীক হইয়া শোকে মৃতপ্রায় হইয়া থাকে এবং তাহার পাণ্ডুরোগ, জ্বরাতিসার, গ্রহণী প্রভৃতি রোগ হয় ।

রাহুদৃষ্টজায়াভবনফলম্‌।

সতিকলত্রগৃহেতমবীক্ষিতে মদবিবৃদ্ধিরথো মনুজস্তবৈ।
স্ববচনংহি সদৈবতুসাধয়েত্তমদশাসময়ে ম্রিয়তেঙ্গনা॥ ৮

সপ্তমভবনে রাহুগ্রহের দৃষ্টি থাকিলে জাতক ঐশ্বর্য্যমদে মত্ত ও স্ববচন-পালনরত হয়। রাহুর দশার ভোগকালে তাহার স্ত্রীবিনাশ হইয়া থাকে।

ইতি সপ্তমভবনেগ্রহানাংদৃষ্টিফলম্‌।

অথাষ্টম ভাবস্থিত গ্রহানামৃদৃষ্টিফলম্‌।

অথ সূর্য্যদৃষ্টাষ্টমভবনফলম্‌।

দ্যুমণিবীক্ষিতমষ্টমকংগৃহং গুদরুজাস্তিকরঞ্চ নরস্যহি।
পিতৃপরাচরণ ব্রতবির্জ্জতো নৃপতিপীড়িতবাঞ্ছিতপরস্ত্রিকঃ॥ ১

নিধনভাবে রবি দৃষ্টি করিলে মানবের গুহ্যপীড়া পিতৃধর্ম্ম বা আচরণ ত্যাগ, রাজপীড়া ও পরস্ত্রীগমন প্রবৃত্তি হয়।

অথ চন্দ্রদৃষ্টাষ্টমভবনফলম্‌।

সম্পূর্ণদৃষ্টির্যদিরন্ধ্রগেহে বিধোস্তুকুর্য্যাৎ খলুমৃত্যুতুল্যম্‌।
ব্যাধির্ভয়ঞ্চৈবজলাদিকষ্টং তথাত্যরিষ্টং ধনধান্যনাশং॥ ২

অষ্টমভবনে চন্দ্র দৃষ্টি করিলে, জাতকের মৃত্যুতুল্য ব্যাধি, জলাদি কষ্ট, মহাবিপৎপাত ও ধনধান্য নাশ হইয়া থাকে।

অথ ভৌমদৃষ্টমৃত্যুভবনফলম্‌।

রন্ধ্রংগৃহং ভৌমনিরীক্ষিতঞ্চেৎ হর্ষস্তথাবস্তিবিশেষপীড়া।
লৌহাস্তয়স্বাধনধান্যনাশো মার্গেভয়ং চৌর্য্যধনক্ষয়ঞ্চ॥ ৩

নিধনভবনে মঙ্গল দৃষ্টি করিলে, জাতক সদানন্দ, বস্তিপীড়া ও অস্ত্রশস্ত্রাদি হইতে অনিষ্টপাতসম্ভাবনাযুক্ত, ধনধান্যবিহীন, পথে ভয়যুক্ত, ও চৌর্য্যজনিত-ধনক্ষতিসম্পন্ন হইয়া থাকে।

অষ্টমভবনস্থিতসৌম্যফলম্।

অষ্টমেহিভবনে বুধেক্ষিতে মৃত্যুনাশনকরোনরঃসদা।
রাজবৃত্তিকৃষিকর্ম্মজীবিত শ্চান্যদেশগমনঞ্চতস্যহি ॥ ৪

আয়ুগৃহে বুধ দৃষ্টি করিলে মানব মৃত্যুনাশকর, রাজবৃত্তিভোগী, কৃষিকর্ম্মজীবি ও প্রবাসগমনশীল হয়।

অষ্টমভবনেগুরুদৃষ্টিফলম্।

রন্ধ্রবেশ্মসুরপূজিতেক্ষিতম্ আধিতোমরণমেতিচাষ্টমে।
রাজতোভয়মথান্যতোভবেদ্দ্রব্যহীনপুরুষেমতিক্ষতিঃ ॥ ৫

মৃত্যুগৃহে বৃহস্পতির দৃষ্টি থাকিলে জাতকের অষ্টমবর্ষে মৃত্যু-দায়ক পীড়া হয়, বা রাজা হইতে অথবা অন্য ব্যক্তি হইতে ভয় উপস্থিত হয়, এবং তাহার দ্রব্যাদি নাশ হওয়ায় বুদ্ধিবিপর্য্যয় হয়।

অষ্টমভবনেভৃগুদৃষ্টিফলম্।

রন্ধ্রে গৃহেশুক্রনিরীক্ষিতেচ রন্ধ্রেসদাব্যাধিবিবর্দ্ধনঞ্চ।
কষ্টেনসাধ্যোভবতীহচার্থঃ কুবুদ্ধিতোনর্থকরঃ সদানরঃ ॥ ৬

অষ্টমভবনে শুক্রগ্রহের দৃষ্টি থাকিলে, জাতকের কুঅভ্যাস-জনিত দেহরন্ধ্রগত পীড়া, কষ্টসাধ্যার্থতা, অর্থাৎ বিশেষ চেষ্টাসাধ্য সিদ্ধিলাভ এবং স্বীয় বুদ্ধিদোষে নানা অনর্থপাত হইয়া থাকে।

অথ শনিদৃষ্টাষ্টমভবনফলম্।

মৃত্যুভাবগতমন্দদর্শনস্বারিতোভবতিলৌহতোভয়ং।
জন্মতোহিনখবৎসরে ভবেন্মৃত্যুতুল্যমথবারুজোভয়ং ॥৭

অষ্টমভবনে শনিগ্রহের দৃষ্টি থাকিলে জাতকের বারি ও লৌহ হইতে ভয়, ২০ বৎসর বয়সে মৃত্যুভয় অথবা রোগভয় হইয়া থাকে।

রাহুদৃষ্টিনিধনভাবফলম্।

নিধনবেশ্মনিরাহুনিরীক্ষিতে স্বকুলহানিকৃতাসুখভাঙ্ নরঃ।
ব্যাধিদুঃখপরিপীড়িতোথবা নীচকর্ম্মকুরুতেত্রজীবিতঃ॥ ৮

অষ্টমগৃহে রাহুর দৃষ্টি থাকিলে, মানবেরবংশহানি, বহুদুঃখ অথবা ব্যাধি ও নীচকর্ম্মে প্রসক্তি হয়।

ইতি নিধনভাবেগ্রহদৃষ্টিফলম্।

অথ নবমভাবেগ্রহানান্দৃষ্টিফলম্।

অথ পুণ্যালয়েরবেদৃষ্টিফলম্।

নবমভাবইহৈবনিরীক্ষিতে দিনকরেণসুখন্নভবেৎ স্ত্রীয়াঃ।
তদনুপাপরতোনতপোযদাতদনুবৃদ্ধতনৌসকলংসুখম্॥ ১

নবমভবনে রবির দৃষ্টি থাকিলে জাতকের প্রথমজীবনে স্ত্রীসুখের অভাব, যৌবনেপাপেরতি ও তপস্যাভাব এবং সর্ব্বশেষে বৃদ্ধবয়সে সর্ব্বসুখ হয়।

অথ চন্দ্রদৃষ্টনবমভবনফলম্।

ধর্ম্মসদ্মনিতুচন্দ্রবীক্ষিতেচান্যদেশগতরাজপুত্রকঃ।
বন্ধুসৌখ্যমপিচার্থতোদয়াদ্রব্যহীনপুরুষোযশঃক্বচিৎ॥২

নবমগৃহে চন্দ্রের দৃষ্টি থাকিলে জাতক রাজপুত্র, প্রবাসী, সদ্বন্ধুযুক্ত, নির্দ্দয়, নির্দ্ধন ও কদাচিৎ যশস্বী হইয়া থাকে।

অথ ভৌমদৃষ্টপুণ্যালয়ফলম্।

ভাগ্যনামভবনে কুজেক্ষিতে ভাগ্যবৃদ্ধিমিহপুংস আদিশেৎ।
শ্যালকেনসহসত্যনাশনন্ধর্ম্মযুক্তদনুচোগ্রতাসুখম্॥৩

ধর্ম্মালয়ে মঙ্গলের দৃষ্টি থাকিলে জাতকের ভাগ্যবৃদ্ধি, শ্যালকের সহিত সত্যভঙ্গ ও পশ্চাৎ ধর্ম্মপথে তীব্রসুখলাভ হয়।

অথ সৌম্যদৃষ্টনবমগৃহফলম্ ।

ভাগ্যসদ্মযদিচেন্দুজেক্ষিতং পুত্রসৌখ্যযুগথোচ ভাগ্যবান্ ।
অন্যদেশগতরাজপূজিতো মানুষোভবতিসন্ততংসুখী ॥ ৪

পুণ্যালয় বুধদৃষ্ট হইলে মানব পুত্রসুখে সুখী, ভাগ্যবান্, প্রবাসে রাজমান্য ও সর্ব্বপ্রকারে সুখী হইয়া থাকে ।

অথ গুরুদৃষ্টনবমগৃহফলম্ ।

ভাগ্যেযথাদেবপুরোহিতেক্ষিতে প্রবৃদ্ধধর্ম্মশ্চসুখাপ্তসম্পৎ ।
শাস্ত্রেষুনিষ্ঠাপরমঃসদাভবেৎ সনির্গুণোরাজধনান্বিতঃ সদা ॥ ৫

ধর্ম্মভবনে বৃহস্পতির দৃষ্টি থাকিলে মানব ধর্ম্মেবৃদ্ধিপ্রাপ্ত, সুখলব্ধ-সম্পৎ, শাস্ত্রেনিষ্ঠাবান ও কুশল এবং নির্গুণ হইয়াও রাজধনেধনবান্ হইয়া থাকে ।

অথ ভৃগুদৃষ্টপুণ্যালয়ফলম্ ।

ভাগ্যসদ্মযদিভার্গবেক্ষিতং ভাগ্যবৃদ্ধিমথতস্যনির্দ্দিশেৎ ।
অন্যদেশগতজীবিকাযুতশ্চান্যদেশ নৃপতের্জয়ংসদা ॥ ৬

ভাগ্যগৃহে শুক্রের দৃষ্টি থাকিলে মানব ভাগ্যবৃদ্ধিযুক্ত, পরদেশে জীবিকার্জ্জনকারী ও অন্য ভূপতি হইতে লব্ধজয় হইয়া থাকে ।

অথ শনিদৃষ্টনবমস্থানফলম্ ।

ভাগ্যভাবইনসূনুবীক্ষিতে তস্যভাগ্যবশতো যশোভবেৎ ।
মৈত্রহাপি পরদেশতঃসুখী ধর্ম্মহীনপুরুষঃ পরাক্রমী ॥ ৭

ভাগ্যভবনে শনিগ্রহের দৃষ্টি থাকিলে জাতকের ভাগ্যে যশ, বন্ধুহীনতা, পরদেশে সুখ, অধর্ম্ম ও পরাক্রম লাভ হয় ।

অথ রাহুদৃষ্টনবমভাবফলম্।

নবমসদ্মহি রাহুনিরীক্ষিত ন্নববধূর্যুবিলাসযুতঃসদা।
নিজসহোদরোঽতিনিপীড়নং সুতসুতার্থযুতশ্চনরঃসুখী॥ ৮

রাহু ধর্ম্মভাবে দৃষ্টি করিলে জাতক নববধূ-বিলাসরত, সোদর-নিপীড়িত, পুত্রকন্যা-সুখেসুখী, ধনী ও সুখী হইয়া থাকে।

ইতি নবমভাবেগ্রহদৃষ্টিফলম্।

অথ দশমভাবেগ্রহানান্দৃষ্টিফলম

অথ রবিদৃষ্টদশমভবনফলম্।

কর্ম্মসদ্মনিরবের্যদিদৃষ্টিঃ কর্ম্মসিদ্ধিসহিতঃ সনরঃ স্যাৎ।
আদ্যএববয়সিম্রিয়তেম্বা নিজসদ্মনিসুখীস্থূচ্চেবা॥ ১

দশমভবনে রবির দৃষ্টি থাকিলে মানবের কর্ম্মসিদ্ধি, প্রথমবয়সে মাতৃমৃত্যু এবং দশমভবন রবিরনিজ, বা উচ্চগৃহ হইলে, সুখ বৃদ্ধি হয়।

অথ চন্দ্রদৃষ্টদশমভবনফলম্।

কর্ম্মসদ্মনি সতীন্দুবীক্ষিতেস্যাচ্চতুষ্পদকুলোপজীবকঃ।
পুত্রদারধনসৌখ্যদোনৃণাং পিতৃবন্ধুসুখধর্ম্মবর্জিতঃ॥ ২

দশমভবনে চন্দ্রের দৃষ্টি থাকিলে মানবের উপজীবিকা চতুষ্পদজন্তু হইতে লাভ হয়। স্ত্রী, পুত্র ও ধনে তাহার সুখ; পিতৃবন্ধুসুখ তাহার থাকেনা এবং সে নিজে অধাম্মিক হয়।

অথ ভৌমদৃষ্টদশমভবনফলম্।

কর্ম্মভাবভবনেক্ষকেকুজে সর্ব্বসিদ্ধিসমুপস্থিতিঃ সুখম্।
আত্মবিক্রমদশাগমেনৃণাঞ্জায়তে খলুমহোদয়োনরঃ॥ ৩

দশমভবনে মঙ্গলের দৃষ্টি থাকিলে মানব সর্ব্ববিষয়ে সিদ্ধিলাভ, সপ্রতাপ এ মঙ্গলের নিজ দশায় বিশিষ্ট উন্নতি লাভ করে।

অথ বুধদৃষ্টদশমভবনফলম্।

দশমভাবগৃহেবুধবীক্ষিতে কর্ম্মজীবি কবিতাকরোনরঃ।
রাজমান্যনৃপপূজিতঃসদা সৌখ্যদঃপিতৃধনান্বিতোদ্যমী॥ ৪

দশমভবনে বুধের দৃষ্টি থাকিলে জাতক কর্ম্মোপজীবী, কবিতা-কারক, রাজমান্য, সুখী, পিতৃধনান্বিত ও উদ্যমী হয়।

বৃহস্পতিদৃষ্টদশমভবনফলম্।

কর্ম্মসদ্মনিসুরেজ্যবীক্ষিতে কর্ম্মসিদ্ধিরথ রাজমন্দিরে।
পুত্রদানধনবর্জিতঃসুখী দিব্যহর্ম্ম্যসুখপূর্ব্বজাধিকঃ॥ ৫

দশমভবনে বৃহস্পতির দৃষ্টি থাকিলে জাতকের রাজগৃহে কর্ম্মসিদ্ধি, অপুত্রতা, দরিদ্রতা, দানহীনতা, সুখ, দিব্যহর্ম্ম্য ও জ্যেষ্ঠা ভগিনী হইতে সুখলাভ হয়।

ভৃগুদৃষ্টদশমভবনফলম্।

কর্ম্মসদ্মনিভৃগুপ্রতীক্ষিতে জীবিকানিজপুরে নৃপালয়ে।
উত্তমাঙ্গপরিপীড়িতোজনঃ পুত্রবন্ধুসুখমদ্ভুতং সদা॥ ৬

দশমভবনে শুক্রগ্রহের দৃষ্টি থাকিলে জাতকের নিজগৃহে অথবা রাজগৃহে জীবিকার্জ্জন, শিরঃপীড়া ও পুত্রবন্ধু হইতে অদ্ভুত সুখলাভ হয়।

শনিদৃষ্টদশমভবনফলম্।

দশমসদ্মনিসৌরিবিলোকিতে পিতৃবিনাশকরোতিনরস্তু।
প্রতনুমাতৃসুখং নচজীবতি যদিচজীবতি ভাগ্যযুতোনরঃ॥ ৭

দশমভবনে শনির দৃষ্টি থাকিলে মানব অল্প বয়সে পিতৃহীন, স্বল্প মাতৃসুখী, স্বল্পায়ু এবং মধ্যায়ু বা দীর্ঘায়ু, হইলে ভাগ্যবান হইয়া থাকে।

রাহুদৃষ্টদশমভবনফলম্।

সিংহীসুতঃকর্ম্মগৃহঞ্চ পশ্যতি কর্ম্মসিদ্ধিমতুলাং করোতিচ।
বাল্যভাবসময়ে পিতুর্মৃতির্মাতৃসৌখ্যমপিচাল্পমেবহি ॥ ৮

দশমভবনে রাহুর দৃষ্টি থাকিলে জাতক সর্ব্বকর্ম্মে অতুল সিদ্ধি-লাভ, বাল্যে পিতৃমৃত্যু এবং স্বল্প মাতৃসুখলাভ করিয়া থাকে।

অথায়ভবনেগ্রহানাদৃষ্টিফলম্।

রবিদৃষ্টায়ভবনফলম্।

লাভসদ্মনিসূর্য্যবীক্ষিতে প্রাপ্যতেসকলবস্তুনিশ্চিতম্।
আধিযুক্‌চ সুতনাশকৃৎসদা কর্ম্মজীবকস্মুবুদ্ধিমান্‌সদা ॥ ১

আয়ভবনে রবি দৃষ্টি করিলে মানব সকল বস্তুলাভ করিয়া থাকে ও সে ব্যাধিহীন, সুতনাশকর, পরকর্ম্মজীবী ও বুদ্ধিমান হইয়া থাকে।

অথ চন্দ্রদৃষ্টলাভালয়ফলম্।

লাভালয়েস্যাদ্‌যদিচন্দ্রদৃষ্টির্লাভার্থদোব্যাধিবিনাশনঞ্চ।
চতুষ্পদানাং কনকস্যবৃদ্ধিঃ সর্ব্বত্রলাভশ্চ ন সংশয়োত্র ॥ ২

একাদশগৃহে চন্দ্রের দৃষ্টি থাকিলে জাতক লাভবান, চতুষ্পদ-জন্তু-বৃদ্ধিযুক্ত, চিকিৎসক ও কনক ভোগী হইয়া থাকে।

অথ লাভালয়েভৌমদৃষ্টিফলম্।

সত্যায়ভাবেকুজবীক্ষিতেচ আয়ুর্বিবৃদ্ধিঃ স্ত্রিয়াগর্ভনাশঃ।
শরীরবৃদ্ধিমতুলাস্তৃতীয়ে চতুষ্পদোত্থমপি পুত্রসৌখ্যম্ ॥ ৩

আয়ভবনে মঙ্গলের দৃষ্টি থাকিলে মানব দীর্ঘায়ু, নষ্টগর্ভাস্ত্রী-যুক্ত, দীর্ঘায়তশরীর, বিশেষতঃ মিথুনরাশি লাভভবনগত হইলে পুত্রসুখী ও চতুষ্পজন্তু হইতে সুখপ্রাপ্ত হইয়া থাকে।

অথ বুধদৃষ্টলাভভবনফলম্।

লাভালয়েচন্দ্রজবীক্ষিতে চ ভাগ্যবান্ সকলার্থসৌখ্যভাক্।
বুদ্ধিশাস্ত্রনিপুণোতিবিশ্রুতঃ পুত্রিকাজনয়িতাভবেন্নরঃ॥ ৪

লাভভবন বুধ কর্ত্তৃক দৃষ্ট হইলে মানব ভাগ্যবান, সকলসুখসম্পন্ন, বুদ্ধিমান, শাস্ত্রকুশল, বিখ্যাত ও বহুকন্যাজনক হইয়া থাকে।

অথগুরুদৃষ্টায়ভবনফলম্।

গুরোর্দ্দৃশিঃপূর্ণতরায়ভাবে আয়ুঃসুপূর্ণশ্চ নরঃসদাস্যাৎ।
পুত্রদারধনসৌখ্যসংযুতঃ স্বাস্থ্যযুক্তসুখকান্তিমাঞ্জয়ী॥ ৫

লাভালয়ে বৃহস্পতির দৃষ্টি থাকিলে মানব দীর্ঘায়ু, ধনপুত্রসুখযুক্ত, কমনীয়-শরীর, জয়শীল ও রোগশূন্য হইয়া থাকে।

অত ভৃগুদৃষ্টায়ভবনফলম্।

লাভসদ্মনিচশুক্রবীক্ষিতে লাভবৃদ্ধিসুখবিত্তসংযুতঃ।
গ্রামণীর্নিজজনাদিপালকঃ পূর্ব্ববৃত্তিপরিপালনেরতঃ॥ ৬

লাভালয়ে শুক্রের দৃষ্টি থাকিলে মানবের লাভবৃদ্ধি, সুখ, অর্থাগম, গ্রামমাণ্ডলিকতা, স্বজন-প্রতিপালন ও পূর্ব্ব পুরুষদিগের মার্গানুসরণ হইয়া থাকে।

শনিদৃষ্টায়ভবনফলম্।

যদায়ভাবোরবিসূনুদৃষ্টঃ লাভস্তথাদুষ্টখলাদ্ভবেশ্চ।
পুত্রাচ্চসৌখ্যন্তবতীহনিত্যম্ ধান্যস্যলাভং মনুজশ্চবিদ্বান্॥ ৭

আয়গৃহে শনির দৃষ্টি থাকিলে জাতক দুষ্টজন হইতে লাভবান, পুত্রসুখে সুখী, ধনধান্যবান ও পণ্ডিত হয়।

অথ রাহুদৃষ্টায়ভাবফলম্।

আয়সদ্মযদিরাহুবীক্ষিত মায়ুপূরণকরং নরস্যহি।
দ্রব্যলাভমথভূপবর্গতঃ সৌখ্যমাত্র নিরতোনরঃসদা॥ ৮

আয়ভাবে রাহুর দৃষ্টি থাকিলে মানব দীর্ঘায়ু, রাজপ্রসাদে বিবিধ-দ্রব্য-লাভযুক্ত ও আত্মসুখনিরত হয় এবং কোন কোন স্থলে চিকিৎসা ব্যবসায় দ্বারায় তাহার বহু ধনাগম হয়।

ইতি গ্রহদৃষ্টায়ভবনফলম্।

অথ ব্যয়ভবনেগ্রহানাম্দৃষ্টিফলম।

অথ রবিদৃষ্টদ্বাদশভবনফলম্।

দ্বাদশেদিনকৃতানিরীক্ষিতে স্থানভঙ্গমপি চান্যবাহনম্।
বাহনাচ্চ খলুশৃঙ্গিতোভয়ন্দ্বাদশাব্দমথ কষ্টজীবিতম্॥ ১

দ্বাদশভবন রবিদৃষ্ট হইলে জাতকের স্থানভঙ্গ অর্থাৎ স্থান ভ্রংশ, বাহনপরিবর্ত্তন,শৃঙ্গী ও বাহনোদ্ভব ভয় ও দ্বাদশবর্ষব্যাপি ক্লেশভোগ হয়।

অথ চন্দ্রদৃষ্টদ্বাদশালয়ফলম্।

ব্যয়গৃহেসতিচন্দ্রনিরীক্ষিতে পিতৃসুখন্নকরোতি নরস্যহি।
নয়নচঞ্চলতাপটুতাধনব্যয়করশ্চ সদানৃতভাষকঃ॥ ২

দ্বাদশভবন চন্দ্রদৃষ্ট হইলে মানবের পিতৃসুখনাশ, নেত্রচাঞ্চল্য, নৈপুণ্য, ব্যয়শীলতা ও অনৃতপরায়ণতা হয়।

অথ দ্বা

ব্যয়গৃহেসতিভৌমনিরীক্ষিতে পিতৃসুখং ন করোতিনরস্তুহি ।
সকলশত্রুবিনাশকরঃসদা তদপিচান্যজনাদ্ধিসুখক্ষয়ম্ ॥ ৩

দ্বাদশভবন কুজদৃষ্ট হইলে জাতকের পিতৃসৌখ্যহানি, শত্রুনাশ এবং অপরজনকর্ত্তৃক সুখনাশ হয় ।

অথ সৌম্যদৃষ্টদ্বাদশালয়ফলম্ ।

ব্যয়গৃহেশশিপুত্রনিরীক্ষিতে ব্যয়করশ্চসদৈববিবাহতঃ ।
স্বজনবন্ধুবিরোধকরঃপরঃ হৃদয়বাতজদুষ্টরুগর্দ্দিতঃ ॥ ৪

দ্বাদশভবন বুধদৃষ্ট হইলে জাতক বিবাহে ব্যয়শীল, স্বজন-বন্ধুবিরোধী ও হৃদয়বাতজপীড়াগ্রস্ত হয় ।

অথ রিপ্ফগৃহেগুরুদৃষ্টফলম্ ।

ব্যয়গৃহেসুররাজনিরীক্ষিতে ব্যয়করঃ সুরভূসুরকার্য্যকৃত্ ।
সকলকষ্টকরোরিপুপীড়িতঃ সকলস্বার্থপরঃসচবুদ্ধিমান্ ॥

ব্যয়ভবন গুরুদৃষ্ট হইলে মানব ব্যয়শীল, দেবদ্বিজার্চ্চন-পরায়ণ, ক্লেশসহ, শত্রুপীড়িত, স্বার্থপর ও বুদ্ধিমান হয় ।

অথ ব্যয়ভবনেশনিদৃষ্টিফলম্ ।

ব্যয়গৃহেসতিমন্দনিরীক্ষিতে ধনবিনাশকরোহ্যধনোব্যয়ী ।
সুতকলত্রসুখাল্পতয়ান্বিতঃ সমরতোবিজয়ী সভবেন্নরঃ ॥ ৬

দ্বাদশগৃহে শনির দৃষ্টি থাকিলে মানব সঞ্চিত ধনবিনাশী, দরিদ্র, ব্যয়শীল, স্ত্রী-পুত্র-সুখাল্পক ও সমরবিজয়ী হয় ।

অথ রাহুদৃষ্টব্যয়ালয়ফলম্।

ব্যয়গৃহেসতিরাহুনিরীক্ষিতে ব্যয়বর্জ্জিতদানবিবর্জ্জিতঃ।
সমরশক্রবিনাশকরঃসদা বিকলতা চ সুখং প্রচুরস্তবেৎ॥ ৭

ব্যয়ভবনে রাহুরদৃষ্টি থাকিলে মানব ব্যয়কুণ্ঠ, অদাতা, শক্রহন্তা বিকলদেহী ও সুখী হইয়া থাকে। (কেতুগ্রহেরও এইরূপ ফল)

ইতি দৃষ্টিপ্রকরণম সমাপ্তম্।

অথ ভবনেশাধ্যায়ঃ।

অথ লগ্নভবনাধীশস্তলগ্নাবস্থানফলম্।

তনুপতিস্তনুগো লয়গোপিবাগতরুজং কুরুতেবহুজীবিতম্।
অতিবলোনৃপতেঃ কুলমন্ত্রণং সুখবিলাসযুতংসধনংসদা॥ ১

লগ্নপতি যদি লগ্ন বা সপ্তমভবনস্থিত হয়েন, তবে জাতকের স্বাস্থ্য, আয়ুবৃদ্ধি, বলবৃদ্ধি, মন্ত্রিত্ব, সুখবিলাস ও ধনাগম হইয়া থাকে।

লগ্নাধিপতেধনভাবাবস্থানফলম্।

তনুপতির্ধনভাবগতো নরন্ধনযুতং পৃথুদীর্ঘশরীরিণম্।
বিলঘুজীবিতমন্ত্রকুটুম্বিনংবিবিধর্ম্মযুতং কুরুতেনিশম্॥ ২

লগ্নপতি ধনভাবে অবস্থান করিলে মানব ধনযুক্ত, দীর্ঘায়ত-শরীর-বিশিষ্ট, দীর্ঘায়ু, মন্ত্রণাকুশল, বহুকুটুম্বযুক্ত ও বহুধর্ম্মমার্গানুসারী হইয়া থাকে।

অথ লগ্নপতেঃসহজভাবাবস্থানফলম্।

তনুপতিঃ সহজে সহজপ্রদোভবতিমিত্রযুতোপি পরাক্রমম্।
বলহতোনতনোতি পবিত্রতাং শুভবচঃ শুভদৃষ্টিবশঙ্গতঃ॥ ৩

লগ্নপতি তৃতীয়ভাবে অবস্থান করিলে মানব ভ্রাতৃযুক্ত, বন্ধুবিশিষ্ট ও পরাক্রমশালী হইয়া থাকে। কিন্তু তনুস্বামী বলহীন হইলে তাহার শৌচ নষ্ট হয় এবং শুভগ্রহ দৃষ্টি করিলে বাক্মধুরতা থাকে।

অথ লগ্নপতেঃসুখভাবস্থিতিফলম্।

সুখগতেতনুতেতনুপেসুখং বিবিধভক্ষ্যবিলাসসুপূজিতম্।
নৃপতিপূজ্যতমং জননীসুখংগজরথাশ্বসুখংসুরসাশিনম্॥ ৪

লগ্নপতি সুখস্থানগত হইলে মানব সুখী, বিবিধ ভক্ষভোজী, বিলাসী, রাজপূজ্য·জননী সুখদাতা যানবাহনভোগী এবং সুরসাস্বাদন-পরায়ণ হয়।

অথ তনুপতেঃপঞ্চমবভাবস্থিতিফলম্।

তনুপতিঃ সুতগস্তনুতেসুতান্বিনয়ধর্ম্মযুতান্ বহুজীবিতান্।
বিদিতমিশ্রখলঃ শুভকর্ম্মণাস্তবতি গানকলাসুরতোনরঃ॥ ৫

লগ্নপতি পঞ্চমগৃহগত হইলে জাতকের ধার্ম্মিক, দীর্ঘায়ু, সুকর্ম্মা, সন্তান বৃদ্ধি হয় এবং সে স্বয়ং গীতাবাদ্যাসক্ত হয়। পাপ বা শুভগ্রহ বা মিশ্রগ্রহ উক্তস্থানগত হইলে তত্তদ্গ্রহানুসারে শুভাশুভ ফল বিচার্য্য।

অথ রিপুগৃহগতলগ্নেশফলম্।

রিপুগতস্তনুপঃসরিপুংনরং সহজমায়ুসুতং সুখমাতুলম্।
পশুকৃতং জননীসুখসম্ভৃতং কৃপণমেব ধনৈর্বিবিধৈর্যুতম্॥ ৬

তনুস্বামী রিপুগৃহগত হইলে মনুষ্য ভ্রাতৃযুক্ত, দীর্ঘায়ু, পুত্রবান, রিপুযুক্ত পশুসুখে, সুখী, জননী-সুখদাতা, কৃপণ ও ধনী হয়।

অথ অস্তস্থলগ্নেশফলম্।

লগ্নগতেতনুপেনিতরান্নরং সুখধনৈঃ শুভশীলবিলাসিনম্।
সবিনয়ং বনিতোপযুতঞ্চহি সকলরূপযুতং কুরুতেসদা ॥ ৭

লগ্নপতি সপ্তমগৃহে অবস্থান করিলে মানব স্ত্রীধনসুখী, বিলাসী, বিনীত ও রূপবান হইয়া থাকে।

লগ্নপতের্নিধনভাবস্থিতিফলম।

প্রথমভাবপতির্মৃতিগোমৃতিং বিদধতে কৃপণন্ধনবঞ্চকম্।
বিবিধকষ্টযুতম্ শুভদৃষ্টিতো ভবতিমানবপুঃকৃতবান্সুধীঃ ॥ ৮

লগ্নপতি অষ্টমভবনগত হইলে জাতকের মৃত্যুদাতা হইয়া থাকে এবং সে কৃপণ, ধনবঞ্চক ও বিবিধদুঃখভোগী হয়। শুভগ্রহের দৃষ্টি থাকিলে জাতক মানী, সুকৃতকারী ও বুদ্ধিমান হইয়া থাকে।

অথ লগ্নপতের্নবমগৃহাবস্থানফলম্।

তনুপতিস্তনুতে তপসাযুতঃ সহজমিত্রবদান্যবিদেশকৃত্।
সুখসুশীলমশেষযশোনিধি নৃপতিপূজ্যতমোমনুজোনৃণাম্ ॥৯

লগ্নপতি ধর্ম্মভাবগত হইলে জাতকের ভ্রাতৃবন্ধু প্রভৃতি হইতে সুখ, প্রবাসবাস, সুখসুশীলতা, যশ ও নৃপতিপূজা লাভ হয়।

অথ লগ্নপতের্দ্দশমগৃহাবস্থানফলম্।

দশমধামগতে তনুনায়কে জনকমাতৃসুখং নৃপতেঃসমম্।
সকলভোগসুখং শুভকর্ম্মণাঙ্কবিবরং গুরুপূজনকং বরম্। ১০

লগ্নপতি দশমভবনগত হইলে জাতকের পিতৃমাতৃসুখ, রাজসদৃশৈশ্বর্য্য, সকল সুখভোগ, শুভকর্ম্ম, কর্ত্তৃত্ব, কবিত্ব ও গুরুপূজানিরতি হইয়া থাকে।

তনুপতেরায়গৃহাবস্থানফলম্।

সুবহুজীবিত আয়গতেনরস্তনুপতৌ শুভভাবসমন্বিতে।
গজরথাশ্বসকোশনৃপাৎসুখং বিবিধকীৰ্ত্তি বিবেকবিচারণাঃ॥১১

লগ্নপতি আয়গত হইলে মানব সুদীর্ঘায়ু, গজাশ্ব-সমন্বিত, রাজানুগ্রহ-ভোগী, নানাকীৰ্ত্তিমান ও বিবেকপূর্ব্বক বিচারদক্ষ হইয়া থাকে, বিশেষতঃ শুভভাবসমন্বিত হইলে ঐরূপ ফল হইয়া থাকে।

অথ লগ্নপতে র্দ্বাদশগৃহাবস্থানফলম।

তনুপতির্ব্যয়গঃ কটুবাক্ পুমান্ খলসমাগমদাহকরোঘ্ণী।
ব্যয়করঃসহজঃপরদেশগঃ সহজগোত্ররিপুঃহ্যরিসংযুতঃ॥ ১২

লগ্নপতি ব্যয়ভাবগত হইলে জাতক কটুভাষী, অসৎসঙ্গী, গৃহদাহকর, বা গাত্রদাহ রোগযুক্ত, কাতরভাবাপন্ন, ব্যয়শীল, প্রবাসপ্রিয়, ভ্রাতৃগোষ্ঠী-দ্রোহি ও শত্রুযুক্ত হয়।

ইতি তনুপপ্রকরণম্ সমাপ্তম।

অথ ধনভবনেশ ফলম।

ধনপতে র্লগ্নাবস্থানফলম্।

দ্রব্যাধিপে লগ্নগতেধনীস্যাৎ ব্যাপারবৃত্তিঃ কৃপণোতিভোগী।
সুখান্বিতোভূপতিসৎকৃতোভবেৎ সুকর্ম্মকৃৎসুন্দরনেত্রপত্নী।১

ধনপতি লগ্নগত হইলে মানব ধনী, ব্যাপারবৃত্তি (ব্যবসায়ানুরত), কৃপণ, ভোগশীল, সুখী, রাজ-পূজিত, সৎক্রিয়াশীল, সুন্দরনেত্রবিশিষ্ট ও সুন্দরীভার্য্য হয়।

অথ ধনপতের্ধনগৃহাবস্থানফলম্ ।

দ্রব্যাধিপেদ্রব্যগতেধনীস্যাৎ পুমান্ ভবেল্লাভযুতোপিমন্ত্রী ।
কুটুম্বযুক্তোমণিরত্নভোগী বিভূষিতোভোগযুতোজিতেন্দ্রিয়ঃ ॥২

ধনপতি ধনগৃহে অবস্থান করিলে জাতক ধনী, লাভযুক্ত, মন্ত্রী, সৎকুটুম্ববিশিষ্ট, মণিরত্নভূষিত, ভোগী ও জিতেন্দ্রিয় হয়।

অথ ধনপতেঃসহজভবনাবস্থানফলম্ ।

ধনাধিপেভ্রাতৃগতেখলঃস্যাৎ সুদ্বেগযুগ্ ভ্রাতৃসুখেনহীনঃ ।
সূর্য্যেভবেৎভ্রাতৃগতে বিরোধীচৌরঃ কুজেচার্কসুতেবিবন্ধুঃ ॥৩

ধনপতি তৃতীয়ভাবে অবস্থান করিলে মানব খলস্বভাব, উদ্বিগ্নচিত্ত, ও ভ্রাতৃসুখহীন হইয়া থাকে। রবি ভ্রাতৃস্থানগত হইলে জাতক বিরোধী, মঙ্গল হইলে চৌর ও শনি হইলে বন্ধুহীন হইয়া থাকে।

অথ ধনাধিপস্যতূর্য্যগৃহাবস্থানফলং ।

ধনাধিপেতূর্য্যগতে ধনীস্যান্মাতুর্গুরোর্লব্ধধনঃসতেজাঃ ।
আয়ুষ্যবান্ সৌম্যখগৈঃ সদৈবক্রূরৈর্দরিদ্রোবহুরোগযুক্তঃ ॥ ৪

ধননায়ক সুখভবনগত হইলে জাতক ধনী, মাতা বা গুরুজনের ধনাধিকারী, তেজস্বী ও দীর্ঘায়ু হইয়া থাকে। ধনাধিপতি শুভগ্রহ হইলে ঐরূপ ফল বিচার্য্য, ক্রূরগ্রহ হইলে জাতক দরিদ্র ও নানা রোগ-পীড়িতাঙ্গ হয়।

অথ ধনাধিপস্যপঞ্চমগৃহাবস্থানফলম্।

ধনাধিপেপঞ্চমগেসুতানাং সৌখ্যং ভবেল্লাভসমন্বিতঞ্চ।
সৌম্যৈরুদারঃকৃপণঃ খলৈশ্চদুঃখান্বিতং দুষ্টসুতংবিদধ্যাৎ॥৫

ধনস্বামী শুভগ্রহ হইয়া পঞ্চমস্থ হইলে জাতকের পুত্রেরা সুখী এবং সে স্বয়ং লাভযুক্ত ও উদারস্বভাব হইয়া থাকে। পাপগ্রহ হইলে সে স্বয়ং কৃপণ এবং দুঃখান্বিত পুত্রের জনক হইয়া থাকে।

অথ দ্রব্যাধিপস্যরিপুগৃহাবস্থানফলম্।

ধনাধিপেষষ্ঠগৃহে রিপুঘ্নংসদানরং সঞ্চয়কারকঞ্চ।
বলাভিভূতৈঃখচরৈঃ শুভৈশ্চপাপৈর্দরিদ্রঃ সরিপুঃখলঃস্যাৎ। ৬

ধনাধিপতি বলবান শুভগ্রহ কর্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া বা স্বয়ং শুভগ্রহ হইয়া ষষ্ঠস্থানগত হইলে মানবকে নিত্য রিপুহন্তা ও ধনসঞ্চয়ী করিয়া থাকে এবং তদ্রূপ পাপগ্রহ থাকিলে মানব দরিদ্র, শত্রুপরিবৃত ও খলস্বভাব হয়।

অথ ধনাধিপতেঃসপ্তমাবস্থানফলম্।

ধনাধিপেসপ্তমগেসুরূপং চিন্তান্বিতং সংগ্রহণীধনীস্যাৎ।
ভার্য্যাবিলাসেনযুতঃ সুতাঢ্যঃ ক্রূরান্বিতেহীনসুতোনরঃস্যাৎ॥৭

ধনপতি শুভগ্রহদৃষ্টযুক্ত বা স্বয়ং শুভগ্রহ হইয়া জায়াগৃহগত হইলে জাতক সুরূপ, সর্ব্বদা চিন্তান্বিত-চিত্ত, গ্রহণী-রোগপীড়িত, ধনী, ভার্য্যা-বিলাসী ও ধনাঢ্যপুত্রযুক্ত হয়; তদ্রূপ ক্রূরগ্রহ হইলে জাতক নীচপুত্রবান্ হয়।

নিধনভাবগতদ্রব্যপতিফলম্।

ধনাধিপোমৃত্যুগতঃকরোতি মনাক্‌কলিংঘাতকরং স্বদেহে।
উৎপন্নভুগ্‌ভোগযুতং সুরূপংধনাধিপং ভাবযুতং পুমাংসম্॥ ৮

ধনাধিপতি মৃত্যুস্থানগত হইলে জাতককে অল্পকলহরত, আত্মঘাতী, উৎপন্নভোজী, ভোগী, সুরূপ, ধনবান ও ভাবুক করিয়া থাকে।

অথ কুটুম্বস্বামিনোধর্ম্মাবস্থানফলম্।

ধর্ম্মাশ্রিতেদ্রব্যপতৌসদাতা প্রসিদ্ধভাগ্যঃসবলোব্রতীস্যাৎ।
পুণ্যেরতিঃসৌম্যযুতঃ খলেতুহীনোদরিদ্রঃ কৃপণঃখলঃস্যাৎ॥৯

কুটুম্বপতি স্বয়ং শুভগ্রহ হইয়া বা শুভগ্রহ দৃষ্ট বা যুক্ত হইয়া ভাগ্যভাবগত হইলে মানব দাতা, বিখ্যাত-ভাগ্য, বলবান্, ব্রত-পরায়ণ ও পুণ্যশীল হইয়া থাকে। খলগ্রহ তদ্রূপ হইলে জাতক হীন-স্বভাব, দরিদ্র, কৃপণ ও খল হয়।

অথ ধনপতেঃকর্ম্মাবস্থানফলম্।

দ্রব্যাধিনাথোদশমোযদিস্যাৎ নরেন্দ্রমান্যঃসুভগোযশস্বী।
মাতুঃপিতুর্ভক্তিযুতঃসুভোগী খলেন্যথাস্যাৎ পিতৃমাতৃবৈরী॥১০

ধনাধিপতি স্বয়ংশুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট হইয়া কর্ম্মস্থলগত হইলে জাতক রাজমান্য, যশস্বী, ভাগ্যবান, মাতৃভক্ত ও ভোগী হইয়া থাকে। খলগ্রহ উক্তরূপ হইলে ফলের অন্যথা ও মাতৃবৈর কথনীয়।

অথ ধনপতের্লাভগৃহাবস্থানফলম্।

লাভাশ্রিতেদ্রব্যপতৌ সলক্ষ্মীম স্ত্রীনৃপস্যব্যবহারদক্ষঃ।
ব্যাপারযুক্তঃ পুরুষোযশস্বীলাভান্বিতোভোগ্যপরঃসুখীচ॥১১

ধনস্বামী একাদশভবনগত হইলে মানব সলক্ষ্মীক, রাজমন্ত্রী, ব্যবহারাজীব-ব্যবসায়ী, যশস্বী, লাভবান, ভোগী ও সুখী হয়।

অথ ধনপতেব্যয়ভবনগতফলম।

বিদেশগোদুষ্টমনাব্যয়স্থো দ্রব্যাধিপোপাপরতোজড়াত্মা
কাপালিকোম্লেচ্ছজনাভিসক্তঃ ক্রূরোতিচৌরোবলবান্নরঃস্যাৎ ॥১২

ধনপতি ব্যয়স্থানগত হইলে মানব দুষ্টস্বভাব, পাপপরায়ণ, দূরপ্রবাসপ্রিয়, কাপালিক, ম্লেচ্ছ-জনাসক্ত-চিত্ত, ক্রূর, চৌর ও বলবান হইয়া থাকে।

ইতি ধনেশপ্রকরণম।

অথ সহজভবনেশস্থিতিফলম।

অথ লগ্নস্থভ্রাত্রীশফলম্।

সহজপতৌলগ্নগতেস্ত্রীস্বাদলংপটঃস্বজনভেদৈঃ।
সেবাং করোতিমিত্রৈর্ভবেৎ কটুকরঃ পণ্ডিতঃ পুরুষঃ ॥ ১

সহজপতি লগ্নগত হইলে জাতক লম্পট, স্বজন-বিরোধী, পরসেবক, মিত্রবিরোধী, কটুভাষী এবং পণ্ডিত হইয়া থাকে।

অথ ধনস্থভ্রাত্রীশফলম্।

সতিধনগেসহজেশে ভিক্ষুর্ধনাল্পজীবিতঃ পুরুষঃ।
বন্ধুবিরোধীক্রূরৈঃ সৌম্যৈঃ পুনরীশ্বরঃ খচরৈঃ ॥ ২

তৃতীয়পতি পাপগ্রহ বা পাপযুক্তদৃষ্ট হইয়া ধনভবনগত হইলে জাতক ভিক্ষুক, ধনহীন, অল্পায়ু ও মিত্রদ্রোহী হইয়া থাকে; শুভগ্রহ ঐরূপ হইলে রাজা হয়।

অথ স্বস্থভ্রাত্রীশফলম্ ।

সহজগতেসহজপতৌ নৃপমন্ত্রীসৌহৃদোতিনিপুণশ্চ ।
গুরুপূজননিরতোবৈ নৃপতোলাভং পরংনরং কুরুতে ॥ ৩

তৃতীয়পতি তৃতীয়স্থানগত হইলে মানব রাজমন্ত্রী, সৌহার্দ্দ-নিপুণ, গুরুশুশ্রূষাপরায়ণ ও নৃপলব্ধধনে ধনী হয়।

অথ সুখস্থভ্রাত্রীশফলম্ ।

ভ্রাতৃপতৌতূর্য্যগতে পিতৃমোদসুখমুদয়কৃত্তেষাম্
মাতুর্বৈরকরশ্চপাপৈঃ পিত্রর্থভক্ষকঃ পুরুষঃ ॥ ৪

তৃতীয়পতি শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট হইয়া সুখস্থানগত হইলে জাতক পিতার আনন্দদাতা, পিতৃভাগ্য হইতে লব্ধোন্নতি ও মাতৃবৈরী হইয়া থাকে, পাপগ্রহ ঐরূপ হইলে পিতৃধনভোগী হয়।

অথ পুত্রস্থভ্রাত্রীশফলম্ ।

সহজপেসুতগেবহুবান্ধবৈঃ সুতসহোদরপালধনীসুখী ।
বিষয়ভুক্‌পরকার্য্যকরঃক্ষমী ললিতমূর্ত্তিরসৌ চিরজীবিতঃ ॥ ৫

তৃতীয়পতি পঞ্চমভবনগত হইলে জাতক বহুবান্ধবযুক্ত, সুত-সহোদর-পালক, ধনী, সুখী, বিষয়ভোগী, পরকার্য্যরত, ক্ষমাশীল, সুন্দরাকৃতি ও দীর্ঘায়ু হয়।

অথ রিপুস্থভ্রাত্রীশফলম্ ।

রিপুগতেসহজাধিপতৌ ভবেন্নয়নরোগযুতোরিপুমান্নরঃ ।
সহজসজ্জনতোপিচ দুষ্টতাক্রয়যুতোথরুজাপরিপীড়িতঃ ॥ ৬

তৃতীয়পতি রিপুগৃহগত হইলে জাতক নেত্ররোগী, শত্রুযুক্ত, সহজ-সজ্জনের প্রতি দুষ্টতাচারী, ক্রয়বিক্রয়নিপুণ ও রোগী হইয়া থাকে।

অথাস্তস্থভ্রাত্রীশফলম্ ।

যুবতিবৈরকৃদল্পপরাক্রমী সহজভাবপতৌ মদগেনরঃ ।
সুভগসুন্দররূপবতী সতীযুবতি পাপগৃহেষুরতোভবেৎ ॥ ৭

তৃতীয়পতি সপ্তমস্থানগত হইলে জাতক যুবতী-বৈর সাধক, পরাক্রম-হীন, সৌভাগ্যবতী স্ত্রীযুক্ত এবং পাপগ্রহযুক্তদৃষ্ট হইলে বেশ্যাসক্ত হয় ।

অথ মৃতিস্থভ্রাত্রীশফলম্ ।

সহজপেষ্টমগেসরুষো নরোমৃতসহোদরমিত্রজনঃ খলৈঃ ।
শুভখগৈঃ শুভতাধনযুগ্‌ভবেৎ স্বয়মপি প্রচুরাময়বান্‌সদা ॥৮

সহজপতি পাপগ্রহ বা পাপগ্রহযুক্তদৃষ্ট হইয়া অষ্টমস্থ হইলে মানব ক্রোধনস্বভাব, মৃতসহোদরবন্ধুবিশিষ্ট এবং উক্তরূপ শুভগ্রহ হইলে স্বয়ংশুচি, ধনী ও নানারোগযুক্ত হইয়া থাকে ।

অথ ধর্ম্মস্থভ্রাত্রীশফলম্ ।

সহজভাবপতৌ নবমস্থিতে সহজবর্গরতোপিবনাশ্রয়ঃ ।
ভবতিবালযুতোথ পরাক্রমীশুভমতিঃ খলখেটগৃহেন্যথা ॥ ৯

সহজপতি ধর্ম্মস্থানগত হইলে জাতক ভ্রাতৃপ্রিয়, বনবাসী, পুত্রবান, পরাক্রান্ত ও সুমতি হইয়া থাকে । ক্রুরগ্রহ ঐরূপ হইলে ইহার বিপরীত ফল ।

অথ ধর্ম্মস্থভ্রাত্রীশফলম্ ।

সহজপেদশমেচ নৃপাৎসুখং পিতৃজনৈঃ কুলবৃদ্ধজনাশ্রয়ঃ ।
বহুসুভাগ্যযুতোনয়নোৎসবোভবতিমিত্রযুতোনিতরাংশুচিঃ ॥ ১০

সহজস্বামী দশমভবনগত হইলে জাতক নৃপলব্ধ সুখ, পিতৃগণেরও কুলবৃদ্ধজনের আশ্রয়স্থলস্বরূপ, সৌভাগ্যবান, সুমূর্ত্তি, মিত্রবৎসল ও শুচিস্বভাব হয় ।

অথ আয়স্থভ্রাত্রীশফলম্।

সহজপেশুভলাভপরাক্রমী ভবগতেসুতবন্ধুভিরন্বিতঃ।
নৃপতিনাভিমতোবিজয়ী নরোবহুলভোগযুতোনিপুণঃসদা ॥ ১১

তৃতীয়পতি আয়গত হইলে জাতক সদুপায়ার্জ্জিতধনে ধনী, পরাক্রমী, সুতবন্ধুযুক্ত, রাজমান্য, জয়শীল, বহুভোজী ও সর্ব্ব-কর্ম্ম-কুশল হয়।

অথ ব্যয়স্থভ্রাত্রীশফলম্।

ব্যয়গতেসহজেব্যয়বাঞ্ছুচির্নিজসুহৃৎ রিপুরল্পপরাক্রমী।
শুভসমাগমতোপিশুভস্তবেৎ খলখগৈর্জননী নৃপতের্ভয়ম্॥ ১২

ভ্রাতৃস্থানপতি শুভগ্রহদৃষ্টযুক্ত হইয়া ব্যয়ভবনগত হইলে জাতক ব্যয়শীল, শুচি, বৈরীবন্ধুযুক্ত, অল্পপরাক্রমী ও সুসঙ্গপ্রিয় হইয়া থাকে। পাপগ্রহ ঐরূপ হইলে মাতা ও রাজা হইতে ভয় হয়।

ইতি ভ্রাত্রীশপ্রকরণম্।

অথ সুখেশফলম্।

অথ চতুর্থপতের্লগ্নগৃহাবস্থানফলম্।

সুখপতৌ সুখবাহনভোগবাস্তনুগতে তনুতেধবলং যশঃ।
জনকমাতৃসুখৌঘকরংপরং সুভগলাভযুতস্নিরুজস্বপুঃ ॥ ১

সুখপতি লগ্নগৃহগত হইলে জাতক সুখ-বাহনযুক্ত, ভোগী, নির্ম্মলযশস্বী, অরোগী, পিতৃমাতৃসুখদাতা, সৌভাগ্যবান ও সন্ততলাভযুক্ত হইয়া থাকে।

অথ সুখপতের্দ্ধনগৃহাবস্থানফলম্।

সুখপতৌধনগেখলখেচরৈঃ পিতৃবিরোধকরঃ কৃপণঃশুচিঃ।
শুভখগৈঃপিতৃভক্তিধনাশ্রয়ঃ শুভযুতঃ শ্রুতিশাস্ত্রবিশারদঃ ॥ ২

ক্রূর সুখপতি ধনগৃহগত হইলে জাতকের পিতার সহিত বৈর কৃপণতা ও শৌচ পরায়ণতা এবং শুভগ্রহ বা শুভযুক্তদৃষ্টগ্রহ চতুর্থপতি হইলে মানব পিতৃভক্ত ও পিতৃধনে ধনী এবং বেদাদিশাস্ত্রে সুপণ্ডিত হইয়া থাকে।

অথ সুখপতেঃসহজালয়স্থিতিফলম্ ।

সুখপতৌসহজালয়গেক্ষমাঃপিতৃসুহৃজ্জননাকলিকারকঃ ।
রথমহীবৃষভাদিসুখান্বিতঃ শুভখগৈর্বহুমিত্রযুতোনরঃ ॥ ৩

পাপগ্রহ চতুর্থপতি হইয়া তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব পিতামাতা ও বন্ধুজনের সহিত বিবাদপরায়ণ হয়। শুভগ্রহ চতুর্থপতি হইয়া তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব বহু-ভূম্যধিকারী, রথগবাদিযুক্ত, সুখী, ক্ষমাবান ও বহু মিত্রযুক্ত হয়।

অথ সুখপতেঃসুখালয়াবস্থানফলম্ ।

সুখপতৌসুখগেসুখসন্নিধৌ নৃপসমোধনবান্‌বহুসেবকঃ ।
পিতৃসুখস্বহুলঞ্জনমান্যতা রথগজাশ্বশুভৈঃ সুখভাঙ্‌নরঃ ॥ ৪

শুভগ্রহ চতুর্থপতি হইয়া চতুর্থগৃহে অবস্থান করিলে মানব নৃপতি-সমান, ধনবান, বহুভৃত্যযুক্ত, পিতৃসুখবহুল, জনমান্য, হস্ত্যশ্বরথাদি যুক্ত ও অতুল সুখভোগী হইয়া থাকে।

অথ পঞ্চমভবনস্থিতপাতালাধীশফলম্ ।

সুখপতৌবহুজীবিতবান্নরঃ সুতগতেসুতযুক্ত সুধীস্তথা ।
শুভবশাৎসুখভোগধনান্বিতঃ শ্রুতিধরোঽতিপবিত্রবিলেখকঃ ॥৫

সুখপতি শুভগ্রহ বা শুভগ্রহযুক্ত দৃষ্ট হইয়া পুত্রভবনস্থিত হইলে জাতক দীর্ঘায়ু, সুপণ্ডিত, পুত্রযুক্ত, সুখী, ভোগী, ধনবান, শ্রুতিধর ও অতি পবিত্র লেখক হয়। কিন্তু পাপগ্রহ বা পাপযুক্তদৃষ্ট হইলে বিপরীতফল বিচার্য্য।

অথ সুখপতেঃশত্রুগৃহাবস্থানফলম্।

ভবতিমাতৃপতৌরিপুগেনরো রিপুযুতোঽপিবিপত্তি বিনাশকঃ।
খলখগেঽপিকলঙ্কিতমাতুলো ভবতিসৌম্যখগৈর্ধনসঞ্চয়ী ॥ ৬

সুখপতি ক্রূরগ্রহ হইয়া ষষ্ঠভবনে অবস্থান করিলে মানব মাতুলের কলঙ্ককারক, সর্ব্বদা শত্রুযুক্ত ও অর্থবিনাশক হইয়া থাকে; শুভ গ্রহউক্তরূপ হইলে বহুশত্রু-পরিবৃত, জয়শীল ও ধনসঞ্চয়ী হইয়া থাকে।

অথ সুখপতের্ম্মদনালয়স্থিতিফলম্।

মদনগেম্বুপতৌচ সুরাকৃতি র্ধনযুতোযুবতীজনবল্লভঃ।
স্মরযুতঃসুভগঃশুভখেচরৈ র্খলখগেঽতিখলঃ কঠিনঃপুমান্ ॥ ৭

শুভচতুর্থপতি সপ্তমগৃহে অবস্থান করিলে মানব পরম রমণীয়াকৃতি, ধনবান, কামিনীগণের প্রিয়, কামী ও সৌভাগ্যবান হয়। ক্রূর গ্রহউক্তরূপ হইলে মানব নির্দ্দয় ও খলস্বভাব হয়।

অথ সুখপতেরষ্টমগৃহাবস্থানফলম্।

মৃতিগতেসরুজোম্বুপতৌনরঃ সুখযুতঃপিতৃমাতৃসুখাল্পকঃ।
ভবতিবাহননাশকরঃশুভে খলখগেঽতিসমাগমনাশকঃ ॥ ৮

শুভ বা শুভদৃষ্টযুক্ত চতুর্থপতি অষ্টমভবনগত হইলে মানব রোগী, সুখী, পিতামাতার অল্পসুখদাতা ও যানবাহননাশক হইয়া থাকে। খলগ্রহ উক্তরূপ হইলে তাহার সঞ্চিত ধনবস্ত্রাদির নাশ হয় বা বহুধনাগম হয় না।

অথসুখপতে র্নবমগৃহাবস্থানফলম্॥

নবমগেসুখপেবহুভাগ্যবান্ পিতৃধনাদিসুহৃন্মনুজাধিপঃ।
ভবতিতীর্থকরোব্রততবান্ক্ষমী সুনয়নঃ পরদেশসুখীনরঃ॥ ৯

চতুর্থাধিপতি নবমগত হইলে মানব ভাগ্যবান, পিতৃধনভোগী, বন্ধুযুক্ত, রাজা, তীর্থসেবী, ব্রতপরায়ণ, ক্ষমাবান, সুন্দর নয়নবিশিষ্ট ও প্রবাসে সুখী হইয়া থাকে।

অথ চতুর্থপতের্দশমগৃহাবস্থানফলম্॥

গগনগেসুখপেগৃহিণীসুখম্ জনকমাতৃধনম্ভজতেক্ষমী
সুনয়নঃপরতোনৃপসম্মতঃ খলখগৈর্বিপরীতফলম্বদেৎ॥ ১০

শুভ বা শুভদৃষ্টযুক্ত চতুর্থপতি দশমগত হইলে মানব স্ত্রীসুখে সুখী পিতামাতা ও পিতামহীর ধনভোগী, ক্ষমাবান, সুন্দর-নয়নবিশিষ্ট ও নৃপমানিত হইয়া থাকে, অশুভগ্রহ উক্তরূপ হইলে এতদ্বিপরীতবিচার্য্য।

অথ সুখপতের্লাভালয়স্থিতিফলম্॥

ভবগতেন্দুপতৌ পিতৃপালকো বিবিধলব্ধিযুতঃ শুভকৃৎসদা।
পিতরিমাতরিভক্তিযুক্তোনরঃ প্রচুরজীবিত রোগবিবর্জ্জিতঃ॥১১

চতুর্থপতি আয়ভবনগত হইলে জাতক পিতৃপালক, নানার্থাদি লাভবান্, সৎক্রিয়াশীল, পিতৃমাতৃভক্ত, দীর্ঘায়ু ও নীরোগ হইয়া থাকে।

অথ তূর্য্যাধিপস্যদ্বাদশলয়স্থিতিফলম্॥

ব্যয়গতেসুখপেপিতৃনাশকো যদিবিদেশগতোজনকোভবেৎ।
ভবতিদুষ্টখগৈর্যুতজাতকঃ শুভখগৈঃ পিতৃসৌখ্যকরঃ সদা॥ ১২

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট চতুর্থপতি ব্যয়গত হইলে জাতক পিতৃসুখ-দাতা ও উক্তরূপ অশুভগ্রহ হইলে পিতৃনাশক অথবা পিতার বিদেশবাস-কারক হয়।

ইতি সুখেশপ্রকরণম্।

অথ সুতভবনেশফলম।

অথ সুতপতেলগ্নগৃহাবস্থানফলম্॥

লগ্নেগতেসন্ততিপেসুতানাং সুখংসুবিদ্যারতিমন্ত্রসিদ্ধিঃ।
শাস্ত্রাণিজানাতি সুকর্ম্মকারী রাগাঙ্গযুক্তঃ খলুবিষ্ণুভক্তঃ॥ ১

পঞ্চমপতি লগ্নগৃহে অবস্থান করিলে মানব পুত্রসুখে সুখী, শাস্ত্রানুরক্ত, সিদ্ধমন্ত্রবিশিষ্ট, সুবিদ্য, সৎক্রিয়াশীল, অঙ্গরাগসেবা-পরায়ণ ও বিষ্ণুভক্ত হয়॥

অথ সুতপতের্ধনগৃহাবস্থানফলম্॥

সুতেশেগতেদ্রব্যভাবেনরঃস্যাৎ কুলেশাপ্তবিত্তঃ কুটুম্বৈর্বিরোধী।
ভবেদ্ধানিকারী জনোভোগসক্তঃ শুভৈর্জীবপুত্রোভবেদ্দ্রব্যনাথঃ॥২

পঞ্চমপতি ধনগৃহে অবস্থান করিলে মানব কুলপতিদত্তধনশালী, কুটুম্বগণের সহিত বিরোধকারী, ধনহানিকারী ও ভোগাসক্ত হয়। শুভগ্রহ উক্তরূপ হইলে দীর্ঘজীবি পুত্রযুক্ত ও বহু দ্রব্যের অধিপতি হইয়া থাকে।

অথ সুতপতের্বিক্রমগৃহাবস্থানফলম্॥

সুতেশেগতেবিক্রমেবিক্রমীস্যাৎ সুহৃচ্ছান্তিযুক্তোবচোমাধুরীযুক্
শুভেখেটযুক্তেশুভপ্রাপ্তিকারী মনঃকার্য্যসিদ্ধিঃসুখাশান্তনম্রঃ॥ ৩

পঞ্চমপতি সহজগৃহে অবস্থান করিলে মানব পরাক্রমী, বন্ধুযুক্ত,শান্ত-স্বভাব, মিষ্টভাষী, ধনাদিলাভকারী, সর্ব্বকর্ম্মে লব্ধসিদ্ধি, সুখী ও বিনীত স্বভাব হয়। শুভগ্রহ উক্তরূপ হইলে ঐরূপ ফল বিশেষরূপে বিচার্য্য॥

অথ সুতপতেঃ সুখালয়স্থিতিফলম্।

সুতপতিঃকুরুতেসুখভাবগো জনকভক্তিকরঙ্কুশলন্নরম্।
তদনুপূর্ব্বজকর্ম্মকরংসদা কবিজনেবসুবস্ত্রনিরূপণম্॥ ৪

পঞ্চমপতি চতুর্থগৃহে অবস্থান করিলে জাতক পিতৃমাতৃ ভক্ত, সুদর্শন, পূর্ব্বজগণের অসম্পূর্ণ কর্ম্ম সম্পূর্ণকারী ও কবিজনগণের ধনবস্ত্র দানকারী হইয়া থাকে।

অথ তনয়ভাবপতেস্তনয়গৃহাবস্থানফলম্।

তনয়ভাবপতিস্তনয়স্থিতো মতিযুতস্বচনম্প্রবলঞ্জনম্।
বহুলমানযুতম্পুরুষোত্তম স্প্রবরলোকবরঙ্কুরুতেসদা॥ ৫

তনয়পতি তনয়গৃহে অবস্থান করিলে জাতক বুদ্ধিমানের ন্যায় বাক্যকুশল, বহুসম্মানযুক্ত, প্রবল ও নরশ্রেষ্ঠ হইয়া থাকে।

অথ তনয়াধিপস্যরিপুগৃহাবস্থানফলম্।

রিপুগতস্তনয়াধিপতির্যদা রিপুজনাভিরতঙ্কুরুতেনরম।
স্থিততনুস্বহুদোষযুতংসদা ধনসুতৈরহিতং খলখেচরৈঃ॥ ৬

শুভ বা শুভদৃষ্টযুক্ত পঞ্চমাধিপতি ষষ্ঠগৃহে অবস্থান করিলে মানব শত্রুর সহিত বন্ধুভাচরণ-প্রয়াসী ও সর্ব্বদোষের আকর হয়। পাপগ্রহ উক্তরূপ হইলে ধনপুত্রবর্জ্জিত হইয়া থাকে।

অথ মদনালয়গতস্সুতপতিফলম্।

মদনগস্তনয়স্থলনায়কঃ সুভগপুত্রবতীদয়িতাসদা।
স্বজনভক্তিরতাপ্রিয়বাদিনী সুজনশীলবতী তনুমধ্যমা॥ ৭

পঞ্চমপতি সপ্তমগৃহে অবস্থান করিলে জাতকের স্ত্রী বহু ভাগ্যবান্ পুত্রবতী, আত্মীয়-গুরুজনে ভক্তিমতী, প্রিয়বাদিনী, সুশীলা, লজ্জাশীলা ও কৃশমধ্যা হইয়া থাকে।

অথ ধনগৃহস্থিতপঞ্চমেশফলম্।

সুতপতৌনিধনস্থলগেনরঃ কুবচনাভিরতোবিগতাঙ্গকঃ।
ভবতিচণ্ডরুচিশ্চপলোনরো গতধনোবিকলঃ শঠতস্করঃ ॥৮

পঞ্চমপতি অষ্টমগৃহে অবস্থান করিলে মানব কটুভাষী, বিকলাঙ্গ, উগ্রস্বভাব-সম্পন্ন, চঞ্চলচিত্ত, নির্ধন, শঠ ও তস্কর হয়।

অথ নবমগৃহস্থিতপঞ্চমেশফলম্।

সুকৃতভাবগতস্তনয়াধিপঃ সমবিতর্কবিভাজনবল্লভঃ।
সকলশাস্ত্রকলাকুশলো ভবেন্নৃপতিদত্তরথাশ্বযুতোনরঃ ॥ ৯

পঞ্চমপতি নবমগৃহে অবস্থান করিলে জাতক তার্কিকদিগের সহিত কূটতর্কমীমাংসাসক্ত,কুতার্কিকগণের প্রিয়, সকল শাস্ত্রকলাকুশল ও নৃপতিদত্ত রথাশ্বাদিযুক্ত হয়।

অথ দশমগৃহস্থিতসুতেশফলম্।

দশমগঃকুরুতেসুতনায়কো নৃপতিকর্ম্মকরং সুখসংযুতম্।
বিবিধলাভযুতংপ্রবরন্নরম্প্রবরকর্ম্মকরম্বনিতারতম্ ॥ ১০

পঞ্চমপতি দশমগৃহে অবস্থান করিলে জাতক রাজকর্ম্মচারী, সুখী, বহু অর্থাদিলাভকারী, জনমান্য, শ্রেষ্ঠকর্ম্মচারী ও স্ত্রৈণ হয়।

অথৈকাদশালয়স্থিতপঞ্চমেশফলম্।

সুতপতির্ভবগঃ সুখসংযুতম্প্রকুরুতে সুতমিত্রযুতন্নরম্।
প্রবরগানকলাপ্রবরম্বিভুন্নৃপতিতুল্যকুলঞ্চ সদৈবহি ॥ ১১

পঞ্চমাধিপতি একাদশভবনগত হইলে মানব সুখী ও পুত্রমিত্র-যুক্ত, গীত-বিদ্যাকুশল, শ্রেষ্ঠ ও নৃপতিতুল্যবংশজাত হইয়া থাকে।

অথ দ্বাদশগৃহস্থিতপঞ্চমেশফলম্।

ব্যয়গতোব্যয়কৃৎ সুতনায়কো বিগতপুত্রসুখং খচরৈঃখলৈঃ।
সুতযুতশ্চশুভৈঃ কুরুতেনরং স্বপরদেশগমাগমনোৎসুকম্॥ ১২

পাপ বা পাপযুক্ত দৃষ্ট পঞ্চমপতি ব্যয়ভবনগত হইলে জাতক পুত্রসুখহীন, ও শুভগ্রহ উক্তরূপ হইলে মানব পুত্রবান ও নিজদেশে এবং পরদেশে গমনাগমনোৎসাহী হইয়া থাকে।

ইতি সুতেশপ্রকরণম সমাপ্তম্।

অথ রিপুস্থানেশফলম।

অথ রিপুপতের্লগ্নভবনস্থিতিফলম্।

রিপুপতৌরিপুহাতনুতেগতে বিগতবৈরভয়ঃ সবলঃসদা।
স্বজনকষ্টকরশ্চপুমান্সদা বহুচতুষ্পদবাহনভোগবান্॥ ১

ষষ্ঠপতি লগ্নে অবস্থান করিলে মানব বহুশত্রুনাশকারী, শত্রুভয়-বর্জ্জিত, মহান্ বলশালী, আত্মীয়জনের ক্লেশদাতা এবং বহুচতুষ্পদ ও যান-বাহন-ভোগী হইয়া থাকে।

অথ রিপুপতের্ধনগৃহাবস্থানফলম্।

রিপুপতৌদ্রবিণে চতুরোনরঃ কঠিনতাধনসঙ্গ্রহণেক্ষমঃ।
নিজপদপ্রবরোবিদিতশ্চলো গদযুতঃ কৃশগাত্রযুতোনরঃ॥ ২

রিপুপতি ধনগৃহে অবস্থান করিলে মানব সুচতুর, নির্ম্মোপায়ে সংগ্রহনিপুণ, নিজপদে শ্রেষ্ঠ, গৌরবান্বিত, চঞ্চলস্বভাব, কৃশশরীর ও রুগ্ন হয়

অথ শত্রুপতেঃসহজগৃহাবস্থানফলম্।

সহজগেরিপুভাবপতৌক্ষমী খলরতো কুরুতেবহুকর্ম্মকঃ।
পিতৃভুজাপ্তধনব্যয়কারকো বহুলকোপভরঃ সহজোজ্ঝিতঃ॥ ৩

শত্রুপতি তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব ক্ষমাবান্, কুসঙ্গপরায়ণ, বহুকর্ম্মী, পিতৃধনবিনাশক, মহাক্রোধী ও সহোদর কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া থাকে।

অথ সুখালয়স্থিতরোগপতিফলম্।

সুখগতেরিপতৌ পিতৃপক্ষপঃ কলহবান্বপুষাচরুজান্বিতঃ।
তদনুতাতধনেন যুতোবলী জননিসৌখ্যযুতশ্চপলঃস্মৃতঃ॥৪

শত্রুপতি সুখভবনে অবস্থান করিলে জাতক পিতৃপক্ষপ্রতিপালক, কলহপ্রিয়, পিতৃধনে ধনী, রোগী, জননীসুখকারক ও চঞ্চলস্বভাব হইয়া থাকে।

অথ পঞ্চমভবনেরিপুপতিস্থিতিফলম্।

রিপুপতৌতনয়স্থলগেভবেৎ পিতৃসুতাভ্যতিবাদকরঃপ্রিয়ঃ।
মৃতসুতশ্চখলগ্রহযোগতঃ শুভযুতোঽপিধনাদ্ভুতএবসঃ॥ ৫

পাপযুক্তদৃষ্ট হইয়া শত্রুপতি পঞ্চমগৃহে অবস্থান করিলে পিতা এবং পুত্র উভয়ের সহিত বৈর ও মৃতপুত্রতা হয়। শুভযুক্ত বা দৃষ্ট ষষ্ঠপতি পঞ্চমস্থানে অবস্থান করিলে বহুতর ধনপ্রাপ্তিযোগ হইয়া থাকে।

অথ রিপুপতেঃরিপুগৃহাবস্থানফলম্।

নিজগৃহেরিপুভাবপতৌনরো রিপুগতঃকৃপণশ্চখলোজ্ঝিতঃ।
সতুনিজস্থললব্ধসুখঃসদা ভবতিজন্মরতঃ পশুযোষিতঃ॥ ৬

শত্রুপতি শত্রুভবনে অবস্থান করিলে জাতক বহুশত্রুযুক্ত, কৃপণ ও শত্রুতা দ্বারায় নষ্টধনসম্পত্তি হইয়া থাকে। সে নিজ স্থান-লব্ধ ধনাদিতে সুখী হইয়া থাকে ও পশুমৈথুনকারী বা স্ত্রৈণ হয়।

অথ মদনালয়স্থশক্রপতিফলম্।

অরিপতৌমদনেখলসংযুতে প্রবরকামভরাবনিতাযুতঃ।
বহুলবাদকরোবিষসেবকঃ শুভখগৈর্বহুলাভসুতান্বিতঃ॥ ৭

পাপ বা পাপযুক্তদৃষ্ট শক্রপতি সপ্তমগৃহে অবস্থান করিলে পুরুষের বহু কামনা যুক্ত স্ত্রী হইয়া থাকে ও সে স্বয়ং বিবাদ নিরত ও বিষভক্ষণকারী হয়। শুভগ্রহ উক্তরূপ হইলে সে প্রভূত লাভকারী এবং পুত্রযুক্ত হয়।

অথাষ্টমভবনস্থিতশক্রপতিফলম্।

গ্রহণিরুগ্রিপুনাথ যুতেঽষ্টমে বিষধরান্মরণস্বিষতোবধঃ।
মরণদোবিধুরেবরবিন্ৃপাৎ গুরুসিতৌনয়নেষুবিপৎপ্রদৌ॥ ৮

শক্রপতি অষ্টমগৃহে অবস্থান করিলে মানব গ্রহণীরোগযুক্ত ও সর্পদংশনে বা বিষভক্ষণে মৃত্যু লাভ করে; চন্দ্র বা রবি উক্ত প্রকার হইলে রাজকোপে তাহার মৃত্যু হইয়া থাকে; গুরু বা শুক্র উক্তরূপ হইলে নেত্রপীড়া হয়।

অথ রিপুপতের্নবমালয়স্থিতিফলম্।

নবমগেরিপতৌখলসংযুতে চরণভঙ্গকরঃ সুকৃতোজ্ঝিতঃ।
বিবিধবাদকরশ্চ সর্বৈপ্রিয়ো নচধনংনসুখংনসুতঃসদা॥ ৯

পাপযুক্ত শক্রপতি নবমগৃহে অবস্থান করিলে মানব খঞ্জ, পুণ্যহীন, বিবাদকারী, সাধারণের প্রিয় ও ধনপুত্রসুখে বঞ্চিত হইয়া থাকে।

অথ ষষ্ঠপতের্দ্দশমভবনাবস্থানফলম্।

অরিগৃহাধিপতির্দ্দশমেযদা জননিবৈরকরশ্চপলঃখলঃ।
ভবতিপালকপুত্রযুতঃ শুভৈর্জনকহাজগতীপরিপালকঃ॥ ১০

শত্রুপতি দশমগৃহে অবস্থান করিলে মানব জননীর সহিত বিবাদনিরত ও চঞ্চলস্বভাব এবং শুভগ্রহ উক্তরূপ হইলে পোষ্যপুত্রযুক্ত, পিতৃঘাতী, ও বহুলোক পালন করিতে সক্ষম হইয়া থাকে।

অথ রিপুপতেরায়ভাবস্থিতিফলম।

ভবগতেরিপতৌ খলসঙ্গমো রিপুজনান্মরণঞ্চলুজায়তে।
নৃপতিচৌরজনাদ্ধনহানিকৃৎ শুভখগৈঃসততংশুভকৃদ্ভবেৎ ॥১১

খল বা খলগ্রহযুক্তদৃষ্ট শত্রুপতি আয়ভবনে অবস্থান করিলে মানব কুসঙ্গপরায়ণ, রাজদণ্ডে বা চৌর্য্যে অপহৃতধন হয়। সে শত্রু হস্তে নিহত হইয়া থাকে। শুভগ্রহ উক্তরূপ হইলে বিপরীত বিচার্য্য।

অথ রিপুপতের্ব্যয়ভবনগতফলম্।

ব্যয়গতেচ চতুষ্পদহীনতা রিপুপতৌধনধান্যসুখক্ষতিঃ।
গমনবুদ্ধিরথো পুরুষস্যহি দিননিশঞ্চধনায়কৃতোদ্যতিঃ॥ ১২

শত্রুপতি ব্যয়স্থানগত হইলে জাতকের চতুষ্পদ জন্তু ও অশ্ব-ধন-ধান্যাদিসুখহীনতা, সর্ব্বদা গমনেচ্ছা ও সদা ধনার্জ্জনে উদ্যম হইয়া থাকে।

ইতি রিপুভবনেশস্থিতি ফলম্।

অথ জায়েশস্থিতিফলম্।

অথ সপ্তমভবনেশলগ্নগৃহাবস্থানফলম্।

মদপতিস্তনুগঃ কুরুতেনরং সকলভোগযুতঞ্চ গতব্যয়ম্।
বহুকলত্রসুখৈর্বিহীনমানবো দলিতবৈরিজনঃ প্রমদোৎসুকঃ॥ ১

জায়াভবনপতি লগ্নগত হইলে মানব সর্ব্ব ভোগসুখে সুখী, মিতব্যয়ী, বহুস্ত্রী হইলে ও স্ত্রীসুখবিহীন, শত্রুর দর্পনাশকারী, জয়শীল ও স্ত্রী-জনিত উৎকণ্ঠাযুক্ত হয়।

অথ মদপতের্ধনভবনস্থিতিফলম্।

মদপতৌধনগেবনিতাখলা ভবতিবিত্তবতীসুখবর্জ্জিতা।
স্বপতিবাক্যবিলোপকরীমদান্মতিমতীস্বয়মাত্মজবর্জ্জিতা॥ ২

সপ্তমপতি দ্বিতীয়ভবনগত হইলে মানবের স্ত্রী সদাই অহঙ্কার-পূর্ণা, ধনবতী, দুষ্টস্বভাবা, সুখহীনা, স্বামীবাক্যলঙ্ঘনকারিণী, বুদ্ধিমতী ও পুত্রবর্জ্জিতা হয়।

অথ জায়াপতেঃসহজালয়স্থিতিফলম্।

মদপতৌসহজস্থলগেস্বয়ং বলযুতোনিজবান্ধববল্লভঃ।
ভবতিদেবর-পক্ষযুতাবলা স্মরমদাদয়িতাগৃহগাঃ খলাঃ॥ ৩

শুভ বা শুভযুক্তদৃষ্ট সপ্তমপতি তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব নিজবলে বলীয়ান্ ও বন্ধুগণের প্রিয় হয়। পাপ বা পাপযুক্তদৃষ্ট-উক্ত রূপ গ্রহ থাকিলে, মনুষ্যের স্ত্রী দেবরের পক্ষাবলম্বনকারিণী ও মদন-বিদগ্ধা হয়।

অথ মদনপতেঃসুখালয়স্থিতিফলম্।

স্মরপতিঃকুরুতেসুখভাবগো বিবলিনং পিতৃবৈরীকরঞ্চলম্।
অথসদামনুজঃপরিপালয়েৎ স্বপতিবাক্যযুতাং মহিলাংসদা॥ ৪

সপ্তমপতি চতুর্থগৃহে অবস্থান করিলে জাতক দুর্ব্বল-দেহ, পিতার-সহিত বিবাদনিরত, দুষ্টস্বভাবসম্পন্ন ও বাধ্যাস্ত্রীর পালক হয়।

অথ সপ্তমাধীশস্যপঞ্চমভবনাবস্থানফলম্।

মদপতিস্তনয়েতনয়প্রদঃ সুভগসৌখ্যকরঃ শুভসংযুতঃ।
ভবতিদুষ্টহতস্তনয়ৈর্যুতঃ খলখগৈর্দয়িতাপরিপালকঃ॥ ৫

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট সপ্তমপতি পঞ্চমভবনে অবস্থান করিলে মানবের পুত্রভাগ্য ও সুখসৌভাগ্যবৃদ্ধি প্রভৃতি হইয়া থাকে। সে অন্যের সুখদাতা ও সুখী হয় এবং পাপ বা পাপগ্রহযুক্তদৃষ্ট হইলে মানব ক্রুর-ব্যক্তিদিগের দ্বারা নিহত ও অল্পায়ু পুত্রযুক্ত এবং স্ত্রীপোষণরত হইয়া থাকে।

অথ মদনালয়পতেঃরিপুগৃহাবস্থানফলম্।

মদপতৌবিপদাস্তুনিষেবকো রিপুগতেরুচিরংহিচিরম্বপুঃ।
গতবয়াদয়িতাদয়িতঃ খলুক্ষয়গদেনযুতঃ খলখেচরৈঃ॥ ৬

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট সপ্তমপতি রিপুগৃহে অবস্থান্ করিলে মানব সদাই বিপদযুক্ত এবং মনোহর দেহবিশিষ্ট ও স্ত্রীলোকগণের প্রিয়পাত্র হয়। ক্রুরগ্রহ উক্তরূপ হইলে, ক্ষয়রোগযুক্ত ও স্ত্রীলোকদিগের অপ্রিয় ও অকালবৃদ্ধ হয়।

অথ সপ্তমপতেঃসপ্তমগৃহাবস্থানফলম্ ।

প্রমদভাবপতৌনিজমন্দিরে গতরুজংহিনরম্পরমায়ুষম্ ।
পরুষবাগ্রহিতংস্থিতিশীলতো নিয়তকীর্ত্তিযুতং পরদারগং ॥ ৭

সপ্তমপতি সপ্তমভবনে অবস্থান করিলে মানব নিজাধিকারে স্থিতিশীল, নীরোগ, দীর্ঘজীবী, সুমধুরবাক্যবিশিষ্ট, অতিশয় বিনয়াদি গুণযুক্ত, কীর্ত্তিমান ও পরদারগামী হয় ।

অথ নিধনালয়েসপ্তমপতেরবস্থানফলম্ ।

নিধনগেতুকলত্রপতৌনরঃ কলহকৃদ্‌গৃহিণীসুখবর্জ্জিতঃ ।
দয়িতয়ানিজয়ানসমাগমো যদিভবেদথবামৃতভার্য্যকঃ ॥ ৮

সপ্তমপতি নিধনস্থানে অবস্থান করিলে মানব কলহপ্রিয়, স্ত্রীসুখ-বর্জ্জিত, সুখবিহীন, অথবা মৃতভার্য্যক হয় । সে নিজ স্ত্রী-সঙ্গম-সঙ্কিত হইয়া থাকে ।

অথ সপ্তমাধীশস্যনবমভবনস্থিতিফলম্ ।

মদপতির্নবমেযদিশীলবান্ খলখগৈঃকুরুতেহিনপুংসকম্ ।
তপসিতেজসিসুপ্রথিতোনরঃ প্রমদয়ানিজয়াসহবৈরকৃৎ ॥ ৯

শুভ বা শুভযুক্তদৃষ্ট সপ্তমপতি নবমগৃহে অবস্থান করিলে মানব শীলতাসম্পন্ন হয় এবং দুষ্টগ্রহ উক্তরূপ হইলে মানব নপুংসকও স্ত্রীবৈরি হয় এবং তপঃ-প্রভাবে প্রসিদ্ধিলাভ করিয়া থাকে ।

অথ সপ্তমপতের্দ্দশমগৃহাবস্থানফলম্।

দশমগেমদপেনৃপদোষদঃ কুবচনঃকপটী চপলোনরঃ।
শ্বশুরদুষ্টজনানুচরঃখলৈর্নিজবধূজনয়োর্নহি হর্ষকৃৎ ॥ ১০

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট সপ্তমপতি দশমগৃহে অবস্থান করিলে মানব নৃপতির প্রতি দোষারোপকারী, কপটী, কুভাষী ও চঞ্চল-স্বভাব হয় এবং পাপ বা পাপগ্রহযুক্তদৃষ্ট হইলে মানব শ্বশুর ও দুষ্ট লোকের অনুচর হয়; সে নিজস্ত্রী ও বন্ধুগণের নিরানন্দকর হইয়া থাকে।

অথ বাণিজ্যপতেরায়গৃহাবস্থানফলম্।

ভবগতেতুকলত্রপতৌসদা স্বদয়িতাপ্রিয়কৃচ্চতথাসতী।
অনুচরীস্বধবস্যসুশীলিনী পশুমতীকলয়াপিতৃসংশ্রয়া ॥ ১১

সপ্তমপতি আয়গৃহে অবস্থান করিলে মানবের স্ত্রী প্রিয়কারিণী, পতিমতানুসারিণী ও সুশীলা হয়। সে বহুপশুবিশিষ্টা ও কলা-বিদ্যাদ্বারা পিতার আশ্রয়স্থলস্বরূপা।

অথ মদপতের্ব্যয়স্থানগতফলম্।

মদপতের্ব্যয়গস্তনুতেব্যয়ং স্বদয়িতাগৃহবন্ধুবিবর্জিতা।
ভবতিলৌল্যবতীখলবাক্যদা ব্যয়পরাগৃহতস্করাতাযুতা ॥ ১২

সপ্তমপতি ব্যয়গত হইলে জাতকের স্ত্রী গৃহবন্ধু-বিহীনা, চঞ্চলা, কটুভাষিণী, ব্যয়রতা ও গৃহতস্করতা-প্রবণা হইয়া থাকে।

ইতি জায়েশস্থিতিফলম্ সমাপ্তম্।

অথাষ্টমেশস্থিতি ফলম ।

মৃতিপতিস্তনুগোবহুদুঃখকৃদ্ভবতিবা বহুরুষ্টবিবাদকৃৎ ।
যদিনরোনৃপতের্ভতেধনঙ্গদযুতো বহুদুঃখসমন্বিতঃ ॥ ১

অষ্টমপতি লগ্নগত হইলে জাতক দুঃখী, কোপণ-স্বভাব, কলহ-পরায়ণ, নৃপ-প্রাপ্ত-ধন ও রোগী হইয়া থাকে ।

অথ নিধনপতের্দ্ধনগৃহাবস্থানফলম্ ।

নিধনপেধনগেচলজীবিতো বহুলশাস্ত্রযুতোপিচতস্করঃ ।
খলখগৈশ্চশুভং নগদান্বিতো নৃপতিতোমরণংহি সুনিশ্চিতম্ ॥২

নিধনপতি ধনগৃহে অবস্থান করিলে মানব, চঞ্চলায়ু, শাস্ত্রজ্ঞ অথচ চৌর্য্য-পরায়ণ, বিশেষত পাপগ্রহ বা পাপগ্রযুক্তদৃষ্ট হইলে সর্ব্ববিষয়ে অশুভফল-প্রাপ্ত, রোগী ও নিশ্চিত রাজদণ্ডে নিহত হয় ।

অথাষ্টমপতেঃসহজভবনাবস্থানফলম্ ।

সহজগেষ্টমপে সহজৈঃস্বয়ং সচবিরোধকরোথসুহৃজ্জনৈঃ ।
কঠিনবাক্যপরশ্চপলঃখলো ভবতিবন্ধুজনেনবিবর্জ্জিতঃ ॥ ৩

অষ্টমপতি তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব ভ্রাতৃ-বিরোধি, সুহৃদপ্রিয়, পরুষভাষী, চঞ্চলস্বভাব, খল ও বন্ধুবর্জ্জিত হয় ।

অথ নিধনপতেঃসুখালয়াবস্থানফলম্ ।

মৃতিপতৌসুখভাবগতেজনো জনকসঞ্চিতবৈভবনাশকৃৎ ।
গদযুতশ্চসুতেজনকেঽথবা কলহএবমিথশ্চসদাভবেৎ ॥ ৪

অষ্টমপতি চতুর্থগৃহে অবস্থান করিলে মানব পিতার সঞ্চিত-ধন-নাশক, রোগী, পিতাপুত্রে সদা কলহকারী বা সর্ব্বদা ক্লেশযুক্ত হইয়া থাকে ।

অথ নিধনভাবপতেঃপঞ্চমভবনস্থিতিফলম্।

মরণভাবপতিস্তনয়েস্থিত স্তনয়নাশকরশ্চ সদৈবহি।
যদিখলৈরশুভং সচধূর্ত্তরাট্ শুভখগৈশ্চশুভং সুতবৃদ্ধিভাক্ ॥ ৫

নিধনভাবপতি পঞ্চমগৃহে অবস্থান করিলে জাতকনষ্টপুত্র এবং খল বা খলগ্রহযুক্তদৃষ্ট হইলে ধূর্ত্ত-প্রধান্, শুভ বা শুভগ্রহযুক্ত দৃষ্ট হইলে শুভকারক ও সুতবৃদ্ধিযুক্ত হয়।

অথ মরণপতেঃরিপুগৃহাবস্থানফলম্।

মৃতিপতীরিপুভাবগতোযদা রবিমহীতনয়ৌচবিরোধকৃত্।
বিধুযুতেতুবিরোধফলস্বুধে ভৃগুশনীবহুরোগকরাবুভৌ ॥ ৬

অষ্টমপতি রবি মঙ্গল ষষ্ঠস্থ হইলে মানব বিবাদ-পরায়ণ, চন্দ্রবুধে বিরোধকারী এবং ভৃগুশনিতে রোগী হইয়া থাকে।

অথ মদনালয়গতাষ্টমেশফলম্।

মদনগেষ্টমপেপিচগুহ্যরুক্ কৃপণদুষ্টকুশীলজনপ্রিয়ঃ।
খলখগৈর্বহুপাপবিরোধকৃত্ প্রমদয়াক্ষিতিজেনচশাম্যতি ॥ ৭

অষ্টমপতি সপ্তমগৃহে অবস্থান করিলে জাতক গুহ্যরোগী, কৃপণ,দুঃশীল অসংবন্ধুযুক্তবিশেষতঃ পাপগ্রহ অষ্টমপতি হইলে পাপাত্মা ও বিবাদ-পরায়ণ এবং মঙ্গল ঐরূপ হইলে, কেবলমাত্র প্রমদাজন বশীভূত হইয়া থাকে।

অথাষ্টমাধীশস্যাষ্টমগৃহাবস্থানফলম্।

মৃতিপতৌমৃতিগেব্যবসায়কৃৎ গদগণেনযুতঃ শুভবাক্শুচিঃ।
কিতবকর্ম্মকরঃকপটীখলঃ কিতবকর্ম্মনিনাবিদিতঃ কুলে ॥ ৮

অষ্টমপতি অষ্টমগৃহে অবস্থান করিলে জাতক ব্যবসায়-রত, নানা রোগযুক্ত, মধুরভাষী, শুচিস্বভাব, ধূর্ত্ত, প্রতারক এবং কপটতার জন্য কুলপ্রসিদ্ধ হইয়া থাকে।

অথাষ্টমাধীশস্যনবমভবনস্থিতিফলম্ ।

সুকৃতগেষ্টমভাবপতৌজনো ভবতিপাপরতঃখলুহিংসকঃ ।-
সতুসুহৃন্মুখপূজ্য ইতস্ততো ভ্রমতিমিত্রগণেনবিবর্জিতঃ ॥ ৯

নিধনপতি ধর্ম্মগৃহে অবস্থান করিলে মানব পাপরত, ঈর্ষী, সুহৃজ্জন বা বন্ধুজনে বর্জিত হইয়া ইতস্ততঃ ভ্রমণশীল হইয়া থাকে।

অথ নিধনাধিপতের্দশমভবনস্থিতিফলম্ ।

মৃতিপতৌদশমস্থলমাশ্রিতে নৃপতিকর্ম্মকরোপিসমঃখলৈঃ ।
ভবতিকর্ম্মকরশ্চনরঃসদা প্রিয়জনৈরহিতঃ খলুদুঃখিতঃ ॥ ১০

নিধনপতি দশমভবনগত হইলে জাতক রাজকর্ম্মচারী হইয়াও খল-স্বভাব, সদাকর্ম্মনিরত, প্রিয়জন-বিরহিত ও দুঃখী হয়।

অথাষ্টমপতেরায়গৃহাবস্থানফলম্ ।

ভবগতেষ্টমপঃখলুচাল্পভো ভবতিপুষ্টিযুতঃ পুরতঃসুখী ।
শুভখগৈর্বহুজীবিতযুক্খলৈর্ভবতিনীচ জনৈশ্চসমন্বিতঃ ॥ ১১

নিধনপতি আয়গৃহগত হইলে মানব অল্পে তুষ্টিযুক্ত ও সুখী হয়। শুভগ্রহ বা শুভগ্রহদৃষ্টযুক্ত হইলে আয়ুষ্মান্ ও পাপগ্রহ ঐরূপ হইলে নীচসঙ্গপ্রিয় হয়।

অথাষ্টমপতের্দ্বাদশগৃহাবস্থিতিফলম্ ।

ব্যয়গতেমৃতিপেচ কঠোরবাক্ ভবতিতস্করকর্ম্মকরঃশঠঃ ।
বিকলকর্ম্মকরোনিপুণঃখলো মৃতিমিতশ্চমৃগাঙ্কুশভক্ষণাৎ ॥ ১২

অষ্টমপতি ব্যয়গৃহগত হইলে মানব পরুষভাষী, চৌর্য্য-কর্ম্মরত, শঠ, দুষ্কৃতকারী, কর্ম্মকুশল, খলস্বভাব ও কর্পূরভক্ষণে মৃত্যু-মুখে পতিত হয়।

ইতি মৃতীশস্থিতিফলমসমাপ্তম ।

অথ ধর্ম্মেশস্থিতিফলম।

অথ নবমাধিপতেলগ্নভবনস্থিতফলম্।

তনুগতেনবমাধিপতৌ গুরৌ সুরবিনায়কপূজনতৎপরঃ।

সুকৃতবান্ কৃপণোনৃপকর্ম্মকৃৎ স্মৃতিযুতোমিতভুক্সনরঃশুচিঃ ॥১

নবমাধিপতি লগ্নভবনে অবস্থান করিলে জাতক গণেশপূজা-পরায়ণ, সৎক্রিয়াশীল, কৃপণ, রাজকর্ম্মচারী,মেধাবী, মিতাহারী ও পবিত্র-স্বভাব হয়।

অথ নবমপতের্ধনগৃহাবস্থানফলম্।

নবমপেধনভাবগতেব্রতী সতুসুশীলসুতশ্চনরঃশুচিঃ

গতিযুতশ্চ চতুষ্পদপীড়িতো ব্যয়যুতঃ শমসাধনতৎপরঃ ॥ ২

নবমাধিপতি ধনগৃহে অবস্থান করিলে জাতক ব্রতপরায়ণ, সুপুত্র যুক্ত, পবিত্র স্বভাব, বেগগামী, চতুষ্পদ জন্তু কর্তৃক আক্রান্ত, ব্যয়শীল ও শান্তিসাধনরত হয়।

অথ ধর্ম্মপতেস্তৃতীয়গৃহাবস্থানফলম্।

সুকৃতপেসহজস্থলগেতথা ভবতিরূপযুতোজনবল্লভঃ।

স্বজনবন্ধুজনপ্রতিপালকো বিদিতকর্ম্মকরোযদিজীবতি ॥ ৩

ধর্ম্মপতি তৃতীয়গৃহে অবস্থান করিলে মানব রূপবান্, প্রিয়জন ও স্বজন, বন্ধুপালক এবং দীর্ঘজীবী হইলে খ্যাতকর্ম্মা হইয়া থাকে।

অথ ধর্ম্মপতেঃসুখভাবাবস্থিতিফলম্।

হিবুকভাবগতেসুকৃতেশ্বরে বুধসুহৃৎপিতৃপূজনতৎপরঃ ॥

ভবতিতীর্থরতঃসুরভক্তিমান্ নিখিলমিত্রপরঃ সসমৃদ্ধিমান্ ॥ ৪

আধানগৃহপতি সুখভবনে অবস্থান করিলে জাতক সুপণ্ডিত, বন্ধুবৎসল, পিতৃভক্ত, তীর্থভ্রমণরত, দেবদ্বিজ-ভক্তিপরায়ণ, সাধারণের বন্ধু ও ধনী হইয়া থাকে।

অথ নবমপতেঃ সুতগৃহাবস্থিতিফলম্।

সুকৃতপেতনয়স্থলগেযদা সুরমহীসুরভাবযুতোনরঃ।
প্রকৃতিসুন্দরতামতিমান্নরো মধুরবাকৃতনয়াশ্চ ভবন্তিহি॥ ৫

নবমভবনপতি সুতগৃহে অবস্থান করিলে, মানব দেব-স্বভাব, ব্রাহ্মণোচিতাচার-সম্পন্ন, সুন্দর-প্রকৃতি, মতিমান্, মধুরভাষী ও হৃষ্টপুষ্ট সন্তানের পিতা হইয়া থাকে।

অথ ধর্ম্মপতেঃ ষষ্ঠগৃহাবস্থানফলম্।

নবমপেরিপুগেরিপুসংযুতঃ প্রণয়কৃদ্বিকলঃ কথিতঃশুচিঃ।
বিকৃতদর্শনভাক্সতথাখলো ভবতিনিন্দিতকীর্ত্তিযুতোনরঃ॥ ৬

ধর্ম্মপতি ষষ্ঠভবনগত হইলে মানুষ শত্রুযুক্ত, প্রণয়ী, রোগশোক-হেতু বিকলেন্দ্রিয়, পবিত্র, কুরূপ, খল ও সর্ব্বজননিন্দিত হয়।

অথ নবমাধিতের্মদনালয়স্থিতিফলম্।

নবমপেমদগেবনিতাসুখস্বচনকৃচ্চতুরাধনসংযুতা।
ভবতিরাগবতীকিলসুন্দরী সুকৃতকর্ম্মরতাবহুশীলিনী॥ ৭

নবমপতি মদনালয়গত হইলে মানবের স্ত্রী আজ্ঞাপালন-তৎপরা, ধনযুক্তা, স্বামীর প্রতি বিশেষ অনুরাগবতী, সৎক্রিয়াশীলা ও লজ্জা-পরায়ণা হয়।

অথ নবমাধিপতেরষ্টমস্থিতিফলম্।

ভবতিদুষ্টতনুর্জনবঞ্চকো মৃতিগতেসুকৃতাধিপতৌসদা।
খলজনঃসুকৃতৈরহিতঃশঠো বিটসখশ্চতথৈবনপুংসকঃ॥ ৮

নবমাধিপতি অষ্টমভবনগত হইলে জাতক, কুদেহী, প্রতারক, খলস্বভাব, দুষ্ক্রিয়ারত, শঠ, কামুক, বন্ধুযুক্ত ও নপুংসক হয়।

অথ সুকৃতভবনপতেনবমালয়স্থিতিফলম্।

সুকৃতভাবপতির্নবমেস্থিতো ভবতিবন্ধুজনৈঃসহিতঃশুচিঃ।
অরুচিতশ্চবিবাদকরোজনো গুরুসুহৃৎস্বজনেষুরতঃসদা॥ ৯

নবমাধিপতি নবমগৃহে অবস্থান করিলে মানব বন্ধুযুক্ত, শুচি, অনিচ্ছাসত্ত্বেও বিবাদ করিতে বাধ্য এবং গুরুসুহৃৎ ও স্বজনের প্রীতিযুক্ত হইয়া থাকে।

অথ নবমপতের্দ্দশমভবনস্থিতিফলম্।

নৃপতিকর্ম্মকরোনৃপবিত্তযুক্ সুকৃতিধর্ম্মরতোজননীপরঃ।
বিদিতকর্ম্মকরঃসুকৃতাধিপে গগনগেপুরুষোভবতিধ্রুবম্॥ ১০

ধর্ম্মপতি দশমগৃহে অবস্থান করিলে মানব, রাজবেতনভোগী, অমাত্য, কর্ম্মচারী, সৎক্রিয়াশীল, ধার্ম্মিক, জননীভক্ত ও খ্যাতকর্ম্মা হইয়া থাকে।

অথায়ভাবস্থিতধর্ম্মেশফলম্।

ভবতিকর্ম্মকরোবহুনায়কঃ সুকৃতিবান্বহুদানপরঃপুমান্।
ধনপতির্নৃপতের্বহুবিত্তভুক্ সুকৃতপেভবগেহগতেসদা॥ ১১

সুকৃতপতি আয়গৃহে অবস্থান করিলে জাতক কর্ম্মী, বহুনায়ক, সুকৃতিমান, দানশৌণ্ড, ধনী ও নৃপলব্ধ-ধন হইয়া থাকে।

অথ ব্যয়ভবনগত নবমেশফলম্।

ব্যয়গতঃসুকৃতাধিপতির্যদা ভবতিমানযুতঃপরদেশগঃ।
মতিযুতস্ত্বতিসুন্দরদেহযুগ্ যদিখলাশ্চখগাইহধূর্ত্তকঃ॥ ১২

ধর্ম্মপতি দ্বাদশভবনে অবস্থান করিলে মানব মানী, প্রবাসী, মতিমান, সুদেহী এবং পাপগ্রহ ঐরূপ হইলে ধূর্ত্ত হইয়া থাকে।

ইতি নবমেশ প্রকরণম্ সমাপ্তম্।

অথ কর্ম্মেশস্থিতিফলম্।

অথ লগ্নভাবেদশমভবনেশস্থিতিফলম্।

দশমপেতনুগেজননীসুখং পিতরিভক্তিপরঃসুখসংযুতঃ।
খলখগৈর্বহুদুঃখপরঃখলো জনকবঞ্চনকৃচ্চসুখান্বিতঃ॥ ১

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট দশমপতি তনুভবনগত হইলে জাতকের জননীসুখ, পিতৃভক্তি ও সৌখ্য লাভ হয়। পাপগ্রহ বা পাপগ্রহযুক্ত দৃষ্ট হইলে, সে বহু দুঃখক্লিষ্ট, খলস্বভাব ও জনক-বঞ্চনায় সুখী হইয়া থাকে।

অথ দশমপতের্ধনগৃহাবস্থানফলম্।

ভবতিবিত্তগতেগগনাধিপে জনকমাতৃসুখং শুভখেচরৈঃ।
কঠিনদুষ্টবচস্তনুভুঙ্নরঃ সুতনুকর্ম্মকরোধনবান্ভবেৎ॥ ২

দশমাধিপতি শুভ বা শুভগ্রহদৃষ্টযুক্ত হইয়া ধনগৃহস্থিত হইলে জাতকের পিতৃ-মাতৃ-সুখ, সুদেহ,সুকর্ম্ম ও ধনলাভ হইয়া থাকে। পাপগ্রহ ঐরূপ হইলে জাতক উপরোক্ত ফলের সহিত হৃদয় কাঠিন্য ও পরুষ-বাক্যতালাভ করিয়া থাকে।

অথ দশমপতেঃ সহজগৃহাবস্থানফলম্।

স্বজনমাতৃবিরোধকরঃসদা বহুলসেবককর্ম্মকরোভবেৎ।
তদনুমাতুলপুত্রসুখাল্পকো নহিসমর্থবপুঃ পৃথুকর্ম্মণি॥ ৩

দশমপতি সহজভবন গত হইলে জাতক পরসেবক, কর্ম্মপরায়ণ, মাতুল-পুত্র-সুখহীন ও মহৎ কর্ম্মে অসমর্থ হইয়া থাকে।

অথ দশমভবনেশস্তসুখালয়াবস্থানফলম্।

দশমপেস্বুগতেনিতরাংসুখী পিতরিমাতরিপোষণতৎপরঃ।
সকললোকবশাস্বপিতাপকুম্নৃপতি সম্ভবলাভবিভূষিতঃ॥ ৪

দশমপতি চতুর্থভবনগত হইলে জাতক অতি সুখী, পিতৃমাতৃ-ভরণপরায়ণ, বহু বিবাহ সত্ত্বেও স্ত্রীবন্ধ্যাত্ব জন্য দুঃখিত ও নৃপতি হইতে লব্ধ বহু বৈভব হইয়া থাকে।

অথ দশমাধিপতেঃ পঞ্চমগৃহাবস্থানফলম্।

ভবতিসুন্দরকর্ম্মকরোনরো নৃপতিলাভযুতোঽপ্যতিভোগবান্।
বিমলবাদ্যকলাকুশলঃস্মৃতো গগনপেসুতগেল্পসুখীনরঃ॥ ৫

দশমভবনপতি পঞ্চমভবনগত হইলে, মানব সুন্দরকর্ম্মী, নৃপতি-লাভযুক্ত, অতিভোগী, গীতবাদ্যবিশারদ ও স্বল্পসুখী হইয়া থাকে।

অথ দশমপতেঃ রিপুগৃহাবস্থানফলম্।

রিপুগৃহেদশমাধিপতৌগদী নৃপতিবৈরকরশ্চবিবাদকঃ।
প্রবলকামপরোপ্যথভাগ্যতো রিপুগণাদ্যদিজীবতিজীবতি॥ ৬

দশমভবনপতি রিপুগৃহগত হইলে, জাতক রোগী, রাজবৈরী, কলহ-রত, কামুক ও শত্রু হস্ত হইতে রক্ষা পাইলে আয়ুষ্মান্ হয়।

অথ দশমপতের্মদনালয়স্থিতিফলম্।

সুতবতীবহুরূপসমন্বিতা রমণমাতরিভক্তিসমন্বিতা।
ভবতিতস্যজনস্যনিরন্তরম্ প্রিয়তমাম্বরপেদয়িতাঙ্গতে॥ ৭

দশমপতি মদনালয়গত হইলে, জাতকের স্ত্রী পুত্রবতী, রূপবতী, এবং স্বামী-শ্বশ্রূ-ভক্তিমতী হইয়া থাকে।

অথ দশমপতেরষ্টমগৃহাবস্থানফলম্।

অতিখলোঽনৃতবাক্কপটীনরস্তদনুচৌরকলাকুশলঃসদা।
জননিপীড়নতাপকরস্তথা দশমপেনিধনেতনুজীবিতঃ॥ ৮

দশমপতি অষ্টমগৃহগত হইলে, মানব অতি খলস্বভাব, মিথ্যাবাদী, কপটী, চৌর্য্যরত ও জনপীড়ক হইয়া থাকে।

অথ কর্ম্মপতের্ধর্ম্মগৃহস্থিতিফলম্।

ভবতিনাস্থ্ভগাত্মজযুক্সদা শুভসহোদরমিত্রপরাক্রমী।
দশমপেনবমস্থলগেখগে সততসত্যবচাবসুমাস্তথা॥ ৯

দশমপতি ধর্ম্মভবনগত হইলে, জাতক সৌভাগ্যশালীতনয়যুক্ত, সচ্চরিত্র, সহোদর-মিত্রসম্পন্ন, পরাক্রমী, সত্যবাদী ও ধনী হইয়া থাকে।

অথ কর্ম্মপতের্কর্ম্মগৃহাবস্থানফলম্।

জননিসৌখ্যকরঃশুভদঃশুভো ভবতিমাতৃকুলেষুরতঃসুধীঃ।
অতিপটুঃপ্রবলোদশমাধিপে স্বগৃহগেনৃপমানধনান্বিতঃ॥ ১০

দশমভবনপতি দশমভবনস্থ হইলে, পুরুষ জননী-সুখদাতা, মাতৃকুলানুরক্ত, সুপণ্ডিত, কর্ম্মনিপুণ, বলবান্, রাজমান্য ও ধনান্বিত হয়।

অথ দশমভবনপতেরায়গৃহাবস্থানফলম্।

বিজয়লাভযুতঃপ্রমদান্বিতঃ পরপরাজয়তোবসুলাভবান্।
সুতসুতানুগতোভবগেগৃহে দশমপেবহুভৃত্যযুতোনরঃ॥ ১১

দশমপতি আয়গৃহগত হইলে, জাতক বিজয়লাভযুক্ত, স্ত্রীবিশিষ্ট, পর-পরাজয় দ্বারা ধনী, অনুগত পুত্রকন্যাযুক্ত ও বহুভৃত্যশালী হয়।

অথ দশমপতের্ব্যয়গৃহাবস্থানফলম্।

নৃপতিকর্ম্মকরোনিজবীর্য্যযুগ্ জননিসৌখ্যবিবর্জ্জিতবক্রধীঃ।
দশমপেব্যয়গেপরদেশবান্ ব্যয়পরশ্চতথাসুভগঃস্বয়ং॥ ১২

দশমপতি ব্যয়গত হইলে, জাতক বীর্য্যশালী, জননী-সুখরহিত, কুটিলবুদ্ধিসম্পন্ন, প্রবাসী, ব্যয়শীল এবং সৌভাগ্যশালী হইয়া থাকে।

ইতি কর্ম্মেশস্থিতি ফলম্ সমাপ্তম্।

অথায়েশস্থিতিফলম্

অথ লাভভবনেশস্থলগ্নাবস্থানফলম্।

ভবতিনাশুভগঃ স্বজনপ্রিয়ঃ কলিতএববদান্যকুপুত্রবান্।
ভবপতৌতনুগেচসুকৃত্তমো নৃপতিতোধনলাভকরঃসদা॥ ১

আয়পতি লগ্নগৃহে অবস্থান করিলে, জাতক সৌভাগ্যবান, স্বজন-প্রিয়, দাতা, কুপুত্রবান্, বিশেষ সুকৃতকারী ও রাজদত্ত ধনে ধনী হয়।

অথৈকাদশপতের্ধনগৃহাবস্থানফলম্।

চপলজীবিতমল্পসুখস্তথা ভবপতির্ধনভাবযুতোযদি।
খলখগেস্বতিতস্করতাযুতঃ শুভখগেধনবানতিজীবতি॥ ২

একাদশপতি পাপগ্রহ বা পাপগ্রহযুক্তদৃষ্ট হইয়া ধনভবনগত হইলে, মানবের চঞ্চল আয়ুষ্কাল, অল্পসুখ ও চৌর্য্য প্রবৃত্তি হইয়া থাকে। শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট হইলে, ধনবান ও দীর্ঘায়ু হইয়া থাকে।

সহজভবনগতৈকাদশপতিফলম্ ।

সহজবিত্তযুতশ্চসুবান্ধবঃ সহজবৎসলএবনরঃসদা ।
সহজগেভবভাবপতৌশুচিঃ স্বজনমিত্রজনানতিলাভদঃ ॥ ৩

একাদশপতি তৃতীয়ভবনগত হইলে, পুরুষ ধনী, ভ্রাতৃযুক্ত, সদ্বন্ধু-বিশিষ্ট, সহজ-বৎসল ও স্বজন বা মিত্রগণের লাভ-দাতা হইয়া থাকে ।

অথ সুখালয়স্থিতৈকাদশপতিফলম ।

অমিতজীবনযুক্পিতৃপংক্তিযুতো নয়কর্ম্মরতঃ সুভগশ্চশুভঃ ।
সুকৃতকর্ম্মবশাদতিলাভবান সুখগতেভবভাবপতৌভবেৎ ॥ ৪

একাদশপতি চতুর্থভবনগত হইলে, জাতক পিতৃযুক্ত ও পিতৃ-পাঙ্‌ক্তেয়, দীর্ঘায়ু, নীতিকর্ম্ম-বিশারদ বা ন্যায় কর্ম্মরত, সুভগ, পবিত্র-স্বভাব, সুকৃতকারী ও কর্ম্মে লাভবান হইয়া থাকে ।

অথ পঞ্চমভবনস্থিতৈকাদশপতিফলম্ ।

জনকসংযুতমাতৃজনপ্রিয়ঃ সুতগতেভবভাবপতৌনরঃ ।
শুভখগৈর্মিতভুক্সুখসংযুতঃ খলখগৈর্বিপরীতফলংলভেৎ ॥ ৫

শুভ বা শুভগ্রহযুক্তদৃষ্ট একাদশপতি পঞ্চমভবনে অবস্থিতি করিলে, মানব পিতৃযুক্ত, মাতৃকুলপ্রিয়, মিতভোজী ও সুখী হয় । পাপগ্রহ উক্তরূপ হইলে এতদ্বিপরীত ফললাভ করে ।

অথ রিপুগৃহস্থিতৈকাদশপতিফলম্ ।

রিপুযুতোপিহিদীর্ঘগদীকৃশশ্চতুরতাচতুরৈঃ সহসম্মতঃ ।
রিপুগতেভবপেচবিদেশগো মরণমেবচতস্করজংভয়ম্ ॥ ৬

আয়পতি শত্রুগৃহগত হইলে, মানব শত্রুবেষ্টিত, সঞ্চিতরোগজীর্ণ-শরীর, শঠের সহিত শঠতাচরণক্ষম, সর্ব্বজন সম্মত, প্রবাসী ও তস্কর হইতে মৃত্যুভয়যুক্ত হয় ।

অথ মদনালয়স্থৈকাদশাধিপফলম্।

প্রকৃতিজোগ্রতনুর্বহুসম্পদো সুবহুজীবিতসুন্দরশীলযুক্।
খলখগৈর্বহুরোগযুতোনরঃ শুভখগৈর্বহুসৌখ্যসমন্বিতঃ॥ ৭

অশুভ গ্রহ বা অশুভগ্রহযুক্তদৃষ্ট একাদশপতি সপ্তমভবনে অবস্থিতি করিলে, মানবের উগ্রপ্রকৃতি, সম্পৎ, দীর্ঘায়ু ও রোগবাহুল্য হয়। শুভগ্রহ উক্তরূপ হইলে সদাচারনিষ্ঠা, লজ্জা ও নানাসুখ হইয়া থাকে।

অথ নিধনালয়স্থিতৈকাদশাধিপফলম্।

বহুলরোগযুতশ্চতথাশুভঃ খচর এবমিদং দদতেফলম্।
ভবপতৌমৃতিগেরিপুবৃন্দতো বিপুলবৈরকরশ্চ নরঃসদা॥ ৮

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট একাদশপতি অষ্টমগৃহে অবস্থান করিলে জাতক বহুরোগযুক্ত ও সর্ব্বদা শত্রুতাচরণপরায়ণ হয়। অশুভগ্রহ ঐরূপ হইলে বন্ধুগণের সহিত তাহার কখন বিচ্ছেদ বা কলহ হয় না।

অথ নবমগৃহস্থিতায়পতিফলম্।

একাদশেশঃ সুকৃতেস্থিতশ্চেৎ বহুশ্রুতঃশাস্ত্রবিশারদশ্চ।
ধর্ম্মপ্রসিদ্ধোগুরুদেবভক্তঃ ক্রূরেচবন্ধুব্রজবর্জিতশ্চ॥ ৯

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট আয়পতি নবমে স্থিত হইলে, মানব বেদজ্ঞ, শাস্ত্রজ্ঞ, বিখ্যাত ধার্ম্মিক ও গুরুদেব ভক্ত হইয়া থাকে। ক্রূরগ্রহ ঐরূপ হইলে বন্ধুরহিত হয়।

অথায়পতের্দ্দশমগৃহাবস্থানফলম্।

পিতরিবৈরিযুতোজননিপ্রিয়ো বহুলসদ্ধনকীর্ত্তিযুতোনরঃ।
জননিপালনকর্ম্মরতঃসদা ভবপতির্দশমস্থলগোযদা॥ ১০

আয়পতি দশমভবনগত হইলে, জাতক পিতার প্রতিবৈরকারী, মাতৃপ্রিয়, সদুপায়ার্জ্জিত-ধনে ধনী, যশস্বী ও মাতৃপোষক হইয়া থাকে।

আয়ভবনস্থিতায়পতিফলম্।

বহুলজীবিতমুগ্ধজনান্বিতঃ শুভবপুঃখলুপুষ্টিযুতঃসদা।
অতিসুরূপসুবাহনবস্ত্রযুক্ স্বগৃহগেভবভাবপতৌনরঃ॥ ১১

আয়পতি আয়গৃহে অবস্থান করিলে, মানব দীর্ঘায়ু, সুন্দরজনবেষ্টিত, সুন্দর পুষ্টশরীর, সুরূপ ও সুবাহনবস্ত্রযুক্ত হইয়া থাকে।

অথ ব্যয়গৃহস্থিতায়পতিফলম্।

ভবপতৌব্যয়গেচ খলোনরশ্চপলজীবিতবিত্তযুতোভবেৎ।
নিখিলমানযুতোবহুকষ্টদঃ স্থিতমনাবহুদুষ্টমতিঃশঠঃ॥ ১২

আয়ভবনপতি ব্যয়স্থানগত হইলে, মানব খলস্বভাব, অল্পায়ু, অল্পবিত্তশালী, অত্যভিমানী, ক্লেশদাতা, স্থিরচিত্ত পাপমতি ও শঠ হইয়া থাকে।

ইত্যায়েশ ফলম্।

অথ ব্যয়েশস্থিতিফলম্।

অথ ব্যয়পতের্লগ্নগৃহাবস্থানফলম্।

তনুগতেব্যয়ভাবপতৌনরঃ সুবচনঃসসুরূপবিদেশগঃ।
খলজনানুরতশ্চবিবাদযুক্ যুবতিভিঃসহিতোপিনপুংসকঃ॥ ১

ব্যয়পতি তনুভাবগত হইলে, মানব মিষ্টভাষী, সুরূপ, প্রবাসী, খলজনসুহৃৎ, বিবাদপ্রিয় এবং যুবতী স্ত্রীযুক্ত হইলেও নপুংসক হয়।

অথ ব্যয়পতের্ধনগৃহাবস্থানফলম্‌।

কৃপণতাকটুবাঙ্কনভাবগে ব্যয়পতৌবিকলশ্চবিনষ্টধীঃ।
ধরণিজেবিধনং নৃপতস্করাদপিচ পাপকরশ্চচতুষ্পদে ॥ ২

ব্যয়পতি কুটুম্বগৃহে অবস্থান করিলে, জাতকের কৃপণতাজনিত কটুবাক্য, অঙ্গবিকলতা, নষ্টমতি ও বিশেষত মঙ্গল ব্যয়পতি হইয়া উক্তরূপ হইলে, রাজা বা তস্কর হইতে ধনহানি ও চতুষ্পদের প্রতি পাপাচরণ-প্রবৃত্তি হয়।

অথ ব্যয়পতেঃসহজগৃহাবস্থানফলম্‌।

বিগতবন্ধুজনঃখলপূজিতো ব্যয়পতৌসহজস্থলগেসতি।
ধনযুতোঽপিভবেন্মনুজঃক্ষিতৌ কৃপণবন্ধুজনানুরতঃসদা ॥ ৩

ব্যয়পতি তৃতীয়স্থলগত হইলে, জাতক বন্ধুহীন, খলশ্রেষ্ঠ, ধনী ও কৃপণ-বন্ধুপ্রিয় হয়।

অথ সুখভবনস্থিতদ্বাদশপতিফলম্‌।

কঠিনকর্ম্মযুতঃশুভকর্ম্মকৃৎ ব্যয়পতৌসুখগেচসুখান্বিতঃ।
সুতজনান্মরণঞ্চদৃঢ়ব্রতী দ্বিবিচরেসভবেদুপকারকঃ ॥ ৪

ব্যয়পতি সুখভবনগত হইলে, জাতক কঠিন কর্ম্মে সিদ্ধিযুক্ত, সুখী, দৃঢ়প্রতিজ্ঞ, সর্ব্বজন-হিতকারক ও পুত্র দ্বারায় মৃত্যুমুখে পাতিত হয়।

অথ পঞ্চমভবনস্থিতব্যয়পতিফলম্‌।

তনয়গেপিখলস্তনয়োভবেৎ ব্যয়পতৌতনুতেখলান্বিতে।
শুভখগেতিশুভস্পিতৃবন্ধনং ভবতিচাপিসমর্থতয়ান্বিতঃ ॥ ৫

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট ব্যয়পতি পঞ্চমভবনস্থ হইলে, মানব বিশেষ শুভান্বিত, পৈতৃকধন প্রাপ্ত ও শরীর-সামর্থ্যশালী হয়। পাপগ্রহ ঐরূপ হইলে, তাহার পুত্র খলস্বভাব ও ব্যয়শীল হইয়া থাকে।

অথ রিপুগৃহস্থিতব্যয়পতিফলম্।

ব্যয়পতৌরিপুগেকৃপণঃখলঃ খলখগেনিয়তন্নয়নাময়ম্।
পরগৃহাশ্রয়িণোভৃগুপুত্রতো গতসুতঃশুভবুদ্ধিযুতোভবেৎ॥ ৬

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট ব্যয়পতি ষষ্ঠভবনগত হইলে, জাতক পুত্রবান ও বুদ্ধিমান হয়। শুক্র ঐরূপ থাকিলে পুত্রহীন হয়। পাপগ্রহও উক্তরূপ থাকিলে জাতক কৃপণ, খল ও নয়নরোগী হয়।

অথ কামগৃহস্থিতব্যয়পতিফলম্।

ভবতিদুষ্টমতিশ্চগৃহাগ্রণীঃ কপটদুষ্টদুরাচরণঃখলঃ।
খলখগেমদগেব্যয়ভাবপে খলখগেগণিকাধনবান্কুধীঃ॥ ৭

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট ব্যয়পতি সপ্তমে অবস্থিতি করিলে, জাতক কুমতিসম্পন্ন, গৃহকর্ত্তা, কপটী, দুরাচার, বেশ্যাধনে ধনী ও খল-স্বভাব হইয়া থাকে। পাপগ্রহ উক্তরূপ হইলে দুর্ম্মতি হয়।

অথ ব্যয়াধিপতেরষ্টমগৃহাবস্থিতিফলম্।

নিধনগেব্যয়পেষ্টকপালকঃ সকলকার্য্যবিবেকবিবর্জিতঃ।
ভবতিনিন্দিতএবতথাশুভে দিবিচরেধনসংগ্রহতৎপরঃ॥ ৮

ব্যয়পতি পাপগ্রহ বা পাপযুক্তদৃষ্ট হইয়া অষ্টম স্থানগত হইলে, জাতক অষ্টকপালক, অবিবেকী এবং নিন্দিত চরিত্র হয়। শুভগ্রহ ঐরূপ হইলে ধনসঞ্চয় নিপুণ হয়।

অথ নবমভবনস্থিত ব্যয়পতিফলম্।

সুকৃতকৃদ্ব্যয়পেনবমাশ্রিতে বৃষভগোমহিষীদ্রবিণঃসুধীঃ।
ভবতিতীর্থবিচক্ষণপুণ্যযুক্ খলখগেপিচ পাপরতোনরঃ॥ ৯

শুভগ্রহ বা শুভগ্রহযুক্তদৃষ্ট ব্যয়পতি ধর্ম্মস্থানগত হইলে, পুরুষ বৃষভ, গো, মহিষীযুক্ত, ধীমান, তীর্থভ্রমণপরায়ণ ও পুণ্যবান হয়। ক্রূর গ্রহ উক্তরূপ হইলে পাপরত হয়।

অথ ব্যয়পতের্দশমভবনস্থিতিফলম্।

সুতযুতোধনসংগ্রহতৎপরঃ পরজনানুরতঃ পরকার্য্যকৃত্।
ব্যয়পতৌদশমেজননীখলো ভবতিদুর্ব্বচনানুরতঃসদা॥ ১০

ব্যয়পতি দশম ভবনগত হইলে, মানব পুত্রবান, ধনসঞ্চয়ী, পরপ্রিয়, পরসেবক, জননী-শত্রু ও কটুভাষী হইয়া থাকে।

অথায়গৃহস্থিতব্যয়ভবনেশফলম্।

ধনযুতোবহুজীবিতযুক্পুমান্ গতখলঃপ্রমদশ্চ উদারধীঃ।
ব্যয়পতৌভবগেসতিসত্যবাক্ সকলকার্য্যকরঃপ্রিয়বাগ্ভবেৎ॥১১

ব্যয়পতি আয়ভাবগত হইলে, জাতক ধনী, দীর্ঘায়ু, হৃষ্টচিত্ত, উদার-স্বভাব, কূটনীতিজ্ঞ, ধীমান, সত্যবাদী, কার্য্যকুশল ও প্রিয়ভাষী হয়।

অথ ব্যয়াধিপতের্ব্যয়গৃহাবস্থানফলম্।

ভবতিবুদ্ধিযুতঃকৃপণঃখলঃ পরনিবাসরতস্থিরকার্য্যকৃত্।
পশুজনৈশ্চরতোবহুভোজনো ব্যয়পতৌব্যয়গেসতিমানবঃ॥ ১২

ব্যয়ভবনপতি স্বগৃহে অবস্থান করিলে, মানব বুদ্ধিমান, কৃপণ, খল, পরাশ্রিত, স্থিরকার্য্য-কর্ত্তা, পশুরতিযুক্ত ও বহুভোজী হইয়া থাকে।

ইতি ব্যয়ভবনেশফলম্।

ইতি ভবনেশাধ্যায়ঃ সমাপ্তঃ।

অথ বিচারাধ্যায়ঃ।

অথ তনুভাববিচারঃ।

বিলোকিতেসর্ব্বখগৈর্বিলগ্নে লীলাবিলাসৈঃসহিতোবলীয়ান্।
কুলেনৃপালোবিপুলায়ুরেবা ভয়েনযুক্তোরিকুলস্যহন্তা॥ ১

তনুভবনে সর্ব্বগ্রহের দৃষ্টি থাকিলে মানব ক্রীড়াকৌতুকাসক্ত, বিলাসী, বলবান, কুলশ্রেষ্ঠ, দীর্ঘজীবী, নির্ভীক ও শত্রুকুল-নাশক হইয়া থাকে।

সৌম্যাস্ত্রয়োলগ্নগতাযদিস্যুঃ কুর্ব্বন্তিজাতং নৃপতিম্বিনীতম্।
পাপাস্ত্রয়োদুঃখদারিদ্রশোকৈর্যুতং নিতান্তং বহুভক্ষকঞ্চ॥ ২

তনুভবন তিনটি শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত হইলে জাতক বিনীত ও রাজা বা তৎসদৃশ ভাগ্যবান হয়। এবং যদি তিনটি পাপগ্রহ-যুক্ত লগ্ন হয়, তবে মানব দুঃখদারিদ্র-শোকযুক্ত ও বহু ভোজী হয়।

লগ্নাদ্দ্যূনষড়ষ্টকেপিচ শুভাঃপাপৈর্ন যুক্তেক্ষিতাঃ
মন্ত্রীদণ্ডপতিঃ ক্ষিতেরধিপতিঃ স্ত্রীনাম্বহূণাং পতিঃ।
দীর্ঘায়ুর্গদবর্জিতোগতভয়ঃ সৌন্দর্য্যসৌখ্যান্বিতঃ
সচ্ছীলোযবনেশ্বরৈর্নিগদিতোমর্ত্ত্যঃ প্রসন্নঃসদা॥ ৩

যদি লগ্ন হইতে ষষ্ঠ, সপ্তম ও অষ্টম গৃহে শুভ গ্রহ সকল অবস্থান করে এবং তাহারা পাপ গ্রহগণ কর্ত্তৃক দৃষ্ট বা যুক্ত না হয়, তবে উক্ত মানব শ্রেষ্ঠরাজমন্ত্রী, বিচারপতি বা ভূপতি হইয়া থাকে এবং বহু স্ত্রীর ভর্ত্তা, দীর্ঘায়ু, অরোগী, নির্ভীক স্বভাব, মনোহর কান্তিবিশিষ্ট, সুখী, সুশীল ও সদা প্রসন্নচিত্ত হইয়া থাকে।

মেষেশশাঙ্কঃকলশেশনিশ্চ ভানুর্ধনুস্থশ্চভৃগুর্ম্মগস্থঃ।
পরস্যবিত্তংনকদাপিভুঙ্ক্তে স্ববাহুবীর্য্যেণ নরোবরেণ্যঃ॥ ৪

যে মানবের মেষরাশিতে চন্দ্র, কুম্ভ রাশিতে শনি, ধনুরাশিতে সূর্য্য ও মকর রাশিতে ভৃগু, জন্মকালে অবস্থান করেন, সে অপরের উপার্জ্জিত অর্থ সম্ভোগ না করিয়া স্বোপার্জ্জিত ধনে ধনবান ও সর্ব্বজন-পূজ্য হইয়া থাকে।

চতুর্ষু কেন্দ্রেষু ভবন্তিপাপাবিত্তস্থিতাশ্চাপিচ পাপখেটাঃ।
নরোদরিদ্রোনিতরাং নিরুক্তো ভয়ঙ্করশ্চাত্মকুলোদ্ভবানাম্॥ ৫

যে জাতকের চারিটি কেন্দ্রে ১।৪।৭।১০। পাপগ্রহ অবস্থান করে, এবং ধনগৃহও পাপযুক্ত হয়, সে জাতক সুদরিদ্র ও বিনীতকুলে জন্ম গ্রহণ করিলেও উগ্র-স্বভাবসম্পন্ন হয়।

সুতস্থিতোবাযদিমূর্ত্তিবর্ত্তী বৃহস্পতীরাজ্যগতঃ শশাঙ্কঃ।
নরস্তপস্বী বিজিতেন্দ্রিয়শ্চস্যাদ্রাজসীবুদ্ধিবিরাজমানঃ॥ ৬

যে মানবের লগ্ন বা পঞ্চম গৃহে দেবগুরু ও দশম ভবনে চন্দ্র অবস্থান করেন, সেই মানব উগ্রতপস্বী, জিতেন্দ্রিয় ও রাজসিক বুদ্ধি-সম্পন্ন হয়।

কন্যায়াঞ্চ তুলালয়েসুরগুরুর্মেষেবৃষেবাভৃগুঃ
সৌম্যোবৃশ্চিকরাশিগঃ শুভখগৈর্দৃষ্টঃকুলেশ্রেষ্ঠতাম্।
নূনংযাতিনরোবিচারচতুরশ্চৌদার্য্যজাতাদরঃ
নিত্যানন্দময়োগুণৈর্বরতরোনিষ্ঠাপরোবিত্তবান্ ॥ ৭

যদি কন্যা বা তুলা রাশিতে বৃহস্পতি, মেষ বা বৃষ রাশিতে শুক্র, ও বৃশ্চিক রাশিতে বুধগ্রহ অবস্থান করে এবং শুভগ্রহের পূর্ণ দৃষ্টি উক্ত স্থানে পতিত হয়, তাহা হইলে মানব স্বকুলশ্রেষ্ঠ, বিচারক্ষম, চতুর, উদারস্বভাবসম্পন্ন, সর্ব্বজীবের আদরণীয়, সদানন্দ-হৃদয়, সর্ব্বগুণাকর, আচারপূত ও ধনবান হয়। এইরূপ যোগ প্রায় অসম্ভব।

ষষ্ঠেসসৌরৌভবতোবুধারৌ নরোভবেচ্চৌরপরোনিতান্তম্।
কুকর্ম্মসামর্থ্যবিধেৰ্বিশেষাৎ পরান্নপাণিঃ কুগুণান্বিতশ্চ ॥ ৮

যে জাতকের ষষ্ঠগৃহে শনি, বুধ ও মঙ্গল অবস্থান করে সে চৌর্য্যনিপুণ, কুকর্ম্মকারী, অবৈধকার্য্যসম্পন্ন, পরান্নভোজী ও কুৎসিত গুণবিশিষ্ট হইয়া থাকে।

প্রসূতিকালেকিলযস্যজন্তোঃ কর্কেৰ্কজশ্চেন্মকরেমহীজঃ।
চৌর্য্যপ্রসঙ্গোদ্ভবচণ্ডদণ্ড শাখাদিদণ্ডাশ্চভবন্তিনূনম্ ॥ ৯

জন্মকালে কর্কটরাশিতে শনি ও মকররাশিতে মঙ্গল অবস্থান করিলে মানবের চৌরসাহচর্য্যে অথবা চৌর্য্যাপবাদে দণ্ডপ্রাপ্তি হইয়া থাকে এবং শাখাদিচ্ছেদ দণ্ড হয়।

কুম্ভেচমীনেমিথুনাভিধানে শরাসনেস্যুর্যদিপাপখেটাঃ।
কুচেষ্টিতঃস্যাৎ পুরুষোনিতান্তং বজ্রেননূনং নিধনংহিতস্য॥ ১০.

জন্মকালে কুম্ভ, মীন, মিথুন ও ধনু রাশিতে পাপগ্রহসকল অবস্থান করিলে, মানব অতিশয় কুচেষ্টাপরায়ণ হয় এবং তাহার অশনিপাতে মৃত্যু নিশ্চয় হইয়া থাকে।

যস্যপ্রসূতৌকিলনৈধনস্থঃ সৌম্যগ্রহঃ সৌম্যনিরীক্ষিতশ্চ।
তীর্থান্যনেকানিভবন্তিতস্য নরস্যসম্যক্‌মতিসংযুতস্য॥ ১১

জন্মকালে অষ্টমস্থানে শুভগ্রহ শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইয়া অবস্থান করিলে, মানব নানাতীর্থ ভ্রমণকারী ও শ্রেষ্ঠবুদ্ধিসম্পন্ন হইয়া থাকে।

বুধত্রিভাগেনযুতেবিলগ্নে কেন্দ্রস্থচন্দ্রেণ নিরীক্ষিতেচ।
রাজান্বয়েযদ্যপিজাতজন্মাস্যান্নীচকর্ম্মা মনুজপ্রকামম্॥ ১২

যে মানবের জন্মলগ্ন বুধের দ্রেক্কানে হইয়া কেন্দ্রস্থিত চন্দ্রের দৃষ্টিপথে পতিত হয়, সে উন্নত রাজবংশে জন্মগ্রহণ করিয়াও অতিশয় নীচ-কর্ম্মকারী হইয়া থাকে।

ভানুদ্বিতীয়েভবনেশনিশ্চ নিশীথিনীশোগগনাশ্রিতশ্চ।
ভূনন্দনেচৈবমদেতদানীং স্যান্মানবোহীনকলেবরশ্চ॥ ১৩

জন্মকালে রবি ও শনি দ্বিতীয়গৃহে, চন্দ্র দশমভবনে এবং মঙ্গল সপ্তমস্থানে অবস্থান করিলে জাতক হীনকলেবর হইয়া থাকে; এবং কখনই সে পুষ্টিলাভ করিতে পারে না।

পাপান্তরালেচভবেৎকলাবান্ কিলার্কসূনুর্মদনালয়স্থঃ।
কলেবরংস্যাদ্বিকলঞ্চতস্য শ্বাসক্ষয়প্লীহকগুল্মরোগৈঃ॥ ১৪

যদি চন্দ্র পাপান্তরিত এবং শনি সপ্তমস্থ হয় তাহাহইলে জাতকের শ্বাস, ক্ষয়, প্লীহা ও গুল্মরোগ প্রভৃতি দ্বারায় পীড়িত শরীর হয়।

শশীদিনেশস্য যদানবাংশে ভবেদ্দিনেশঃশশিনোনবাংশে।
একত্রসংস্থৌযদিতৌভবেতাং লক্ষ্মীবিহীনোমনুজঃসনূনম্॥ ১৫

যদি জন্মকালে রবি ও চন্দ্র পরস্পর নবাংশ গত হইয়া, একস্থানস্থিত হয়, তবে মানব নির্ধন ও লক্ষ্মীর ত্যজ্যপুত্র হইয়া থাকে।

ব্যয়েরিভাবেনিধনেধনেচ নিশাকরারার্কশনৈশ্চরাঃস্যুঃ।
বলান্বিতাস্তেত্বনিলাধিকত্বাৎ তেজোবিহীনেনয়নেপ্রকুর্য্যুঃ॥ ১৬

যে জাতকের জন্মকালে ২।৬।৮।১২ গৃহ সকলের যে কোন একটি গৃহে হীনবল চন্দ্র, মঙ্গল, রবি ও শনি গ্রহসকল অবস্থান করে সে বায়ুর আধিক্য বশতঃ চক্ষুস্তেজোবিহীন হইয়া থাকে।

ধনব্যয়স্থানগতশ্চশুক্রো বক্রোথবাকর্ণরুজংকরোতি।
নক্ষত্রনাথোযদিতত্রসংস্থো দৃগ্দোষকারীকথিতোমুনীন্দ্রৈঃ॥ ১৭

জন্মকালে শুক্র বা মঙ্গল ধন বা ব্যয়স্থানে অবস্থান করিলে জাতকের কর্ণরোগহয় এবং যদি চন্দ্রদ্বিতীয় বা দ্বাদশস্থানে অবস্থান করে তবে মানব নেত্ররোগী হইয়া থাকে।

যদিভবন্তিহিকাশ্চতনুর্ভবেৎ তনুগতারবিরাহুকুজার্কজাঃ।
রুধিরপাণ্ডুপরাপরতাপদাঃ শুভতমাগদদানকরাবিদুঃ॥ ১৮

যাহার জন্মলগ্নে রবি, রাহু, শনি, মঙ্গল অবস্থান করে তবে উক্তস্থান শুভগ্রহযুক্ত বা দৃষ্ট হইলেও মানব কৃশশরীর, দূষিতরক্ত, পাণ্ডুরোগী ও পরতাপদায়ক হয়।

তনুগতজ্বল খেচরমন্দিরং ত্রিদশপূজ্যশশাঙ্ক সমন্বিতম্।
শিরসিঘাতগদানিলশূলযুগ্ ভবতি নাতিবলোজঠরাগ্নিনা॥ ১৯

পাপগ্রহের ক্ষেত্রে লগ্ন হইলে এবং সেই লগ্নে বৃহস্পতি ও চন্দ্র অবস্থান করিলে জাতকের মস্তকে আঘাত জনিত পীড়া, বায়ুশূল ও অগ্নিমান্দ্য রোগে বিশেষ ক্লেশ হয়।

গুরুশশাঙ্কবুধাস্তু জিতাস্তনৌবপুষি পুষ্টিকরাঃ শুভকান্তিদাঃ।
গদবিনাশকরাঃ কথিতাবুধৈ রতিখলাঃকৃশতাপকরাঃপরং॥২০

লগ্নগৃহে বৃহস্পতি, চন্দ্র ও বুধ অবস্থান করিলে মানব হৃষ্টপুষ্ট দেহ, কান্তিবিশিষ্ট ও অরোগী হয়, এবং ক্রুরগ্রহযুক্তদৃষ্ট হইলে, মানব কৃশতনু ও পরতাপদাতা হয়।

এতেহিযোগাঃকথিতামুনীন্দ্রৈঃ সান্দ্রংবলং যস্য নভশ্চরস্য।
কল্প্যংফলংতস্যচ পাককালে সুনির্ম্মলাযস্য মতিস্তুতেন॥ ২১

যবনাচার্য্য প্রভৃতি দ্বারা কথিত এই সমস্ত যোগ বুদ্ধিমান পুরুষের দ্বারা যে যে গ্রহজনিত যোগ সেই সেই বলবান গ্রহের দশান্তর্দশায় ভোগ্য, এইরূপ কল্পনীয়।

ইতি তনুভাববিচারঃ।

অথ ধনভাববিচারঃ।

ভানুভূতনয়ভানুতনূজৈশ্চেদ্ধনস্য ভবনং যুতদৃষ্টং।
জায়তেহি মনুজোধনহীনঃ কিংপুনঃ কৃশশশীক্ষিতযুক্তং॥ ১

ধনগৃহে রবি, মঙ্গল, শনির অবস্থান বা দৃষ্টি থাকিলে মানব নির্ধন হইয়া থাকে; এবং যদি ক্ষীণচন্দ্র কর্ত্তৃক ধনস্থান দৃষ্ট হয় তাহাহইলেও মনুষ্য ধনবিহীন হইয়া থাকে।

ধনালয়স্থৌকিলমঙ্গলেন্দূ ইন্দ্বীক্ষিতোমন্দবিলোকিতশ্চ।
শনির্ধনস্থানগতঃকরোতি ধনাভিবৃদ্ধিং হি বুধেনদৃষ্টঃ॥ ২

যদি ধনস্থানে চন্দ্র ও মঙ্গল অবস্থান করে, অথবা শনি ও চন্দ্র পূর্ণ-দৃষ্টিতে উক্ত গৃহ অবলোকন করে, অথবা শনি উক্ত ধনস্থানে অবস্থান করিয়া বুধ কর্ত্তৃক ঈক্ষিত হয় তবে ধনভাবের বৃদ্ধি করিয়াজাতককে স্বর্ণ ও ধনবান্ করিয়া থাকে।

ধনেদিনেশোহন্তি ধনানিনূনং করোতিমন্দেনচ বীক্ষিতোবা।
শুভাভিধানাধনভাবসংস্থা নানাধনাভ্যাগমনানিকুর্য্যুঃ॥ ৩

ধনগৃহে রবি অবস্থান করিলে বা ধনগৃহস্থ রবি, শনিবীক্ষিত হইলে, অথবা ধনগৃহ শুভযুক্ত হইলে, জাতকের নানারূপ ধনাগম হইয়া থাকে।

গীর্ব্বাণবন্দ্যোযদ্রবিণোপযাতঃ সৌম্যেক্ষিতঃস্যাদ্দ্রবিণংকরোতি।
সৌম্যেনদৃষ্টোধনভাবসংস্থঃ সোমস্যসূনুর্ধনহানিদঃস্যাৎ॥ ৪

যদি ধনস্থানে শুভগ্রহ দৃষ্টযুক্ত বৃহস্পতি অবস্থান করে, তবে মানব নিশ্চয় ধনেশ্বর হইয়া থাকে। কিন্তু সৌম্যগ্রহবীক্ষিত বুধ ধনস্থানে অবস্থান করিলে মানবের ধনহানিযোগ হইয়া থাকে।

ধনস্থিতজ্ঞেনবিলোকিতশ্চ কৃশঃশশাঙ্কোপিধনাদিকানাং।
পূর্ব্বার্জ্জিতানাংকুরুতেবিনাশং নবীনবিত্তপ্রতিবন্ধনং চ ॥ ৫

ধনস্থানে বুধদৃষ্ট দুর্ব্বলচন্দ্র অবস্থান করিলে, জাতকের পূর্ব্বধন-বিনাশ ও নববিত্তাগম-পন্থা রুদ্ধ হইয়া থাকে।

বিত্তস্থিতোদৈত্যগুরুঃকরোতি বিত্তাগমংসোমসুতেনদৃষ্টঃ।
সএবসৌম্যগ্রহযুক্তদৃষ্টঃ প্রকৃষ্টবিত্তাপ্তিকরোনরানাং ॥ ৬

যদি ধনস্থানে শুভগ্রহদৃষ্টযুক্ত শুক্র অবস্থান করে, অথবা মাত্র বুধ কর্ত্তৃক দৃষ্ট হয় তবে মানব অতুল ধনলাভকারী হইয়া থাকে।

(বুধদৃষ্ট শুক্র ধনস্থানে থাকা প্রায় অসম্ভব)

অত্রধনেপাপদৃষ্ট্যধিকত্বাদ্ধনহানিঃ।
সৌম্যাধিকদৃষ্ট্যাভ্যবন্ধনপ্রাপ্তিঃ ॥ ৭

ধনস্থানে বহু পাপগ্রহের দৃষ্টিযোগ থাকিলে উক্ত পাপগ্রহের দশা-ন্তর্দ্দশা ভোগকালে ধনহানিযোগ হইয়া থাকে; এবং ধনস্থানে শুভ-গ্রহের দৃষ্টিযোগ থাকিলে উক্ত শুভগ্রহের দশান্তর্দ্দশা ভোগকালে ধন-প্রাপ্তি বিচার্য্য।

ইতি ধনভাববিচারাধ্যায়ঃ।

অথ সহজভাববিচারঃ।

পাপালয়ং চেৎসহজংসমস্তৈঃ পাপৈঃসমেতং প্রতিলোকিতঞ্চ।
ভবেদভাবঃসহজোপলব্ধেঃ তদ্বৈপরীত্যেনতদাপ্তিরেবম্ ॥ ১

যদি সহজস্থান পাপগ্রহের গৃহ হয় এবং সেইস্থানে সমস্ত পাপগ্রহ থাকে বা পাপগ্রহের দৃষ্টি থাকে তাহাহইলে সহজ প্রাপ্তি ব্যাঘাতযোগ এবং তদ্বিপরীতে তদ্বিপরীত যোগ জ্ঞাতব্য।

নবাংশকাযেসহজালয়স্থাঃ কলানিধিক্ষৌণিসুতানুদৃষ্টাঃ ।
তাবন্মিতাঃস্যুঃ সহজাভগিন্যশ্চান্যেক্ষিতা বৈপরিকল্পনীয়াঃ ॥ ২

তৃতীয়স্থানের যত সংখ্যক নবাংশে চন্দ্র মঙ্গলের দৃষ্টি থাকে তত সংখ্যক ভ্রাতা এবং যত সংখ্যক নবাংশে অন্যান্য গ্রহের দৃষ্টি থাকে জাতকের তত সংখ্যক ভগিনীর জন্ম কল্পনীয় ।

কুজেনদৃষ্টৈরবিজেতনূজা নশ্যন্তিজাতাঃ সহজাহিতস্য ।
দৃষ্টেচতস্মিন্ গুরুভার্গবাভ্যাম্ শশ্বচ্ছুভং স্যাদনুজেষুনূনং ॥ ৩

তৃতীয়স্থানে শনি, মঙ্গল দৃষ্ট করিলে জাতকের ভ্রাতা ও পুত্রের নাশ হয় । কিন্তু শুক্র, বৃহস্পতির দৃষ্টি থাকিলে ভ্রাতাদির পক্ষে বিশেষ শুভ ।

সৌম্যেনভূমীতনয়েনদৃষ্টঃ করোতিদৃষ্টং রবিজোনুজানাম্ ।
শশাঙ্কবর্গেসহজেকুজেন দৃষ্টেসরোগাঃ সহজাভবেয়ুঃ ॥ ৪

বুধ এবং মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট শনি যদি সহজ স্থান দর্শন করেন, কিম্বা শশাঙ্কবর্গস্থ সহজ স্থান যদি ভৌমদৃষ্ট হয় তাহাহইলে জাতকের ভ্রাতাদি রুগ্ন হইয়া থাকে ।

দিবামণৌপুণ্যগৃহেস্বগেহে সন্দেহএবানুজজীবিতস্য ।
একঃকদাচিচ্চিরজীবিতশ্চ ভ্রাতাভবেদ্ভূপতিনাসমানঃ ॥ ৫

রবি স্বগৃহস্থ হইয়া ধর্ম্মভবনগত হইলে জাতকের ভ্রাতার জীবন সম্বন্ধে বিশেষ সন্দেহ, যদি বিশেষ কারণ বশতঃ জীবিত থাকে তাহা হইলে সেই ভ্রাতা নৃপতি তুল্য হয় ।

চন্দ্রমাপাপযুক্তশ্চ সহজস্থোযদাভবেৎ।
ভ্রাতৃনাশকরোযোগো যদিনোবীক্ষিতঃশুভৈঃ॥ ৬

পাপযুক্ত চন্দ্রমা সহজস্থানে অবস্থান করিলে মানবের ভ্রাতৃনাশ হইয়া থাকে। আর শুভগ্রহ কর্ত্তৃকদৃষ্টযুক্ত পূর্ণবলী চন্দ্র অবস্থিতি করিলে বা দৃষ্টি করিলে ভ্রাতৃস্থানের শুভ ফল হইবে।

যদিখলুসহজেচখলগ্রহাঃ শুভখগৈঃ সহিতাশ্চবিলোকিতাঃ।
নহিভবন্তিসহোদরবান্ধবা বহুবিধাগ্রজপক্ষবিঘাতযুক্॥ ৭

তৃতীয়স্থান শুভাশুভ উভয় গ্রহযুক্ত বা দৃষ্ট হইলে মানবের সোদর ও বান্ধব-জন্ম হয় না, হইলেও দুঃখদায়ক হয় এবং অগ্রজ ভ্রাতার পক্ষে বিশেষ হানি বা পীড়াদায়ক হয়।

শুভনিজেশযুতেক্ষিতমগ্নিভং ভবতিসোদরাগ্রজসৌখ্যভাক্।
স্বপতিনানযুতংনশুভেক্ষিতং নসুখমন্যসহোদরজন্তদা॥ ৮

তৃতীয়াধিপতি শুক্রগ্রহ অথবা শুভগ্রহ কর্ত্তৃক যুক্ত বা দৃষ্ট হইয়া অগ্নি-রাশি গত হইলে, জ্যেষ্ঠসোদর অতিশয় সুখভাগী ও ধনবান হইয়া থাকে। কিন্তু তৃতীয়াধিপতি যদি নিজগৃহে অবস্থান না করে, অথবা শুভগ্রহ দৃষ্ট না হয় তাহাহইলে মানবের অন্য সহোদর-জনিত সুখও নষ্ট হয়।

যদিখলাঃপ্রবলাখলমধ্যগং খলযুতেক্ষিতমগ্রজহন্তদা।
নহিকনিষ্ঠসহোদরজংসুখং ভবতিজ্যেষ্ঠসুখংনতুজায়তে॥ ৯

যদি সোদরস্থান পাপগ্রহের ক্ষেত্র হয় এবং বলবান্ পাপগ্রহ মধ্যগত হয়, অথবা পাপগ্রহযুক্ত বা দৃষ্ট হয় এবং উক্ত স্থানে শুভগ্রহের কোন সংশ্রব না থাকে, তবে মানবের অগ্রজানুজ উভয় সহোদর হইতে বিশেষ সুখহানিযোগ হয়॥ ৯॥

প্রথমজাতশিশুস্তরণিগ্রহ স্তদনুহন্তিশিশুং লঘুমর্কজঃ।
ধরণিজোলঘুবালকঘাতকৃৎ বহুখলাযদিহন্তিচভার্গবাৎ ॥ ১০

তৃতীয়স্থরবি প্রথমাপত্যনাশক ও তৃতীয়স্থ মঙ্গল দ্বিতীয়াপত্যনাশক। বহু পাপগ্রহ তৃতীয়স্থ হইলে জাতকের সন্তান শুক্রপীড়াগ্রস্ত হয়।

রবিরাহুভ্রাতৃহনৌ চন্দ্রে চ ভগিনীসুখং।
শন্যাররাহবঃষষ্ঠে ভ্রাতৃনাশকরোগুরুঃ ॥ ১১

রবি ও রাহু তৃতীয়স্থ হইলে ভ্রাতৃহানিকারক, চন্দ্র তৃতীয়স্থ হইলে ভগ্নীসুখদাতা। শনি, মঙ্গল ও রাহু ষষ্ঠস্থ হইলে, তৃতীয়স্থ বৃহস্পতি হইলেও ভ্রাতৃ হানি হইবে।

ইতি ভ্রাতৃভাববিচারঃ।

অথ সুখভবনবিচারঃ।

অখিলাসুখভাবগতাযদা জননিসৌখ্যকরাহিভবস্থিতে।
শুভবিলোকনতঃ খলুপীড়নং জঠরবাতগদং রবিজেব্রবীৎ ॥ ১

সুখভাবে সমস্ত শুভবিলোকিত গ্রহ থাকিলে জননীর সুখদায়ক হয়। শনি থাকিলে মাতৃপীড়া এবং জাতকের নিজের বায়ুজনিত উদর-পীড়া হয়।

হিবুকগাঃ খলুসৌম্যখগাযদা হৃদয়রোগকরাঃ পরতাপদাঃ।
নৃপতিভীতিকরা অতিদুঃখদাঃ পবনগুল্মকরাশ্চজলার্ত্তিদাঃ ॥ ২

সুখভবনে শুভগ্রহ সমূহ থাকিলে জাতকের হৃদ্রোগ, অপর হইলে সন্তাপ, রাজভয়, দুঃখ, বায়ুগুল্ম রোগ ও জলজনিত ক্লেশ হয়। ২

সুখগৃহংযদিভৌমযুতস্তথা খলখগৈঃ সহজেঽপিসএবচেৎ।
ভবতিবহ্নিকৃতোজঠরেগদো জ্বরসমীরণবহ্নিগদব্যথা ॥ ৩

সুখগৃহে মঙ্গল থাকিলে অথবা তৃতীয় স্থানে মঙ্গল পাপগ্রহ যুক্ত হইয়া অবস্থিত হইলে জাতকের জঠরে বহ্নিকৃত পীড়া ও ব্যথা হইয়া থাকে।

লগ্নেচৈবযদাজীবোধনেসৌরিশ্চসংস্থিতঃ।
রাহুশ্চসহজেস্থানে তস্যমাতানজীবতি ॥ ৪

লগ্নে বৃহস্পতি, দ্বিতীয়ে শনি ও তৃতীয়ে রাহু থাকিলে জাতকের মাতা জীবিত থাকে না।

লগ্নেপাপোব্যয়ে পাপোধনেসৌম্যোপিসংস্থিতঃ।
সপ্তমেভবনে পাপঃপরিবারক্ষয়ঙ্করঃ ॥ ৫

লগ্নে, সপ্তমে ও ব্যয়ে পাপগ্রহ ও ধনে শুভগ্রহ থাকিলে পরিবার-ক্ষয়-কারী যোগ হয়।

সৌম্যদৃষ্ট্যধিকত্বাত্তু মাতুর্ধনসুখংভবেৎ।
পাপদৃষ্ট্যধিকত্বাত্তু মাতৃকষ্টং সুখং নহি ॥ ৬

সুখভবনে শুভগ্রহের দৃষ্ট্যাধিক্য থাকিলে মাতার ধন ও সুখলাভ হয় এবং-পাপ দৃষ্ট্যাধিক্য হইলে মাতৃকষ্ট ও সুখহানি হয় ॥

ইতি সুখভাব বিচারঃ ॥

অথ পঞ্চমভাববিচারঃ

লগ্নেদ্বিতীয়েসতিবাতৃতীয়ে বিলগ্ননাথেপ্রথমেসুতঃস্যাৎ।
তূর্য্যেস্থিতেস্মিংশ্চসুতোদ্বিতীয়ঃ পুত্রীসুতোবিত্তযুতোনরঃস্যাৎ॥১

লগ্ন, দ্বিতীয় বা তৃতীয়স্থানে লগ্নস্বামী অবস্থিত হইলে জাতকের প্রথম পুত্র হয়। সুখস্থানে উক্ত লগ্নস্বামী অবস্থিত হইলে প্রথম ও দ্বিতীয় পুত্র, তৃতীয় পুত্রী ও চতুর্থ পুত্রসন্তান এবং ধনলাভ হয়।

সুতাভিধানংভবনংশুভানাং যোগেনদৃষ্ট্যাসহিতংবিলোক্যং।
সন্তানযোগংপ্রবদেন্মনীষী বিপর্য্যয়ত্বেনবিপর্য্যয়ং চ ॥ ২

যদি পঞ্চমস্থান শুভগ্রহযুক্ত বা দৃষ্ট হয়, তাহা হইলে জাতকের সন্তান-যোগ বিচার্য্য, বিপরীতে বিপরীত ফল কথনীয়।

সন্তানভাবোনিজনাথদৃষ্টঃ সন্তানলব্ধিং শুভদৃষ্টিযুক্তঃ।
করোতিপুংসামশুভৈঃপ্রদৃষ্টঃ স্বস্বাম্যদৃষ্টোবিপরীতমেব ॥ ৩

পঞ্চমস্থান তৎস্বামীদৃষ্ট বা শুভদৃষ্ট হইলে সন্তানপ্রাপ্তিযোগ বক্তব্য, পাপগ্রহদৃষ্ট হইয়া স্বামী-দৃষ্টিবিহীন হইলে বিপরীত ফল বোদ্ধব্য।

ব্যয়ংবিত্তংতৃতীয়ংবালগ্নেশঃপশ্যতাত্যদি।
তূর্য্যলগ্নং পঞ্চমশ্চঃ পুরঃপুত্রস্যজন্ম চ ॥ ৪

লগ্নস্বামী পঞ্চমস্থ হইয়া যদি ব্যয়, বিত্ত, বা সহজভবনদর্শী হয় তাহা হইলে জাতকের প্রথম পুত্রসন্তান জন্মে।

দ্বিদেহসংস্থাভৃগুভৌমচন্দ্রাঃ সন্তানমাদৌজনয়ন্তিনূনং।
এতেপুনর্ধন্বিগতানকুর্য্যুঃ পশ্চাত্তথাদৌ গদিতংমহদ্ভিঃ ॥ ৫

শুক্র, মঙ্গল, ও চন্দ্র যদি দ্বিস্বভাব রাশিস্থিত লগ্নে অবস্থিত হন তাহা হইলে জাতকের নিশ্চিত প্রথম পুত্রসন্তান যোগ হয়, কিন্তু ধনুরাশিস্থিত হইলে প্রথম ও শেষে পুত্রসন্তানের অভাব কল্পনীয়।

সন্তানভাবেগগনেচরাণাং যাবন্মিতানামিহদৃষ্টিরস্তি।
স্যাৎসন্ততির্বিত্তমথোবদন্তি নীচোচ্চমিত্রারিগৃহেস্থিতানাং ॥ ৬

সুতগৃহে নীচস্থ, উচ্চস্থ, মিত্রগৃহস্থ বা অরি গৃহস্থিত যতগুলি গ্রহের দৃষ্টি থাকিবে জাতকের ততগুলিসন্তান ও অর্থযোগ, কল্পনীয়।

কাহারো মতে শুভগ্রহ দৃষ্টিতে সন্তানের শুভ ও পাপগ্রহের দৃষ্টিতে সন্তানের অশুভ বক্তব্য।

নবাংশসংখ্যাপ্যথবাঙ্কসংখ্যা দৃষ্ট্যাশুভানাংদ্বিগুণংচসংখ্যা।
ক্লিষ্টাচপাপগ্রহদৃষ্টিযোগাৎ মিশ্রংচমিশ্রগ্রহদৃষ্টিরত্র॥ ৭

পঞ্চমস্থান যে গ্রহের নবাংশগত তাহার সংখ্যা, অথবা যে রাশি পঞ্চমভাবগত তাহার সংখ্যা-তুল্য সংখ্যক সন্তান উৎপত্তি হয়। উক্ত পঞ্চমভাব শুভদৃষ্ট হইলে উক্ত সংখ্যার দ্বিগুণ সংখ্যক সন্তান সম্ভাবনা, এবং পাপগ্রহদৃষ্ট হইলে বহুদুঃখে সন্তান-সম্ভাবনা হয়। মিশ্র দৃষ্টিতে মিশ্রফল।

সুতাভিধানেভবনেযদিস্যাৎ খলস্যরাশিঃখলখেটযুক্তঃ।
সৌম্যগ্রহৈকেননবীক্ষিতশ্চ সন্তানহীনোমনুজস্তদানীং॥ ৮

সুতস্থান যদি পাপক্ষেত্র হয়, এবং সেই স্থানে শুভগ্রহের দৃষ্টি-বিবর্জ্জিত কোন পাপগ্রহ অবস্থিত থাকে, তাহা হইলে মানব সন্তান-বিহীন হয়।

কবিঃকলত্রেদশমেমৃগাঙ্কঃ পাতালযাতাশ্চখলাভবন্তি।
প্রসূতিকালেচযদিগ্রহাস্তদা সন্তানহীনং জনয়ন্তিনূনং॥ ৯

শুক্র সপ্তমভবনগত, চন্দ্র দশমগৃহগত এবং পাপগ্রহ জন্মকালে চতুর্থগত হইলে জাতক সন্তান-বিহীন হয়।

সুতেসিতাংশেচসিতেনদৃষ্টে বহূন্যপত্যানিবিধোরপীদং।
দাসীভবান্যাত্মজভাবনাথে যাবন্মিতেংশেশিশুসম্মিতিঃস্যাৎ॥১০

সুতগৃহ যদি শুক্র বা চন্দ্রের নবাংশগত ও দৃষ্ট হয় তাহা হইলে জাতকের বহ্বপত্যযোগ হয়, এবং সুতভাবাধিপতি যত সংখ্যক নবাংশস্থিত হন, তত সংখ্যক দাসী-গর্ভোৎপন্ন সন্তান হয়।

শুক্রেন্দুবর্গেনযুতেস্থতাখ্যে যুতেক্ষিতেবাভৃগুচন্দ্রমোভ্যাম্।
ভবন্তিকন্যাঃসমরাশিবর্গে পুত্রাশ্চতস্মিন্‌বিষমাভিধানে ॥ ১১

পঞ্চমভাব শুক্র ও চন্দ্রের বর্গ গত, বা শুক্র চন্দ্রের দৃষ্টিগত হইলে, সমরাশি বর্গে কন্যা ও বিষমরাশিবর্গে পুত্রজন্ম কথনীয়।

মন্দস্থরাশিঃসুতভাবসংস্থো মন্দেনযুক্তঃশশিনেক্ষিতশ্চ।
দত্তাত্মজাপ্তিঃশশিবদ্বুধেপি ক্রীতঃসুতস্তস্যনরস্যবাচ্যঃ ॥ ১২

পঞ্চমস্থান শনিক্ষেত্র হইয়া শনিযুক্ত ও চন্দ্রদৃষ্ট হইলে দত্তকপুত্রলাভ-যোগ হয়। বুধ, চন্দ্রের ন্যায় যোগ কর্ত্তা হইলে, ক্রীতপুত্রকযোগ হয়।

মন্দস্যবর্গেসুতভাবসংস্থে নিশাকরেনাপি সুবীক্ষিতেচ।
দিবাকরেনাথনরস্যতস্য পুনর্ভবাসম্ভবসূতিলব্ধিঃ ॥ ১৩

পঞ্চমভাব শনিবর্গস্থিত হইয়া চন্দ্র, বা রবিদৃষ্ট হইলে, জাতকের পুনর্ভবা-গর্ভসম্ভূতপুত্রাদি লাভ হয়।

শনের্গণেসদ্মনিপুত্রভাবে বুধেক্ষিতেবৈরবিভূমিজাভ্যাং।
পুত্রোভবেৎক্ষেত্রভবোথবৌধে গণেপিগেহেরবিজেনদৃষ্টে ॥ ১৪

পুত্রভাব, শনিষড়বর্গগত হইয়া রবি, মঙ্গল ও বুধ দৃষ্ট হইলে জাতক জারজ সন্তানের পিতা হয়। পুত্রভাব বুধষড়বর্গগত হইয়া শনিদৃষ্ট হইলেও উক্তরূপ ফল।

নবাংশকাঃপঞ্চমভাবসংস্থাঃ যাবন্মিতৈঃপাপখগৈঃপ্রদৃষ্টাঃ।
নশ্যন্তিগর্ভাঃখলুতৎপ্রমানাশ্চেদীক্ষণং নোশুভখেচরাণাং ॥ ১৫

পুত্রভাবের যে সংখ্যক নবাংশ শুভগ্রহদৃষ্টিবর্জ্জিত হইয়া পাপ-বীক্ষিত হয় জাতকের স্ত্রীর ততগুলি গর্ভনাশযোগ হয়।

ভূনন্দনোনন্দনভাবযাতো জাতংচজাতংতনয়ংনিহন্তি।
দৃষ্টোযথাচিত্রশিখণ্ডিজেন ভৃগোঃসুতেনপ্রথমশ্চজীবেৎ॥ ১৬

পুত্রস্থানে মঙ্গল অবস্থিত হইলে পুনঃপুনঃ সন্তাননাশযোগ হয়, বৃহস্পতি বা শুক্র দৃষ্ট হইলে প্রথম পুত্র জীবিত থাকে।

ঋষধর্ম্মধরপঞ্চমভাবগঃ প্রসবসৌখ্যফলংনহিদৃশ্যতে।
মৃতসুতঃখলুপঞ্চমগেগুরৌ তদিহদৃষ্টিফলং শুভমশ্নুতে॥ ১৭

বৃহস্পতির ক্ষেত্র পঞ্চমভাবগত হইলে প্রসবসুখহানি ও অপত্য-মৃত্যুযোগ হয়। কিন্তু গুরু তৎস্থানগত হইলে বা পূর্ণ দৃষ্টি করিলে ঐ যোগ হয় না।

সুতপতিরিহকেন্দ্রেপাপগঃপাপদৃষ্টো
ভবতিগতিগরিষ্ঠঃশাস্ত্রবেত্তা চ শূরঃ।
লিপিকরণপটীয়ান্ সন্ততেশ্চাপিদুঃখং
কৃতহরিশিবপূজঃ সন্ততিংবৈলভেত॥ ১৮

সুতস্থানাধিপতি কেন্দ্রে পাপগ্রহদৃষ্ট হইয়া পাপগ্রহক্ষেত্রগত হইলে জাতক, শাস্ত্রজ্ঞ, শূর, যতি-শ্রেষ্ঠ, লিপিচতুর ও সন্তানহীন হইয়া পরে হরি-হর-পূজায় সন্তান লাভ করে।

সুতপতিরস্তগতোবা পাপযুতঃপাপবীক্ষিতোবাপি।
সন্ততিবাধাং কুরুতেকেন্দ্রে পাপান্বিতে চন্দ্রে॥ ১৯

পুত্রপতি অস্তগত বা পাপগ্রহযুক্তদৃষ্ট হইলে, এবং পাপযুক্ত চন্দ্র, কেন্দ্রস্থানে অবস্থান করিলে, মানবের সন্তানবাধা হয়।

তুলামীনমেষেবৃষেদৈত্যপূজ্যে ধনীরাজমানীকলাকৌতুকীচ
ত্রয়োস্যাত্মজাবৈচিরংজীবিতাশ্চভবেদ্বৎসরেবহ্নিভীতির্দ্বিতীয়ে॥২০

শুক্র, তুলা, মীন, মেষ বা বৃষরাশিস্থিত হইলে মানব ধনবান, রাজসম্মানযুক্ত, কলা-কৌতুকী ও তিনটি দীর্ঘায়ু সুসন্তান লাভ করে এবং দ্বিতীয় বর্ষে জাতকের অগ্নি হইতে ভয় ও হানি বিচার্য্য॥

একঃপুত্রোরবৌ পুত্রস্থানেচন্দ্রেসুতাদ্বয়ং।
ভৌমেপুত্রাস্ত্রয়োবংশ্যা বুধেপুত্রীচতুষ্টয়ম্॥ ২১

পুত্রস্থানে রবি অবস্থান করিলে একটি পুত্র, চন্দ্র বাস করিলে কন্যা দুইটী, মঙ্গল অবস্থান করিলে তিনটি পুত্র এবং বুধ অবস্থান করিলে মানবের চারিটি কন্যা লাভ হয়।

গুরৌগর্ভেসুতাঃপঞ্চ ষট্পুত্রাভৃগুনন্দনে।
শনৌচগর্ভপাতঃ স্যাদ্রাহৌগর্ভোভবেন্নহি॥ ২২

পুত্রস্থানে বৃহস্পতি অবস্থান করিলে মানবের পাঁচটি সন্তান ও শুক্র অবস্থান করিলে ছয়টী পুত্র হয়। শনি পঞ্চমস্থানে উপস্থিত থাকিলে জাতকের স্ত্রীর যতগুলি গর্ভোৎপন্ন হয় তাহার স্রাব হয়, রাহু উক্ত পঞ্চমভাবগত হইলে জাতকের স্ত্রীর গর্ভ হয় না।

স্বগৃহী, কেন্দ্রকোণে বা উচ্চ-নীচস্থে স্বতন্ত্র ফল কল্পনীয়।

সৌম্যদৃষ্ট্যধিকে সন্তানসুখং।
পাপদৃষ্ট্যধিকে সন্তানপীড়া॥ ২৩

পঞ্চমস্থানে শুভগ্রহ সকলে দৃষ্টির অধিক হইলে সন্তানের সুখ বিবেচ্য, কিন্তু পাপ গ্রহের দৃষ্টি অধিক হইলে সন্তানের পীড়া হয়।

ইতি সুতভাব বিচারঃ।

অথ ষষ্ঠভাববিচারঃ।

দৃষ্টির্যুতিশ্চেৎখলখেচরাণাং অরাতি ভাবেরিপুনাশনংস্যাৎ।
শুভগ্রহানাং প্রতিদৃষ্টিতোঽত্র শক্রদগমোপ্যাময়সম্ভবঃস্যাৎ॥ ১

ষষ্ঠভবন পাপগ্রহদৃষ্টযুক্ত হইলে রিপুনাশযোগ হয় ও শুভগ্রহ-দৃষ্টযুক্ত হইলে নবশক্রদয় ও পীড়া যোগ হয়।

ষষ্ঠেক্রূরোনরোজাতঃ শক্রপক্ষবিমর্দ্দকঃ।
ষষ্ঠেসৌম্যেসদারোগী ষষ্ঠেচন্দ্রস্তুমৃত্যুদঃ॥ ২

অরিভবন পাপযুক্ত হইলে শক্রনাশকারী, শুভগ্রহ ষষ্ঠস্থ হইলে রোগদাতা ও চন্দ্র রিপুগৃহস্থ হইলে মৃত্যুদাতা হইয়া থাকেন।

ষষ্ঠেসৌম্যেগ্রহেরোগী দীর্ঘায়ুর্মাতুলাৎসুখং।
পাপগ্রহেভবেচ্চৈব শক্রমাতুলনাশকৃৎ॥৩

ষষ্ঠে শুভগ্রহ থাকিলে আয়ুষ্মত্তাযোগ ও মাতুল-সুখ হয়। পাপগ্রহ থাকিলে শক্র ও মাতুলনাশ হয়।

ইত্যরিভাব বিবরণং সম্পূর্ণম্।

অথ সপ্তমভাববিচারঃ।

মূর্ত্তৌকলত্রেচনবাংশকোবা দ্বিষট্‌কভাগস্ত্রিলবঃ শুভানাম্।
অনেনযোগেনহি মানবানাং স্যাদঙ্গনানামচিরাদবাপ্তিঃ॥১

লগ্নে ও সপ্তমে যদি শুভগ্রহের নবাংশ, দ্বাদশাংশ বা দ্রেক্কান হয় তাহা হইলে মানবের শীঘ্র স্ত্রীপ্রাপ্তি হয়।

সৌম্যৈর্যুক্তং সৌম্যভম্ সৌম্যদৃষ্টংজায়াস্থানন্দেহিনামঙ্গনাপ্তিঃ।
কুর্য্যান্নৈবংবিপরীত্যাদভাবং মিশ্রত্বেনপ্রাপ্তিকালেপ্রলাপঃ॥

সপ্তমগৃহ, শুভক্ষেত্র বা শুভযুক্তদৃষ্ট হইলে নিশ্চিত স্ত্রীপ্রাপ্তি-যোগ হয়, বিপরীতে স্ত্রীপ্রাপ্তির অভাব, কিন্তু শুভপাপ মিশ্রে বিবাহ-প্রস্তাব বাক্যালাপেই পর্য্যবসিত হয়।

লগ্নাদ্ব্যয়েবা রিপুমন্দিরেবাদিবাকরেন্দূভবতস্তদানীম্।
শুভেক্ষিতৌভৌতুকলত্রগেহে ভার্য্যাস্তদৈকাম্প্রবদেন্নরস্য॥ ৩

লগ্নের ব্যয়ে বা ষষ্ঠে রবি চন্দ্র অবস্থান করিলে কিম্বা শুভগ্রহ দৃষ্ট হইয়া সপ্তমস্থ হইলে জাতক এক-পত্নীক হয়।

গণ্ডান্তকালেপিকলত্রভাবে ভৃগোঃসুতেলগ্নগতেহর্কজাতে।
বন্ধ্যাপতিঃস্যান্মনুজস্তদানীং শুভেক্ষিতং নোভবনংখলেন॥ ৪

গণ্ডান্তসময়ে জাতকের লগ্নে শনি এবং সপ্তমে শুক্র থাকিলে জাতক বন্ধ্যাপতি হয়। সপ্তমভবনে শুভগ্রহগণের দৃষ্টি থাকিলে উক্তযোগ হয় না।

ব্যয়ালয়েবামদনালয়েবা খলেষুবুদ্ধ্যালয়গেহিমাংশৌ।
কলত্রহীনোমনুজস্তনূজৈর্বিবর্জিতস্যাদিতি বেদিতব্যম্॥ ৫

ব্যয়স্থান বা জায়াস্থানে একাধিক পাপগ্রহ ও ধীস্থানে চন্দ্র থাকিলে মানব স্ত্রীপুত্রবর্জ্জিত হয়।

প্রসূতিকালেচ কলত্রলাভেযমস্যবাক্ষ্মাতনয়স্যবর্গে।
তাভ্যাম্প্রদৃষ্টে ব্যভিচারিণীস্যাদ্ভর্ত্তাপিতস্যা ব্যভিচারকর্ত্তা॥৬

জন্মকালে সপ্তমভাব শনি বা মঙ্গলের বর্গগত ও তাহাদিগের দ্বারা দৃষ্ট হইলে স্ত্রী ব্যভিচারিণী ও স্বামী স্বয়ং ব্যভিচারকর্ত্তা হয়।

শুক্রেন্দুপুত্রৌচকলত্রসংস্থৌকলত্রহীনঙ্কুরুতে মনুষ্যম্।
শুভেক্ষিতৌতৌবয়সোবিরামে, রামাংপ্রকামম্ লভতেমনুষ্যঃ ॥৭

সপ্তমভাবে বুধ শুক্র অবস্থিত হইলে মানব স্ত্রীবিহীন হয়, শুভগ্রহবীক্ষিত হইলে অধিক বয়সে স্ত্রীপ্রাপ্তি হয়।

শুক্রেন্দুজীবশশিজৈঃ সকলৈস্ত্রিভিশ্চ
দ্বাভ্যাংযুতং মদগৃহন্তুতথৈককেন।
আলোকিতন্বিষমভৈরিদমেব নূনম্
যাত্যঙ্গনা ভবতিনুশ্চ খলস্বভাবা ॥ ৮

চন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র সকলে, বা যে কোন তিনটি, অথবা দুইটি, বা একটি, সপ্তমভবন গত হইয়া, বিষমগ্রহ অর্থাৎ বিষমগৃহস্বামী-গ্রহকর্ত্তৃক বীক্ষিত হইলে, জাতকের স্ত্রী খলস্বভাবা হয়।

চন্দ্রাদ্বিলগ্নাচ্চখলাঃকলত্রেহন্যুঃ কলত্রংবলযোগতস্তে।
চন্দ্রার্কপুত্রৌচ কলত্রসংস্থৌ পুনশ্চতৌস্ত্রীপরিলব্ধিদৌস্তঃ ॥ ৯

চন্দ্রস্থিত রাশি বা লগ্ন হইতে সপ্তমে বলবান পাপগ্রহ থাকিলে স্ত্রীনাশ হয় এবং শনি চন্দ্র সপ্তমস্থ হইলে পুনঃ স্ত্রীলাভযোগ হয়।

কলত্রভাবেশনবাংশতুল্যা নার্য্যোগ্রহালোকনতো ভবন্তি।
একৈবভৌমার্কনবাংশকেচজামিত্রভাবেচ বুধার্কয়োর্বা ॥ ১০

সপ্তমেশ যে সংখ্যক নবাংশ গত হন বা যতগুলি গ্রহদৃষ্ট হন মানবের ততগুলি স্ত্রীলাভ হয়। যদি মঙ্গল বা রবির নবাংশ হয় কিম্বা রবি বুধ সপ্তমস্থ হয় তাহা হইলে একমাত্র স্ত্রীলাভ হয়।

শুক্রস্ববর্গেনযুতেকলত্রে বহ্বঙ্গনাপ্তি ভৃগুবীক্ষণেন।
শুক্রেক্ষিতে সৌম্যগণেঙ্গনানাম্বাহুল্যমেবাশুভবীক্ষণান্ন ॥ ১১

সপ্তমগৃহ শুক্রবর্গগত বা শুক্রযুক্ত হইলে কিম্বা শুক্রযুক্ত-শুভগ্রহস্থিত হইলে বহুস্ত্রীলাভ যোগ হয়। পাপগ্রহের দৃষ্টি থাকিলে উক্ত যোগ হয় না।

মহাসুতেসপ্তমগেহজাতে কান্তাবিযুক্তঃপুরুষস্তদাস্যাৎ।
মন্দেনদৃষ্টেম্রিয়তেপিলব্ধা শুভগ্রহালোকন বর্জ্জিতেস্মিন্ ॥১২

মঙ্গল সপ্তমগৃহগত হইলে জাতক স্ত্রীবিযুক্ত হয় এবং শুভদৃষ্টি-বর্জ্জিত হইয়া শনি দৃষ্ট হইলে বিপত্নীক হয়।

পত্নীস্থানে যদারাহুঃ পাপযুগ্মেনবীক্ষিতঃ।
পত্নীযোগস্তদানস্যাদ্ভূত্বাপিম্রিয়তে চিরাৎ ॥ ১৩

পত্নীস্থানে পাপদ্বয়দৃষ্ট রাহু অবস্থিত হইলে জাতকের বিবাহ হয় না, শুভযোগবশত হইলেও স্ত্রী জীবিত থাকে না।

ষষ্ঠেচভবনে ভৌমঃ সপ্তমে রাহু সম্ভবঃ।
অষ্টমেচযদাসৌরিস্তদা ভার্য্যানজীবতি ॥ ১৪

জাতকের ষষ্ঠে কুজ, সপ্তমে রাহু বা কেতু এবং অষ্টমে শনি থাকিলে স্ত্রী জীবিত থাকে না।

কর্ম্মাস্তভাবয়োবৈক্যং কৃত্বাসংখ্যাস্তিযাখলু।
তৎসংখ্যকৈর্গতৈর্বর্ষৈ বিবাহোভবতিধ্রুবম্ ॥ ১৫

সপ্তম ও দশম ভাবের রাশি সংখ্যা একত্র করিয়া বিবাহ সংখ্যা নিরূপিত হয়।

অথবাযত্রবর্ষেতু গুরুদৃষ্টিস্তদোদ্বহঃ।
কুজদৃষ্টিস্তুযদ্বর্ষে তত্র কষ্টং বিনির্দ্দিশেৎ॥ ১৬

অথবা যে বর্ষে বৃহস্পতির দৃষ্টি পতিত হয় সেই বর্ষে বিবাহ এবং যে বর্ষে কুজ দৃষ্টি পতিত হয় সেই বর্ষে ক্লেশবেদিতব্য।

কলত্রভাবাধিপতের্হিবাচ্যামূর্ত্তিঃ কলত্রস্যবয়ঃপ্রমাণম্।
বিলগ্ননাথেনসখিত্বমস্তি পতিব্রতাভক্তিযুতাসদাসা॥ ১৭
(সৌম্যাধিক্যে স্ত্রীসুখং ক্রূরাধিক্যে স্ত্রীমরণংনেষ্টঞ্চ।)

কলত্রভাবাধিপতির আকৃতি হইতে পত্নীর আকৃতি ও বয়স বিচার্য্য, লগ্নাধিপতির সহিত সপ্তমেশের মিত্রতা থাকিলে পত্নী পতিব্রতা ও ভক্তিমতী হয়।

সপ্তমভাবে শুভগ্রহের দৃষ্টি অধিক হইলে স্ত্রীসুখলাভ এবং পাপগ্রহের দৃষ্টি অধিক হইলে স্ত্রীর মৃত্যু ও অনিষ্টাপত্তি হয়।

ইতি সপ্তমভাব বিচারঃ।

অথাষ্টমভাব বিচারঃ।

চতুর্থস্থোযদাভানুঃ শশিনাচবিলোকিতঃ।
যদিনোবীক্ষিতঃ সৌম্যৈর্মরণংতস্যনির্দ্দিশেৎ॥ ১

রবি, চন্দ্রদৃষ্ট হইয়া শুভগ্রহদৃষ্টিবর্জ্জিত হইয়া চতুর্থগৃহগত হইলে মৃত্যু নিশ্চিত করিবে।

অষ্টমাধিপতির্যত্রতদঙ্কং ত্রিগুণীকৃতম্।
অষ্টমাঙ্কেনসংযুক্তং চোদয়েৎস্ফুটমায়ুষঃ॥ ২

অষ্টমাধিপতি যে রাশিতে অবস্থিত তদ্রাশিসংখ্যাঙ্ক ত্রিগুণ করিয়া অষ্টমস্থিত রাশিসংখ্যা যোগ করিলে স্ফুটায়ুরানয়ন করা হয়।

দিনকরপ্রমুখৈর্নিধনাশ্রিতৈর্ভবতি মৃত্যুরিতিপ্রবদেৎক্রমাৎ।
অনলতোজলতঃ করবালতোজ্বরবলেনরুজাক্ষুধয়া তৃষা॥ ৩

দিনকর প্রভৃতি অষ্টমস্থিত গ্রহ ক্রমানুসারে অনল, জল, করবাল, জ্বর, রোগ, ক্ষুধা ও তৃষ্ণা দ্বারা মৃত্যুদায়ক হয়।

ইত্যষ্টমভাব বিচারঃ।

অথ নবমভাববিচারঃ।

মূর্ত্তেশ্চাপিনিশাপতেশ্চ নবমোভাগ্যালয়ঃকীর্ত্তিতঃ
তস্যস্বামিযুতেক্ষিতঃ প্রকুরুতেভাগ্যং স্বদেশোদ্ভবম্।
চেদন্যৈর্বিষয়ান্তরেত্রশুভদাঃ স্বোচ্চাদিগাঃ সর্ব্বদা
কুর্য্যুর্ভাগ্যবিবর্দ্ধনন্তুবিবলাঃ দুঃখোপলব্ধিং পরাং॥ ১

জন্মলগ্ন বা চন্দ্র হইতে নবমস্থান ভাগ্যভাব বলিয়া কথিত। উক্ত ভাগ্যভাব স্বস্বামিযুক্তদৃষ্ট হইলে স্বদেশেই ভাগ্যোদয় হয়। অন্যগ্রহ দৃষ্ট হইলে প্রবাসে ভাগ্যোদয় হয়। ভাগ্যপতি স্বোচ্চ, মূল-ত্রিকোণ বা স্বক্ষেত্রগত হইলে, সর্ব্বদাই শুভ ও ভাগ্য বৃদ্ধিকারক এবং দুর্ব্বল হইলে ক্লেশদায়ক হয়।

ভাগ্যেশ্বরোভাগ্যগতোগ্রহশ্চেদযোবাধিবীর্য্যোনবমম্প্রপশ্যেৎ।
যস্যপ্রসূতৌসচ ভাগ্যশালী বিলাসসক্তো বহুলার্থযুক্তঃ॥ ২

ভাগ্যেশ্বর ভাগ্যগত হইলে, কিম্বা বিশিষ্ট বলী কোন গ্রহ নবমস্থান-দর্শী হইলে জাতক ভাগ্যশালী, বিলাসী ও ধনবান হয়।

চেদ্ভাগ্যগামীখচরঃস্বগেহে সৌম্যেক্ষিতেকস্যনরস্যসূতৌ।
ভাগ্যাধিশালীস্বকুলাবতংসোহংসো যথামানসরাজমানঃ॥ ৩

ভাগ্যেশ্বর শুভদৃষ্ট হইয়া স্বগৃহে ভাগ্যস্থ হইলে জাতক, নিজ বংশাবতংশ, মানসসরোবরের হংসস্বরূপ শোভন ভাগ্যশালী হয়।

পূর্ণেন্দুযুক্তৌরবিভূমিপুত্রৌ ভাগ্যস্থিতৌসত্বসমন্বিতৌচ।
বংশানুমানাৎসচিবংনৃপঞ্চকুর্ব্বন্তিতে সৌম্যদৃশাবিশেষাৎ ॥ ৪

রবি, মঙ্গল ও চন্দ্র, ভাগ্যস্থিত হইলে তাহাদিগের বল ও জাতকের বংশানুসারে জাতককে নৃপতি বা সচিব করিয়া থাকে। সৌম্যগ্রহদৃষ্ট হইলে উক্তফল বিশেষরূপে লভ্য।

স্বোচ্চোপগোভাগ্যগৃহেনভোগোনরস্য যোগংকুরুতেসলক্ষ্ম্যা।
সৌম্যেক্ষিতোসৌ যদিভূমিপালন্দন্তাবলোৎকৃষ্ট বিলাসশীলম্ ॥৫

ভাগ্যগৃহে কোন গ্রহ উচ্চস্থ থাকিলে জাতকের লক্ষ্মীলাভ হয়। উক্ত উচ্চস্থ গ্রহ শুভদৃষ্ট হইলে জাতক ভূমিপাল ও দন্তাবল-বিলাসী হয়।

দ্বাবিংশেরবিণাফলংহিকথিতং চন্দ্রেচতুর্বিংশতি-
রষ্টাবিংশতিভূমিনন্দনসমাদন্তাশ্চ সৌম্যেস্মৃতাঃ।
জীবেষোড়শপঞ্চবিংশতিভৃগৌষট্‌ত্রিংশসৌরেস্মৃতাঃ
কর্ম্মেশোযদিকর্মগঃফলমিদংলাভোদয়ে সংস্মৃতম্ ॥ ৬

দশমাধিপতি যেরূপ স্থানে অবস্থান করে অর্থাৎ দশমস্থ থাকিলে, তদনুসারে নবমস্থ রবি ২২ বর্ষে, চন্দ্র ২৪ বর্ষে, মঙ্গল ২৮ বর্ষে, বুধ ৩২ বর্ষে, গুরু ১৬ বর্ষে, ভৃগু ২৫ বর্ষে ও শনি ৩৬ বর্ষে লাভাদি ফলদাতা হয়।

ইতি নবমভাববিচারঃ।

অথ দশমভাববিচারঃ।

তনোঃসকাশাদ্দশমে শশাঙ্কেবৃত্তির্ভবেত্তস্যনরস্য নিত্যম্।
নানাকলাকৌশলবাগ্‌বিলাসৈঃ সর্ব্বোদ্যমৈঃসাহসকর্ম্মভিশ্চ ॥১

লগ্নের দশমে চন্দ্র থাকিলে জাতক নিয়তবৃত্তিক, নানাকলাকুশলী, মিষ্টভাষী, উদ্যমী, ও সাহসিকোচিত কর্ম্মরত হয়।

তনোঃসকাশাদ্দশমেবলীয়ান্স্যাজ্জীবিতং তস্যখগস্যবৃত্ত্যা।
বলান্বিতাদ্বর্গপতেস্তু যদ্বাবৃত্তির্ভবেত্তস্যখগস্যপাকে ॥ ২

লগ্ন হইতে দশমগৃহে যদি বলবান গ্রহ অবস্থিত থাকে তাহা হইলে জাতকের তদনুযায়ী বৃত্তি হয়, অন্যথা দশমভবন যে বলী বর্গপতির অন্তর্গত তদবৃত্তি অনুসারে জাতকের বৃত্তি নির্ণেয়।

দিবামণিঃকর্ম্মণিচন্দ্রতযো দ্রব্যাণ্যনেকোত্তমবৃত্তিযোগাৎ।
সত্বাধিকত্বংনরনায়কত্বং পুষ্টত্বমঙ্গেমনসঃপ্রমোদঃ ॥ ৩

লগ্ন বা চন্দ্র হইতে রবি দশমস্থানস্থিত হইলে জাতকের নানা উদ্যমে দ্রব্যপ্রাপ্তি, বলাধিক্য, ন্যায়াসক্তি, শরীরস্থৌল্য ও আনন্দলাভ হয়।

লগ্নেন্দুতঃকর্ম্মণিচেন্মহীজঃস্যাৎ সাহসক্রৌর্য্যনিষাদবৃত্তিঃ।
নূনংনরানাম্বিষয়াভিসক্তির্দূরেনিবাসঃ সহসাকদাচিৎ ॥ ৪

লগ্ন বা চন্দ্র হইতে দশমভবনে মঙ্গল থাকিলে জাতকের সাহসিকোচিত বৃত্তি বা ক্রূরনিষাদ বৃত্তি, বিষয়ে অত্যাসক্তি, কখনও বা জনালয় হইতে দূরে বাস হইয়া থাকে।

লগ্নেন্দুতো বোধনকর্ম্মভস্থো দদ্যাদ্দ্রব্যং নায়কত্বম্বহূনাম্।
শিল্পেভ্যাসঃ সাহসং সর্ব্বকার্য্যেবিদ্যাবৃত্ত্যাজীবনং মানবানাম্ ॥৫

লগ্ন বা চন্দ্র হইতে দশমে বুধ থাকিলে জাতকের নানা দ্রব্যপ্রাপ্তি, লোকনায়কত্ব, শিল্পাভ্যাস যত্ন, সর্ব্বকার্য্যে নিভীকতা ও বিদ্যার্জ্জনবৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ হয়।

বিলগ্নতোশীতময়ূখতোবামানেমঘোনঃ সচিবোযদাস্যাৎ।
নানাধনাভ্যাগমনানি পুংসাম্বিচিত্রবৃত্ত্যানৃপগৌরবঞ্চ ॥ ৬

লগ্ন বা চন্দ্র হইতে দশমে বৃহস্পতি থাকিলে জাতকের নানা উপায়ে বহু ধনাগম বা গৌরবলাভ হয়।

হোরায়াশ্চ নিশাকরাস্তৃগুসুতোমেষূরণে সংস্থিতো
নানাশাস্ত্রকলাবিলাস বিলসদ্বৃত্ত্যাদিশেজ্জীবনম্।
দানেবদ্ধমতিঞ্জয়ং বিনয়তাংকামং ধনাভ্যাগমং
মানংমানবনায়কাদবিরলং শীলং বিশালং যশঃ॥ ৭

লগ্ন বা চন্দ্র হইতে দশমে শুক্র থাকিলে জাতক নানাশাস্ত্রকলানুসরণে জীবিকা নির্ব্বাহ করে এবং তাহার দান, কৃতনিশ্চয়তা, যশ, জয়লাভ, বিনয়, বহু ধনাগম, লোকনায়কদিগের নিকট হইতে মান লাভ, লজ্জাশীলতা ও কীর্ত্তিলাভ হয়।

হোরায়াশ্চনিশাকরাদ্রবিসুতঃ সুতৌখমধ্যস্থিতো
বৃত্তিংহীনতরাংনরস্যকুরুতে কার্শ্যংশরীরে সদা।
খেদংবাদভয়ঞ্চধান্যধনয়োর্হীনঞ্চমুচ্চৈর্মনঃ-
শ্চিন্তোদ্বেগসমুদ্ভবেন চপলং শীলঞ্চনোনির্ম্মলম্॥ ৮

লগ্ন বা চন্দ্র হইতে দশমে শনি থাকিলে জাতকের হীনবৃত্তি হইতে জীবিকালাভ, দেহ-কৃশতা, ক্লেশ, বিবাদভয়, ধনধান্যহানি, চিন্তা ও উদ্বেগ হইতে মনশ্চাঞ্চল্য ও নির্লজ্জতা হয়।

সূর্য্যাদিভির্ব্যোমখর্গৈ বিলগ্নাদিন্দোঃ স্বপাকেক্রমশোঃবিকল্প্যা।
অর্থোপলব্ধির্জ্জনকাজ্জনন্যাঃ শত্রোর্হিতাদ্ভ্রাতৃকলত্রভৃত্যাৎ॥ ৯

লগ্ন বা চন্দ্রের দশমে সপ্তগ্রহের যে কোন একটী গ্রহ থাকিলে, রব্যাদি ক্রমানুসারে পিতা, মাতা, শত্রু, মিত্র, ভ্রাতা ও ভৃত্যাদি হইতে গ্রহদিগের স্ব স্ব দশায় জাতকের ধন প্রাপ্তি হয়।

রবীন্দুলগ্নাস্পদসংস্থিতাংশে পতেস্তবৃত্ত্যাপরিকল্পনীয়ম্।
সদৌষধোর্ণাদিতৃণৈঃ সুবর্ণৈর্দিবামর্ণিবৃত্তিবিধিংবিদধ্যাৎ॥ ১০

লগ্ন বা চন্দ্রের দশমস্থানে যদি কোন গ্রহ না থাকে তাহা হইলে, লগ্ন, চন্দ্র, এবং রবির রাশি হইতে দশমপতি যাহার নবাংশেস্থিত হইবে সেই নবাংশ-স্বামীর বৃত্তি হইতে জাতকের বৃত্তি কল্পনীয়। উক্ত নবাংশপতি সূর্য্য হইলে ঔষধ, উর্ণা, তৃণ, সুবর্ণ, প্রভৃতি দ্বারায় জীবিকানির্ব্বাহ হয়।

নক্ষত্রনাথোত্রকলত্রতশ্চজলাশয়োৎপন্ন কৃষিক্রিয়াদেঃ।
কুজোগ্নিসাৎসাহসধাতুশস্ত্রৈঃ সোমাত্মজঃকাব্যকলাকলাপৈঃ॥১১

উক্ত নবাংশপতি চন্দ্র হইলে জাতক স্ত্রীসখ্য হইতে, জলজ পদার্থ হইতে অথবা কৃষিকার্য্যাদি দ্বারায় জীবিকা নির্ব্বাহ করে; মঙ্গল হইলে অগ্নিকার্য্য, সাহসিকোচিত কর্ম্ম, ধাতু প্রভৃতি কার্য্য এবং শস্ত্রকর্ম্ম দ্বারায় ও বুধ হইলে কবিতা ও কলাবিদ্যা দ্বারায় জাতক জীবিকা-নির্ব্বাহ করে।

জীবোদ্বিজন্মাকরদেবধর্ম্মৈঃ শুক্রোমহিষ্যাদিকরৌপ্যরত্নৈঃ।
শনৈশ্চরোনীচতরপ্রকারৈঃ কুর্য্যান্নরাণাং খলুকর্ম্মবৃত্তিম্॥ ১২

বৃহস্পতি নবাংশপতি হইলে ব্রাহ্মণোচিত বৃত্তি ও দেবতাপূজনাদি দ্বারায়, শুক্র হইলে মহিষীপালন ও রত্নরৌপ্যাদি ক্রয় বিক্রয় এবং শনি হইলে হীনতর বৃত্তি দ্বারায়, জাতকের জীবিকার্জ্জন হয়।

কর্ম্মস্বামীগ্রহোযস্য নবাংশপরিবর্ত্ততে।
তত্তুল্যকর্ম্মণাবৃত্তিং নির্দ্দিশন্তিমনীষিণঃ॥ ১২

দশমপতি যে গ্রহের নবাংশে অবস্থিতি করেন, জাতকের জীবিকা সেই গ্রহের বৃত্তি অনুসারে নির্দ্ধারিতব্য।

মিত্রারিগেহোপগতৈর্নভোগৈস্ততস্ততোর্থঃ পরিকল্পনীয়ঃ।
তুঙ্গেত্রিকোণেস্বগৃহেপতঙ্গে স্যাদর্থসিদ্ধি র্নিজবাহুবীর্য্যাৎ॥ ১৪

দশমপতি মিত্র, শত্রু বা নিজের গৃহে যেরূপ অবস্থায় থাকিবে, জাতকের অর্থলাভ তদনুরূপই হয়। গ্রহ তুঙ্গ, ত্রিকোণ (মূল) বা স্বগৃহগত হইলে জাতকের নিজ বীর্য্যে ধনপ্রাপ্তি হয়।

লগ্নার্থলাভোপগতৈঃসবীর্য্যৈঃ শুভৈর্ভবেদ্ভূধনসৌখ্যমুচ্চৈঃ।
উদীরিতংপূর্ব্বমুনিপ্রবর্য্যৈর্বলানুসারাৎপরিচিন্তনীয়ম্॥ ১৫

প্রাচীন মুনিগণ বলিয়াছেন যে, লগ্ন ধনস্থান ও আয়স্থান, বলীশুভগ্রহ কর্ত্তৃক দৃষ্টযুক্ত হইলে, গ্রহ-বলানুসারে, ভূধন প্রভৃতি লাভ চিন্তনীয়।

ইতি দশমভাববিচারঃ।

অথায়ভাববিচারঃ।

সূর্য্যেণযুক্তোহথবিলোকিতোবালাভালয়স্তস্য গণোহত্রচেৎস্যাৎ।
ভূপালতশ্চৌরকুলাদথোবাচতুষ্পদাদ্বাবহুধাধনাপ্তিঃ॥ ১

আয়গৃহ সূর্য্যকর্ত্তৃক দৃষ্টযুক্ত বা তাহার বর্গগত হইলে রাজা, চৌর বা চতুষ্পদ জন্তু হইতে জাতকের ধনপ্রাপ্তি যোগ হয়।

চন্দ্রেনযুক্তঃপ্রবিলোকিতোবালাভালয়শ্চন্দ্রগণাশ্রিতশ্চেৎ।
জলাশয়স্ত্রীগজবাজিবৃদ্ধিঃ পূর্ণেভবেৎক্ষীণতরে বিনাশঃ॥ ২

লাভভবন চন্দ্র কর্ত্তৃক দৃষ্টযুক্ত হইলে বা তাঁহার বর্গগত হইলে, শুভ চন্দ্রে জাতকের, জলাশয়, স্ত্রী, গজ ও অশ্ব বৃদ্ধি হইয়া থাকে। অশুভ বা ক্ষীণ চন্দ্রে তত্তদ্ধানিবোদ্ধব্য।

লাভালয়েমঙ্গলযুক্তদৃষ্টে প্রভূতভূষামণিহেমবৃদ্ধিঃ।
বিচিত্রযাত্রাবহুসাহসৈঃস্যাৎ নানাকলাকৌশলবুদ্ধিযোগৈঃ ॥ ৩

আয়গৃহ মঙ্গলদৃষ্টযুক্ত হইলে জাতকের প্রভূত স্বর্ণ, মণিভূষণাদি লাভ, বিচিত্র যাত্রা, বহু সাহসিক কার্য্য ও বুদ্ধিকৌশলে নানা ধন প্রাপ্তি হয়।

যজ্ঞক্রিয়াসাধুজনানুযাতো রাজাশ্রিতোৎকৃষ্টকৃশোনরঃস্যাৎ।
দ্রব্যেণহেমপ্রচুরেণযুক্তো লাভেগুরোর্বর্গযুতেক্ষণেচ ॥ ৪

আয়ভবন গুরুদৃষ্টযুক্ত বা তদ্বর্গগত হইলে জাতক যাজ্ঞিক, সাধুসঙ্গী, রাজাশ্রিত, উন্নতমনা, কৃশদেহ নানা দ্রব্যযুক্ত ও সুলভ-স্বর্ণ হইয়া থাকে।

লাভালয়েভার্গববর্গজাতে যুক্তেক্ষিতেবাসহিভার্গবেণ।
বেশ্যাজনৈর্বাপিগমাগমৈর্বাসদ্রৌপ্যমুক্তাপ্রচুরস্বলব্ধিঃ ॥ ৫

একাদশ গৃহ শুক্রদৃষ্টযুক্ত বা শুক্রের বর্গগত হইলে, জাতকের গমনাগমনে বা বেশ্যাসমূহ হইতে রৌপ্য, মুক্তা প্রভৃতি লাভ হয়।

লাভবেশ্মশনিবীক্ষিতযুক্তং তদ্গণেনসহিতং যদিপুংসাম্।
নীলগোমহিষহস্তিহয়াঢ্যো গ্রামবৃন্দপুরগৌরবমিশ্রঃ ॥ ৬

লাভভবন শনিদৃষ্টযুক্ত বা তদ্বর্গগত হইলে জাতকের, নীল গাভী মহিষ, হস্তী, হয় প্রভৃতি ধন এবং গ্রামীণতা লাভ হয়।

যুক্তেক্ষিতেলাভগৃহেশুভৈশ্চেদ্বর্গে শুভানাংসমবস্থিতোপি।
লাভোনরাণাম্বহুধাথবাস্মিন্ সর্ব্বগ্রহৈরেবনিরীক্ষ্যমানে ॥ ৭

আয়ভাব শুভদৃষ্টযুক্ত বা শুভবর্গগত হইলে, অথবা সর্ব্বগ্রহদৃষ্ট, হইলে মানবের বহু প্রকারে ধনলাভ হয়।

ইত্যেকাদশভাববিচারঃ।

অথ দ্বাদশভাববিচারঃ।

ব্যয়ালয়েক্ষীণবলঃকলাবান্ সূর্য্যোথবাদ্বাবপিতত্রসংস্থৌ।
দ্রব্যংহরেদ্ভূমিপতিস্তুতস্য ব্যয়ালয়েৰ্কেকুজদৃষ্টযুক্তে ॥ ১

ব্যয়গৃহে ক্ষীণ চন্দ্র বা সূর্য্য, বা উভয়ে, বা মঙ্গল থাকিলে, রাজা-দেশে জাতকের ভূদ্রব্যাদি বলপূর্ব্বক অপনীত হয় এবং মঙ্গলের দৃষ্টি থাকিলেও ঐরূপ ফল।

পূর্ণেন্দুসৌম্যেজ্যসিতাব্যয়স্থাঃ কুর্ব্বন্তিসংস্থাংধনসঞ্চয়স্য।
প্রান্ত্যস্থিতেসূর্য্যসুতেকুজেন যুক্তেক্ষিতেবিত্তবিনাশনংস্যাৎ ॥২

পূর্ণচন্দ্র, বুধ, বৃহস্পতি ও শুক্র দ্বাদশস্থ হইলে, ধনসঞ্চয়যোগ এবং মঙ্গল দৃষ্টযুক্ত শনিতে বিত্তবিনাশন যোগ হয়।

ইতি দ্বাদশভাববিচারঃ।

বিচারাধ্যায়ঃ সম্পূর্ণঃ।

অথ বর্ষনিরূপণাধ্যায়ঃ।

অথ তনুস্থগ্রহবর্ষসংখ্যাফলম্।

সপ্তবিংশতি চন্দ্রমাঃ সুখকরং সূর্য্যস্তিথিঃপীড়নম্।
ভৌমোবাণঅরিষ্টকালকদশং কীর্ত্তিসুধোযচ্ছতি ॥
সন্তানাদ্রিমবৎসরে, সুরগুরু দৈত্যেশ্বরঃসপ্তভূঃ।
দারান্যঃপরতঃ শরার্কিতমসারিষ্টং করোতিধ্রুবম্ ॥ ১

তনুস্থানে চন্দ্র থাকিলে সাতাইশ বৎসর সুখকারক। সূর্য্য থাকিলে ১৫ বৎসর পীড়াকারক। মঙ্গল থাকিলে ৫ বৎসর অনিষ্ট-কারক। বুধ থাকিলে ১০ বৎসর কীর্ত্তিকারক। গুরু থাকিলে ৮ বৎসর সন্তানদাতা, শুক্র থাকিলে ৭ বৎসর স্ত্রীসুখদাতা, শনি ও রাহু থাকিলে ৫ বৎসর অরিষ্টকারক।

অথ ধনস্থগ্রহবর্ষসংখ্যাফলম্।

হানিঃসূর্য্যশ্চকুর্য্যাজ্জলনিধিকুমিতে চন্দ্রমাসিন্ধুযুগ্মে
ঐশ্বর্য্যাপ্তিংস্বতুঃখংসরুধিরজগদে মঙ্গলশ্চগ্রহাঙ্কে।
শক্রুস্থেয়প্রমিতসময়ে সৌম্যকুর্য্যাদ্ধনাপ্তিং
জায়াযুগ্মেসুরেজ্যোভৃগুকুলপতিঃ ষষ্ঠিমানঞ্চলক্ষ্মীং॥ ২

রবি ধনস্থানে অবস্থান করিলে ১৭ বর্ষে হানিকারক, চন্দ্রমা ২৭ বর্ষে ধনাপ্তিকারক, মঙ্গল ৯ বৎসরে রক্তবিকৃতিজনিত পীড়া ও দুঃখদায়ক, বুধ ৩৬ বৎসরে ধনদায়ক, বৃহস্পতি ২৭ বৎসরে সম্মান, ও শুক্র ৬০ বৎসরে লক্ষ্মীদায়ক।

অথ সহজস্থগ্রহবর্ষসংখ্যাফলম্।

সূর্য্যোধনংনখমিতে সহজেবিধুশ্চ
ত্র্যব্দ্যেনুজংক্ষিতি সুতোনুজমুচ্চবিশ্বে।
জ্ঞোর্কাব্দবিত্তবিলয়ং গুরুতোভ্রনেত্রে-
র্মিত্রাপ্তরত্নখতঃ প্রকরোতিচার্থং॥

তৃতীয়ে সূর্য্য থাকিলে ২০ বর্ষে সুখোদয়। চন্দ্র থাকিলে ৩ বর্ষে সুখলাভ। মঙ্গল থাকিলে ১৩ বর্ষে কিঞ্চিৎ কষ্ট। বুধ থাকিলে ১২ বর্ষে ধনলাভ। বৃহস্পতি বা শুক্র থাকিলে ২০ বর্ষে যথাক্রমে মিত্রপ্রাপ্তি ও তীর্থগমন হয়।

সুখালয়স্থগ্রহবর্ষসংখ্যাফলম্।

তূর্য্যেরবির্মনুমিতে কলহংহিচন্দ্রো
দ্বিগদ্যব্দ পুত্রমস্গষ্ট সহোদরার্ত্তিম্।
জ্ঞোবিত্তহায়মযমৈ গুরুবাক্‌কৃতোখঃ
শুক্রোম্বুজে সুখমথোকুজবচ্ছনিশ্চ॥ ৪

রবি সুখগৃহগত হইলে ১৪ বর্ষ পর্য্যন্ত ক্লেশকারক, চন্দ্র ২২ বর্ষে পুত্রদাতা, মঙ্গল ৮ বর্ষে সোদর পীড়াদায়ক, বুধ ২২ বর্ষে ধননাশক, গুরু ২২ বর্ষে ধনলাভকারক, শুক্র ৪০ বর্ষে সুখকারক ও শনি ৮ম বর্ষে হানিকারক।

পুত্রভাবস্থগ্রহবর্ষসংখ্যা।

রবির্ভয়ংপিতৃমৃতির্নবমেচ চন্দ্রঃ ষষ্ঠেঽগ্নিভীধরণিজোনুজহাশরাব্দে।
মাতুঃক্ষয়ংরসযমেপিচমাতুলোগে মাতুলার্ত্তিমুশনাশুগমেচলক্ষ্মীম্॥

রবি ৯ বৎসরে ভয়, চন্দ্র ৯ বৎসরে পিতৃবিয়োগ, মঙ্গল ৬ বৎসরে অগ্নিভয়, সৌম্য ৬ বৎসরে মাতৃনাশ, গুরু ৭ বৎসরে মাতুল-দুঃখ ও শুক্র ৫ বৎসরে লক্ষ্মীদাতা।

রিপুগৃহস্থিতগ্রহবর্ষসংখ্যা।

সূর্য্যস্ত্রীণিচবৎসরাণিহিসুখংষড়্বৈহিমাংশুর্মতিং
ভৌমোবৈজ্জিনসংমিতেপ্রদদতে পুত্রঞ্চসপ্তত্রিকে।
সৌম্যঃশক্রভয়ংমৃতিংসুরগুরুঃখাব্ধৌচ শত্রোর্ভয়ং
শুক্রোভূযুগবৎসরেরিপুমৃতিং সৌরিঃসুতংবৈজিনে॥

রিপুগৃহে সূর্য্য থাকিলে ৩ বৎসরে সুখ, চন্দ্র ৬ বৎসরে মৃত্যু, মঙ্গল ২৪ বৎসরে পুত্রলাভ, বুধ ৩৭ বৎসরে শক্রভয়, বৃহস্পতি ৪ বৎসরে শক্রভয়, শুক্র ৪৮ বৎসরে শক্রনাশ এবং শনি, রাহু ও কেতু ২৪ বৎসরে পুত্রদান করেন।

জায়াভবনস্থগ্রহবর্ষসংখ্যা।

স্ত্রীনাশকৃদযুগগুণৈররবিরিন্দুরেব
মৃত্যুঞ্চতিথ্যস্থগথাগ্নিভয়ংমুনীন্দৌ॥
আপ্তিংস্ত্রিয়ঃ শশিসুতো মদনেগুরুশ্চ
শুক্রস্তথাযমযমে মনুক প্রমাব্দৌ॥
সংক্ষেপতোভবেৎ পাপাঃকলত্রভবনোপগাঃ।
নিত্যস্ত্রীকষ্টদাঃসর্ব্বেরাহুকেতুশনৈশ্চরাঃ॥

রবি সপ্তম ভবনে ৩৪ বৎসরে স্ত্রীনাশ করে, চন্দ্র ১৫ বৎসরে মৃত্যুকল্পব্যাধিদাতা, মঙ্গল ১৭ বৎসরে অগ্নিভয়কারক, বুধ গুরু ও শুক্র যথাক্রমে ৭।২২।১৪ বৎসরে স্ত্রীপ্রাপ্তিকারক। শনি, রাহু ও কেতু প্রভৃতি পাপ সপ্তমে স্ত্রীর চিরকাল কষ্টদায়ক।

অথ নিধনস্থিতগ্রহবর্ষসংখ্যা।

ছিদ্রেত্রয়োমৃতিমিতোহিমগুঃষড়ব্দে
নাশংকুজস্তু বিপদাক্ষিযমেথসৌম্যঃ।
মন্বব্দকেহি ধনধান্য বিনাশমিজ্যো
বহ্নীন্দুমেসিতইহাগমদিক্ষুবীর্য্যম্॥

সূর্য্য অষ্টমস্থ হইলে ৩ বর্ষে মৃত্যুভয়, চন্দ্র ৬ বৎসরে মৃত্যুভয়, মঙ্গল ২২ বৎসরে বিপত্তি, বুধ ১৪ বৎসরে ধনধান্যনাশ, বৃহস্পতি ৩১ বৎসরে রোগ ও শুক্র ১০ বৎসরে পরাক্রমদাতা।

অথ নবমভাবগ্রহস্থিতবর্ষসংখ্যা।

তীর্থশ্চধর্ম্মকৃদিনোনবমেথ চন্দ্র
স্তীর্থন্নখেস্থগিহবাতভয়ঞ্চশক্রে।
গোক্ষ্যব্দমাতৃমৃতিমিন্দুসুতোথজীব-
স্তিথ্যব্দকেপিতৃমৃতিঞ্চসিতোত্র লক্ষ্মীম্॥
শনিরাহুকেতুভির্বর্ষতাতভয়ম্।

রবি ধর্ম্মগৃহে অবস্থিত হইলে নবমবর্ষে তীর্থ ধর্ম্ম, চন্দ্র ২০ বর্ষে তীর্থযাত্রা, মঙ্গল ১৪ বৎসরে বাতরোগভয়, বুধ ১৯ বৎসরে মাতৃকষ্ট বা মৃত্যু, গুরু ১৫ বৎসরে পিত্ররিষ্ট বা মৃত্যু, শুক্র ২ বৎসরে লক্ষ্মী ও শনি রাহু এবং কেতু ১৪ বৎসরে তাতভয়দাতা।

অথ দশমভবনস্থিতগ্রহবর্ষসংখ্যা।

একোনবিংশতিবিয়োগমিনশ্বরস্থ-
শ্চন্দ্রস্ত্রিবেদধনকৃৎক্ষিতিজোভবর্ষে।
শস্ত্রাদ্ভয়ম্বিদিহিগোকুশরব্ধনঞ্চ
জীবোর্ককেধনমথোভৃগুজোত্রসৌখ্যম্॥
শনিরাহুকেতুভিঃশস্ত্রভয়ঞ্চাস্তি।

রবি ১৯ বর্ষে বিয়োগকারক, চন্দ্র ৪৩ বর্ষে ধনপ্রাপক, মঙ্গল ২৭ বৎসরে শস্ত্রভয়দাতা, বুধ ১৯ বর্ষে ধনপ্রাপক, গুরু ১৩ বর্ষে ধনপ্রাপয়িতা, শুক্র ১২ বর্ষে সুখদাতা ও শনি, রাহু, কেতু শস্ত্রভয়কারক।

অথ লাভালয়স্থিতগ্রহবর্ষসংখ্যা।

লাভেঽর্কবির্জিনসমামিতলাভমিন্দৌ
ভূপাচ্চলাভমসৃজোজিনবর্ষলক্ষ্মীম্।
জ্ঞঃপঞ্চবেদধনমীজ্যশিনাব্দলক্ষ্মীম্
শুক্রঃকরোতিধনমার্কিফলঙ্কুজোক্তম্॥
শনিরাহুকেতুভির্জিনবর্ষলাভঃ।

সূর্য্য ২৪ বর্ষে লাভ, চন্দ্র ১৬ বর্ষে লাভ, মঙ্গল ২৪ বর্ষে লক্ষ্মীপ্রাপ্তি, বুধ ৪৫ বর্ষে ধনপ্রাপ্তি, গুরু ১২ বর্ষে লক্ষ্মীলাভ এবং শুক্র ১২ বর্ষে ধনলাভকারক। শনি, রাহু ও কেতু ২৪ বৎসরে লাভদাতা।

অথ দ্বাদশভবনস্থিতগ্রহবর্ষফলম্।

ত্রিংশদষ্টযুতস্কনব্যয়রবিশ্চন্দ্রোম্বুপীড়াস্তথা
ভৌতস্বেদমিতস্কুজোধনহরংবাণোব্যয়ংচন্দ্রজঃ।
দ্বাবিংশৎপঞ্চবিংশোধনোব্যয়গুরুঃশুক্রোধনংদ্বাদশো
চত্বারিংশৎপঞ্চসংযুততমঃকেতুঃশনির্হানিদঃ॥

সূর্য্য ৩৮ বর্ষে ধনব্যয়, চন্দ্র ৪৫ বর্ষে জলপীড়া, মঙ্গল ৫ বর্ষে ধনহরণ, বুধ ২২ বর্ষে ব্যয়, গুরু ২৫ বর্ষে ধনব্যয়, শুক্র ১২ বর্ষে ধনলাভ, শনি রাহু কেতু ৪৫ বর্ষে হানিকারক।

পরিশিষ্ট

সংক্ষিপ্ত লগ্ননির্ণয় প্রণালী—

কোন নির্দ্দিষ্ট সময়ে জন্ম হইয়াছে শ্রুত হইলে উক্ত সময়কে দণ্ডাদিতে পরিণত করিয়া এক স্থানে স্থাপন করুন। উদাহরণ, মনে করুন প্রশ্নকর্ত্তার পুত্রের জন্ম হইয়াছে, দিবা ইং ২টা ৩৫ মিনিটের সময়, অতএব উক্ত সময়ের লগ্ন নির্ণয় করিতে হইলে উক্ত দিনের সূর্য্যোদয় ঘণ্টা মিনিটাদির সহিত বিয়োগ করিয়া যত ঘণ্টা মিনিট লভ্য হইবে, তাহাকে দণ্ডে পরিণত করিয়া, সূর্য্যোদয়ের লগ্নমানের রবিভুক্তাংশ বাদ দিয়া শোধিতোদয় লগ্নমান স্থির করিয়া পরপর লগ্নমান যোগ করিয়া যে লগ্নে ইষ্টদণ্ডের সহিত মিলিত বা কিঞ্চিৎ অধিক হইবে, তাহাই সেই জাতকের জন্মলগ্ন বলিয়া নির্ণীত হইল।

অত্রস্থলে—এইটি স্মরণ রাখা বিশেষ প্রয়োজন যে, যে রাশিতে সূর্য্য উদয় হইবে, তাহা হইতে সপ্তম রাশিতে রবি বা চন্দ্র অস্তাচলে গমন করিবে। মনে করুন—বৈশাখ মাসে প্রাতে রবির উদয় মেষ রাশিতে হয় এবং তুলা রাশিতে সূর্য্যাস্ত হইয়া চন্দ্র উদিত হয়েন, সুতরাং রবির অস্ত লগ্ন তুলা এবং চন্দ্রের উদয় লগ্নরাশি তুলা এবং চন্দ্রের অস্তলগ্ন মেষ রবির উদয়লগ্ন। মেষ হইতে তুলা উভয়ত গণনায় সপ্তম হয়, ইতোমধ্যে যাহার জন্ম যে সময় হইবে সেই সময়ে ইষ্ট দণ্ডানুসারে কোন্ লগ্নে জন্ম তাহা সহজেই বোধগম্য। মনে করুন, ১৩৩১ সালে ৩রা অগ্রহায়ণ দিবা ৩টা ৩৫ মিনিটে একটি শিশুর জন্ম। তাহার লগ্ন নির্ণয় করিতে হইলে উক্ত দিবস সূর্য্যোদয় ঘণ্টা ৬।১৯।৪ ইষ্টঘণ্টা ১৫।৩৫ বিয়োগলব্ধ ঘণ্টাদি ৯।১৯।৫৬ উক্ত ঘণ্টা মিনিট সেকেণ্ডকে দণ্ড পলাদিতে পরিণত করুন। ১৫ দণ্ড

৪৮ পল ৪৩ বিপল,—জাত দণ্ডাদি হইলে বৃশ্চিকরাশিতে সূর্য্য উদয় হইয়াছে, বর্ত্তমান বর্ষের বৃশ্চিক লগ্নমান ৫।৩৯।৩৩ রবি ভুক্তাংশ ০।২৬।৪৬ এই রবি ভুক্তাংশ বাদ দিয়া শোধিত বৃশ্চিকমান ৫।১২।৪৭ ধনু লগ্নমান ৫।১৫।৫৯ মকর লগ্নমান ৪।৩২।২৫ সমষ্টি ১৫।১।২১ হয়, সুতরাং দেখা গেল মকর লগ্নে জন্ম হয় নাই, অতএব কুম্ভ লগ্নমান ৩।৫৭।১৬ যোগ করিয়া জন্মদণ্ডাপেক্ষায় কিঞ্চিৎ অধিক হওয়া হেতু, কুম্ভ লগ্নেই জন্ম নিশ্চয় হইল।

হোরানির্ণয়প্রণালী।

জন্মলগ্নমানকে দুইভাগে বিভক্ত করিলে এক একটি ভাগকে হোরা বলিয়া শাস্ত্রে নির্দ্দেশ করিয়া থাকে। কোন লগ্নের কোন হোরায় জন্ম হইয়াছে নির্ণীত হইলে নিম্ন চক্র দৃষ্টে অধিপতি পাওয়া যাইবে।

রাশি বা লগ্ন	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
১ম হোরা	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ
২য় হোরা	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র	চ	র

"দ্রেক্কাণনির্ণয়"।

দ্রেক্কাণনির্ণয় করিতে হইলে জন্মলগ্নমানকে তিন দিয়া বিভাগ করিলে ইষ্ট অর্থাৎ জন্মদণ্ডাদি যে ভাগে দৃষ্ট হইবে, সেই ভাগে দ্রেক্কাণ নির্দ্দেশ হইয়া থাকে। মনে করুন পূর্ব্বলিখিত জাত বালকের দ্রেক্কাণ হিসাবে দেখা যায় ১ম দ্রেক্কাণে জন্ম হইয়াছে অতএব নিম্নোক্ত চক্র দৃষ্টে অধিপতি নির্ণয় করা যাইবে।

দ্রেক্কাণাধিপচক্র।

দ্রেক্কাণ	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
১ম	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
২য়	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ
৩য়	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু	শু	ম

ক্ষেত্রাধিপতি চক্র

মং	শু	বু	চং	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন

উক্ত চক্র দৃষ্টি করিলে সহজেই বোধ হইবে কোন লগ্নে জন্ম হইলে কোন গ্রহের ক্ষেত্রে জাতকের জন্ম হইল।

রাশিনবাংশ নির্ণায়কচক্র।

রাশি	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
মেষ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ
বৃষ	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু
মিথুন	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু
কর্কট	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
সিংহ	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ
কন্যা	শ	শ	বৃ	ম	শু	বু	চ	বু	র
তুলা	শু	ম	বৃ	শ	শ	বৃ	ম	শু	বু
বৃশ্চিক	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
ধনু	ম	শু	বু	চ	র	বু	শু	ম	বৃ
মকর	শ	শ	বৃ	ম	শু	বু	চ	র	বু
কুম্ভ	শু	ম	র	শ	শ	বৃ	ম	শু	বু
মীন	চ	র	বু		শু	বৃ	শ	শ	বৃ

মূহের ক্ষেত্রপতিত্ব, মূলত্রিকোণত্ব, তুঙ্গত্ব ও চত্ব নির্ণায়কচক্র

রাশি :	মেষ	বৃষ	মিথুন	কর্কট	সিংহ	কন্যা	তুলা	বৃশ্চিক	ধনু	মকর	কুম্ভ	মীন
ক্ষেত্রপতি	ম	শু	বৃ	চ	র	বু	শু	ম	বৃ	শ	শ	বৃ
মূল ত্রিকোণ	ম	চ	০	০	র কে	বু	শু	০	বৃ	০	শরা	০
তুঙ্গ বা উচ্চ	র	চ	রা	বৃ	০	বু	শ	০	কে	ম	০	শ
নীচস্থা গ্রহাঃ	শ	০	কে	ম	০	শু	র	চ	রা	বৃ	০	শ

অষ্টোত্তরীদশানির্ণয়চক্র।

দশাপতি গ্রহ	রবি	চন্দ্র	মঙ্গল	রাহু	বৃহস্পতি	শনি	বুধ	কেতু	শুক্র
জন্ম নক্ষত্রাঙ্ক	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	১	২
দশাব্দাঃ	৬	১০	৭	১৮	১৬	১৯	১৭	৭	২০

যবন সংহিতা পাঠকগণের সৌকর্য্যার্থে পরিশিষ্টে বিশেষ প্রয়োজনীক কয়েকটি বিষয় সংক্ষেপে সন্নিবেশিত করা হইল। বিশিষ্ট জ্ঞানলাভেচ্ছুমহোদয়ের গ্রন্থান্তর-আলোচনা কর্ত্তব্য। এই পুস্তকের সহজ বোধের নিমিত্ত যেটুকু প্রয়োজন বিবেচনা করিলাম তাহাই সংক্ষেপে সংযোগ করিলাম।

বিংশোত্তরীদশানির্ণয়চক্র।

রবি	চন্দ্র	মঙ্গল	বুধ	শনি	বৃহস্পতি	রাহু	শুক্র
৩ কৃর্ত্তিকা	৬ আর্দ্রা	১০ মঘা	১৩ হস্তা	১৭ অঃ ধাঃ	২০ পুঃ ঢাঃ	২৩ ধনিষ্ঠা	২৩ উঃ দঃ
২	৩।৯	২ ৮	৪।৩	৩।৪	৪।৯	৪	৫,৩
৪ রোহিণী	৭ পুনর্ব্বাহু	১১ পুঃ ফঃ	১৪ চিত্রা	১৮ জ্যেষ্ঠা	২১ উঃ ঢাঃ	২৪ শাবা	২৭ রেবতী
২	৩।৯	২,৮	৪।৩	৩।৪	৭।১।১৫	৪	৫।৩
৫ মৃগশিরা	৮ পুষ্যা	১২ উঃ ফঃ	১৫ স্বাতি	১৯ মূলা	০ অভিঃ	২৫পুঃ ভাঃ	১ অশ্বিনী
২	৩।৯	২।৮	৪।৩	৩।৪	৩।৬।২২।৩০	৪	৫।৩
০	৯ অশ্লেষ	০	১৬ বিশাখা	০	২২ শ্রবণা	০	২ ভরণী
	৩।৯		৪।৩		৩।৬।২২।৩০		৫।৩
৬	১৫	৮	১৭	১০	১৯	১১	২১

যা কালীকলিকালকল্মষহরাকালাভ্রকূটোৎকটা-
রাতিব্রাতকরালসঙ্গরশিরস্তট্টাট্টহাস্যোদ্ভটে।
ল'ব্ধৈস্তৈর্দূরমপাস্তভীস্তুরগণৈঃসংসেব্যমানাপুরা
সাব্যাৎখর্পরমালিনী শবশিবেন্যস্তাঙ্ঘ্রিপদ্মাম্বিকা॥

সম্পূর্ণশ্চায়ং গ্রন্থঃ।